रूडीश्वा

বিষয়	1	পঞ্চা
ভূমিকা্.		10
প্রথম অধ্যায়		
গৌড়ীয় বৈষণ্ডবগণের কটাক্ষ		
জটাধারণ		
মন্ত্রপ্রদান	***	
শাধন-প্রণালী		20
গোস্থামী মহাশয়ের সন্ধ্যাস		
শিষ্যগণ		
মালাতিলক .	***	68
মৎপ্রাহার		88
সদাচার	110	86
	**** *********************************	0
দ্বিতীয় অধ্যায়		
শিয়াগণের অনুরাগ		68
সত্যশের জীবনদান	***	e q
নীরদাস্থন্দরীর রোগমূক্তি	•••	৬১

:

	•
বিষয়	পৃষ্ঠা
আনন্দচন্দ্র মজুমদার	40
ভক্ত মহেন্দ্রনার্থ মিত্রের জীবনরকা	69
निनीत मृष्ट्।	٠ ٩٠
নলিনীর নরকদর্শন	95
ডাক্তার হরকাস্তবাবুর দীকা	90
শালগ্রামের স্বপ্রাদেশ	۲ ۶
প্রেতের উপদ্রব	be
ঋণ আদায়	৮৯
দেহ-ত্যাগ	27
গ্রন্থকারের বিপদ উদ্ধার	٠٠. ৯২
পতিতার আত্মনিবেদন	> > > > > > > > > > > > > > > > > > > >
নরেন্দ্রের দেহত্যাগ	Jon
সুরর মায়ের বাটিতে গোস্বামী মহাশয়ে	র ভোজন ১১৩
পরলোকবাসীর আর্ত্তনাদ	336
মুগাঙ্গনাথের বেদী	:20
পাচক ফকির পাণ্ডার পুরীগমন	509
স্থাবালার সাজ্যা প্রদান	585
তৃতীয় অধ্যাহ	इ
শিয়াগণের সাধনা	\$88 \$88
, ভক্ত জগদ্বৰু মৈত্ৰ	385

বিষয়		পৃষ্ঠা
ভক্ত অমরেন্দ্রাথ দত্ত	•••	203
ভক্ত কৈল৷শচন্দ্র বস্তু ও মনোরমা	•••	, >68
লীলা-দৰ্শন	***	200
দৈবভার অমর্যাদা	•••	200
ধর্শ্মের লাড্যন		7/29
গুরু অপরাধীর পরিণাম	. ••	296
চতুর্থ অধ্যায়		
স্নাত্ন হিন্দুধর্শ্যের অভিব্যক্তি	•••	249
মহাপ্রভুর ধর্ম		298
इरत्नित (कवनः	***	326
নামের পার্থক্য	•••	2
নামের স্বরূপ ও মহিমা	* * * *	224
কর্মক্ষয়	••	২৩৯
পঞ্চম অধ্যায়		
গ্রন্থকারের নিবেদন	***	202
ভাগবত শক্তির অভাব		२०७
আচার্যোর অভাব	•••	202
গুরুত্যাগ	***	25€

ইষ্টমন্ত ত্যাগ		ર હહે
ত্রীকৃষ্ণ ও ত্রীগোরাক উপাসনা	•••	२७%
স্থাবভান্ত	***	₹₩8

•

. *

रूडीश्वा

বিষয়	1	পঞ্চা
ভূমিকা্.		10
প্রথম অধ্যায়		
গৌড়ীয় বৈষণ্ডবগণের কটাক্ষ		
জটাধারণ		
মন্ত্রপ্রদান	***	
শাধন-প্রণালী		20
গোস্থামী মহাশয়ের সন্ধ্যাস		
শিষ্যগণ		
মালাতিলক .	***	68
মৎপ্রাহার		88
সদাচার	110	86
	**** *********************************	0
দ্বিতীয় অধ্যায়		
শিয়াগণের অনুরাগ		68
সত্যশের জীবনদান	***	e q
নীরদাস্থন্দরীর রোগমূক্তি	•••	৬১

:

	•
বিষয়	পৃষ্ঠা
আনন্দচন্দ্র মজুমদার	40
ভক্ত মহেন্দ্রনার্থ মিত্রের জীবনরকা	69
निनीत मृष्ट्।	٠ ٩٠
নলিনীর নরকদর্শন	95
ডাক্তার হরকাস্তবাবুর দীকা	90
শালগ্রামের স্বপ্রাদেশ	۲ ۶
প্রেতের উপদ্রব	be
ঋণ আদায়	৮৯
দেহ-ত্যাগ	27
গ্রন্থকারের বিপদ উদ্ধার	٠٠. ৯২
পতিতার আত্মনিবেদন	> > > > > > > > > > > > > > > > > > > >
নরেন্দ্রের দেহত্যাগ	Jon
সুরর মায়ের বাটিতে গোস্বামী মহাশয়ে	র ভোজন ১১৩
পরলোকবাসীর আর্ত্তনাদ	336
মুগাঙ্গনাথের বেদী	:20
পাচক ফকির পাণ্ডার পুরীগমন	509
স্থাবালার সাজ্যা প্রদান	585
তৃতীয় অধ্যাহ	इ
শিয়াগণের সাধনা	\$88 \$88
, ভক্ত জগদ্বৰু মৈত্ৰ	385

বিষয়		পৃষ্ঠা
ভক্ত অমরেন্দ্রাথ দত্ত	•••	203
ভক্ত কৈল৷শচন্দ্র বস্তু ও মনোরমা	•••	, >68
লীলা-দৰ্শন	****	200
দৈবভার অমর্যাদা	•••	200
ধর্শ্মের লাড্যন		7/29
গুরু অপরাধীর পরিণাম	. ••	296
চতুর্থ অধ্যায়		
স্নাত্ন হিন্দুধর্শ্যের অভিব্যক্তি	•••	249
মহাপ্রভুর ধর্ম		298
इरत्नित (कवनः	***	326
নামের পার্থক্য	•••	2
নামের স্বরূপ ও মহিমা	* * * *	224
কর্মক্ষয়	••	২৩৯
পঞ্চম অধ্যায়		
গ্রন্থকারের নিবেদন	***	202
ভাগবত শক্তির অভাব		२०७
আচার্যোর অভাব	•••	202
গুরুত্যাগ	***	25€

ইষ্টমন্ত ত্যাগ		ર હહે
ত্রীকৃষ্ণ ও ত্রীগোরাক উপাসনা	•••	२७%
স্থাবভান্ত	***	₹₩8

•

. *

ভূমিকা

সদগুরু ও সাধনতর প্রস্থ এক বৎসরের উদ্ধিকাল হইছে কলিকাতা সাম্যপ্রেসে ছাপা হইতেছে। সমগ্র গ্রন্থ ছাপা হইছে আরও এক বৎসর অতীত হইত। পাঠক ও পাঠিকগোণের গ্রন্থ অবপাঠের আগ্রহ ও উৎকণ্ঠা দেখিয়া প্রকাশ্বক ইহা তুই খণ্ডে বিভক্ত করিয়া তুইটি প্রেসে ছাপাইতে আরম্ভ করেন।

প্রথম খণ্ডে ভক্তি-তত্ত, প্রেম-তত্ত, সাধন-তত্ত্ব, দীক্ষা, কলি-পাবন শ্রীমশ্মহাপ্রভুর বিশুক্ষ ধর্ম্মের সহিত শ্রীশ্রীরিক্ষয়কৃষ্ণ গোস্থামী প্রভুপাদের প্রচারিত ধর্মের ঐক্য, ঐ ধর্মের সহিত্ত গৌড়ীয় বৈষ্ণবধর্মের পার্থক্য এবং আমুষঙ্গিক আর আর বিষয় বর্ণিত হইয়াছে।

বিতীয় খণ্ডে সদ্গুরুর মহিমা, সদ্গুরু শ্রীশ্রীবিজয়ক্ষ গোস্বামী প্রভূপাদের শিশ্বগণের জীবনে তাঁহার অত্যুদ্ধত লীলা, এবং ধর্মজীবন-লাভের আমুবঙ্গিক-ছুই-চারিটি কথা এবং প্রচলিত বিষ্ণবধর্মের কিছু কিছু ক্রটি বর্ণিত হইল।

গোস্বামী মহাশয়ের অত্যন্ত লীলার ভাণ্ডার, তাঁহার কোন এক শিষ্মের মধ্যে নাই। তাঁহার সমস্ত শিষ্মের জীবনে তাঁহার অন্ত লীলা হইয়াছে, এখনও হইতেছে। এই সমস্ত লীলা সং-সার প্রতপ্ত জনগণের ক্রুক্রিসায়ন। ইহা প্রবণ করিলে অনেকে পরিতৃপ্ত হইবেন এবং অনেকের মধ্যে ধর্মজিজ্ঞাসা উপস্থিত হইবে। এই বিশাসের বশবর্তী হইরা আমি লীলা-বর্ণনে প্রবৃত্ত হইরাছিলাম। কিন্তু বড়ই পরিতাপের বিষয় আমার প্রায় সমস্ত সতীর্থ আমার সহিত একমত হইতে পারেন নাই। এই অবিশাসের যুগে গোস্বামী মহাশয়ের অত্যমুত কার্য্য জনসমাজে প্রকাশিত হওয়া উচিত নহে মনে করিয়া তাঁহারা আমার নিকট অভি সামান্য যাহা কিছু ছিল, তাহাই আমি পাঠক-পাঠিকাগণকে উপহার দিলাম।

আমার নিজের জীবনে প্রীগুরুদেব যে সমস্ত লীলা করিয়া-ছেন তাহার অধিকাংশ আমি "মহাপাতকীর জীবনে সদ্গুরুর লীলা" নামক গ্রন্থে বর্ণন করিয়াছি । এবারও যৎসামাস্ত কিছু বর্ণন করিলাম। আমার জীবনে এখনও অনেক লীলা হই-তেছে। নির্লজ্জের স্থায় নিজের কথা আর কত লিখিব ? সেই-জন্ম বেশী কিছু লিখিলাম না। তবে এইমাত্র বলিভেছি, আমার স্থায় একজন নাস্তিক পাষ্ণুকে কেবলমাত্র একটি নাম দিয়া যে বৈষ্ণুব করিয়া তুলিয়াছেন ও অতীব গুরুতর অপ্রাকৃত তত্ত্ব উপ-লিন্ধি করাইয়াছেন ইহা অপেক্ষা প্রভুর অত্যন্তুত লীলা আর কি হইতে পারে ?

আশা করি ভক্তিমান পাঠক ও ভক্তিমতী পাঠিকাগণ দ্বিতীয় খণ্ড পাঠে তৃপ্তিলাভ ও জীবনে উপকৃত হইবেন।

े जामि এই গ্রন্থ রচনা করিয়া বন্ধুবর অঘোরনাথ চট্টোপা-

ধারকে পুস্তক সম্পাদন ও মুদ্রণের ভার দিয়াছিলাম। গ্রন্থ পাঠ করিয়া তিনি আবশ্যক মত সংশোধন করিয়া দিয়াছেন কিস্তু অস্ত্রবিধা বশতঃ প্রফ দেখিতে পারেন নাই। আমান্দেই প্রফ সংশোধনের ভার লইতে হইয়াছিল। নৃতন প্রেস, নৃতন লোক একারণ ছাপাকার্য্যে কিছু কিছু বর্ণাশুদ্ধি রহিয়া গিয়াছে, সহৃদয় পাঠকগণ ক্ষমা করিবেন।

শীহরিদাস বসু।

প্রকাশকের নিবেদন

বন্ধবর গ্রন্থকার "সদ্গুরু ও সাধনতত্ব" গ্রন্থ রচনা করিয়া সমগ্র গ্রন্থখানি সম্পাদন মুদ্রণ ও প্রকাশ করিবার জন্ম আমার হত্তে অর্পণ করিয়াছিলেন। আমি যথাসাধ্য পরিশ্রম করিয়া উহা সংশোধন করিয়া দিয়াছি।

আমি নিজে উহার প্রফ সংশোধন করিয়াছি কিন্তু মধ্যে আধ্যে শীজিত হওয়ায় কোন কোন ফর্মার প্রফ নিজে দেখিতে পার্মি নাই, একারণ কিছু কিছু বর্গাশুক্ষি থাকিয়া গিয়াছে।

ছাপরে কার্য্যে অত্যন্ত বিলম্ব ঘটায় ও পাঠকপাঠিকাগণ পুস্তক পাঠ করিবার জন্ম উৎকটিত হওয়ায়, পুস্তকখানি তুই খণ্ডে বিজ্ঞক করিয়া ভিন্ন ভিন্ন প্রেসে ছাপাইতে বাধ্য হইয়াছি।

দিতীয় খণ্ড শাস্তিনিকৈতন প্রেসে ছাপা ইইয়াছে। আমি নিকটে না থাকায় উহার প্রফ সংশোধন করিতে পারি নাই, একারণ দ্বিতীয় খণ্ডে অনেক বর্গাশুদ্ধি ও ছাপার ভুল থাকিয়া গিয়াছে।

বিজয়ক্ষ গোলামী সদ্গুরু প্রচারিত ধর্মের একতা, সদ্গুরু মহিমা ও লীলা, বর্তমান বৈবফধর্মের ক্রটিও আমুষক্ষিকরূপে আর আর বিষয় বর্ণিত হইয়াছে।

প্রচলিত বৈষ্ণবধর্মের ত্রুটি এই প্রস্থে বর্ণিত হওয়ায় কেহ কেহ তুঃখিত ও বিরক্ত হইতে পারেন।

"দত্যং ক্রয়াৎ প্রিয়ং ক্রয়াৎ ন ক্রয়াৎ সত্যমপ্রিয়ম্"

সত্য কথা বলিবে, প্রিয় কথা বলিবে, অপ্রিয় সত্য বলিবে না, ইহাই নীতি বাক্য। যেখানে অপ্রিয় সত্য না বলিলে চলে, সেখানে না বলাই কর্ত্তব্য। কিন্তু যেখানে সত্য কথা বলা প্রয়োজন, সেখানে সে, কথা অপ্রিয় বলিয়া কি চুপ করিয়া থাকা উচিত ?

আবিশ্যক স্থানে সভ্য না বলিলে সভ্য জয়যুক্ত হয় না অসভ্যেরই প্রশ্রা দেওয়। হয়। এই জন্ম গ্রন্থকারকে বাধ্য

প্রস্থার বৈষ্ণবকুলে জন্মগ্রহণ করিয়াছেন, বহু অবশ্বার ভিতর দিয়া আসিয়াছেন। তাঁহার গুরু বৈষ্ণব, ভিনিও একজন বৈষ্ণব। বর্ত্তমান সময়ে বৈষ্ণবধর্মের উন্নভি ও প্রচারের চারিদিকে আন্দোলন হইতেছে দেখিয়া ভিনি বড়ই প্রীত হইয়া-ছেন। বৈষ্ণবধর্মের উন্নভি হয়, ত্রিভাপদশ্ব লোকসকল এই ধর্মের স্থাতিল ছায়ায় শান্তিলাভ করে, ইহাই তাঁহার একাস্ক ইচছা।

শ্রীমন্মহাপ্রভুর নামধর্ম চাপা পড়িয়া গিয়াছে, ইহা পুনঃপ্রতি-ষ্ঠিত না হইলে বৈষ্ণবধর্মের উন্নতির আশা নাই। একারণ তিনি শ্রীমন্মহাপ্রভুর নামধর্ম ও তাহার সহিত বর্ত্তমান বৈষ্ণবধর্মের পার্থক্য দেখাইতে বাধ্য হইয়াছেন।

যে সকল ক্রাটির বিষ্ণবেগণ বহু সাধন করিয়াও উপযুক্ত অবস্থা লাভ করিতে অসমর্থ হইতেছেন, গ্রন্থকার সেই ক্রটিগুলি দেখাইয়া দিয়াছেন। পাশ্চাত্যশিক্ষার প্রভাবে দেশ দিন দিন ধর্মাহীন হইয়া পড়ি-তেছে। শ্রীমন্মহাপ্রভুর প্রেমভক্তির উপর শিক্ষিত সমাজের আস্থা নাই। এই প্রেমভক্তিকে তাঁহারা ভাবপ্রবণতা বলেন এবং নানা প্রকারে ইহাতে দোষারোপ করেন।

তাঁহারা বলেন, এই ভাবপ্রবণত-প্রাযুক্ত শেষাবস্থায় মহা-প্রভুর স্বাস্থ্যভঙ্গ হইয়াছিল, তাঁহার হিতাহিত জ্ঞান লোপ পাইয়া-শহিল, জ্বান্তি উপস্থিত হইয়াছিল এবং বহু ক্লেশ ভোগ করিয়া তাঁহাকে আকালে কালগ্রাসে পতিত হইতে হইয়াছিল।

শিক্ষিত সমাজের এইরূপ ভুল ধারণা দেশের পক্ষে কল্যাণ-কর নহে। একারণ গ্রন্থকার শিক্ষিত সমাজের ভুল ধারণা দূর করিবার জন্ম শ্রীমন্মহাপ্রভুর অপ্রাকৃত প্রেমভক্তির কথা লিখিতে বাধ্য হইয়াছেন।

প্রচলিত মতের বিরুদ্ধে কোন কথা কহিলে লোকে চটিয়া যায়। প্রাণের বন্ধুও পর হয়। একারণ সহুদয় পাঠকগণকে বিনীতভাবে অমুরোধ করিতেছি যেন সংস্কার ও সাম্প্রদায়িকতা পরিত্যাগপূর্বক নিরপেক্ষভাবে এই পুস্তক পাঠ করেন। নিবেদন ইতি।

নিবেদক

শিক্ষারনাথ চটোপাধ্যায়।

নলহাটি ই, আই, আর, লুপ লাইন।

২৯শে কার্ত্তিক ১৩২৬।

जान एक क जाननज्ज

দ্বিতীয় খণ্ড

প্রথম অধ্যায়

প্রথম পরিচেইদ।

গৌড়ীয় বৈষ্ণব-দমাজের কটাক।

पनि ও শ্রীমন্মহাপ্রান্তর গুদ্ধা ভক্তিই পোস্বামী মহাশ্রের ধর্ম, বিদ্বুও তিনি বৈশ্বব ধর্ম বথাশান্তর পালন করিয়া গিরাছেন, তথাপি গৈড়ীয় বৈশ্ববশক্ষাদার তাঁহার প্রতি আন্থা হাপন করিতে পারেন নাই। গোস্বামী
মহাশরের বেশ, তাঁহার দীক্ষা-প্রদান, ও সাধন-প্রণালী দেখিয়া বৈশ্ববগণ
মনে করিতেন, তাঁহার পহা স্বতন্ত্র; শ্রীমন্মহাপ্রভুর পত্না নহে। গোস্বামী
মহাশরের শিশ্বগণকে দেখিয়াও তাঁহারা মনে করেন, ইহাদের স্বতন্ত্র পদ্ধা।
এই ধারণা যে তাঁহাদের নিভাস্ত প্রমন্ত্রক, তাঁহারা নিজেই যে মহাপ্রভুর
ধর্ম পরিত্যাগ করিয়া স্বতন্ত্রভাবে বৈশ্বব ধর্ম গড়িয়া ভূলিয়াছেন, ভাহা
স্থামি ক্রমে ক্রমে দেখাইব। সাম্প্রদারিকভার দারণ বিষ মহাপ্রভুর
ধর্মকে বৈশ্বব-সমাজ হইতে একবারে বিভাড়িত করিয়াছে, এই জন্পই
গোস্বামী মহাশরের আবির্ভাব শ্রুপিন।

ভেকাপ্রিত না হইলে বৈশ্ববেরা কোন সাধুকেই সাধু বলিয়া মনে করেন না। গোস্থামী মহাশর ভেকাপ্রিত হন নাই, স্কুতরাং বৈশ্ববেরা তাঁহাকে কেমন করিরা সাধু বলিয়ামনে করিবেন ? প্রীরন্দাবনের গৌরদাস শিরোমণি মহাশয়ের ক্লার সাধুপুরুষও তাঁহাকে ভেকাপ্রিত হইবার জন্ত পুন:পুন: অমুরোধ করিরাছিলেন। মহাপুরুষরণ অশাস্ত্রীয় কোন কায় করেন না। তাঁহারা শাস্ত্রের মর্যাদা কথনও লঙ্গন করেন না। ভেক্ গ্রহণ করিবার শাস্ত্রীয় বিধান নাই। সনাতনের পূর্ব বেশ পরিত্যাগ ও নৃত্ন বেশ ধারণ হইতে ভেকের সৃষ্টি হইরাছে। প্রীচৈতক্সচরিতামতে কাণীধামে শ্রীসনাতন মিলন এইরূপ বণিত হইরাছে।

তিন আনন্দিত হইলা প্রভু আগমনে।।
চক্রশেথরের ঘরে আসি ত্রারে বসিলা।
মহাপ্রভু জানি চক্রশেথরে কহিলা॥
ছারে এক বৈশুব হর বোলাহ তাহারে।
চক্রশেথর দেখে বৈশুব নাহিক ত্রারে।।
ছারেতে বৈশুব নাহি প্রভুরে কহিল।।
তিহ কহে এক দরবেশ আছে হারে।
তারে আন প্রভু বাক্যে কহিল আসি তারে।
তারে আন প্রভু বাক্যে করিলা প্রবেশ।
তাহারে অঙ্গনে দেশি প্রভু ধাঞা আইলা।
তাহারে অঙ্গনে দেশি প্রভু ধাঞা আইলা।
তারের আলঙ্গন করি প্রেমাবিষ্ট হইলা।।
প্রভুম্পর্যে প্রেমাবিষ্ট হইলা সনাতন।

সদ্প্রক ও সাধনতত্ত

মোরে না ছুইও কহে গদগদ বচন 🛮 ত্ইজনে গলাগলি রোদন অপার। দেখি চক্রশেখরের হৈল চমৎকার।। তবে প্রভু তাঁরে হাতে ধরি লইয়া গেলা। পিড়ির উপর আপন পাশে বসাইলা॥ ঐহিন্ত করেন তাঁর অঙ্গ সন্মার্জন। তিহো কহে মোরে প্রভু না কর স্পর্ণন।। প্ৰভূক্তে তোমা স্পৰ্শি আৰু পবিত্ৰিতে। ভক্তিৰলে পার ভূমি বন্ধাও শোধিতে।। 'ভোষা দেখি, ভোষা স্পর্শি গাই ভোষার গুণ। সর্কেক্সিয় ফল এই শান্ত নিক্রপণ।। এত কহি কহে প্রভু শুন সনাতন। ্কঞ্বড় দ্বামর পতিতপাবন 🛮 महाद्योत्रव हरेएक स्थामाद्य कृतिन उद्यात । কুপার সমূদ্র কুক্ত গঞ্জীর অপার 🛮 সমাতন কহে ক্লফ আমি নাহি জানি। আমার উদ্ধার হেতু তোমা কুপা মানি॥ কেমনে ছুটলা বলি প্রভু প্রশ্ন কৈলা। আতোপান্ত সৰ কথা তিহু গুনাইলা॥ প্রভু কহে ভোষার গৃই ভাই প্রয়াগে মিলিল।। রূপ **অনুপম দোঁহে বৃন্দাবন** গেলা 🛭 তপন মিশ্রেরে আর চক্রশেখরে। প্ৰভু ৰাজাৰ সনাতন মিলিলা দোহাৰে॥ তপন দিশ্র তবে ভারে কৈলা নিমন্ত্রণ।

প্রভু কহে কোর করাহ, যাহ সনাতন।।
চক্রশেশরের প্রভু কহে বোলাইয়।
এই বেশ দূর কর, যাহ ইহা লঞা।।
ভদ্র করাইয়া তাঁরে গঞ্চামান করাইল।
শেশর মানিয়া তাঁরে নৃতন বন্ধ দিল॥
শেই বন্ধ সনাতন না কৈল অসীকার।
ভনিয়া প্রভুর মনে আনন্দ অপার।।
মধ্যায় করি প্রভু পেলা ভিক্ষা করিবারে।
সনাতনে নঞা গেলা তপন মিশ্রের বরে॥
পাদ প্রকালন করি ভিক্ষাতে বসিলা।
সনাতনে ভিক্ষা দেহ মিশ্রেরে কহিলা॥
মিশ্র কহে সনাতনের কিছু কতা আছে।
ভূমি ভিক্ষা কর, প্রসাদ তাঁরে দিব পাছে॥
ভিক্ষা করি মহাপ্রভু বিশ্রাম্ম করিলা।
মিশ্র প্রভুর শেষ পাত্র সনাতনে দিলা॥

- 🛚 মিঞ্জ সনাতনে দিল নৃতন বসন।

চৈ ভ শ, ২০ প,

সনাতনের এই বেশ ধারণ হইতে ভেকের স্ষ্টি। এখন ভেক না তহলে বৈক্ষৰসমাজে সাধু বলিয়া পরিগণিত হইবার উপায় নাই। সনা- ~ তনের এই বেশ ধারণের পূর্বেই কিন্ত মহাপ্রভু তাঁহাকে বৈষ্ণব শুলিয়া। ছিলেন।

সন্নাদগ্রহণই শান্ত্রীর ব্যবস্থা। শ্রীমন্মহাপ্রভু স্বর্য সন্নাদ গ্রহণ করিয়াছিলেন। তিনি ভেকাশ্রিত হন নাই।

"চবিবশ বংসরের শেষ যেই মান মাস। তার শুক্ল পক্ষে প্রাভূ করিলা সন্ন্যাস॥

চ চ, ম, ৩, প্,

গোস্বামী মহাশর যথাশাস্ত্র সন্নাস গ্রহণ করিরাছিলেন। সাম্প্রদায়ি-কভার বিষে বৈক্ষবগণ জর্জারিত হওয়ার তাঁহারা এখন সন্নাদের নাম শুনিলে চমকিয়া উঠেন। কিন্তু মহাপ্রাভূ স্বরং বে সন্নাস গ্রহণ করিয়াছিলেন তাহা তাঁহারা একবারও ভাবেন না। তাঁহারা মনে করেন সন্নাস অবৈত্বাদিগণের গ্রহণীর।

গোস্বামী মহাশরের প্রতি জনাস্থার জার একটি কারণ এই যে, তাঁহার পরিধানে গৈরিক বসন ও মন্তকে জটাভার। গৈরিক বসন বে সন্নাসীর পরিধার তাহার জার কাহাকেও বিশ্বেরা ব্রাইতে হইবে না। সন্নাসিন্দরেরই গৈরিক বসন পরিধান করি বার জার কাহারও অধিকার নাই। গৃহস্থগণের পক্ষে ইহা সক্তিভাগেব নিষিদ্ধ। গৈরিক বসনে রেভঃপাত হইলে ১চাক্রারণ প্রারশ্ভিষ্ট করিবার ব্যবস্থা আছে।

মহাপ্রভূ ষয়ং গৈরিক বসন পরিধান করিতেন, একগাটা বৈহঃবগণ এখন আর মনোলধ্যে স্থান দেন না। শাস্তিপুরে মহাপ্রভূর আগমন হইগে কবিরাজ গোস্বামী বর্ণনা করিতেছেন—

"শান্তিপুরের লোক শুনি প্রভুর আগ্মন। দেখিতে আইলা লোক প্রভুক চরণ॥ হরি হরি বলে লোক আনন্তি হঞা।
চমৎকার পাইল প্রভুর সৌন্দর্য দেখিয়া॥
গৌর দেহ কান্তি, সূর্য্য জিনিয়া উজ্জ্ব ।
অরুণ বস্ত্র কান্তি ভাহে করে বলমণ॥"

চ চ, ম, ৩, শ,

দশনামা সম্নাসিমাতেই গৈরিক বস্ত্র পরিধান করিয়া থাকেন। বদি বৈষ্ণবেরা তাহাই পরিধান করিবে, তবে তাঁহাদের সহিত বৈষ্ণবগণের পার্থকা থাকে কৈ? এই পার্থকা বজায় রাখিবার জন্তু বৈষ্ণবগণ গৈরিক বসন পরিত্যাগ করিয়াছেন।

সাম্প্রদায়িক বৃদ্ধি বাতীত বৈঞ্চবগণের গৈরিক বসন পরিত্যাস করিবার আরও একটা কারণ আছে। সনাতন গোস্বামী জগদানন্দ পণ্ডিতকে বলিয়াছিলেন—

> "রক্তবন্ত্র বৈষ্ণব পরিতে না যুরার। কোন প্রদেশিকি দিব কি, কান্ধ ইুহার॥"

> > হৈচ চ, আ, ১৩,

এই পাঠু হইতেই গৈরিক বসন তাাগ হইল। রক্তবন্ত মানে "গৈরিক বসন" নহে, লাল কাপড়। গৈরিক সম্পূর্ণ আলাহিদা জিনিষ। তাহা না হইলে মহাপ্রভু কথনও গৈরিক পরিধান করিতেন না। মহাপ্রভু অশাস্ত্রীয় কাষ করিয়াছেন, একথা কথনও বৈফবেরা বলিতে পারেন না। স্তরাং গোস্বামী মহাশয়ের গৈরিক বস্ত্র পরিধান অশাস্ত্রীয় কার্যা নহে।

গোসামী মহাশরের গৈরিকগ্রহণ বেমন বৈক্ষবগণের কটাক্ষের কারণ, তাঁহার কুদ্রাক্ষের মালা ধারণও তদ্ধপ। কুদ্রাক্ষের মালা ধারণ বৈক্ষবগণ সহু করিতে পারেন না, কারণ উহা শাক্তগণের ব্যবহার্য। যাহা শাক্ত গণের ব্যবহার্যা, তাহা বৈক্ষবগণের অবশ্র পরিত্যক্ষা। ইহা সাম্প্রদায়িক – বৃদ্ধি। মহাত্মাগণ কখনও অশাস্ত্রীয় কাষ করেন না। শাস্ত্রমর্যাদার রক্ষা করা তাঁহাদের জীবনের একটি বিশেষ কাষ। হরিভজিবিলাসে রুদ্রাক্ষের মালা ধারণ বৈঞ্চবের কর্ত্তব্য বলিয়া লিগিত আছে। রুদ্রাক্ষ পরিত্যাগ করিয়া বৈঞ্চবগণ শাস্ত্রের শাসন অমান্ত করিতেছেন। শাস্ত্রের মর্যাদা রক্ষার জন্তই গোস্বামী মহাশয়ের রুদ্রাক্ষের মালা ধারণ।

বেশের সহিত মহাত্মাগণের কোন সন্থন নাই। লোকের চিন্ত আকর্ষণ করিবার
বা নিজের কোন অভিসন্ধি-সাধনের জন্ত তাঁহারা কোন কাষ করেন না। তাঁহাদের কোন বাসনা নাই, কোন অভিসন্ধিও নাই। জাহারা আত্মারাম। তাঁহারো বিধিবাবস্থার অতীত। তাঁহাদের আচরণই শাস্ত্র। তথাপি, সমাজরকা, শাস্ত্রের মর্য্যাদারকা
থর্মবক্ষার জন্ত তাঁহারা শাস্ত্র-শাসন মানিরা চলেন এবং স্নাচার পালন করেন। তাঁহাদের আচরণে কথনও ক্রটি দেখিতে পাওয়া যার না।

দ্বিতীয় পরিচ্ছেদ

জটা-ধারণ

গোস্বামী মহাশয় মায়াতীত সিদ্ধাবস্থা শাভ করিয়া যথন প্রেম্ভব্তি বিভরণ করিতেছিলেন, তথন সকল সম্প্রদায়ের সংধ্রণণ গোস্বামী মহাশয়ের নিকটে মাসিতেন, ধর্মালাপ করিয়া পরিত্প্ত হইতেন এবং প্রমানন্দে তাঁহার মধুর সহবাসপ্রথ সভোগ করিতেন।

- নানকপথিগণ তাঁহাদের সাধনের কথা গোস্বামী মহাশ্রকে জিজাসা করিতেন, গোস্বামী মহাশর তাঁহাদিগকে তাঁহাদের পথা বলিরা দিতেন, রামারেত সাধুগণকে তাঁহাদের সাধনের প্রণালীর উপদেশ দিতেন, শাক্ত-গণ জিজাস হইলে তাঁহাদের সাধনের ব্যবহা ঠিক করিরা দিতেন। শাক্তগণের উপাসনার জন্ম তিনি সমরে সময়ে সুরা আনাইরা নিজে শোধন

সদ্গুরু ও সাধনতত্ত্ব

করিয়া দিতেন। গোস্বামী মহাশরের নিকট সুসলমান সম্প্রদারের সাধ্ ফকিরগণও আসিয়া মহা ভৃপ্তি লাভ করিতেন। গোস্বামী মহাশরের প্রতি ই হাদের সাম্প্রদারিক বৃদ্ধি ছিল না।

গৌড়ীয় বৈক্ষৰ সম্প্রদায়ের সম্প্রদায়িক বৃদ্ধি এতই প্রবল বে তাঁহারা গোস্থামী মহাশয়ের সংস্পর্লে আরিতে পারিলেন না। গোস্থামী মহাশয়ের গেরুয়া বনন যেমন তাঁহাদের চকু-লুল হইল, জটাভারও তেমনি তাহাদের অপ্রদার কারণ হইল। বৈষ্ণবগণের জানা উচিত যে, জটাধারণ বৈষ্ণবের নিষিদ্ধ নহে। বৈষ্ণবগুলের জানা উচিত যে, জটাধারণ বৈষ্ণবের নিষিদ্ধ নহে। বৈষ্ণবগুলের জানা উচিত যে, জটাধারণ বৈষ্ণবের নিষিদ্ধ নহে। বৈষ্ণবগুল প্রপাণী মতে সর্বপ্রধান গুরুগণের জটা ছিল। ব্রহ্মার এবং গুকদেবের জটা ছিল। অধিক কি থাঁহার দোহাই দিয়া বৈষ্ণবস্থা কালা চলিয়া আসিতেছে, সেই কলি-পাবনাবতার প্রিমন্মহাপ্রভুরও জটা ছিল। এখন সে কথাটা চাপা পড়িয়া লাছে। সয়াসের পর আর তাঁহার ক্রোর-কার্যা হয় নাই। তাঁহার মন্তকে জটাভার ছিল। সংকীর্তনের সমর তাঁহার জটা উর্ক্রিকে থাড়া হইরা দাঁড়াইত। গোবিন্দ দাসের কড়া পাঠ করিলে এই সব বর্ণনা দেখিতে পাইবেল। এসুব কথা এখন কড়া পড়িয়া গিয়াছে কি য়োগিগণ জটা রাথেনক্ষেত্ত ইহা বৈষ্ণবগণের প্রিটাকা হইয়াছে।

স্নাতনের ভদ্রবেশ হইতে হখন ভেকের প্রবর্তন হইরাছে, সেই সময় হইতৈই গেরুয়া বসন ও জ্ঞা বৈষ্ণবসমাজ হইতে বিদায় লইয়াছে। সাম্পুদায়িক বৃদ্ধির নিকট শাস্ত্রমর্য্যাদা রক্ষা পার না।

পাঠক মহাশন্ত, জটা সামান্ত বস্তু নহে, জটার মহিমা কে বুঝিবে ? দেবাদিদেব মহাদেব এই জটা আপন শিরে ধারণ করিয়াছেন এবং তিলোকপাবনী স্বর্দী এই জটার মধ্যে আশ্রয় গ্রহণ করিয়াছেন।

প্রতিতপাবনী গদাদেবী গদাধরের জটার মধ্যে প্রবাহিতা। এই কথাটা আমরা শাস্ত্রপাঠ করিয়া জানিতে পারিয়াছি, কেহ কখনও প্রতাক করি নাই। এবার কিন্ত একথাটা প্রত্যক্ষ করিলাম। আমাদের গ্রাধরের ফটার মধ্যে পতিতপাবনী সতাই প্রবাহিতা ছিলেন।

গোসামী মহাশর আদৌ সান করিতেন না। কেবল বংসরের মধ্যে মহাষ্টমীর দিন একবার গঙ্গালান করিতেন। তাঁহর জটা সর্বদাই আধাকিত, কিন্তু নিজাড়াইবা নাত্র তাহা হইতে জলকণা বহির্গত হইত। এজল কোথা হইতে কি প্রকারে জাসিত, কেহ ঠিক করিতে পারিত না। গঙ্গাদেশীর অবিভাব বাতীত জার কি বলা বাইতে পারে !

পঠিক মহাশরগণ আপনারা মহাত্মা অর্জুন নাসের নাম শুনিবাছেন

কি
 তিনি একজন মারাজীত মহাপুরুষ। তিনি অনিকেত পাগলের

নানা স্থানে বিচরণ করিরা থাকেন। লোকে তাঁহাকে চিনিতে

গারে না। তাঁহার অতুসরণও কেই করিতে পারে না। তিনি এই

বর্তমান রহিরাছেন, আরার পরক্ষণেই নাই। ইনি সর্বাশারবেস্তা

করিরাও ইহার পাঞ্জিতোর কোন পরিচর পাইবেন না।

ইহার নিকট প্রকাশিক। ইহার কোন বেশ নাই। ইনি বিধিনিবাধের

অতীত। বাঁহারা শুরুক মনোরপ্রন শুরু ঠাকুরতা মহাশরের "কুস্তমেলা। নামক প্রুক্ত পাঠ করিরাছেন, তাঁহারা এই মহাত্মার কিছু পরিচর পাইবু

থাকিবেন।

এই মহাজা গোস্বামী মহাশ্বকে দেখিরা বলিতেন, "হাম সাধু দেখা, মগর রাাসী সাধু হাম কভি দেখা নেহি। কৈ নাদমিকো নাম ন্মাধি হোতা নেই, এ সাধু হরদম্ নাম সমাধি মে রহতা হার। জ্যা জটা হাার প রামলী কিষণজী এহি জটাকা সেবা করতা হার।

রাসজী কিষণজী যে গোসামী মহাশরের জটার সেষা করিজেন্ট্র গটনা তিনি দিবা চক্ষে দেখিরাছেন, তাঁহার নিকট কিছু অবিদিত ছিল না অধ্যাত্মরাজ্যের ব্যাপার আসরা কি ব্বিব ? আমাদের নিকট সকলই প্রহেশিকা। ক্ষিয়াল গোসামী, শীষ্মহাপ্রত্ব স্বত্ত ভাষ বর্ণনা ক্ষিয়া বলিয়াছেন—

> "ৰলিবার কথা নর, তথাপি ৰাউলে ক্র, কহিলে বা কেবা পাতি ধার"

আমিও বলিতেছি, বে এসৰ কথা ধলিবারও নর, বিধাস করিবারও নর। তাৰে ঘটনাটা প্রস্তুত এই জন্ত বলিবার অবোগা হইলেও বলিবার, বাঁহার বিধাসবৃত্তি পাইরাছে তিনিই কেবল ইহা বিধাস করিতে পারিবেম।

তৃতীয় পরিচ্ছেদ

यह श्रद्धां न

গৌড়ীর বৈক্ষণমাজ গোখানী মহাশরের বেশের উপরই বে কেবল করাল করিয়া থাকেন, তাহা নহে, তাঁহারা তাঁহার মন্ত্রপ্রদান ও সাধনপ্রধানীর উপরও কটাক করেন। বর্তনান বৈক্ষর আচার্যাগণ
বিশ্বগণকে প্রায়ই কামবীল কামগারতী বুগলমন্ত ইত্যাদি প্রদান করিয়া
গাকেন। গোখানী মহাশন শিশ্বগণকে এ সকল কিছুই প্রদান
করিতেন না। গ্যান বা পূজার কোন বিধান করিতেন না। ব্রত নিরম
ক্রবণতি ইত্যাদির কোন বাবহা করিয়া দিতেন না। এই সকল কারণে
বৈক্ষরপণ বিশিল্প থাকেন, গোখানী মহাশরের দীক্ষাপ্রদান বৈক্ষর দীক্ষা
নহে।

বে সকল মন্ত্ৰ ৰূপ করিয়া মানুষ ভগৰানকৈ লাভ করিয়াছেন, সেই
সকল মন্ত্ৰকে সিদ্ধমন্ত্ৰ কহে। সেই সকল মন্ত্ৰ গোস্থামী মহ'শন শিশুপ্ৰশক্ষ প্ৰদান করিতেন; নামের সহিত নামীকে বর্তমান করিয়া দিতেন।
মান করিতে পারিলে ত্রত নির্ম স্তব্যাত্ত পূজা ইত্যাদির কোন প্রয়োজন

ইয় না। বাহৰ নাম করিতে পারে না বলিরাই এ সব লইরা থাকে।
ইয়া বারা ধর্মভাব বজার থাকে ■ শরীর সাধন-উপবোগী হয়; র্থা
চিন্তায় কাল্যাপন কয়িতে হয় না। বাঁহারা অধিক সময় নাম কয়িতে
পারেন না, তাঁহাদের পকে প্লাপাঠাদিতে কাল্জেপ করা কর্ত্তনা;
গোশ্বামী মহাশয় এই সকলের পক্পাতী ছিলেন। তিনি স্বয়ং প্রতিদিন
প্রায় সাত আট বন্টাকাল শাল্রপাঠ কয়িতেন ও ওনিতেন। কেবল
শিবাপণের অবস্থা ভাবিয়া প্রভাক্ষভাবে কোন আদেশ কয়েন নাই। আমি
একণে বেশ উপলব্ধি করিতেছি, বাঁহারা নাম কয়িতে সমর্থ তাঁহাদের
এ সব কার্য্যে র্থা সময় নই কয়া কর্ত্তব্য নহে। নামেই শক্তি আছে,
নাম হইতেই জীবের উদ্ধার হইয়া থাকে; নাম পরিত্যাগ কয়িয়া প্রশান
পাঠাদিতে সময়কেপণ সময়ের অপব্যবহার য়াল্ড।

দেবর্ষি নারদ প্রভৃতি প্রাচীন বৈক্ষরাচার্যাগণ বে সকল সিদ্ধান্ত্র নিষাগণকে প্রদান করিরাছেন, বে সকল মন্ত্র হুপ করিরা প্রহলাদ নারদ প্রভৃতি ভক্তগণ তগবানকে লাভ করিরাছেন, গোস্থানী মহাশর কর্তৃক সেই সকল মন্ত্র প্রদান বদি বৈক্ষব দীক্ষা না হর, তবে আর বৈক্ষব দীক্ষা কি হইবে ? বাহাগা শাল্ত জ্ঞানহীন, যাহারা বৈক্ষবতত্ব বুঝে না, তাহারাই এইরূপ হুঃসাহসিক অশাল্তীয় কথা বলিতে পারে। বর্তমান বৈক্ষব আচার্যাগণ সিদ্ধান্ত সকল ব্যবহার করেন না, এই জন্তুই ই হারা এরূপ কথা বলিয়া থাকেন। ই হাদের ভাবিরা দেখা উচিত প্রীমন্মহাপ্রভূর ইউমন্ত্র কি ছিল। তিনি সম্বর প্রীর নিক্ষা দশাক্ষরী মন্ত্র লাভ করিরা তাহাই সাধন করিয়া পিরাক্ষেন। বর্তমান বুগলমন্ত্রের সহিত তাহার কোন সম্বন্ধ ছিল না। তাহার সম-সামরিক বৈক্ষবগণ্ড ইহা ব্যবহার করিতেন না।

গৌড়ীয় বৈঞ্বসমাজের দীক্ষা অভিনৰ ব্যাপার। ই হারা বুগল-মন্ত্রের

অত্যন্ত পক্ষপাতী। ইহাদের মধ্যে আবার গৌরবাদিগণ কিন্তু গৌরবাদআমা অত্যন্ত পক্ষপাতী। অনেক দিন হইতে বৈক্তবসমাজে ধ্যের দলাদলি
উপস্থিত হইয়াছে। প্রীগৌরাঙ্গবাদিগণ প্রীগৌরাঙ্গ-উপাসনার পক্ষপাতী;
তাঁহারা প্রীগৌরাঙ্গ-উপাসনার পৃথক মন্ত্র ও সাধনপ্রণালীর ব্যবহা
করিয়াছেন। গৌড়ীয় বৈক্তবসমাজ তাহা অস্বীকার করার এই দলাদলির
স্থাই হইয়াছে। বছকাল হইতে মিলনের চেটা হইয়া আসিতেছে, কিন্তু
মিলনের কোন সম্ভাবনা দেখা যাইতেছে না। উভর দলই প্রবল।
আচার্যাগণ ও গোস্বামিগণ আপনাদের স্থবিধা বুরিয়া উভর দলেই
সমবেত।

ধে স্থানে প্রকৃত ধর্ম নাই, কেবল মতের ধর্ম বর্ত্তমান, সেইখানেই দলাদলি। উভর দলই প্রকৃত ধর্ম হারাইয়া বসিরাছে; সত্যের আলোক অপসারিত হইয়াছে; স্থতরাং অন্ধকারের মধ্যে পড়িয়া উভয় দল মারামারি করিয়া মরিতেছে। উভর দলই আপন আপন মত সমর্থন করিতেছে।
ইছাদের নিকট আছোদিত।

আমরা এই গ্রন্থের নানা স্থানে বলিয়াছি, সাম্পুদারিকতা বা দলবৃদ্ধি ধর্মের বোর অনিষ্টকর। সাম্পুদারিকতা-বিষে জর্জারত হওয়ার ইহারা পরস্পারকৈ মর্যাদা দিতে পারিতেছেন না। ইহাদের বিচারশক্তিও নষ্ট ইইয়া গিয়াছে। প্রতিপক্ষের কথা ইহাদের মনে স্থান পার না।

পোষামী মহাশরের দীকা ইহাদের সাম্পুদায়িক মতের অহুগত মহে, কেবল এই জন্তই ই'হারা গোষামী মহাশরের মন্ত্রপ্রদানকে অবৈঞ্চব দীকা বিলয়া থাকেন। শাস্ত্রের বাবস্থা ই'হাদের নিকট পরিত্যজ্য। মতের পঞ্জীর মধ্যে শাস্ত্রীয় ব্যবস্থার প্রবেশাধিকার নাই। মতের নিকট জান

■ শাস্ত্র পরাস্তঃ।

চতুর্থ পরিচেছদ

সাধন-প্রণালী

গৌড়ীয় বৈশ্বসম্প্রদায় গোস্বামী মহাশরের সাধন-প্রণানীর উপরত কটাক্ষ করিয়া থাকে। গোস্বামী মহাশয় মালা জপ করিতেন না, ভাঁহার শিষ্যগণও মালা জপ করেন না, ভাঁহাদের জপের মালা নাই ঝুলি নাই, এটা গৌড়ীয় সম্প্রদায়ের পক্ষে বিসদৃশ ব্যাপার।

গোষামী মহাশরের শিষ্যগণের অধিকাংশ লোকই ইংরাজিশিক্তি, তাঁহারা আদালতে চাকরী করিয়া বা ওকালতী, ডাক্তারী, শিক্ষকতা ব্যবসা ইত্যাদি দারা জীবিকা অর্জন করেন, ত্রীপুত্রাদি শইয়া গার্হস্ত জীবন বাপন করেন। তাঁহাদের কোন প্রকার সাধ্র বেশ নাই; একারণ ইহাদের যে সাধনভজন আছে, ইহারা যে ধর্মজীবন বাপন করেন, একথাটা লোকে টের পায় না। গৌড়ীয় বৈক্ষবন্ধণ ইহাদিগকে মবৈক্ষব বলিয়া মনে করেন এবং শিষ্যগণের অবস্থা দেখিয়া তাঁহাদের গুরুর প্রতিও তাঁহাদের কিরপ একটা ধারণা জিনায়া গিয়াছে।

বৈক্ষবগণের শীর্ষস্থানীয় প্রজ্বরংশে জন্মগ্রহণ করিয়া ব্রাহ্ম বা অবৈক্ষব হইলে, বৈক্ষবগণের মর্ম্মান্তনার কি সীমা থাকে ? গোস্বামী মহাশয় ব্রাহ্ম হওয়ায় শান্তিপুরবাসী গোস্বামী-বংশীয়েরা ও জনসাধারণ এবং সাধারণ বৈক্ষবসম্প্রদায় তাঁহাকে হত্যা করিবার শান্তপুরে এক বড়বন্ধ করিল। কেবল গোস্বামী মহাশয়ের আজীয় রুফ্চন্দ্র গোস্বামী মহাশয়ের আজীয় রুফ্চন্দ্র গোস্বামী মহাশয়ের বাধা দেওয়ায় শান্তিপুরবাসিগণের এই ছ্রভিস্কি কার্য্যে পরিণ্ড হইতে পারিল না।

যাহা হউক গোস্বামী মহাশয় যখন সিদ্ধাবস্থা লাভ করিয়া একেসমাঞ্চ পরিভাগে করিলেন, শাস্ত্র ■ সদাচার রক্ষা করিতে লাগিলেন, এই হাতে প্রেম ভক্তি বিতরণ করিতে লাগিলেন, তথনও বৈশ্ববণণ তাঁহার প্রতি আহা স্থাপন করিতে পারিলেন না। বেমন খেত ডোর-কৌপীনের অভাবে তাঁহাকে অবৈশ্বর মনে করিলেন, তেমনি ঝুলি মালা না থাকার—আধা ব্রাহ্ম আধা হিন্দু, কিন্তৃত-কিমাকার বলিয়া মনে করিতে লাগিলেন। খাদে খাদে নাম করা বৈশ্বর ধর্মের ব্যবস্থা নতে, গোম্বামী মহাশম ও তাঁহার শিব্যগণ খাদে খাদে নাম করিয়া থাকেন স্কুরাং গোম্বামী মহাশম বা তাঁহার শিব্যগণ বৈশ্বর হইতে পারেন না। বৈশ্বতা কেবল ভাগ মাত্র গোম্বামী মহাশরের ধর্মা বৈশ্বর ধর্ম্ম নহে, মহাপ্রভুর ধর্মা নহে, ইহা একটা মনগড়া প্রচ্ছর ব্রাহ্মধর্ম। ইহাই বৈশ্ববগণের ধারণা হইল।

শ্রীমন্যহাপ্রভুর ধর্ম কি, তাহা বৈশ্ববগণ জানেন না। ইহারা মনে করেন বে, ইহারা মহাপ্রভুর ধর্ম বাজন করিতেছেন। প্রাক্তপক্ষে মহাপ্রভুর ধর্ম আর গৌড়ীয় বৈশ্ববগণের ধর্ম এক্ষণে সম্পূর্ণ স্বভঙ্ক জিনিয়। মহাপ্রভুর ধর্ম বছকাল বাবৎ বৈশ্ববসমাজ হইতে বিদার লইরাছে। এখন বৈশ্ববগণ যে ধর্ম যাজন করিতেছেন, তাহা ভাগবত ধর্মের এক নৃতন সংস্করণ মাত্র।

গ্রীমনাহাপ্রভুর ধর্ম আর গোস্বামীমহাশুরের ধর্ম একই বস্ত ; এই তুইরে প্রভেদ নাই। মহাপ্রভুর ধর্ম শুদ্ধান্তক্তি, আর গেস্বামী মহাশরের ধর্মও ভাহাই। মহাপ্রভুর ধর্ম বৈষ্ণবসমাজ হইতে অন্তরিত হওপার গোস্বামী মহাশর মহাপ্রভুর আজ্ঞার ভাহারই ধর্ম প্রঃসংস্থাপন করিয়া গোলেন।

শুদ্ধাভন্তি কি, তাহা আমি পূর্বপ্রথমে শিথিয়াছি, আর অধিক শিথিবার প্রয়োজন নাই। এখন এইমাত্র বলিতেছি "হরেন্মিব কেবলং" ইহাই শ্রীমন্মহাপ্রভুর ধর্ম, ইহা হইতেই শুদ্ধাভন্তির অভ্যুদ্য।

ঈশ্বর পূরী মধ্বাচার্যা সম্প্রদায়ের সন্ন্যাসী। তিনি মহাগ্রভুর মধ্যে 🕶

শক্তিদক্ষার করিয়া তাঁহাকে শক্তিশালী দশাক্ষরী মন্ত্র প্রদান করিয়াছিলেন।

দধ্বাচার্য্য সম্প্রদায়ের রীত্যানুসারে তিনি গুরুদন্ত নাম শ্বাসে শ্বাসে
কপ করিতেন। তাঁহার কোন ঝুলি বা জপের মালা ছিল না। তিনি
মালায় নাম করিতেন না। কেবল খাসে খাসে নাম সাধন করিতেন।
গোস্বামী মহাশয় ও তাঁহার শিশ্যগণ তাহাই করিয়া থাকেন।

শীমনাহাপ্রভু তীর্থাতার বাহির হইবার কথা উথাপন করিলে, শীমরিতানন্দ প্রভু তাঁহাকে বলিয়াছিলেন—

"তবে নিত্যানন্দ কহে যে আজ্ঞা তোমার।
স্থ হংথ যেই হউক সেই কর্ত্তব্য আমার॥
কিন্তু এক নিবেদন করি আর বার।
বিচার করিয়া ভাহা কর অঙ্গীকার॥
কৌপীন বহির্বাস আর জলপাত্র।
ভার কিছু সঙ্গে নাহি যাবে এই মাত্র॥
ভোমার ছই হস্ত বন্দ নাম গণনে।
জলপাত্র বহির্বাস বহিবে কেমনে॥

ু টেচ, চ, ম, ৭ম,পরিচেচ্দ

এই পরার পাঠ করিয়া কেহ কদাচ মনে করিবেন না, বে
মহাপ্রভুর সংখ্যা নাম ছিল এবং সেই সংখ্যা তিনি গণনা করিতেন এবং
সংখ্যা গণনা করিবার তাহারে জপের মালা ছিল। বাহারা খাসে
খাসে নাম করেন, তাঁহাদের নামের সংখ্যা থাকে না। বত খাস তত
নাম। মহাপ্রভুর বেরূপ প্রেমোন্মন্ততা তাহাতে তাঁহার নাম গণনা
করিবার সাধ্য ও ছিল না।

এই পরারে কৌপীন বহির্কাস আর জলপাত্র কেবল তিনটি সঙ্গে যাইবার কথা আছে; আর কিছুই সঙ্গে যাইবে না, ইহাও লিখিত আছে। মহাপ্রত্ব ঝুলী বা জপের মালা থাকিলে নিশ্চরই তাহা সঙ্গে বাইবার উল্লেখ থাকিত, কারণ সেগুলি প্রয়োজনীয় দ্রব্য। ইহাতেই বুঝা বাইতেছে বে, মহাপ্রভুর ঝুলী বা জপের মালা ছিল না! "তোমার চই হস্ত বন্দ নাম গণনে।" এই গণনে শব্দ "গ্রহণে" হইবে। "গ্রহণে" স্থলে ভূশক্রমে "গণনে" লিণিত হইরাছে। ইহা ছাপার ভূল মাত্র। নতুবা পূর্ব্বাপর পরারের সামঞ্জ থাকে না। কোন বৈঞ্চব গ্রন্থে মহাপ্রভুর মালা বা ঝুলির বর্ণনা নাই।

বাঁহারা খালে খালে নাম জপ করেন, তাঁহারা ছই হাতেই কর ধরিয়া থাকেন। কর ধরিয়া থাকিলে নাম-চলাচলের স্থবিধা হয়, কর ধরা একবার জ্ঞান হইলে সাধক আর কর ছাড়িয়া থাকিতে পারেন না। বাঁহারা সর্বাদা নাম করেন, তাঁহারা সর্বাদাই কর ধরিয়া থাকেন। মহাপ্রভূ সর্বাদাই কর ধরিয়া থাকিতেন। এইজন্ম তাঁহার ছই হস্ত বর থাকার উলেথ হইরাছে। বাঁহারা মালার নাম জপ করেন, তাঁহাদের ছই হস্ত বন্ধ গ্রাকিবার কথা নছে।

খাসে খাসে নাম জপ করা বড়ই কঠিন। উপযুক্ত গুরুর উপদেশ বাজীত কেহই খাসে খাসে নাম জপ করিছে পারে না। উপযুক্ত গুরুর উপদেশ ব্যতিরেকে খাসে খাসে নাম জপ করিলে মন্তিক বিরুত হইয়া পড়িবে, মাধার যন্ত্রনা উপস্থিত হইবে। একারণ কেহ খাসে খাসে নাম জপ করে না। বৈক্ষবসমাজে উপযুক্ত গুরুর অভাব হইয়াছে, একারণ কোন বৈক্ষবই খাসে খাসে নাম জপ করেন না। এখন কেবল পোস্থামী বহাশরের শিশ্য ও প্রশিশ্যগণকেই খাসে খাসে নাম জপ ক্রিতে দেখিতেছি।

গোসামী মহাশরের শিষ্যগণ মালার নাম জপ করেন না বলির। তাহা-দিপকে অবৈষ্ণব বলা যাইতে পারে না। প্রকৃতপকে উঁহারাই শ্রীমন্মহ: " প্রভুর ধর্ম ধাজন করিয়া আসিতেছেন।

গৌড়ীয় বৈশ্ববগণ মালার "হবে কৃষ্ণ" নাম অর্থাৎ হোল নাম বিশ্রেশ
আকরে জপ করিয়া থাকেন। গোস্থানী মহাশর শ্বাসে ইটমন্ত জপ
করিতেন, তাঁহার শিষ্যপ্রশিষ্যগণ শ্বাসে শ্বাসে ইটমন্ত জপ করিয়া থাকেন,
"হরেকৃষ্ণ" নাম জপ করেন না। এই কারণেও গোস্থামী মহাশর

তাঁহার শিষ্যপ্রশিষ্যগণকে অবৈশ্ব বলা হয়। গুরুদ্ভ নাম
বাতীত অন্ত নাম জপ করিবার ব্যবস্থা কুত্রাপি নাই। কেবল, গৌড়ীয়
বৈশ্ববৰ্গণই গুরুদ্ভ নাম সাধন না করিয়া "হরে কৃষ্ণ" নাম সাধন করিয়া
থাকেন।

■ ব্যবহা তাঁহারা কোথার পাইলেন, তাহা বুঝ বার না। মহাপ্রজ্ দীক্ষামন্তই খালে খালে জপ করিতেন, তাঁহার দোহাই দিয়া তাঁহার পহা তাগের কারণ কি ?

বন্ধান্তপ্রাণে ক্রক্ষনামের মহিমা ও পদ্মপ্রাণে রামনামের মহিমা বণিত গণিত আছে। এই তই প্রাণে এই তই নামের অপার মহিমা বণিত গণি দেথিরা বৈশ্ববৃগণ ভরেক্ষণ নাম প্রথিত করিয়া লইরাছে। এই নাম অধিক ক্লাম্মক বিবেচনা করিয়া বৈষ্ণবৃগণ গুরুদন্ত নাম ৰূপ নাম বিশ্বা বিষ্ণবৃগণ গুরুদন্ত নাম ৰূপ না করিয়া এই নাম অপ ক্রিয়া থাকেন। পরবোক্গত ক্রণ্ণাস ব্যক্তী বৈষ্ণবৃস্মাজে প্রকলন প্রতিপত্তিশালী লোক। তাঁহার বহু শিশ্ব আছে। ঐ সমাজে শিশ্বগণেরও একটা প্রতিপত্তি আছে। শ্রীটেতক্সচরিতামৃত পাঠ করিয়া বানাস বাবাজী দেখিলেন, জ্রীক্রফ নাম অপেকা শ্রীটেডক্স নিত্যানক্ষ নামের মহিমাই অধিক। একারণ তিনি হরেক্ষ নামের পরিবর্তে "নিতাইগৌর রাধান্তাম, হ্রেক্ষ হরেন্ত্রমান এই নাম প্রবর্তিত করিবেন। এখন চরণ লাদের শিশ্বগণ ও তাঁহাদের দেখাদেখি আরও

অনেক লোক হরেকৃষ্ণ নামের পরিবর্জে এই "নিভাইগৌর রাধাশ্রাম" নামই সাধন করেন। এই সমস্ত সাম্প্রদায়িকতা ও অজ্ঞভার ফল হইছেই বৈষ্ণব ধর্ম্ম এত মান হইয়া পড়িয়াছে।

নাম বা শব্দ নহে। নামের প্রাতিপাদা বা অধিষ্ঠাত্রী দেবতাই
নাম। মনুষ্যের ক্রচিডেদে শাল্রে ভগবানের বিবিধ নামের উল্লেখ হইরাছে। সকল নামই সেই এক ভগবানের নাম। "রুক্ষ" নামই কেবল
নাম, আর শুরুদত্ত নাম যে তাহা নহে, এরপ মনে করিবার
কারণ নাই। নামে জীবের উদ্ধার হয়, তাহাই রুক্ষ নাম। নামের ইতরবিশেষ বৃদ্ধি, কেবল সাম্প্রদায়িকতা হইতে উৎপন্ন হইরাছে।

মহাত্মারা সাম্প্রদারিকভার অভীত। তাঁহাদের নিকট সকল সম্প্রদার সমান। যে সকল নামে মাহ্র সিদ্ধিলাভ করিরাছে, শিশ্মের রুচি ও প্রকৃতিভেদে মহাত্মাগণ সেই সকল নাম হইতে বাছিরা লইরা শিশ্মের উপবোগী একটী নাম শিষ্যকে প্রদান করেন।

শাল্রে রক্ষ নামের অপার মহিষা বণিত থাকিলেও যতক্ষণ গুরু ঐ নামের প্রতিপাদ্য দেষতাকে অর্পণ করিয়া নামের চৈতপ্রবিধান না করিয়াছেন, ততক্ষণ ঐ নাম শব্দ মাত্র, উহা সাধনা করিয়া কদাচ সিদ্ধি-লাভ হইতে পারে না। *

কৃষ্ণ নাম শ্বতঃই শক্তিমমন্তি নহে। বে নাম শক্তি-সমন্তি তাহাতে নামাপরাধের বিচার নাই। অপরাধেও নামের শক্তি প্রতিহত না। বে নাম শক্তি-সমন্ত্রিত নহে, ভাহাতেই নামাপরাধ থাকে। শক্তি নামেও নামাপরাধ আছে।

<sup>সন্ত্রার্থং মন্ত্রচৈতন্তং ধো না জানাতি সাধকঃ

শতপক্ষ প্রেবদ্যোহপি তক্ত । নিজতি ।

মহানির্বাণ তন্ত্র, তৃতীয় উল্লাস, ৩৯ লোক ।</sup>

"কৃষ্ণ নাম করে অপরাধের বিচার।

কৃষ্ণ বলিতে অপরাধের না । বিকার ॥

এক কৃষ্ণ নামে করে সর্ব্ধ পাপ নাশ।
প্রেমের কারণ ভক্তি করেন প্রকাশ ॥
প্রেমের উদরে হয় প্রেমের বিকার।
প্রেমের উদরে হয় প্রেমের বিকার।
প্রেমের উদরে হয় প্রেমের বিকার।
অনারাসে ভবকর কৃষ্ণের সেবন।
এক কৃষ্ণ নামের ফল পাই এভ ধন॥
হেন কৃষ্ণ নাম যদি লয় বছবার।
ভবু যদি প্রেম নহে, নহে অশ্রধার॥
ভবে জানি অপরাধ ভাহাতে প্রচুর।
কৃষ্ণ নাম বীজ ভাহে না হয় অস্কুর॥
ভৈতন্ত নিভ্যানন্দে নাছি এ । বিচার।
নাম লইতে প্রেম বেন ব'হে অশ্রধার॥

নানীই নামের বীজ। এই বীজ শুরুর হাতে। শুরু ইহা নামে সিরবেশিত করেন। কখন কখন শিবাকে নাম দিবামাত্র এই বীজ অঙ্কুরিত হয়; আবার কখনও সাধন করিতে করিতে অনেক বিলম্বে তাহা অঙ্কুরিত হয়। শরীরের গঠন, পূর্ব্ব শুর্বি সাধন, শিব্যের নিষ্ঠা, অপরাধের তারতম্য-অমুসারে কখনও শীঘ্র কখনও বিশম্বে বীজ অস্কুরিত হয়। গহিত্যা থাকে।

^{*} হরহরি নামের ভেদবৃদ্ধি নামাপরাধের মধ্যে গণ্য।
ত্রীকৃষ্ণ ও
ত্রীচৈতগুনিত্যানন্দ নামের ভেদবৃদ্ধি কি নামাপরাধের মধ্যে গণ্য নহে ?
সাম্প্রদায়িকতা হইতে এই পয়ারের স্বাষ্টি হইয়াছে ক্লানিবেন। ইহার মূলে
আদৌ সত্য নাই।

যথন ক্ষণ নাম শতঃই শক্তিশালী নহে, যথন ঐ নাম অপরাধের বিচার করে, তথন গুরুদত্ত নাম পরিত্যাগ করিয়া উহা সাধন করা কদাচ যুক্তিযুক্ত নহে।

গুরুদন্ত প্রত্যেক নাম, ভগবানেরই নাম, স্কুরাং তাহা কৃষ্ণ নাম। গুরুদন্ত নাম সাধন না করিয়া শক্তিহীন হরেকৃষ্ণ নাম সাধন করা বৈষ্ণব-সমালের প্রান্তি; এই জন্মই সাধনভজন করিয়াও তাঁহারা উচ্চ ধর্ম লাভ করিতে অসমর্থ হইতেছেন।

শীকৃষ্ণ নামের মহিমাবর্ণনায় শ্রীচেতন্তচরিতামতে আর একটি পরার আছে---

"কৃষ্ণ নামে দীকা প্রশ্চর্য্যার অপেকা না করে।"

এই পরারের উপর নির্ভর করিয়াও বৈশুবগণ দীক্ষামন্ত্র সাধন না করিয়া হরেকৃষ্ণ নাম সাধন করিয়া থাকেন। এই পরারে যে কৃষ্ণ নামের উল্লেখ হইয়াছে, ইহা শক্তিশালী নাম অর্থাৎ সদ্প্রক্রপ্রদন্ত নাম। সদ্প্রক্ষত নামে তল্লোক্ত কোন দীক্ষা বা প্রশ্চরণের আবশ্রক্তা নাই।

বৈষ্ণবগণের গুরুদন্ত নাম সাধন না করিবার আর একটি কারণ আছে। শ্রীমরহাপ্রভু শিক্ষাষ্টকে দৈয় করিয়া বলিয়াছেন—

> "নায়ামকারি বহুধা নিজ সর্ক্রপঞ্জি তথাপিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ ॥ এতাদৃশী তবক্ষপা ভগৰম্মাণি হুদৈব্মীদৃশমিহাজনিনামুরাগঃ॥"

"অনেকু লোকের বাঞ্চা অনেক প্রকার। কুণাতে করিব অনেক নামের প্রচার॥ থাইতে গুইতে ধথা তথা নাম লয়।
দেশ কাল নিয়ম নাহি সর্বাসিদ্ধ হয়॥
সর্বাপজ্জি নামে দিল করিয়া বিভাগ।
আমায় তুর্দিব নামে নাহি অফুরাগ॥"

रेह ह, अप, २० शतिरुक्त।

এই শ্লোক ও পরার পাঠ করিরা বৈশ্ববেরা মনে করেন, নামমাত্রেই ভগবানের সর্কাশক্তি অপিত হইরা আছে। হুডরাং গুরুদত্ত নাম জপ না করিলে কোন ক্ষতির সন্তাবনা নাই। এ ধারণাটি তাঁহাদের নিতান্ত ভূল। গুরুদত্ত নাম বাতীত আর কোন নামে শক্তি থাকে না। গুরুই নামে শক্তি অপি করেন। বধন ঈশ্বরপুরী মহাপ্রভূকে দীক্ষা দিয়াছিলেন, তথনই তিনি নামে শক্তি অপি করিরাছিলেন। মহাপ্রভূ শক্তিশালী নামু পাইয়াছিলেন। সেই জন্ম তিনি দৈশ্য করিয়া বলিয়াছিলেন—

সর্বশক্তি নামে দিল করিয়া বিভাগ। আমার হুদৈৰ নামে নহি অফুরাগ॥

এ সম্বন্ধে আমাদের আর অধিক বলিবার নাই, যাহারা গুরুদত্ত নাম সাধন না করিয়া শক্তিহীন হরেরুফ নাম বছকাল যাবং সাধন করি-তেছেন, যাহারা প্রতিদিন লক্ষাধিক নাম সাধন করেন, তাঁছারা নিজে নিজে বুঝিবেন এত নাম করিয়া তাঁহারা জীবনে কি উপকার পাইয়াছেন।

এই প্রকারে নাম করিয়া যদি আসজি নষ্ট না হইয়া থাকে, বদি ছপ্রাত্তি নির্মূল না হইয়া থাকে, যদি জন্ননা কলনা বাসনা কামনা দ্রীভূত না হইয়া থাকে, যদি নামের মধুরাস্থাদন উপলব্ধি না হইয়া থাকে, যদি দয়াদাক্ষিণা পরোপকার পরত্থকাতরতা প্রভৃতি সদ্গুণ সকল পরিবন্ধিত না হইয়া থাকে, যদি হিংসা দেখ নাম যদ প্রভৃত্ব প্রতিপত্তি

সমস্ভাহৰ থাকে, তবে ব্ঝিতে ইইবে স্করিয়া কোন ফল হয় নাই।

জ্রীকৃষ্ণ নাম থেমন অপরাধের বিচার করে, সেইরূপ নিতাইগৌর নাম বা ভগবানের যাবতীর নাম অপরাধের বিচার করিয়া থাকে। ভগবানের কোন নামই অপরাধনজ্জিত নহে।

কবিরাজ গোস্বামী যে কহিরাছেন,

"চৈতন্ত নিত্যানন্দে নাহি এ সব বিচার। নাম শইতে প্রেম দেন বহে অঞ্ধার॥

ইহা অত্যন্ত ভ্রান্তি, অথবা ধোর সাম্প্রদারিকতা। রতক্ষণ গুরু নামে শক্তি অর্পণ না করিয়াছেন, ততক্ষণ নামে কোথা হইতে শক্তি আসিৰে?

প্রক্ত কর্ত্ত শক্তিসময়িত হইবার পূর্বে জগবানের যাবতীয় নাম শক্তিশৃক্ত জানিবেন, উহা তথন শক্ষাত্র ব্যিতে হইবে।

নামে শক্তি অপিত থাকিলে গুরুকরণের আদৌ প্রয়োজন হয় না।
নাম জপ কর অথবা নিতাইগৌর নাম জপ কর, ফল সমান
হইবে, কিছুই তারতমা হইবে না।

পঞ্চম পরিচ্ছেদ

গোস্বামী মহাশরের সন্ন্যাস

সন্নাস আশ্রম নহে! সর্বপ্রকার আসক্তির বিনাশ, সমস্ত বন্ধন-উন্মোচনের নাম সর্যাস। সংসার ক্ষয় হইয়া গেলেই বথার্থ সন্মাস উপস্থিত হয়। সংসারাসক্তির লেশমাত্র আলা থাকিতে কাহারও সন্ধাস লওরা কর্তব্য নহে। কিঞ্চিন্মাত্রও আসক্তি থাকিতে সংসার ভ্যাগ করিলে সংসারে শতগুণে বড়িত হইতে হইবে। ভিতরে সংসার থাকিতে কাহারও সাধ্য নাই বে সংসার ত্যাগ । একৃতি সংসার না করাইয়া ছাড়িবে না। একপ্রকার সংসার করিতে হইত, না হর অক্ত প্রকার সংসার করিতে হইত, না হর অক্ত প্রকার সংসার করিতে হইবে।

শ্বীনমহাপ্রভূ নীলাচল গমন করিতেছেন, সঙ্গে গোবিন্দ প্রভৃতি জন্তুগণ আছেন। একদিন মধ্যাত্নকালে আহারেরর পর গোবিন্দকে মহাপ্রভূ বলিলেন "গোবিন্দ; একটা মুপগুদ্ধি দাও।" গোবিন্দ মুখগুদ্ধি কোথার পাইবে গ সঙ্গে কিছু নাই। গোবিন্দ নানা স্থান ব্রিরা ফিরিয়া প্রায় একখণ্টার পর একটা হরীতকী ভিক্ষা করিয়া আনিরা ভাহার একথণ্ড মহাপ্রভূর হস্তে দিলেন, বাকি অংশটা কল্যকার মান্ধীধিয়া দিলেন।

পরদিন মধ্যাত্র-আহারের পর মহাপ্রভু আবার গোবিদকে বলিলেন, বিগাবিদক একটু মুখগুদ্ধি দাও"। এবার কহিবামাত্র গোবিদক একখুগু হরীতকী মহাপ্রভুর হল্তে দিলেন। মহাপ্রভু গোবিদকক জিজাসা করিলেন—

মহাপ্রভু—কাল হরীতকী চাহিরাছিলাম, তুমি একঘণ্টার পর একখণ্ড হরীতকী আমাকে দিয়াছিলে, আজ চাহিবামাত্র দিলে, এ হরীতকী তুমি কোধার পাইলে?

গোবিন্দ—প্রভু, কাল হরীভকী ছিল না, ভিকা করিয়া আর্নিডে আনেক বিলম্ব হইয়াছিল, সেই 💷 কিছু রাখিয়া দিয়াছিলাম।

নহাপ্রভূ—গোবিন্দ, আমার তামার বাওরা হইবে না; ভোমার সংসারবৃদ্ধি রহিরাছে; ভূমি বাড়ী বাও; বিবাহ করিয়া সংসারধর্ম পালন করিতে থাক।

এইকথা শুনিয়া গোবিন্দ মহাপ্রভুর চরণে পড়িয়া কাঁদিতে লাগিলেন। মহাপ্রভু তাঁহাকে সাম্বনা দিয়া বলিলেন "ভূমি আমার প্রমুভক্ত, তোমার প্রতি আমার বে ভালবাস। আছে, তাহা কিছুতেই যাইবে না।
তোমাকে বেমন ভালবাসি, ঠিক তেমনি ভালবাসিব। কেবল তোমার
কল্যাণের তোমাকে বিবাহ করিবার আজ্ঞা দিলার। ভিতরে সংসার
থাকিতে সংসার ত্যাগ করিতে নাই; তাহা হইলে ধর্ম্মে বঞ্চিত হইতে
হইবে। তুমি বিবাহ করিলে, ভোমার কিছুমাত্র ধর্ম্মহানি হইবে না।
তোমার সমস্ত কর্মা শেষ হইরা যাইবে।"

ত্রীমন্মহাপ্রভুর এই আদেশে পরম ভক্ত গোবিন্দ বাড়ি ফিরিয়া আসিলেন। তিনি বিবাহ করিয়া অগ্রবীপে শ্রীশ্রীগোপীনংখের সেবা প্রকাশ করিয়া সন্ত্রীক ভক্তনসাধনে নিযুক্ত রহিলেন। বথাকালে গোবিন্দ ঘোষের একটিমাত্র পুঁত্র লাভ হইল। বথন পুত্রের বরস পাঁচ বংসর, তথন গোবিন্দের স্ত্রী-বিরোগ হইল।

সহধর্মিণীর বিয়োগে গোবিন্দ ঘোষ বড়ই কাতর হইলেন। আর বিবাহ করিলেন না। প্রুটিকে লালনপালন করিতে লাগিলেন। যথন প্রের বয়স নয় বৎসর, তথন ঐ প্রের বিয়োগ হইল। একে স্ত্রীর শোক, তাহাতে আসার প্রেশোক উপস্থিত হওয়ায় গোবিন্দ ঘোষ নিতান্ত কাতর হইয়া পড়িলেন। তিনি অনশনে প্রাণত্যাগ করিবার অভিপ্রায়ে গোপীনাথের শ্রীমন্দিরে পড়িয়া থাকিলেন। তিনদিন অনশনে কাটিয়া গোপীনাথের শ্রীমন্দিরে পড়িয়া থাকিলেন। তিনদিন অনশনে কাটিয়া

গোপীনাথ—গোবিন্দ, উঠ। আমি তিনদিন অনশনে আছি, রানাহার
কিছুই হয় নাই; আমি কুধায় কাতর হইয়াছি, আমাকে
থাইতে দাও। তুমিও আহার করগে, এমন করিয়া পড়িয়া
থাকিও না।

গোবিন্দ—ঠাকুর, আমি উদাসীন ছিলাম, কেনইবা আমাকে বিবাহ করাইলেন, আর কেনইবা সপ্তান দিলেন? বদি বিবাহই করাইলেন, আর সন্তান দিলেন, তবে আবার কড়িয়া লইলেন কেন? আমার একমাত্র পুত্র ছিল, জলপিণ্ডের আর সংস্থান পাকিল না।

গোপীনাথ—তুমি ছঃথ করিও না, আমিই তোমার পুত্র, আমি ভোমার আদ্বতর্পণ করিব, আমি তোমার পিগুদান করিব। তোমার আর অন্ত পুত্রের প্রয়োজন নাই।

ইপ্টদেবতার আজ্ঞা পাইয়া গোবিন্দ গাত্রোখান করিলেন, শীত্র স্থান করিয়া আসিয়া গোপীনাথকে দান করাইলেন এবং ভোগ পাক করিয়া ভোগ দিলেন। অগ্রদ্বীপের গোপীনাথু এখনও কুশ ধরিয়া গোবিন্দ ঘোষের শ্রাদ্ধতর্পণ ও পিওদান করিয়া থাকেন।

অন্তরে সংসারের লেশমাত্র থাকিতে সন্ন্যাস লইবে না। গোবিন্দের ভার ভক্তকেও মহাপ্রভু সংসার করাইয়াছিলেন। আম পাকিলেই বেমন বোঁটা ইইতে তাহা আপনা আপনি থসিয়া পড়ে, তেমনি সংসার কর হইবা-মাত্র সন্ন্যাস আপনি উপস্থিত হয়।

গোসামী মহাশয়ের সংসার ক্ষয় হইয়াছিল, তাঁহার অন্তরে আসন্ধির লেশমাত্র ছিল না। তিনি প্রকৃত সন্নাসী ছিলেন। তাঁহার সন্নাস-আশ্রম গ্রহণের কোন প্রয়োজন ছিল না। ত্রান্ধর্মে থাকি বার কালে তাঁহার কুলদেবতা খ্রামস্থলর তাঁহার নিকট প্রকাশিত হইন্না আত্মপরিচর দিরাছিলেন এবং কথোপকথন করিরা ছিলেন।

তাঁহার আবার সংসার
কি ?

ষদিও গোস্বামী মহাশয়ের প্রবল বৈরাগ্য ছিল; তাঁহার সংসার-

^{* &}quot;মহাপাতকীর জীবনে সদ্গুরুর লীলা" নামক গ্রন্থে এই আখ্যায়িকা লিখিত হইয়াছে। পাঠকগণ তাহা পাঠ করিলেই ঘটনাটা জানিতে পারিবেন।

রাসনা অস্তর হইতে চলিয়া গিয়াছিল; তথাপি ঘাঁহার দারা ধর্মসংস্থাপন হইবে, শাস্ত ও সদাচার রক্ষিত হইবে, তাঁহার শাস্ত্রমর্য্যাদা রক্ষা করা একাস্ত কর্ত্তবা। "আপনি আচরি ধর্ম শিখায় অন্তেরে"; নিজে আচরণ না করিলে অন্তকে শিক্ষা দেওয়া হয় না। নিজে হোটেলে বসিয়া থানা থাইব আর পরকে হবিশ্যায় করিতে বলিব, ইহা উপহাসজনক কথা। মহাত্মাগণ এ নীতি কথনই অবলম্বন করেন না।

কাশীধামে স্বামী হরিহরানন্দ সরস্বতী নামে এক মহাত্মা ছিলেন।

গুরু-আন্তার গোস্বামী মহাশর তাঁহার নিকট উপস্থিত হইয়া সরাাস গ্রহণ
করিরাছিলেন। স্বামীজি গোস্বামী মহাশরকে বলিরাছিলেন "আপনার
বে অবস্থা এ অবস্থা অনেক পরমহংসেরও স্কুর্লভ। আপনার সরাাস
লইবার কোন প্রয়েজন নাই। কেবল শাস্তের ম্বাাদা রক্ষার জন্ত
আপনার সর্যাস গ্রহণ।

শামীলী মহাশয় ব্রাহ্মাবস্থার উপবীত পরিত্যাগ করিয়াছিলেন।
বামীলী যথাশাল্র প্রাক্তিত করাইয়া গোস্থামী ক্রাশেরকে প্নরায় উপনয়ন-সংস্কারে সংস্কৃত করেন। তৎপরে তাঁহার মন্তক মুগুন করাইয়া
বিরল্পাহোমে শিথাস্ত্র আহুতি প্রদান করাইয়া বৈদিক সয়াসাশ্রম প্রদান
করেন। গোস্থামী মহাশলের সয়াসাশ্রমের গুরু-নাম অচ্যতানন্দ
সরস্বতী। গোস্থামী মহাশল এই সময় হইতে আশ্রমধর্ম গালন করিতে
লাগিলেন।

শ্রীমন্মহাপ্রভূ কালোপথোগী ধর্ম সংস্থাপন করিয়াছিলেন। তিনি ভক্তগণকে গৃহস্থাপ্রমে থাকিয়া শ্রীক্ষণ্ডজন করিবার উপদেশ দিতেন। গোস্বামী মহাশরও তাহাই করিলেন। এবার সন্ন্যাস ও সংসারের একত্র সন্মিলন হইল। গোসাঁই গৃহস্থাপ্রমে থাকিয়া নাম করিবার জন্ম শিষ্ক-পণকে উপদেশ দিতেন। ম্যালেরিয়া-পীড়িত ত্র্বল বাঙ্গালীর দেহে ক্লেশ সহা হয় না। বৈদিক সন্ন্যাদের নিয়ম রক্ষা করিতে বাঙ্গালী অপারগ। উহা কালোপযোগীও নহে।

যদিও গোস্বামী মহাশ্ব শিশুগণকে গৃহস্থাশ্রমে রাথিয়াছেন, তঞ্চাপি গুরুদন্ত মন্ত্র ই হাদিগকে সন্থানী করিয়া তুলিতেছে। গোস্বামী মহাশরের ব্রী পুরুষ অনেক গৃহস্থ শিশু দেখিলাম, তাঁহাদের অবস্থা অনেক পরমহংসের পক্ষেও হল্লভ। ই হারা সংসারের মধ্যে বাস করিয়াও সংসারী নহেন। ব্রী, পুত্র, বিষয় বৈভব যশ মানের প্রতি ই হাদের মন নাই। সংসার ইচাদের মন ভুলাইয় রাথিতে পারে না। ই হারা সংসারের অতীত।

গোস্থানী মহাশর একদিন ক্র হাদিগকে বলিরাছিলেন, "আমি জোর করিরা তোমাদিগকে সংসারে আবদ্ধ করিরা রাথিরাছি, একটু অবস্থা খুলিরা দিলেই তোমরা লোটা কম্বল লইরা অররাধে বলিরা গৃহ হইছে বাহির হইরা পড়; কাহার সাধ্য তোমাদিগকে সংসারে আবদ্ধ করিরা রাথে? সংসারের কাজ শেষ করিবার জন্ম আমি কেবল জোর করিয়া তোমাদিগকে আবদ্ধ করিয়া ব্রুথিয়াছি।"

কেই কেই বলিবেন—গোঁস্বামী মহাশর বলি গল্লাদী ইইবেন, তবে আবার মহানগরীতে তেতলা বাড়িতে থাকিলেন কেন? অবার পুত্রকল্পাদিই বা তাঁহার সঙ্গে কেন? ইহার উত্তর এই যে, গোস্থামী মহাশর
আপন ইচ্ছান্স এরূপ অবস্থায় ছিলেন, ধর্মসংস্থাপনের জল্প শুরু-আজার
তাঁহাকে এইভাবে থাকিতে হইয়াছিল। কোন নিভ্ত পাহাড় পর্কতে
চলিয়া গেলে আর ভারতে ধর্মসংস্থাপন হয় না। স্বভরাং ভাঁহাকে
জনসমাজে বাস করিতে হইয়াছিল।

তাঁহার পুত্র কন্তা প্রভৃতি সকলেই তাঁহার শিয় ছিল; অন্ত শিয়গণ যেমন তাঁহার কাছে থাকিত, ই হারাও তেমনি তাঁহার কাছে থাকিতেন। কুর্টীও ডাই।" তিনি সহস্র সহস্র টাকা দান করিয়াছিলেন, কিন্তু সম্ভান সম্ভতির জন্ম একটি পয়সাও রাখিয়া যান নাই।

্র সন্নাস জিনিসটা কি, এবার গেস্বামী মহাশহ তাঁহার নিজের জীবনে দেখাইলেন। তাঁহার ত্রী পুত্র, কপ্তা দৌহিত্র, দৌহিত্রী জামাতা শাশুরী আ্থায় স্থলন সকলই ছিল। তিনি এই সমস্ত শইয়া জন-সমাজে কাল বাপন করিতেন। সকলকে পরম বত্র ও আদর করিতেন। কিন্তু ইহারা যে তাঁহার নিজের লোক, আর সমস্ত পর, এ জ্ঞান তাঁহার ছিল না। গোস্বামী মহাশরের অন্তান্ত শিশ্ব বেমন তাঁহার নিকট থাকিতেন, ইহারাও ঠিক তেমনি তাঁহার নিকট থাকিতেন। শাজে বলিয়াছে—

"বিভাবিনয়সম্পদ্ধে ব্রাক্ষণে গবিহস্তিনি। শুনিটের খুপাকেচ পণ্ডিতঃ সমদ্দিনঃ॥

এই শাস্ত্রবাক্যের উজ্জল দৃষ্টাস্ত গোস্বামী মহাশরের জীবনে দেখিতে পাই।

তিনি যথন আহার করিতে বসিতেন, মাকড্সা চাল হইছে হতা ধরিয়া তাঁহার নিকট নামিয়া আসিত। তিনি তাহাকে আদর করিয়া থাওরাইতেন। ইন্দ্র গর্ভ হইতে মুখ বাড়াইরা সচকিত-চিত্তে এদিক ওদিক চাহিত এবং লোক জন না থাকিলে গোস্বামী মহাশরের নিকট ছুটিয়া আসিত। তিনি তাহাকে আদর করিয়া আহার করাইতেন। আশ্রমে যে সকল ক্কুর বিড়াল থাকিত, তিনি তাহাদিগকে স্বতনে পালন করিতেন। প্রত্যাহ প্রাতে অনেক পক্ষী তাঁহার প্রাক্ষণে আসিয়া উপস্থিত হইত। তিনি তাহাদিগকে নিজহত্তে আহার করাইতেন। পিপীলিকাগণকেও চিনি খাওরাইতেন। বিষধর সর্প তাঁহার কোলে উঠিয়া থেলা করিত এবং গাত্র ও মস্তকে বিচরণ করিত।

পুরীর আশ্রমে তিনি বানরগণের একপ্রকার অভিভাবক ছিলেন।

তিনি বহু যত্নে বানরবধ নিবারণ করিয়াছিলেন। প্রভাহ বাশ্বরপুণকে প্রচুর আহার করাইতেন। বানরের বাচ্চাগুলি তাঁহার কোলে ও কান্ধে উঠিয়া খেলা করিত, জটা ধরিয়া নাড়িত, বানরগণ পার্যদের স্থান্ন চারিদিক থিরিয়া বসিয়া থাকিত। বানরীগণ সময়ে সময়ে সস্তানগুলিকে গোস্বামী মহাশয়ের নিকটে রাখিয়া নিশ্চিন্ত মনে দূরে বিচরণ করিত। এই সকল বানর-বানরীগণকে ভিনি প্রভাহ প্রচুর আহার করাইতেন এবং পর্ম আদরে তাহাদের সহিত আলাপ করিতেন। গোস্বামী মহাশয়ের দেহ-ভাগি হইলে এইসকল বানরের যে শোক উপস্থিত হইয়াছিল, তাহা দেখিয়া সমস্ত আশ্রমবাসীকে অশ্রুবিসর্জন করিতে হইয়াছিল। ভাহারা কিছুদিন যাবৎ প্রতিদিন আশ্রমে আসিয়া ঐত্যেক ঘরে গোস্বামী মহাশরের অন্বেষণ করিয়া বেড়াইত। তাঁহাকো দেখিতে না পাইয়া শোকাশ্র বর্ষণ করিত। তাহাদের আহারে রুচি ছিল না। গোস্বামী মহাশমের বিচ্ছেদে তাহারা নিতান্ত অবসম হইয়া পড়িয়াছিল, সদাই বিমর্ব হইয়া পাকিত এবং অশ্রুবর্ষণ করিত। কিছুকাল এইভাবে কাটিয়া গেলে তাহারা যথন গোস্বামী মহাশয়কে আর দেখিতে পাইল না, তখন একেবারে আশ্রম পরিত্যাগ করিয়া চলিয়া গেল। আশ্রমে আর একটি বানরও আসিত না।

গোস্বামী মহাশর রীভিমত প্রত্যহ অতিথি সেবা করিতেম ও গো সকলকে ঘাস দিতেন। গোস্বামী মহাশরের দিবা দৃষ্টি থূলিয়া গিয়াছিল, কলিকাতার রাস্তা দিয়া কোন ক্ষার্ত্ত ব্যক্তি গমন করিলে, তিনি খরে বিসিয়া টের পাইতেন এবং দেবক দ্বারা ঐ ক্ষ্যার্ত্ত ব্যক্তিকে ডাকাইয়া আনিয়া প্রচুর আহার করাইয়া বিদায় দিতেন।

গোস্বামী মহাশয়ের চরিত্রে কেবল যে প্রাণিজগৎ মোহিত হইয়াছিল তাহা নহে, বৃক্ষলতাদি পর্যাস্ত নিমোহিত হইয়াছিল। গ্যাণ্ডেরিয়া আশ্রমে একটি বৃহৎ আত্র বৃক্ষ ছিল, ঐ বৃক্ষের তলে বসিয়া গোস্বামী মহাশর সময়ে সময়ে ভগবানের নাম করিতেন। ভাহাতে বৃক্ষ পুলকিত হইয়া প্রচুর মধু বর্ষণ করিতেন। শ্রীবৃদ্ধাবনে শিরোমণি মহাশয়ের টোরে একটি কুলগাছ ছিল, সেই গাছ গোস্বামী মহাশয়কে দর্শন ও হরিনাম প্রবণ করিয়া আনন্দে নৃত্য করিয়াছিল। সাধারণের এসকল কথায় বিশ্বাস হওয়া সম্ভবপর নহে। *

আশ্রমের বিপুল বার গোস্থামী মহাশরকে বহন করিতে হইত।
বহুশিয়া তাঁহার হারা প্রতিপালিত হইত। এই বিপুল মুদ্র নির্বাহের জন্ত
গোস্থামী মহাশরের কোন আর ছিল না। তিনি অর্থাগমের কোন চেষ্টা
করিতেন না। কাহারও নিকট যাচ্ঞা করিতেন না। কাহাকেও জভাব
জানাইতেন না। তিনি বলিয়াছিলেন "অভাব জানান যা, জামার পক্ষে
ব্যভিচার করাও তাই।" মাহুষের নিকট অভাব জানান দূরে থাকুক,
ইলিতেও ভগবানের নিকট অভাব জানাইতেন না। তিনি বলিয়াছিলেন,
"অভাবের কথা ইলিতেও ভগবানের গোচর করিবার ইচ্ছা হইলে,
আমার মনে হর, আমি যেন ঘোর নরকের মধ্যে ভ্রিয়া যাইতেছি।"
তিনি অভাবের স্থা কোন চিন্তা করিতেন না। তাঁহার ললাটে মুখমওলে
কোন চিন্তার রেখা দেখা বাইত না। ভগবান তাঁহার বারভার বহন
করিতেন। তিনি স্থাম্থে বলিয়াছিলেন—

ত্বাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহামাহং॥

যে ব্যক্তি অনগ্র-ভক্ত ইইয়া আমার সেবা করে, সেই নিত্যাভিযুক্ত ভক্তগণের ধনাদি লাভ রক্ষা ইত্যাদি সমস্ত ভার আমি শ্বয়ং বহন করি। এই শাস্ত্রবাক্যে পূর্বে আমার আদৌ বিশ্বাস ছিল না, কিন্তু গোশ্বামী

গ্রন্থের ৩৯ পৃষ্ঠা দ্রপ্তব্য ।

মহাশয়ের জীবনে প্রমাণ পাইয়া আমার আন সূদৃচ বিখাস জ্যিয়াচি। বাহা প্রতাক্ষ ক্রিশাম, তাহা আর কিপ্রকারে অবিখাস করিব ? ভগবান অর্জুনকে বলিলেন—

> ব্রহাভূতঃ প্রসমাত্মা ন শোচতি ন কাজ্ঞতি। সমঃ সর্বেধু ভূতেধু মদ্ধক্তিং লভতে পরাম্॥

হে অর্জুন, যে ব্যক্তি ব্রহ্মভূত এবং প্রসন্নাত্মা তিনি কথনও শোক করেন না এবং কোন বস্তুর আকাজ্যাও করেন না, সর্বভূতে তাঁহার সম-দর্শন হইয়া থাকে এবং তিনি আমাতে পরা ভক্তি লাভ করেন।

এ শ্লোকের প্রতাক্ষ প্রমাণ এক গোস্বামী মহাশরে দর্শন ফুরিলাম।
তাঁহাতে শোক, মোহ, ভর, ভাবনা, নিন্দা, প্রতিষ্ঠা, লাভ, লোকসানের
লেশমাত ছিল মা। সর্বভৃতে তাঁহার সমদর্শন ছিল। সমস্ত ইন্দ্রির,
সমস্ত রিপুগণের আধিপত্য তাঁহার নিকট হইতে বিদার লইরাছিল।
যাবতীয় হদর-গ্রন্থি বিচ্ছিন্ন হইরাছিল। কোথাও একটু আসক্তির
লেশমাত্র দেখা যাইত না। নিদ্রা তাঁহার চক্লুকে পরিত্যাগ করিরাছিল,
বাসনা কামনা তাঁহার অন্তর হইতে চলিয়া গিরাছিল। তিনি অহনিশি
যোগাসনে উপবিষ্ট হইরা ভগবৎ প্রেমে মগ্র থাকিতেন। ভগবানের নাম
বাতীত তাঁহার একটি খাসও বুধা গৃহীত বা পরিত্যক্ত হইত না। এমন
সন্মানী কে কোথার দেখিরাছেন ?

ভগবানের মারাশক্তি হইতে এই বিশ্বের সৃষ্টি স্থিতি এবং প্রশন্ত হইতেছে। ব্রহ্মাদি দেবভাগণও এই মারা শক্তির অধীন। এই দারুণ মারা বশতঃ শ্রীক্ষকে গোপবালক বলিয়া ব্রহ্মার শ্রম হইয়াছিল। তিনি অনেক পরীক্ষা করিয়াছিলেন। এই মায়া-শক্তির বশবর্ত্তী হইয়া তিনি আপন কন্তার প্রতি প্রধাবিত হইরাছিলেন।

দেবাদিদেব মহাদেব কন্দৰ্প-শব্ৰে বিমোহিত হইয়াছিলেন। এবং

ভগবাঁনের মোহিনীসূর্ত্তি দেখিরা উন্মত্ত হইয়া পড়িরাছিলেন। তাঁহার হিতাহিত জ্ঞান লোপ পাইয়াছিল। কোন মানুষ এই মায়াশক্তি অতিক্রম করিতে সমর্থ হইয়াছেন, শাস্ত্রপাঠ করিয়া ইহা সুস্পষ্ট বুঝা যার না। কিন্তু মানুষ যে মায়াশক্তি অতিক্রম করিতে পারে একথাটা শাস্ত্রে আছে ভগবান শ্রীমুখে বলিয়াছেন—

> দৈবী হোষা গুণময়ী মম মারা গুরতায়া। মামেব যে প্রাপায়তে মারামেতাং তরস্থিতে।

হে পার্থ, ত্রিগুণমন্ত্রী মারা ছন্তরা হইলেও যাহারা স্ক্রামার শরণাগত হন্ন, তাহারা অনায়াদে সেই মায়া উত্তীর্ণ হইরা থাকে।

- জগবানের এই মারা শক্তি চ্ন্তরা হইলেও গোস্বামী মহাশর প্রগাঢ় ভক্তিবলে এই মারা হইতে উত্তীর্ণ হইরাছিলেন। মারার আধিপত্য আরু তাঁহার উপরে ছিল না।

এক দিন মায়াদেবী তাঁহাকে পরীক্ষা করিতে আসিয়াছিলেন।
গোস্বামী মহাশয় বোগাসনে উপবিষ্ট আছেন, এমন সময় তিনটি স্ত্রীলোক
তাঁহার নিকট উপস্থিত হইলেন। ইহারা পূর্ণ ব্বতী, বছ মূল্য বস্ত্রালক্ষারে স্থলজ্জিতা। ইহাদের অলোকসামান্ত রূপলাবণাে চারিদিক
উদ্ভাসিত। ইহারা গোস্থামী মহাশয়ের নিকট আসিয়া প্রণাম করিয়া হাত
বোড় করিয়া দগুয়য়মানা হইলেন। গোস্বামী মহাশয় ইহাদিগকে চিনিতে
পারিয়াছিলেন; বাহিরে কোন কথা প্রকাশ না করিয়া জিজাসা
করিলেন—

গোসাঁই—আপনারা এখানে কিজন্ত আগমন করিয়াছেন ? বুবতীগণ—আমরা দীকা গ্রহণ করিব, আমাদিগকে দীকান্যন্ত প্রদান করুন।

গোসাঁই---এবেশে দীকা গ্রহণ হইবে না।

ব্ৰতীগণ-কি করিতে হইবে ?

- গোসাঁই—তোমাদের বস্তালফার এবং আর ধাহা কিছু আছে, সমস্ত পরিত্যাগ করিতে হইবে। তার পরে মন্তক মুগুন করিয়া একবন্তা হইয়া আমার নিকট আসিলে দীকা পাইবে।
- ব্ৰতীগণ—আমাদের বহু ধন আছে; গ্রহণ করুন। এই বলিরা তাঁহার বহু অণ্মুদ্রা গোস্থানী মহাশরের সন্মুণে ধরিলেন।
- গোসাঁই---আমার ধনের কোন প্রয়োজন নাই, এসৰ গরীব হঃথী লোককে বিতরণ করিয়া দাও।
- যুবতীগণ—গোসাঁই। আমরা কে, চিনিতে পারিলেন নাং একসমর
 আপনি আমাদের যে আজ্ঞাবহ ছিলেন। আমরা যাহা বলিভাম,
 ভাই করিতেন। আমাদের কোন কথা অবহেলা করিতেন
 না। এখন সব ভূলিরা গেলেনং আমাদিগকে আদে চিনিডে
 পারিতেছেন নাং

গোসাঁই---আপনারা কে আমাকে বলুন।

- বুবতীগণ—আমরা মায়ার দাসী। আপনাকে পরীকা করিতে আসিয়া-ছিলাম।
- গোসাঁই—বথেষ্ট পরীক্ষা হইয়াছে। এখন আপনায়া এহান হ**ইতে প্রান্তা** কয়ন।

এইকথা শুনিরা ব্বতীগণ প্রস্থান করিলেন। সাধক-জীবনে প্রান্থই
মারার পরীক্ষা হইরা থাকে। কথনও বোরতার প্রলোভন, কথনও বা
দারণ নির্যাতন উপস্থিত হয়। এইটি বড় সঙ্কটের অবস্থা। এই অবস্থা
উপস্থিত হইলে সাধক প্রায়ই সাধনভাই হইরা পড়েন। এই বিপদকালে
একমাত্র ধৈর্যা ও গুরুদন্ত নামই ভরসা। আত্মরকার আর উপারাস্তর
নাই। পাঠক মহাশয় এই কথাটি কিশেব করিরা মনে রাখিবেন।

মারার কুহকে ভূলিবেন না। মায়া কি ভাবে আক্রমণ করিবে বুঝিয়া উঠা স্থকঠিন; সর্বাদা নিজের অবস্থার প্রতি দৃষ্টি করিতে হইবে; সাধক সাবধান, সাবধান!

এবার সংসার ও সন্নাসের একত্র সমাবেশ দেখা গেল। ধর্মলাভের জন্য সংসারত্যাগের আবশুকতা নাই; বরং বর্তমান সমাজে সংসারে থাকিরা ধর্ম সাধন করাই স্থবিধাজনক; এথানে যেমন অনেক প্রতিবন্ধক ও প্রলোভন আছে, তেমনি আবার অনেক স্থবিধাও আছে। মহাপ্রভুর পহায় কঠোরতা নাই; তাঁহার শিব্যগণের মধ্যে অধিকাংশ লোকই সংসারী; তাঁহারা সংসারে থাকিয়াও সন্ন্যাসী।

ষষ্ঠ পরিচ্ছেদ

লিষ্যগণ

গোস্বামী মহাশয়ের বছল শিষ্য। বঙ্গদেশে এমন জেলা নাই ষেথানে গোস্বামী মহাশরের শিষ্য নাই। তাঁহার প্রশিষ্যগণের সংখ্যা কম নহে। ইহাদের মধ্যে অনেক ভাল লোক আছেন, আধার বে বিক্বতমন্তিম্ব লোক নাই এমনও নহে। বহুলোকের মধ্যে সকলেই যে সমান হইবে তাহা অসম্ভব, সকলেই যে ধার্ম্মিক হইবে এরপও আশা করা যায় না। ষীশু খৃষ্টের প্রিয় শিষ্য জূড়া খৃষ্টকে ধরাইয়া দিয়াছিলেন। মহাপ্রভুর সঙ্গী কৃষ্ণদাস ভট্ট মাবীর স্ত্রী লোকের ন্মোহে পড়িয়া শ্রীগোরাঙ্গকে পরিভাগে করিয়া গিয়াছিলেন। মাধ্বীর নিকট কেবল চাউল বদলাইয়া আনার জন্ম করণার সাগর মহাপ্রভু যে ছোট হরিদাসকে বর্জন করিয়াছিলেন তাহা নহে, অবশ্রই তাঁহার আরও কোন গুরুতর অপরাধ ভিনি দর্শন

করিরাছিলেন। মানুষ মায়ার দাস, কথন কোন ভূত যে তাহার ঘাড়ে চড়িবে কে বলিতে পারে? গোস্বামী মহাশরের কতিপর শিষ্যের আচরণে জনসাধারণ গোস্বামী মহাশরের শিশ্যগণের প্রতি বীতশ্রদ্ধ হইরা পড়ি-তেছেন; তাঁহাদিগকে গোস্বামী মহাশরের শিষ্যগণের বিরুদ্ধে অনেক কথা বলিতে শুনিরাছি, একারণ আমার এই প্রবদ্ধের অবতারণা।

কেই কেই বলেন গোস্বামী মহাশয়ের শিষাগণ প্রচন্ন ব্রান্ধ, বৈশ্ববতা তাহাদের ভাগ মাত্র। কেই কেই বলেন "ইহারা অনেকে এই স্ফোচারীর দল"। কেই কেই বলেন, ইহারা এডই অহঙ্কত যে ইহারা বলেন "আমাদের আর ভন্ধনসাধনের প্রয়োজন নাই, আমাদের ভগবৎ প্রাপ্তি হইরাছে"। কেই কেই বলেন, ইঁহারা এভ অভিমানী যে ইহারা স্কাতীয় লোকের বাড়ীতে আহার করিতে রাজী নয়; অধিক কি ব্রান্ধণগণের বাড়ীতেও ইঁহারা আহার করিতে নারাজ, কিন্তু ব্রান্ধণভর সতীর্থগণের সঙ্গে তাহাদের বাড়ীতে আহার করিতে ইঁহাদের আপত্তি নাই।

জনসাধারণ গোস্বামী মহাশরের শিশুগণের প্রতি বে বীতশ্রদ্ধ হইরা পড়িতেছেন, ইহাতে তাঁহাদিগকে দোষ দিবার কিছু নাই। গোস্বামী মহাশরের শিশুগণের আচার-আচরণ যে রূপ তাহাতে ই হারা বে একটা ধর্মসম্প্রদায় লোক ইহা জন সাধারণের ব্রিবার উপায় নাই। ই হাদের না আছে গলায় মালা, না আছে কপালে তিলক, ঝোলাও নাই ঝুলিও নাই, ত্রিশ্লও নাই; রক্ত চন্দনের কোঁটাও নাই; ইহাদের কোন সম্প্রদায়ী বেশ নাই। লোক কেমন করিয়া ব্রিবে যে, ই হারা কোন এক ধর্মসম্প্রদায়ের লোক। ই হারা সকলেই গৃহস্থ লোক, বিষয় কর্ম্ম করিয়া গাহস্য জীবন যাপন করিয়া আসিতেছেন। গোস্বামী মহাশ্র সাধন দিবার সময় বলিয়া গিরাছেন, "তোমরা আপনাদিগকে কোন দলভুক্ত মনে করিও না, নাম করিতে করিতে সভাবস্ত আপনা আপনি অন্তরে প্রকাশিত

হইবে "। এইজন্ত গোস্বামী মহাশরের শিশ্বগণের একটা — নাই বিনি যে সতা উপশ্বি করিভিছেন, তিনি সেই মন্ত চলিতেছেন।

পাঠক মহাশর, গোস্বামী মহাশরের শিষোরা বে কি থাতুর লোক, তাহা আপনারা জানেন না। ইহাদের মধ্যে অনেকেই পূর্বে উৎকট বাদ্ধ ছিলেন। ইহারা জাতি মানিতেন না, ঠাকুর দেবতা মানিতেন না, শাল্র সদাচার আ সদাহার মানিতেন না। ইহারা জক পুরোহিত নারু সন্নাানী সকলের উপরু থজাহত্ত ছিলেন। কেহ বিলাত পিরাছেন, কেহ ইংরাজি হোটেলে বদিরা থানা থাইরাছেন, কেহ পৈতা ছিঁড়িরা সমাজের বুকে পদাঘাত করিরাছেন। কেহ অসবর্গ বিধবা বিবাহ করিয়া সমাজন্পাসন ত্যাগ করিয়াছেন। ইহারা মাতা বা গুরুজনের ক্রন্সনে কর্ণপাত করেন নাই; যাহা সত্য বলিয়া বুঝিয়াছিলেন, তাহাই প্রাণপণে বাজন করিবার চেষ্টা করিয়াছেন। এই সকলের বিক্রছে বিনি বাহাই বলুন, ওৎসম্বেই ইচাদের নিকট অগ্রাহ্ণ। ইহারা হিন্দুসমাজের কিছুই তাল দেখিতে পাইতেন না; ঠাকুর দেবতা শাল্র সদাচার এবং হিন্দুরানীর বাহা কিছু, তৎসম্বের চূর্ণবিচূর্ণ করাই ইহাদের লক্ষ্য ছিল।

সনাতন হিন্দ্ধর্গের রক্ষার ভার ভগবান স্বরং গ্রন্থণ করিরাছেন। তিনি এই হিন্দ্বিরেবী সমাজন্রোহী ভেলস্থিপ্রকৃতি ব্রাহ্মগণকৈই ধর্মরক্ষার উপবৃক্ত পাত্র স্থির করিলেন, এবং ই হাদিগকে গোস্থামী মহাশর ধারা স্থকোশলে বশীভূত করিরা ই হাদের হস্তেই সনাতন হিন্দ্ধর্ম রক্ষার ভার সমর্পণ করিলেন। আমি নিশ্চর বলিভেছি, ই হারা শিষাপরস্পরার বহুকাল যাবৎ এই সনাতন হিন্দ্ধর্ম রক্ষা করিবেন। আর কাহারও রক্ষা করিবার শক্তি নাই। ভারতের যাবতীয় ধর্ম্মসম্প্রদায় মৃত; লোকে মৃত্ত ধর্ম বাজন করিভেছে, কেবল গোস্থামী নহাশরের শিষোরা জীবস্ত ধর্ম বাজন করিভেছেন।

গোসামী মহাশর এই ব্রাক্ষদশের প্রকৃতি বেশ ব্রিতেন। তিরি
ই হাদিনিকে কেবল একটা বিধি দিলেন, ভগবানের নাম করিবে; আর
তিনটি নিষেধ মানিরা চলিতে বলিলেন; উচ্ছিষ্ট ও মাংস থাইবে না, আর
নেশা করিবে না। আর কোন কথা বলিলেন না। নাম দিবার সময় কোন
হিন্দু দেবদেবীর নাম উল্লেখ করিলেন না। উপাশু দেবতারও পরিচয়
দিলেন না। তিনি বেশ ব্রিতেন, যদি ই হাদের সমকে হিন্দু দেবদেবীর
নাম উচ্চারণ করা যায়, তাহা হইলে ই হারা সহ্ করিছে পারিবেন না,
ঙ্কুকে পৌত্তলিক মনে করিয়া পরিত্যাগ করিবেন।

সাধন লইবার সময় অপর একদল লোক বলিয়া বসিল, "মহাশর আমরা ভজনসাধনের ধার ধারি না, শান্ত শিষ্ট হইরা ভজন করিব এ প্রবৃত্তি আমাদের নাই। আমাদের মন কুপথেই ধাবিত। আমরা যে নষ্টামি ঘুষ্টামি করিয়া আসিতেছি, তাহা পরিত্যাগ করিতে পারিব না; ইহাতে যদি আপনি আমাদিগকে উদ্ধার করিতে পারেন, ভবে শান্তাসর হউন নতুবা এইথান হইতেই বিদায় দিউন। যাহারা সংলোক এবং ভলন সাধন করিতে সক্ষম, তাঁহারা নিজের গুণেই ধর্মালাভ করিয়া থাকেন, নিজের গুণেই উদ্ধার হইয়া যান। আমাদের বদি সে সব গুণ থাকিত, তবে আপনার নিকট কেন আসিব ? সে সব গুণ থাকিত, তবে আপনার নিকট আসিয়াছি, আপনি যে বলিবেন সত্যবাদী হও, জিতেক্রিয় হও শান্ত শিষ্ট সদাচারী হও, মনকে সংযত করিয়া ভজনসাধন কর, তাহা হইলে আমাদের পোষাইবে না; আমরা এ সব কিছুই করিতে পারিব না, আমরা যেমন আছি ঠিক তেমনি থাকিব। ইহাতে যদি আপনি আমাদিগকে উদ্ধার করিতে পারেন, তবে জঞ্জসর হউন, আর যদি না পারেন তবে সঙ্গে সঙ্গে জবাব দিউন।"

গোসামী মহাশয় ইহাদের কথা শুনিয়া ব্লিলেন—

গোস্বামী—তোমরা মাংস থাইতে পাইৰে না, আর আমি যে নাম দিব সেই নামটি প্রতিদিন আধ্যণ্টা জপ করিতে হইবে, পারিবে ত ? আগন্তুকগণ—(কেহ কেহ বলিল) খুব পারৰ, (আবার কেহ কেহ বলিল) আধ্যণ্টা নাম করিতে পারব না, ঠিক কথা বলাই ভাল।

ক্রাস্থানী মহাশয়—দশ মিনিট নাম করিতে পারিবে ?
আঁগন্তকগণ—(কেহ কেহ বলিল) ভাষাও পারিব না।
গোসাঁই—পাঁচ মিনিট নাম করিতে পারিবে।
আগন্তকগণ—(কেহ শক্ত বলিল) ভাষাও পারিব না।
গোসাঁই—পাঁচবার নাম করিতে পারিবে ?

আগন্তকগণ-তাহা না পারিলে চলিবে কেন ? (কিন্তু কেহ কেহ বলি-লেন "মহাশন ইহাতেও সন্দেহ"।

গোসীই—দিনাজে একবার নাম করিতে পারিবে ? অন্ততঃ আমার

নিকট তোমরা যে দীকা লইয়াছ, এ কথাটা শ্বরণ করিতে
 পারিবে?

এইবার সকলে চুপ করিলেন। তথন গোস্থামী মহাশর বলিলেন, "তোমাদের যত ক্ষমতা তাহা জানা আছে, তোমরা আর সাধনভন্ধন কি করিবে! এবার গুরু তোমাদের ভার গ্রহণ করিলেন। তোমরা পেট ভরিয়া থাও, আর মাঠ ভরিয়া পৌচে যাও।" ই হারা গোস্থামী মহাশরের নিকট দীক্ষা গ্রহণ করিলেন। গোস্থামী মহাশরের শিশ্বগণ মধ্যে অধিকাংশ ব্যক্তিই এই শ্রেণীর লোক।

গোস্বামী মহাশয় তদীয় গুরুদেবের নির্দেশে ব্রাক্ষভাবে অবস্থিত গাকিলেন, বধন আর এভাবে থাকিবার আবগুকতা রহিল না, তথন ক্রমেই বৈশ্বৰ অনুষ্ঠান আরম্ভ করিলেন।

বাহা হউক এই 'কুচ নেহি মাস্তার' দল গোস্বামী মহাশয়ের নিকট

দীক্ষাগ্রহণের পরও নিশ্চিন্ত হইতে পারিল না। তাহারা আপনাদের মধ্যে এইরপ আন্দোলন করিতে লাগিল, "আমরা স্বাধীনচেতা সাম্যমৈত্রী ও স্বাধীনতার পক্ষপাতী; গুরুবাদ প্রকাশুভাবে প্রভ্যাখ্যান করিরাছি; মধ্যবিত্তিবাদ আমাদের অন্তরে আদৌ স্থান পার নাই, আমরা পিতামাতা আত্মীয় স্বন্ধন পরিত্যাগ করিয়াছি। সমাজবন্ধন ছিল্ল করিয়াছি। আবার ধর্ম্মলাভের মোহে পড়িয়া একজন মান্থবের নিকট মুক্তিক অবনত করিলাম! তাহাকে গুরু বলিয়া স্বীকার করিলাম। আমরা কি প্রান্ত ! দেখ ভাই, আমরা ২০০ বৎসর গোস্বামী মহাশরের নিকট দীক্ষিত হইয়াছি; আমাদের মধ্যে ধর্মলাভের কথা দ্রে থাকুক, একাক পর্যন্ত কোন প্রকার পরিবর্ত্তন দেখিতে পাইতেছি না, আমরা বেমন ছিলাম ঠিক তেমনি আছি। গোস্থামী মহাশর কি আমাদিগকে প্রভারিত করিলেন ? আমাদিগকে ধিক্। আমরা এই প্রভারণা কোনক্রনে সহু করিব না।" এই বলিয়া ভাহারা একদিন দলবদ্ধ হইয়া গোস্বামী মহাশরের নিকট উপস্থিত হইয়া বলিল,

শিষাগণ—আমরা এতদিন আপনার নিকট দীক্ষিত হইরাছি, আমাদের
মধ্যে ত কোন পরিবর্ত্তন লক্ষিত হইতেছে না, আমরা যেমন
ছিলাম ঠিক তেমনিই রহিয়াছি। দাক্ষাগ্রহণের ফল কি ?
গোস্বামী মহাশন্ধ—তোমাদের মধ্যে কি এ পর্যান্ত কিছুই পরিবর্ত্তন হর
নাই ?

শিষাগণ—না; কোন পরিবর্ত্তনই দেখা বাইতেছে না। গোঝামী মহাশয়—পূর্বে সাধু সন্নাসী দেখিলে তোমাদের কি মনে হইত ?

শিষ্যগণ—ঠাইদ্ ঠাইদ্ করিয়া চড়াইয়া দিতাম। গোস্বামী মহাশয়—আগে ঠাকুর দেখিলে তোমাদের কি মনে হইভ ? শিষ্যগণ—ভাঙ্গিয়া গুঁড়া করিয়া ফেলিয়া দিতাম।
গোস্থামী মহাশয়—লান্তগুলি কি মনে হইত।
শিষ্যগণ—কেবল গাঁজাখুরী আর উপস্থাস।
গোস্থামী মহাশয়—পিতামাতা গুরুজমকে কি মনে হইত?
শিষ্যগণ— মূর্য বৈকুব কুসংস্কারাছেয়।
গোস্থামী মহাশয়—এখন সাধু সন্ন্যাসী দেখিয়া কি মনে হয়?
শিষ্যগণ—ভালই লাগে।
গোস্থামী মহাশয়—ঠাকুর দেখিয়া কেমন লাগে?
শিষ্যগণ—ভাল লাগে
গোস্থামী মহাশয়— শাস্তগুলি এখন কেমন লাগে?
শিষ্যগণ— মনে হয় সব সত্য।
গোস্থামী মহাশন্ত শিতামাতা প্রভৃতিকে কেমন লাগে?
শিষ্যগণ—তাহাদিগকে:দেখিলে ভক্তি করিতে ইচ্ছা হয়; মন পুল্কিত

গোসামী মহাশয় — তবে কেমন করিয়া বলিতেছ তোমাদের শ্বিধ্য কিছুই পরিবর্ত্তন হয় নাই। এগুলি কি পরিবর্ত্তন নহে ?

শিষ্যগণ – এরূপ পরিবর্ত্তন অদ্বীকার করিতে পারা যায় না।

হয় ৷

গোসামী মহাশয় — তোমরা যে প্রকৃতির লোক, ইতিমধ্যে এইটুকু ষে পরিবর্ত্তন হইয়াছে, ইহাই যথেষ্ঠ ; যাও নাম করগে।

এই কথা শুনিয়া সকলে অপ্রতিভ হইল। তাহারা প্রাণপণে নাম-সাধনে প্রবৃত্ত হইল। তাহাদের একটা দৃষ্টি নিজের উপর থাকিল, আর একটা দৃষ্টি গোসাঞীর উপর থাকিল। তাহারা নিজের প্রতি দৃষ্টি রাখিয়া ক্রটীর অমুসন্ধান করিতে শাগিল।

সপ্তম পরিচেছদ মালা-তিলক

কেই কেই বলেন, গোস্বামী মহাশরের শিশ্বগণের গলার স্থানা নাই;
কপালে তিলক নাই, অনেকে মাছ থার; জপের মালা নাই, হরিনাম নাই ।
একাদশী করে না। ইহারা প্রচহর ব্রাহ্ম, ইহারা বৈঞ্চবের ভাগ করে
মাত্র। ইহাদিগকে কদাচ বৈঞ্চব বলা বাইতে পারে না।

শামি দেখিতেছি, গোস্বামী মহাশরের শিশুগণের শ্রার বৈক্ষব বড়ই জর্ম । আপনারা যে সব বৈক্ষব দেখিতে পান, ইহাদের মধ্যে সাজা বৈক্ষবই অধিক। লোকে বাহির দেখে ভিতর দেখিতে পার না। যদি ভিতরটা দেখিতে পাইত, তাহা হইলে গোস্বামী মহাশরের শিষাগণকে কেহ অবৈক্ষব বলিত না। আমি এই অভিযোগগুলির একে একে উত্তর দিতেছি। প্রথমতঃ মালা-তিলকের কথা ব্রাবে।

লোকে নানা ভাবে মালাভিলক ধারণ করে। গোলামী মহাশর
বুখন ভিলক করিতেন তখন দ্বাদশ অক্ষে ভগবানের দ্বাদশ রূপ দেখিতে
পাইতেন। যতক্ষণ ভগবানের রূপ তাঁহার নিকট প্রকাশিত না হইত
ততক্ষণ ভিলক করিতেন না। বৈষ্ণবের ভিলক করা কর্ত্তরা, এই জ্ঞানে
কিনি ভিলক করিতেন না। ভিনি জানিতেন, মালাভিলক ধারণ
করিবার একটা সমর আছে। সেই সমর উপস্থিত না হইলে মালাভিলক
ধারণ করা কর্ত্তব্য নর। অসমরে মালাভিলক ধারণ করিলে তাহার
মর্যাদা বুঝা যার না। বিশেষ কোন উপকারও হর না।

আপশীরা গোস্বামী মহাশরের শিশ্বাগণের পরিচর পাইরাছেন; এই "কুছ নেহি মাস্তার" দলের মধ্যে ভক্ত শ্রীধরচক্র ঘোষ প্রথমে মালা-ভিলক ধারণ করিলেন। পণ্ডিত শ্রামাকান্ত চটোপাধ্যার মহাশর শ্রীধরের বৈষ্ণ্ব-বেশ দেখিয়া তাঁহাকে তিরস্কার করিয়া বলিলেন—

প্রামাকান্ত বাব্—তুই উচ্ছর গিগছিদ, তোর মতিত্রম ইইরাছে, এতকাল ব্রাক্ষসমাকে থাকিয়া শেষে এই দশা। মালা ছেঁড়, তিলক মুছিরা কেল, আর ভণ্ডামী করিতে ইইবে না। গোস্বামী মহাশয়ের শিব্যগণের মধ্যে আবার ভণ্ডামী আরম্ভ ইইল। (এই সমর গোস্কমী মহাশর তিলক করিতেন না)।

ভিনক ধারণ করার আজ তুমি আমাকে এত তিরকার করিলে; কিন্তু আমি নিশ্চর বলিতেছি, যদি কিছুদিন বাঁচিরা থাকি তোমাকেও মালা-তিলক ধারণ করিতে দেখিব।

পণ্ডিত শ্যামাকাস্ত চটোপাধাায় ঘোর ব্রাহ্ম, ব্রাহ্মদমাজে তাঁহার প্রতিপত্তি যথেষ্ট। তাঁহার দৃষ্টান্তে বহুলোক ব্রাহ্মধর্ম গ্রহণ করিয়াছিলেন। শ্রীধরের মালা ও তিলক ধারপ্প শ্যামাকান্তের সহু হইল না, তিনি শ্রীধরের বৈষ্ণব্রেশ দেখিয়া মর্লাহত হইয়া ঐ রূপ তিরস্থার করিয়াছিলেন।

খ্যামাকান্ত বাবু গোস্বামী মহাশরের নিকট বে গুরু-শক্তি লাভ করিয়াছিলেন, ভজন করিতে করিতে সেই শক্তি ক্রমশঃ প্রবল হইরা উঠিল। গুরুশক্তি প্রবল হওরায় মালা-তিলক ধারণের জন্ধ তাঁহার প্রাণে বিষম আকর্ষণ উপস্থিত হইল; তিনি মালা-তিলক ধারণের আক্রির হইরা পড়িলেন। ১৩০০ সালের পৌষ মাসে প্রয়াগে গঙ্গাতীরে তিনি গোস্বামী মহাশরের চরণপূজা করিয়া বলিলেন,

খ্যামাকাস্ত চট্টোপাধ্যার—মালা-ভিলক ধারণ জন্ত কিছুকাল চইতে ভিতরে একটা বিষম আকর্ষণ হইয়াছে, আমি দিন দিন অস্থির হইয়া পড়িতেছি.। আমি কি করিব অনুমতি করুন।

গোসাঁই—আপনার মালা-তিলক ধারণ করিবার সময় হয় নাই; এখনও অনেক বিলম্ব আছে; ভজন করুন, সময় হইলে মালা-তিলক ধারণ করিবেন। সকল কার্য্যেরই একটা সময় আছে, সে সময় উপস্থিত না হইলে সে কাম করিতে নাই। আপনি মনকে সংযত করুন।

এই ঘটনার পর ছই বংসর কাটিয়া গেল; পণ্ডিত মালা-তিলক ধারণ করিবার জন্ম উৎকন্তিত চইয়া পড়িলেন, তাঁহার ভিতরের আকর্ষণ অত্যস্ত প্রবল হইয়া উঠিল, তিনি অন্থির হইলেন; কিন্তু গুরু-আজ্ঞা ব্যতীত । মালা-তিলক ধারণ করিতে পারিলেন না।

আমি কলিকাতা গমন করিয়া একদিন গোস্বামী মহাশরকে বলিলাম,— আমি—পণ্ডিত মহাশয়, মালা-ভিলক ধারণ করিবার জন্ত অস্থির হইয়া পড়িয়াছেন, তাঁহার আর সোয়ান্তি নাই। তিনি ছট্ফট্ করিতেছেন।

গোসাঁই—এথন তাঁহার মালা তিলক ধারণের সময় হইয়াছে, এইবার তিনি মালা-তিলক ধারণ করিতে পারেন।

আমি বোলপুরে আসিয়া পণ্ডিত মহাশব্বক গোস্বামী মহাশব্বের অসুমতি জ্ঞাপন করিলে তিনি অতি আনন্দের সহিত মালা-তিলক ধারণ করিয়া স্থত্ব হইলেন।

আমার সতীর্থ বাবু অমরেক্স নাথ দত্ত ঘোর শাক্ত বংশে অবাধাহণ করিয়াছেন; তাঁহার পিতৃকুল ও বাতৃকুল শাক্ত। তিনি রাজাবাবু নরেক্স নাথ দত্তের পৌত্র এবং হাইকোর্টের ভূতপূর্ক বিখ্যাত জল্প বারাকানাথ মিত্রের দৌহিত্র। নিবাস কলিকাতা ভবানীপুর। তাঁহাকে আমি বারবার মালা ভিলক-ধারণ করিতে বলিয়াছিলাম, কিন্তু তিনি কিছুতেই রাজি হন নাই। অবশেষে একদিন আসনে বসিয়া স্থিরভাবে নাম জপ করিতেছেন এমন সময় বাণী গুনিলেন, "মহাপ্রভুর অফুগত হইয়া ভক্তন কর।" এই কথা গুনিয়া তিনি মালা-তিলক গ্রহণ করিয়াছেন। এখন তাঁহার মধ্যে বৈফবভাব অভি প্রবল।

বাবু মোহিনীমোহন রায় প্রভৃতি গোস্বামী মহাশরের বহু প্রাক্ষ শিষ্য গুরুদত্ত নামের বলে বাধ্য হইয়া মালা-ভিলক ও বৈক্ষবাচার গ্রহণ করেন। আমার নিজেরও ঐরপ অবস্থা হওরার আমি একদিন গোস্বামী মহাশরকে জিজ্ঞাসা করিলাম,

*আমি—মহাশর আমরা ব্রাহ্ম, আমাদের ধর্মবিখাস অক্তরূপ, আমরা দেখিতেছি যে, আমাদের ধর্মবিখাস ও আচারবাবহার যেরূপ ছিল তাহা সমস্তই ভাঙ্গিরা ধাইতেছে, আমরা আমাদের চিরাভ্যন্ত মত-বিখাসে হির থাকিতে পারিতেছি না, ক্রমে ক্রমে সকলে বৈহুব হইরা পড়িতেছি, ইহার কারণ কি ?

গোসাই—এই জন্তই ত এত আয়োজন করিতে হইরাছে।

এই কথার আমি বুঝিলাম, আমাদিগকে কালে বৈশ্বৰ হইতেই হইবে।
আমরা চেষ্টা করিয়াও আপন মতে স্থির থাকিতে পারিব না, ফলে তাহাই
হইতেছে দেখিতেছি। বাহারা মালা-তিলকের ঘোর বিরোধী এবং বৈশ্ববধেষী, তাহারাই সর্বাজে মালা-তিলক ধারণ করিতেছে এবং বৈশ্ববাচার
গ্রহণ করিতেছে, তাহাদের মধ্যেই বৈশ্ববাব প্রবর্ণ।

ু গোশ্বামী মহাশরের শিশ্বগণ মধ্যে কোন কোন ব্যক্তির মালা-ভিলক ধারণের অবস্থা না হইলেও তাঁহারা কেবল শাস্ত্রের মর্যাদা রক্ষা করিবার আনা-ভিলক গ্রহণ করিয়াছেন। তাঁহারা বলেন, "আমরা শাস্ত্রের দাস, শাস্ত্রের অনুশাসন না মানিলে, শাস্ত্র-প্রণেতা শ্ববিগণের মর্যাদা রক্ষা করা হয় না, তাঁহাদের নিকট আমাদের অপরাধ হয়।" কেবল এই জ্ঞাই তাঁহারা মালা-ভিলক ধারণ করিয়াছেন।

আবার কতকগুলি লোক আছেন, যাঁহারা মালা-তিলক ধারণ করিতে লালান নহেন। তাঁহারা বলেন, "গোসাঁই আমাদিসকে মালা-তিলক ধারণ করিতে অমুমতি দেন নাই; যদিও তাঁহার গলদেশে মালা ও ললাটে ভিলক ছিল, কিন্তু আমাদের তাহা অমুকরণ করা কর্ত্তব্য নর। তাঁহার অবস্থা লাভ হইয়াছিল, তিনি মালা-তিলক ধারণ করিরাছিলেন। আমাদের বর্ণন সে অবস্থা লাভ হইবে, তথন আমরাও মালা-তিলক ধারণ করিব। বেমেন লোক ভাহার তেমনি থাকাই কর্ত্তবা। অনাধু ব্যক্তির লাধুর বেশে গ্রহণ করা কপটতা ও অপরাধ। আমরা নিজে অসাধু, অসাধুর বেশেই থাকিব। যদি কথনও সময় হয়, তথন মালা-তিলক ধারণ করিব। লোকের মনোরঞ্জন বা অভের অমুকরণ করিয়া আমরা মালা-তিলক ধারণ করিতে পারিব না।" এই সকল লোক মালা-তিলক ধারণ করেন না। একন্ত পোলামী মহাশরের শিল্পগণের উপর অভিযোগের বিশেব কারণ দেখা যায় না।

আমাদের দেশে অনেকে সাম্প্রদারিক চিক্ত মনে করিরা মালা-তিলক ধারণ করেন। গোস্বামী মহাশরের শিস্তাগণের কোন সম্প্রদার নাই, স্কুতরাং সম্প্রদারের চিত্ররূপে ইহারা মালা-তিলক গ্রহণ করিতে সম্বত নহেন।

গৌড়ীর বৈশ্ববাণ মনে করেন, মালা-তিলক ধারণ করাই একটা ধর্ম। যে বাক্তির গলার মালা নাই, ললাটে হরিমন্দিরের তিলক নাই, সে বাক্তি যত কেন সাধু হউক না, গৌড়ীর সম্প্রদারের বৈশ্ববেরা তীহাদিগকে পতিত মনে করেন। তাঁহারা তাঁহাদের হাতের জল পর্যান্তও ব্যবহার করেন না। যাহাদের গলার মালা নাই স্বাহাদের কপালে হরিমন্দিরের তিলক নাই গৌড়ীর বৈশ্ববেরা তাহাদিগকে নারকী বলেন; তাহাদের ক্লোনত্ল্যা, তাহারা অস্পৃশ্য।

আবার এই বৈষ্ণৰগণের মধ্যে অনেকে মনে করেন, মালা-ভিলক ধারণ

করিলেই ধর্ম হইরা গেল; যে ব্যক্তি মালা-তিলক ধারণ করে ভাহার উপর যমের অধিকার নাই।

গোস্থামী মহায়ের শিশ্বগণ এত সস্তা ধর্ম চান না। এবং মালা-তিলকহীন বাজিগণকে পতিত বা নারকী বলিতে রাজি নহেন। তাঁহারা লোকের অন্তরের সাধুতাই দেখিয়া থাকেন। বেশ দেখিয়া বিচার করেন না।

মালা-ভিলক ধারণ বৈষ্ণববেশ। মালা ভিলক ধারণ করা বৈষ্ণবের অবশা কর্ত্বা। এই বেশে কি আছে জানি না। এই বেশ দেখিলেই প্রাণে আনন্দ হয়। মনে পবিত্রতা জাগিরা উঠে, গুরুশক্তি উগুদ্ধ হয় ও নাম আপনা হইতে বলিতে থাকে। ইহা আমার পরীক্ষত বিষয়। এ অবস্থা কিন্তু পূর্কো ছিল না।

অষ্ট্রম পরিচেড্রদ

মৎস্তাহার

গোস্বামী মহাশরের শিষাগণের উপর আর একটী অভিযোগ এই যে, ইরাদের মধ্যে মৎস্থাহার প্রচলিত আছে। আমি পূর্বেই বলিরাছি, গোস্বামী মহাশয় শিষাগণের প্রকৃতি বৃথিয়া কাহাকেও বৈষ্ণবাচারে উপদেশ দেন নাই। কেবল নেশা করিতে ও মাংস থাইতে নিষেধ করিয়াছিলেন। মৎস্থাহার-সম্বন্ধে কোন নিষেধ-বিধি নাই।

যথন এই সাধন প্রথম প্রবন্তিত হইয়াছিল, তথন দেশে মৎস্যাহার প্রচলিত ছিল না, মগুপান আ মাংসাহার প্রচলিত ছিল। এ কারণ এই সাধনায় মন্তমাংসের ব্যবহার নিষিদ্ধ হইয়াছিল। মৎস্যাহার-স্বদ্ধে কোনো রিধান হয় নাই। অনার্যাদের সহিত মিশিয়া বাংলা দেশের লোক মাছ গাইতে শিথিয়াছে।

মংস্ত তামসিক আহার। যাহারা ধর্মলাত করিতে চান, কদাচ উহাদের
ইহা থাওয়া কর্ত্তব্য নয়; ইহাতে শরীরে তমোগুণ বৃদ্ধি পার এবং দরাবৃত্তির
পরিপৃষ্টির পক্ষে বাধা জন্মে। মাছ খাওয়া ঋ মাছ মারার প্রায় একই
ফল। যাহারা মাছ খার তাহাদের মাছ মারিতে বিশেষ কট বোধ হর
না। লোভ পরিবর্দ্ধিত হয়।

এই পৃথিবীর যাবতীর সাধু লোকের মধ্যে জীবহিংসা নাই। কেইই
মংস্থমাংস খান না। আমাদের দেশের শাক্ত সম্প্রদারের মধ্যে
পশুবলি আছে বটে, কিন্তু ইহা তামসিক পূজা বলিয়াই শাল্রে লিখিত
ইইয়াডে। ইহাতে মানুষের ধর্মলাভ হওরা দুরে ধাকুক, অধর্মই হইরা
থাকে; সান্ধিক পূজার পশুবলি নাই। ভক্ত রামপ্রসাদ প্রভৃতি
শাক্ত সাধুগণ পশুবলির নিন্দাই করিয়া গিরাছেন।

গোস্বামী মহাশরের শিশুগণের অনেকে পূর্ব্ব-বঙ্গবাসী এবং প্রায়
দকলেই শাক্ত সম্প্রদায়ের লোক। গোস্বামী মহাশরের নিকট দীক্ষাএহণের কিছুদিনের পর হইতেই তাহাদের বাটতে শক্তিপূজার
বে পশুবলি হইত, তাহা তাহারা উঠাইয়া দিয়াছেন। ইহাতে গ্রামবাসী
লোক অনিষ্টের আশকা করিয়া প্রথমতঃ হাহাকার করিয়াছিলেন, কিন্তু
গোস্বামী মহাশরের শিশুগণের কোন অনিষ্ট না হওয়ার তাহারাও পূজার
বারলাঘ্য জন্ম ক্রমে পশুবলি উঠাইয়া দিতেছেন।

পূর্ববঙ্গে প্রাচুর সংস্থা পাওয়া যায়, তথাকার লোকদের সংস্থাই প্রধান থাছা। বিধবা বাতীত বড় কেহ নিরামিধ আহার করে না। গোস্বামী মহাশয় মংস্থাহার নিষিদ্ধ করিয়া দিলে অনেকে সাধন লইতে কুটিত হইত, বার শিষ্যগণের আহারে একটা কেল উপস্থিত হইত। তিনি বেশ

কানিতেন, সময়ে নামের শক্তি মৎস্তাহার বন্ধ করিয়া দিবে এবং বৈষ্ণবাচার করিবে। বাস্তবিক তাহাই ঘটতেছে, যাহারা সাধনপথে অগ্রসরু হইতেছেন তাঁহারা মৎস্ত খাইতে অসমর্থ হইয়া পড়িতেছেন। নাম করিতে করিতে দেহের পরমাণুর গুণ পরিবর্ত্তিত হইতেছে। যাহারা মাছ খাইতে পূর্কে খুব ভালবাসিত, তাহারা আর মাছ খাইতে পারিতেছে না। মাছ খাইলে শরীরে সহ্ত হয় না, মুখেও ক্রচি হয় না। মাছের হুগদ্ধ অতি তীব্র বলিয়া বোধ হয়।

গোস্বামী মহাশরের শিশ্ব ভক্তিভাজন সরলনাথ গুছ ঠাকুরতার বাট বরিশাল জেলার অন্তর্গত বানরীপাড়া। পূর্বেইনি যথেষ্ট মংস্থ থাইতেন। গোস্বামী মহাশরের নিকট দীক্ষাগ্রহণের পর নামের শক্তিতে তাঁহার শরীরের পরমাণ্র গুণ এমনি পরিবর্ভিত হইল যে, তাঁহার শরীরে আর মংস্থাহার সহু হইল না।

পুরীতে অবস্থিতিকালে তিনি নিদারণ রোগষন্ত্রণার শ্যাশারী হইলেন। ডাজারী ও কবিরাজি বছ চিকিৎসা হইল। তথন সরলনাথ গোলামী মহাশয়কে বলিলেন—

সরলনাথ—আর রোগযন্ত্রণা সহু করিতে পারিতেছি না, হয় আমাকে মারিয়া ফেলুন, নতুবা যন্ত্রণার উপশম করিয়া দিউন।

পোনাই—সরলনাথ, সবই পারি; কিন্ত তাহা হইলে আবার আসিতে হইবে। ওয়ধের দারা তোমার যে যন্ত্রণার উপশম হইবে না কেবল এইটি দেখাইবার জন্তুই এত চিকিৎসা করাইলাম। কিছুদিন যন্ত্রণা ভোগ কর, নাম করিতে থাক, ঐ যন্ত্রণা কিছুই খাকিষে না, সময়ে শান্তিলাভ করিবে।

• সরলনাথ—গোসাঁই! মহুযাজীবনের এত ক্লেশ, আর সহিতে পারিৰ

না, এই জন্মে যত ভোগাইতে হয় ভোগাইয়া লউন। আর যেন আমাকে জন্মগ্রহণ করিতে না হয়।

কিছুকাল রোগয়ন্ত্রণা ভোগের পর সরলনাথ ঢাকার অবস্থিতি করিতে লাগিলেন। সভীর্থগণের ষত্রচেষ্টার তথাকার ভাল ডাক্রার সরলনাথের চিকিৎসা আরম্ভ করিলেন। শরীরের ত্রবস্থা দেখিরা তাঁহারা মাগুর মাছের ঝোল থাইবার ব্যবস্থা করিলেন। সরলনাথ বলিলেন, "আমার দেহে মৎস্থাহার সম্ভ হইবে না, মাছের ঝোল থাইবার ব্যবস্থা করিবেন না"। ডাক্রারগণ রোগীর কথা ভনিলেন না; মাংসের ঝোল কিছুতেই খাইবেন না বলিরা মাগুর মাছের ঝোল খাইবার ব্যবস্থা করিলেন। মাছের ঝোল খাইলেই সরলনাথের রক্তবমি হইতে লাগিল। সরলনাথ ডাক্রারগণকে বলিলেন, "আমার দেহে নাছের ঝোল কোন রক্ষমে সম্ভ হইবে না, আপনারা এ ব্যবস্থা করিবেন না"। ডাক্রারগণ কিছুতেই সরলনাথের কথা ভনিলেন না, পরে যথন পুনঃ পুনঃ মাছের ঝোল থাওয়াইয়া পুনঃ পুনঃ রক্তবমন হইতে লাগিল, তথন ভাহারা অগত্যা মাছের ঝোল থাওয়াইয়া পুনঃ পুনঃ রক্তবমন হইতে লাগিল, তথন ভাহারা অগত্যা মাছের ঝোল থাওয়াইনা বন্ধ করিরা দিলেন।

ডাক্টারগণ রোগের কোনো প্রতিকার করিতে না পারিয়া চিকিৎসা পরিতাাগ করিলেন, ফলতঃ কিছুকাল রোগষন্ত্রণা ভোগের পর সরল নাথ আপনা হইতে রোগমুক্ত হইলেন, তাঁহার যন্ত্রণা দূর হইল।

গোস্বামী মহালয়ের বছ লিয়াই ক্রনে ক্রমে মংস্যাহার পরিভ্যাগ করিয়াছেন ও করিতেছেন। বাহারা সাধনপথে কিছু দূর অগ্রসর হইতেছেন, তাঁহাদের মংশু প্রভৃতি তামসিক আহার আর ভাল লাগিতেছে না; তাঁহাদের কচি ও প্রবৃত্তি পরিবর্ত্তিত হইতেছে। তাঁহরা সাত্তিক আহারের পক্ষপাতী হইয়া পড়িতেছেন।

গোসামী মহাশয়ের ধর্ম জীবস্ত ধর্ম। ইহা চিস্তা বিচার বা মতের,

ধর্ম নহে। বে মহাশক্তি শিষ্যগণের ভিতর কাজ করিতেছে, সেই শক্তি
শিষ্যগণকে নৃতন ছাঁচে গড়িয়া তুলিতেছে। শিষ্যগণের মত বিচার চিস্তা
বিশাসাদি সমস্তই ভাঙ্গিয়া চুরিয়া ঠিক করিয়া লইতেছে। কাহার
সাধ্য এই মহাশক্তির গতি রোধ করে ? বাহারা আদৌ সাধনভজন করে
না কেবল তাহাদেরই মধ্যেই এই শক্তি নিদ্রিত হইয়া পড়িতেছে, কাজ
করিতেছে না। একারণ সতীর্থগণকে বলিতেছি, যিনি যাহাই করুন
নাম ছাড়িবেন না। নাম ছাড়িলেই সর্বানাশ উপস্থিত হইবে। আর
ধর্মপথে অগ্রসর হইতে পারিবেন না। অবিশ্রাম্ভ নাম করিতে থাকুম,
কোন ভাবনা নাই নিশ্চয়ই আপনারা প্রাশান্তি লাভ করিবেন।

নবম পরিচ্ছেদ সদাচার ও সদাহার

গোস্থানী মহাশস্থের শিষাগণের উপর বৈঞ্বগণের আর একটি অভিযোগ এই হে, গোস্থানী মহাশয়ের শিষাগণ উদণ। চাউল ভক্ষণ করিয়া থাকেন, মুড়ি থাওয়াটা দ্যণীয় মনে করেন না। দেশ কাল পাত্র অস্থসারে শাস্ত্রের বাবহার হইয়াছে। আবশ্রকমত শাস্ত্রশাসন সময়ে সময়ে গ্রারিভিত হইয়াছে ও হইতেছে। মহুর সময়ের সমস্ত শাস্ত্রীয় বাবহার এখন আর চলিতে পারে না। যে দিন ভারতবর্ষে বৈদেশিক আধিপতা সংস্থাপিত হইয়াছে, দেই দিন হইতে শাস্ত্রকারগণ আবশ্রকমত শাস্ত্রীয় শাসন পরিবর্ত্তন করিতে বাধ্য হইয়াছেন।

পূর্বের এমন অনেক লোক ছিলেন, গ্রাহারা বলদের চাষের উৎপন্ন দ্রব্য আহার করিতেন না। বৃষ্ণের দারা ভূমিকর্ষণ হইলে ঐ ভূমির উৎপন্ন শস্ত আহার করিতেন। এখন এ সব কথা স্বপ্নবং।

আমাদের দেশে বহু ঠাকুর বাড়ীতে এখন উষণা চাউলে বিগ্রহমেবা

ইইতেছে। এদেশের দোকানে যে সকল আতপ চাউল বিক্রম হয়, তাহার অধিকাংশ প্রাদ্ধের আতপ বা ঠাকুরপূজার আতপ। দোকানদার-গণ এই সব আতপ অল্ল মূল্যে থরিদ করিয়া বাজারে বিক্রম করিয়া থাকে। তৈল, লবণ, ঘৃত চিনি ময়দা কিছুই পবিত্র বা বিশুদ্ধ নহে। একালে পূর্বের ভার বিশুদ্ধভাবে সদাচার রক্ষা করিয়া চলা অসম্ভব। স্তরাং শাল্পে ও সময়োচিত মতব্যবস্থা হইয়াছে।

গোস্বামী মহাশরের শিষ্যগণ সংসারী, চাকুরে লোক, বাঁহার ষ্তৃদ্র
সাধ্য তিনি তভদূর বিশুজভাবে আহার করিয়া থাকেন। বাঁহাদের অর্থ
স্ববিধা আছে, তাঁহারা বিশুজ আতপ বিশুজ স্বত ইত্যাদি- আহার করিয়া
থাকেন। বাঁহাদের সে স্ববিধা নাই, তাঁহারা বাধ্য হইয়া বাজারের বিক্রেয়
সাধারণ জিনিষ খাইয়া থাকেন। ইহারা সাধ্যমতে অসাত্বিক বা
অবিশ্রুজ বস্তু আহার করিতে প্রস্তুত নন।

যথন উষণা চাউল প্রচলিত আহারের মধ্যে হইরাছে, তপন মুড়ি থাওয়াটা হ্বণীর হইতে পারে না। গোস্থামী মহাশরের শিবাগণের মুড়ি থাওয়া দেখিয়া অনেকে চটিয়া যান। মুড়ি কিন্তু সাত্তিক আহার জানিবেন। যাহা সহজে পরিপাক হয় ও যাহাতে পেট গরম হয় না, তাহাই সাত্তিক আহার। পেঁয়াজাদি অসাত্ত্বিক আহার গোস্থামী মহাশরের শিবাগণ স্পর্শ করেন না; অথচ এই কদাহার আমাদের দেশের ব্রাহ্মণাদি উচ্চবর্ণের মধ্যেও দিন দিন অধিকতর প্রচলিত হইতেছে।

উষণা চাউল রাজসিক বা তামসিক আহার নহে, উহাতে ভজ্ম-সাধনের কিছু বিশ্ব হয় না। যাহা ভজনসাধনের বিশ্বকর তাহাই সর্বতো-ভাবে পরিত্যজ্ঞা। অনেকে সদাহারটাই একটা ধর্ম বলিয়া মনে করেন। গোস্বামী মহাশয়ের শিষ্যগণ তাহা মনে করেন না, তাঁহারা এই মাত্র জানেন সদাচার ও সদাহার সাধনভজনের অনুকৃল। বর্ত্তমান হিন্দুসমাজে প্রায়ই উচ্ছিষ্ট বিচার নাই। শিক্ষিত যুবকগণের মধ্যে প্রায়ই ভজন নাই, সাধন নাই। একারণ গোস্বামী মহাশয়ের শিষ্য বা প্রশিষ্যগণের বাটি ভিন্ন অন্তর্জ আহার করিতে সন্মত হন না। এমন কি আত্মীয়-বন্ধুগণের বাটিতে আহার করিতেও নারাজ। পাছে অন্তর্জ আহার করিতে হইলে উচ্ছিষ্ট ভোজন করিতে হয়, এই ভয়ে তাঁহারা সাবধানে চলেন।

এই সদাচারের ও সদাহারের অভাব বশতঃই গোশ্বামী মহাশয়ের শিবা-গণ গোশ্বামী মহাশয়ের শিব্য ও প্রশিব্যগণের বাড়িতেই আপনাদের পুত্র কন্তার বিবাহ দিতে সচেষ্টিত।

উপবাস, ব্রতনিয়মাদি থাহার যতটুকু সাধ্য তিনি ততটুকু প্রতিপাদন করিয়া থাকেন। এই সুকল আচরণে যে একটা ধর্ম হয়, একথা তাঁহারা বিশাস করেন না, কেবল শাস্ত্রের মর্যাদা-রক্ষার জন্ম আচরণ করিয়া থাকেন। উপবাসাদি যদি কাহারও ভজনের প্রতিকৃল হয়, তাহা হইলে উপবাসাদি করিয়া ভজন নষ্ট করিতে ইলারা প্রস্তুত নহেন। যাহা ভজনের প্রতিকৃল তাহা ইহাদের নিকট সর্বাতোভাবে পরিত্যজ্ঞা। যাহা ভজনের অমুকৃল তাহা ইহারা পরিত্যাগ করিতে প্রস্তুত নহেন। এইজপ্ত লোকচক্ষে ইহারো পরিত্যাগ করিতে প্রস্তুত নহেন। এইজপ্ত লোকচক্ষে ইহাদের আচরণ দৃষ্টিকটু হইয়া থাকে। ইহারা লোকের মনোরঞ্জন করিতে চান না। যাহাতে নিজের কল্যাণ হয়, তাহার প্রতিই ইহাদের দৃষ্টি আছে। ইহারা সদাচারমাত্র ধর্ম বলিয়া বিশ্বাস করেন না, ইহা কেবল ধর্মসাধনের অমুকৃল, এই জন্ম গোস্থামী মহাশয়ের শিয়গণের মধ্যে সদাচারের বৃথা আড়ম্বরের বাড়াবাড়ি নাই। যাহা প্রয়েজন ভাহাই আছে।

অনেক গৌড়ীর বৈষ্ণব ভিক্ষার্থী হইয়া আমার বাসার উপস্থিত হইয়া থাকেন। ইহাদের সদাচারের বাড়াবাড়ি প্রযুক্ত সমরে সময়ে বড়ই আশ্রম-পীড়া উপস্থিত হইয়া থাকে। বে খরের মধ্যে কখনও মৎশ্র পাক হইয়াছে, সে ঘরের মধ্যে রান্না করিয়া খাইতে কেহ কেহ আপত্তি করেন। বে চুলীতে কখনও মৎশ্র রান্না হইয়াছে, কেহ কেহ ভাহাতে পাক করিয়া খাইতে প্রস্তুত নহেন। কেহ কেহ লোহার কড়াই ও লোহার হাতা ব্যবহার করেন না; তাঁহাদের পিতলের হাতা ও পিতলের কড়াই চাই। বাহার গলায় মালা নাই তাহার জলে কোন কাজ হইবে না। বে বাসনে মাছ খাওয়া হইয়াছে, সেই বাসন বদি অন্ত বাসনের সহিত স্পর্লিত হইয়া থাকে, তাহা হইলে এই বাসনের ব্যবহার চলিবে না। বাহার গলায় মালা নাই, সে বদি তরকারি কৃটিয়া দের বা থই ভাজে তাহা গ্রহণ করা হইবে না। গৃহত্তের শিলে বাটনা-বাটা হইবে না, নৃতন শিলের প্রয়োজন।

সদাচারের এ সব খুঁটিনাটি গোস্বামী মহাশরের শিশ্বাদের নাই। ইহারা মনে করেন, যাহা ভজনের অফুক্ল তাহাই গ্রহণীয়, আর যাহা ভজনের প্রতিক্ল তাহাই পরিতাজা।

দিতীয় অধ্যায়

প্রথম পরিচেছদ শিষ্যগণের অনুরাগ

গোস্বামী মহাশরের শিষ্যুগণ গুরুর প্রতি লক্ষ্য রাখিরা চলিতে।
লাগিলেন; ক্রমে তাঁহারা দেখিলেন, শাস্ত্রে মহাপুরুষের যে সমস্ত লক্ষণ
বর্ণিত আছে, গোস্বামী মহাশরে সেই সব লক্ষণ বর্ত্তমান। ইহার নিকটে
নিন্দান্ততি, লাভালাভ সবই সমান। ইনি ভর ভাবনা চিন্তা উরেগের
অতীত। শোক মোহ ইহাকে স্পর্ল করিতে পারে না। কামক্রোধাদি
রিপুগণ ইহার নিকট পরান্ত। ইনি অল্রান্ত সর্বাশান্তবেত্তা ও ত্রিকালজ্ঞ।
ইহার কোন বাসনা কামনা কল্পনা জল্পনা নাই। ইনি সতাবাক্ মারাতীত মহাপুরুষ। ইনি সদাই ভগবৎ-প্রেমসাগরে নিমজ্জিত। ইনি
সংসার্কের অতীত স্থানে নিয়ত বাস করিতেছেন।

গুরুর এতাদৃশ মহিমা দেখিয়া এবং তাঁহার মধুর চরিত্র ও ভালবাসার বিমোহিত হইয়া শিখাগণ গুরুতেই আত্মসমর্পণ করিলেন। গুরুবাকা তাঁহাদের নিকট বেদবাকা। শাস্ত্রে বরং ভূল থাকিতে পারে কিন্তু গুরু-বাকো ভূল নাই, কারণ ইনি মায়াতীত পুরুষ। মায়াই ল্রান্তি আনিয়া দেয়, যিনি মায়ার অতীত তাঁহাতে কোন প্রকার ল্রান্তির সন্তাবনা নাই।

গোস্বামী মহাশরের শিষাগণ ক্রমে গুরুর প্রতি এতই আরুষ্ট হইয়া।
প্রতিলেন যে, তাঁহাদের মুখে আর অন্ত কথা নাই। গুরুর গুণের কথা
সহস্র মুখে বলিয়াও তাঁহাদের আকাজ্জা মেটে না। গরে বাহিরে পথে
ঘাটে কেবল গুরুর কথা, মূথে আর অন্ত কথা নাই। ২।৪ জন গুরু-

ভাই একত্র হইলেই কেবল গোসাঞীর কথা; কথার আদি নাই অন্ত নাই, কথা কুরায় না! সঞ্জীগণ ষেমন শ্রীমতীকে লইয়া সদাই কুফুকথায় কাল যাপন করিতেন, গোসাঞীর শিশ্বগণ সেইরপ সদাই গোসাঞীর কথা লইয়া কাল যাপন করিতে লাগিলেন! সংসারে স্থথ নাই, সংসারে গোয়ান্তি নাই, সংসারে মন নাই; মন পড়িয়া আছে গোসাঞীর কাছে। গোসাঞীর জগু মন সদাই ছ হ করিতেছে। সকলেই সংসারে আবদ্ধ, চাকুরে মামুষ। ভাবিতেছে কথন ছুটী হইবে, কথন গোসাঞীর কাছে যাইব। ছুটীর আগে হইতেই মন ছুটাছুটী করিতেছে; ছুটী হইবানাত্র দৌড়! আর কি সংসারের আটক মানে? গোসাঞী-দর্শনে, তাঁহার মিলনে যে আনন্দ তাহার কি বর্ণনা আছে? কত লোক রাজা হইতে চায়, কত লোক স্থপ কামনা করে, ইহাদের কামনা কেবল গোসাঞী। গোসাঞী ক্ষার অয়, তৃঞ্বার জল, আতপের স্থশীতল ছারা। গোসাঞীর কাছে গিয়া ইহারা সংসার চাক্রী-বাক্রী, স্ত্রী পুত্র সব ভূলিয়া যাইত।

প্রীপ্তরুদেবকে সভোগ করিয়া ইহাদের তৃপ্তি হইত না; ইহারা বলিতে লাগিল, "পাপী তাপী কে কোথায় আছিস্ আয়, কেন সংসার জালায় জলে পুড়ে মরছিস ? গোসাঞীর পদাশ্রয় গ্রহণ কর, সকল জালা দ্র হইবে। এই জগতে সকলে অমৃত লাভে অমর হইবি।" ইহারা আপন আপন স্থী পুত্র আত্মীয় স্থলন যে যাহাকে পারিল, গোস্থামীর পদপ্রাপ্তে আনিয়া উপস্থিত করিল এবং তাহাদের সহিত পরমানন্দে কাল্যাপন করিতে লাগিল।

শিখাগণের স্থান্ট বিশ্বাস, গোসাঁই তাহাদের পরম আশ্রম, গোসাই তাহাদের পরম স্থাদ,গোসাই তাহাদের পরম সম্পদ, গোসাই তাহাদের পরমাগতি। গোসাঁই যে কেবল তাহাদের পরকালের ভার এইয়াছিলেন তাহা নহে, তিনি ইহকালেরও সমস্ত ভার গ্রহণ করিয়াছেন। তিনি অন্নদাতা, বৃক্ষাকর্ত্তা, ভয়ত্রাতা এবং বিপদভঞ্জন। বালক যেমন মার কোলে থাকিয়া সিংহকেও লাখি দেখার, গোসাইদের শিষ্যগণ গুরুর কোলে থাকিয়া সংসারকে অগ্রাহ্য করিতে থাকেন। সংসারের রুদ্র স্ট্রিও জকুটি দেখিয়া তাঁহারা কিছু মাত্র ভীত হন্ না। এখনও গোস্বামী মহাশয়ের শিষ্যগণের মধ্যে এমন অনেক লোক আছেন ঘাঁহারা গোস্বামীর কথায় অনায়াসে আহলাদের সহিত সংসারত্যাগ, স্ত্রীপুত্র-ভাগে বিষয়বৈভব-ভ্যাগ অধিক কি প্রাণবিসর্জ্জন পর্যান্থ করিতে সমর্থ। গোসাঞী মরিতে আদেশ করিলে তাঁহারা এই আদেশের কারণ পর্যান্থ জিজ্ঞাসা করিবেন না। এইরূপ গুরুত্তিক আর কোণায় দেখিতে পাই-বেন গ তাঁহারা জানেন, যাহা শিব্যের কল্যাণকর গোসাঞী তাহুাই করিতে বলিয়াছেন ও করিতেছেন।

গোস্বামী মহাশরের পূর্বেবাক্ত ব্রাহ্ম শিষ্যগণ বে কি ধাতুর লোক তাহা পাঠক মহাশর বিদিত আছেন। তাঁহারা সহজে কাহাকেও বিশাস করিবার পাত্র নহেন। সহজে কাহারও কথার ভূলিবার লোক নহেন, তাঁহারা মূর্থ নহেন সকলেই কৃতবিশ্ব ও বৃদ্ধিমান।

এখনকার কালে লোকে একটা সতা কথার কত টিকাটিপ্লনী করে, এই অবিশ্বাসের বৃগে কেছ কাহাকেও সহজে বিশ্বাস করে না। কাহারও কথার সহজে কর্ণপাত করে না। কোন কথা বলিলে, তাহার একটা উদ্দেশ্য খুঁজিতে থাকে। যদি পারিপার্শ্বিক ঘটনা অমুকূল থাকে, তবেই কথাটা বিশ্বাসযোগ্য মনে করে।

গোসাঁইরের শিষ্যগণ গুরুকে যে বিশ্বাস করিরাছেন, ইহা তাঁহাদের প্রাস্তবিশ্বাস নহে। কোন একটি সত্য তাঁহারা সহজে গ্রহণ করিবার পাত্র নহেন; এক একটি সত্য দশবার না বাজাইরা গ্রহণ করেন নাই। গোসামী মহাশর যে সকল মহিমার উল্লেখ করিলাম, তাঁহারা তাহার পুন:পুন: অকাট্য প্রমাণ পাইয়া তবে বিশ্বাস করিয়াছেন। পাঠক

নহাশরকে ২।৪টা প্রমাণ দিয়া একথাগুলি ভাল করিয়া বুঝাইয়া না দিলে

আপনারা বেশ হৃদয়লম করিতে পারিবেন না। একারণে ২।৪টী ঘটনার
উল্লেখ করিতেছি। আমার শত শত ঘটনা জানা আছে, বেশী লিখিতে

ইবৈ পুস্তক বাড়িয়ায়ায়, তাহার বিশেষ প্রেরোজনও দেখি না। পোস্বামী

নহাশর শিব্যগণকে কিরপে রক্ষা করেন তাহা শুকুন।

দ্বিতীয় পরিচেছদ

সতীশের জীবনরকা

শাসার সতীর্থ বাবু সতীশচন্দ্র মুখোপাধ্যার একজন undergraduate.

বধন গোসামী মহাশর শ্রীর্লাবনে ছিলেন তথন সতীশ বাবু তাঁহাকে
লেখিবার জন্ম শ্রীর্লাবনে রওনা হন। মোকামা টেসনে গাড়ী বদশ
করিতে হর, তথার সতীশ বাবু দেখিলেন একদল সর্রাসী অবস্থিতি
করিতেছন। তাঁহাদের মধ্যে একজন মহাতেজস্বী। তাঁহার মন্তকে
লটা, গাত্র ভন্নাচ্ছাদিত, ভন্মের মধ্য হইতে শরীরের তেজ বেন ফুটরা
বাহির হইতেছে; পরিধানে গৈরিক বসন। এই তেজ:প্র সর্রাসীকে
দেখিরা সতীশের মন ভূলিরা গেল। সতীশ মনে করিলেন, ইনি
নিশ্চরই মহা সিদ্ধপুরুষ। সতীশ ইহার নিকটবর্জী হইরা প্রণাম করিরা
বলিলেন—

—মহারাজ, আপ্তো সিদ্ধ মহাপুরুষ হায়, আপ হামকে রূপা কি জীয়ে।

मन्नामी--देवर्र, दबले, देवर्र ।

সতীশ তাঁহার নিকট সমস্ত্রমে উপবেশন করিলেন। সন্ত্যাসী আপন বৃদ্ধাস্থি দারা সতীশের ললাট স্পর্শ করিলেন। সতীশ দেখিলেন, শন্ত ু শত চক্র, হুর্যা, গ্রহ, নক্ষত্র, পাহাড়, পর্বতি, নদ, নদী, সাগর, বন, উপবন, নগর, গ্রাম এক মহান চক্রাকারে তাঁহার সন্থথে প্রবশবেগে ঘুরিতেছে। সতীশ ইহা দেখিয়া আশ্চর্যা ও বিমোহিত হইলেন; তথন তিনি সতীশকে জিজাসা করিলেন,

🕶 কুচ মালুম হোতা ? 🔍

সতীশ--ই।।

সন্নাসী--ক্য় মালুম হোডা ?

সতীশ—শত শত চক্ত, ক্র্যা, গ্রহ, নক্ষত্র, গ্রাম, নগর, পাহাড়, পর্বত, হাম, নগর, পাহাড়, প্রক্রিক, হাম, নগর, পাহাড়, পর্বত, হাম, নগর, পাহাড়, প্রক্রিক, হাম, নগর, পাহাড়, প্রক্রিক, হাম, নগর, পাহাড়, প্রক্রিক, প্রক্রিক, বাম, নগর, পাহাড়, প্রক্রিক, হাম, নগর, পাহাড়, প্রক্রিক, প্রক্রিক, প্রক্রিক, বাম, নগর, পাহাড়, প্রক্রিক, প্রক্রিক, বাম, নগর, পাহাড়, প্রক্রিক, প্রক্রিক, বাম, নগর, প্রক্রিক, প্রক্রিক, বাম, নগর, প্রক্রিক, প্রক্রিক, প্রক্রিক, প্রক্রিক, বাম, নগর, প্রক্রিক, প্র

সন্মানী—ইদ্কো মায়া-চক্র বোলতা হার।

"সতীশ—আমি
আমার নায়াচক্রে পড়িয়াছি, আমাকে মায়াচক্র হইতে
উদ্ধার কর্মন।

সন্মাসী---আছে। বেটা মারাচক্রসে উদ্ধার হোগা।

সন্নাসী তিনদিন মোকামার থাকিয়া অন্তল গমন করিকের ।
সতীশের আর বৃন্ধাবন বাওয়া হইল না। সতীশ তাঁহার অনুসরণ
করিলেন। তাঁহার একটা মোট ছিল, তাহাতে রাঞ্চিবার বাঁটলো,
হাতা, কড়াই, ঘটি, বকুনা ইতাাদি থাকিত। মোট্টা প্রার আধ মণ
ভারি। তিনি বাইবার সময় এই মোট্টা সতীশের মাথায় চাপাইয়া
দিলেন। তিনি আগে আগে চলিলেন, সতীশ পিছু মোট বহিয়া
চলিলেন।

এক প্রকাণ্ড বিস্তার্গ প্রান্তর তথার বৃক্ষণতাদি নাই; নিকটে কোন বস্তী নাই। উভরে এই প্রান্তরে ক্রতপদে গমন করিভেছেন। সতীশ ভক্ত লোকের ছেলে, কখনও মোট বহেন নাই। তিনি ভারা- কান্ত হইয়া আর বেগে চলিতে পারেন না পিছাইয়া পড়িতে লাগিলেন।
সন্নাদী ধনক দিরা বলিল, "এট্পট্ আড়ও"। সভীল অভিকটে ক্রভবেগে
চলে, আর এক একবার পিছাইয়া পড়ে। সন্নাদী পুনঃ পুনঃ ধনক দিতে
লাগিল। বংন সভীল ক্রান্ত হইয়া আর কোন রকমে ক্রভপদে ঘাইতে
পারে না, নিভান্ত অক্ষম হইয়া পড়িল, তথুন সন্নাদী ফিরিয়া আসিয়া
সভীশকে প্রহার জুড়িল। সভীল প্রহারে জর্জরিত হইয়া ভাহাকে
'জিজ্ঞানা করিল,

—মহারাজ আগে আপনার এই বোঝাটা কে বহিত ? সন্মানী—ভূঠে। আও, হামরা সাত **ল**গদি আও।

এই বলিয়া সয়াসী আগে আগে চলিল, সতীশ পিছু পিছু চলিল।
সতীশ যাইতে যাইতে মনে ভাবিতে বাগিল, এই বোঝাটা পুর্বে ভূতে
বহিত; আমি কি এখন ভূতের বোঝাই বহিতেছি? এই মনে করিয়া
সতীশ দ্বার সহিত মাধার বোঝাটা ঝপাত্ করিয়া ফেলিয়া দিল।
বোঝাটা মাধা হইতে পড়িয়া যাওয়ায় একটা শব্দ হইল, সয়াসনী এই শব্দ
ক্রিয়া পিছু দিকে তাকাইয়া সতীশকে গালাগালি দিয়া মারিতে আসিল,
সতীল্ল প্রাণভ্রে উর্জনাসে দোড়িতে লাগিল, সে পিছু পিছু ছুটিল।

এই প্রান্তরে পথিপার্শে একটা কৃপ ছিল; সতীন প্রাণভৱে ছুটিতে ছুটিতে ধখন ব্রিল সন্নাসীর হন্ত হইতে আছ পরিত্রাণের উপায় নাই, তথন জীবনের মারা ত্যাগ করিয়া এই কৃপের মধ্যে ঝাঁপাইরা পড়িল। তথন সন্নাসী নরহত্যা-ভয়ে ভীত হইরা জভগতিতে প্রস্থান করিল। তথন বেলা প্রায় ১০টা বাজিরাছে।

সৌভাগ্যক্রমে এই কৃপে তথন জল ছিল না, সতীশ বিষম আঘাতে মূর্জিত হইল। রাখাল বালকেরা বহুদ্রে ধগাচারণ করিতেছিল; এই ঘটনা তাহারা দূর হইতে দেখিতে পাইয়াছিল। রাড়ী ফিরিবার সময়

তাহারা কৃপের নিকট আসিয়া সতীশকে তুলিল এবং একটি প্রকাত্ত বৃক্ষতলে তাহাকে শোয়াইয়া রাখিয়া প্রস্থান করিল।

সতীশ বিষম জরে আক্রাস্ত ; ভাহার আর হ'স নাই! ভিন দিন বৃক্ষতলে তদবস্থায় পড়িয়া থাকিল ! অনস্তব জবতাগে স্ইল, সতীশের জান হইল। এখন সভীশ কুখুভ্ফায় নিতান্ত কাতর। ভাহার দুরীর এভ ছুৰ্বল যে চলৎ-শক্তি নাই; নিকটে গ্ৰাম বা জলাশয় নাই,"বৃক্ষটি প্ৰকাণ্ড বটে কিন্তু চেনা যায় না; বৃক্ষে কোন ফুল বা ফল নাই; ইহা একপ্রকার বহা বৃক্ষ। সভীশ এই দাকণ বিপদে পড়িরা জীবনের কোশা পরিত্যাগ করিল। প্রাণের মায়া বড় মায়া; সতীশ আসর মৃত্যু ব্ঝিয়া আ্তে আত্তে উঠিয়া বসিল এবং ধীরে ধীবে বৃক্ষটি প্রদক্ষিণ করিয়া সাষ্টাক দিয়া এইরূপ তাৰ স্বারিতে লাগিল, ইং বিটপী তুমি নির্জ্জন প্রাত্তরে থাকির কৈবল পরহিতের জন্ম জীবনধারণ করিয়া আছু, কভ পরিপ্রাপ্ত পথিককে তুমি ছারাণানে স্বস্থ করিতেছ, সহস্র সহস্র পক্ষী তোমার আশ্রমে পাকিয়া জীবনধারণ ক্লবিতেছে, আমি কুধার্ত ও পিগাসার্ত্ত, আমার জীবন বার, আমাকে রকা করন।" সতীশ কাতরপ্রাণে এইরণ প্রোর্থনা করিবে বৃক্ষ হইতে ভাহার সমূথে একটি ফল পড়িল। ফলটি ঠিক নাকাল ফলের স্থার স্থার। সভীশ ফলটি হাতে লইয়া ফলকে প্রণাম করিয় আহার করিল। ফলট স্থমিষ্ট ও রগাল। ফল খাইয়া সতীশেষ দেহে না সঞ্চার, হইল ও তৃষ্ঠার নিবারণ হইল। সতীশ বুকের দিকে দৃষ্টি-পাত করিয়া দেখিল কোঞ্চাও একট ফল নাই, বৃক্ষটি যে কি বৃক্ ,সতীশ তাহাও চিনিতে পারিল না ে দাহা হউক, সতীশ সুস্থ হইয়া বুক্ষকে প্রদক্ষিণ ■ অভিবাদনপূর্বক প্রস্থান করিল।

সতীশ মোকামা হইতে **শিব্দাবনে পৌছি**য়া গুরুর নিকট আগোগান্ত সমস্ত ঘটনা নিবেদন করিল; গুরু ক্লিজাসা করিলেন— গোসাঁই—সন্ন্যাসীর সহিত দেখা হওয়া অবধি তুমি কি নাম করিয়াছিকে? সতীশ—আজ্ঞে না।

গোসামী—নাম করিলে তোমার এ বিপদ কথনই হইত না। নাম করিলে তাহারও বুজরুকি থাটিত না, নাম পরিত্যাগ করাতেই তোমার এই বিপদ ঘটিরাছিল, ধ্বরদার এমন কাজ আর কথন্ত করিও না।

সতীশ ব্ঝিলেন গুরুদেব রূপা করিয়া এবার প্রাণ রক্ষা করিয়াছেন, এই ঘটনায় আমুরাও গুরুর মহিমা ও অপার করণা দেখিয়া বিমোহিত বুইলাম।

তৃতীয় পরিচ্ছেদ নীঝাজুনরীর রোপমুক্তি

গোস্থামী মহাশর যে কেবলভবরোগের বৈশ্ব তাহা নহেন, তিনি সাংসারিক যাবতীয় রোগেরত্ব পর্মোষধ স্থরপ। তাহার উপর নির্ভর করিয়া চলিতে পারিলে সংসারের কোন বিপদই আর ক্রকটী দেখাইয়া মাহ্যের প্রোণে তাতির সঞ্চার করিতে পারে না। কোন বিপদই বিপদ বলিয়া মনে হয় না।

বাবু কৈলাশচন্দ্র বৃষ্ট্র, গোস্বামী মহাশরের জনৈক শিষ্য। ইনি জনারেল পোষ্ট আপিসে চাকরী করেন। গোস্বামী মহাশ্বর থখন কলি-কাতা হারিসন রোডের আশ্রমে প্লাকিন্ডেন, তথন কৈলাশবাবু প্রতাহ প্রাতে গোস্বামী মহাশরের আশ্রমে আসিয়া তাঁহার ঘরের এক পাম্বে বেলা নম্বটা পর্যান্ত বিদিয়া থাকিশ্বা বাসাম্ব ফিরিডেন। গোস্বামী মহাশরের সঙ্গ এমনি মধুর বে তিনি ভাঁহাকৈ ছাভিয়া থাকিতে পারিতেন না। ত ১৫০৪ সালের কান্তিক মাসে কৈলাশবাব্র স্ত্রী নীরদাসুন্দরী সাংবাতিক রোগে আক্রান্ত হন। ইনিও গোস্বামী মহাশয়ের শিষ্যা।
কলিকাতার স্থপ্রসিদ্ধ চিকিৎসক কবিরাজ ৺ঘারকানাথ সেন, প্রীযুক্ত
ক্ষীরোদচক্র সেন চিকিৎসার ভার গ্রহণ করেন। ইহারা ক্রমাগত দেড়
মাস কাল চিকিৎসা করিলেন, কিন্তু কিছুতেই রোগের উপশম 'হইল না;
রোগ ক্রমশঃ বৃদ্ধি পাইতেই লাগিল। কৈলাসবাব্ বিপদ গণিয়া কলিকাতার স্থাসিদ্ধ ডাক্রার প্রীযুক্ত নীলরতন সরকার বারা স্ত্রীর চিকিৎসা
করাইতে লাগিলেন। তাহাতেও কোন ফল হইল না। চিন্তা, উন্নেগ,
রাত্রিক্লাগরণে কৈলাসবাব্ মলিন ও শীর্ণ হইরা পড়িলেন।

গোস্বামী মহাশয় প্রতাহ প্রত্যুবে তাঁহার আশ্রমের পশ্চিম বারান্দার তই চারি মিনিট মাত্র বেড়াইতেন। একদিন প্রত্যুবে কৈলাসবাব এই বারান্দার গোস্বামী মহাশয়কে সাষ্টাক প্রণাম করিয়াবাসায় ক্রিবেন, এমন সময় গোস্বামী মহাশয় কৈলাস বাব্কে জিজ্ঞাসা করিকেন,

—আপনাক্তে রোগা রোগা দেখিতেছি, **আপনার কি কোন অনু**ধ তি হইয়াছে ?

কৈলাসবাবু—আমার কোন অহথ হয় নাই, আমার স্ত্রীর অভ্যন্ত ব্যারাম, সেইজন্ত রাত্রিজাগরণে ও নানাক্রেশে শরীর চুর্বল হইয়াছে। ক্লেইজন্তই কেবলমাত্র আপনাকে প্রণাম করিয়া বাসায় যাইতেছি।

গোসাঁই—আপনার জীর কি ব্যারীম হইয়াছে ? আর চিকিংসাই বা কিরূপ ২ইতেছে ?

গোসামী মহাশরের কথায় কৈলাশবাব্ তাঁহার নিকট দাড়াইয়া বাারারামের আছোপাস্ত সমস্ত কথা ■ চিকিৎসার সমস্ত বিবরণ বিবৃত করিলেন। গোসামী মহাশর ভনিয়া বলিলেন, —কোন ভয় নাই, রোগী ধখন একটু স্থস্থ থাকিবে, তখন ছই চারিঝুর নাম করিতে বলিবেন।

কৈলাসবাবু—আমার স্ত্রী অনেক দিন হইতে আপনার একটু চরণামৃত পান করিবার অভিলাষ করিয়াছেন।

গোসাঁই—শেটা আমার গুরুদেবের নিষেধ আছে। ভাহার দরকার নাই। কোন ভাল ব্রাহ্মণের (বাহাকে আপনার ভক্তি হর) চরণামৃত খাওরাইতে পারেন।

কণাটা বড় পোলমেলে হইল। "ব্রাহ্মণের চরণামৃত খাওরাইতে পার" বলিলে, কোন গোল হইত না। ভাল ব্রাহ্মণ বলাতে বড়ই গোল বাধিল। কৈলাসবাব ভাল ব্রাহ্মণ ঠিক করিতে পারিলেন না, সকলই কলির ব্রাহ্মণ। চরণামৃত থাওরান গোস্বামী মহাশরের আদেশ নহে। তিনি বলিয়াছিলেন "থাওরাইতে পার" স্বর্থাৎ যদি ইচ্ছা হর ভবে থাওরাই-তে পার। এই সকল কারণে কৈলাসবাব্র ব্রীকে আর ব্রাহ্মণের চরণামৃত থাওয়ান হইণ না, কৈলাসবারু একগাটা একেবারে ভূলিয়া গেলেন।

রোগ ক্রমশং বৃদ্ধি পাইতে লাগিল। নাম মানের শেষে কি ফান্তন নালের প্রথমে একদিন রোগীর মুমূর্ অবস্থা উপস্থিত হইল। সতীর্থ ভল্তি-ভালন প্রীযুক্ত কুঞ্জলাল নোগ, ৮মনোরপ্রম গুহঠাকুরভা, প্রীযুক্ত উমেশ চল্ল বস্থ প্রভৃতি অনেকেই অনুমান করিলেন ২।> ঘণ্টার অধিক রোগীর জীবন রক্ষা হইবে না। কৈলাসবাব্ স্ত্রীর জীবনের আশায় নিরাশ হইরা অতি বিষমভাবে রোগীর বিছানার একপার্শে ব্সেয়া আছেন। এমন সময় দেখিলেন, ভাক্তভালন যোগজীবন গোস্থামী ও তাঁহার মাতামহী উপস্থিত হইয়াছেন। উমেশবাব্ যোগজীবনের * চরণামৃত লইয়া রোগীকে

 ^{*} ইনি গোস্বামী মহাশয়ের পুত্র ■ শিষ্য। ষজ্ঞসূত্রহীন ব্রাক্ষ থাকার
কৈলাসবাবু ইহাকে উত্তয় ব্রাক্ষণ মনে ক্রবিতে পারেন,আই.

খাওয়াইয়া দিলেন। এই ষটনায় জীত্বামী মহাশয়ের কথাটা কৈল্ব বাবুর শুরণীয়থে উদিত হইল।

কুঞ্জবাবু প্রভৃতি রোগীর অন্তিমকাল দেখিয়া তথা হইতে চলিয়া গেলেন এবং গোসামী মহাশয়ের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে রোগীর অবস্থা জ্ঞাপন করিলেন। গোসামী মহাশয় কুঞ্জবাব্র কথা শুনিয়া বলিলেন, "ব্রাহ্মণের চরণামৃত থাওয়াইবার কথা ছিল, থাওয়াইয়া দিন, আর চিকিৎসা করিবার বা ঔষধ খাওয়াইবার দরকার নাই"।

এই ঘটনার পর হইতেই রোপীর অবস্থা ফিরিতে লাগিল। যে ব্যাধি এত দীর্ঘকালব্যাপী, সর্কোত্তন চিকিৎসার আরোগ্য হর নাই, উত্তরোত্তর বাড়িতে ছিল, ২।৪ বার নাম করার ও ব্রাহ্মণের পাদোদক থাওরার ভাষা সাতদিন মধ্যে সম্পূর্ণরূপে ভাল হইরা গেল।

্ এই ঘটনার গোস্বামী মহাশন নামের মহিমা দেখাইলের। নাম ও নামী যে অভিন্ন ভাহা জানাইলেন, নামের অচিস্তাশক্তি বুঝাইয়া দিলেন"।

বান্ধণের মহিমা স্থাপন ভন্ত গোন্ধানী মহাশর ব্রান্ধণের পাদোদক থাওরাইতে বলেন নাই। কারণ এখন যথার্থ ব্রান্ধণ-পদবাচ্য লোক অতি বিরল। শান্তামুসারে যোগজীবনকে ব্রান্ধণ বলা যাইতে পারে না। তাঁহার উপনয়ন-সংক্ষার পর্যান্ত হর নাই। ব্রান্ধণের পদরজঃ থাইতে বলিরা গোন্ধানী মহাশয় দীনতা ও ভক্তি শিক্ষা দিলেন। আর বাঁহারা সন্তর্মর নিকট সিদ্ধনন্ত লাভ করিয়াছেন, তাঁহারা যে সকলেই ব্রান্ধণ একথাটাও জানাইলেন।

ত্রীসী মহাশর আরও দেখাইলেন, সদ্গুরুর বাকা কথনও মিথা। হইতে পারে না। তিনি বাক্সিদ্ধ। সোনাকে মাট বলিলে সোনা কটি ইইয়া যাইবে, আর মাটিকে সোনা বলিলে মাটি সোনা হইবে। গুরুবাক্য অঞ্চত, গুরুবাকো বিশ্বাস স্থাপন করাইবার শুন্তই গোসাই এই থেলা খেলিলেন। ঘটনা না দেখিলে সন্দির্গচিত বিশ্বাস করিতে
চার না। এই ঘটনার কৈলাসবাব্র মনের সংশর দূর হইল, বিশ্বাস-রতি বিকাশপ্রাপ্ত হইল।

রাক্ষণের পাদোদক খাওয়াইতে কৈলাসবাবু একেবাবে বিশ্বত হইয়া গিয়াছিলেন। গোসামী মহাশয় উমেশবাবুর দারা পাদোদক খাওয়াইয়া বুঝাইয়া দিলেন, জনেকেই অত্যাবশুক কথাও ভূলিয়া যায়, কিন্তু সদ্গুরু অতি সামান্য কথাও ভূলেন না।

গোস্বামী মহাশয় আরও দেখাইলেন, সদ্গুরু কখনও শিয়কে ভুলিয়া থাকেন না। শিস্তের জীবনের সমস্ত ভার সদ্গুরু গ্রহণ করিয়া থাকেন। শিষ্যের জীবনের সমস্ত ঘটনা সদ্গুরুর হাতে।

এই ঘটনার পর হইতে কৈলাসবাবুর জীবনে এক মহাপরিবর্জন উপস্থিত হইল। তাঁহার সমস্ত সংশন্ন দূর হইল, গুরুনিটা প্রবল হইল, তিনি এক নৃতন রাজ্যে প্রবেশ করিলেন।

গোস্বামী মহাশয়ের লীলা অচিস্তনীয়। তিনি কোন্ হত্তে কাহার মধ্যে পরিবর্ত্তন ঘটান ও ধর্ম আনিয়া দেন কে বলিতে পারে? তাহার ৰূপার দীমা নাই।

া চতুর্থ পরিচেছদ

আনন্দচক্র মজুমদার

বাবু আনন্দচন্ত্র মজুমদার সন্ত্রীক গোস্বামী মহাশরের শিল্প।
ক্রিমরি কয়েকটি ছোট ছোট পুত্রকজা। তিনি কুমিল্লায় একটি-সামালি
চাকরি করিয়া অতিকণ্টে সংসার্যাত্রা নির্বাহ করিতেন।

একবার তিনি সংশ্রাপন্ন পীড়িত হইয়া শ্যাশান্ত্রী হইরাছিলেন। সেই

সময় পূর্ব-বাঙ্গলায় মহা ঝড়বৃষ্টি হইয়াছিল। মজুমদার মহাশয় যে ঘর-থানিতে ছিলেন, দারুণ ঝড়ে সেই ঘরখানি পড়িয়া গেল। মজুমদার মহালয়ের স্ত্রী, মজুদার মহালয় ও সন্তানগুলিকে আর একখানি ঘরে লইয়া গেলেন। ঝড়বৃষ্টি সমানভাবে হইতে লাগিল। অনন্তর প্রবল ঝড়ে এই ঘরের চালটা উড়িয়া গেল। এই বাড়িতে আর এমন ঘর নাই বথায় ইহারা আশ্রয় লন। নিকটে এমন প্রতিবেশী নাই বাহার বাড়ীতে গিয়া প্রাণ বাঁচাইতে পারেন।

শক্ষদার মহাশরের পত্নী, স্বামী ও সস্তানগুলির জন্ত নিভান্ত কাতরা হইরা স্বামীকে বলিলেন "আজ আমাদের প্রাণ বাঁচাইবার কোন উপার দেখি না। আজ আমাদের নিশ্চরই মৃত্যু ঘটবে। এখন করি কি ? কোথার যাই ?"

মজুনদার মহাশয় বলিলেন, "আর আমাদের করিবার কিছু নাই। গুরুকে ডাক, যদি তিনি আমাদের প্রাণরক্ষা করেন, ভবেই জীবন রক্ষা হইবে, নতুবা আজিই শেষ হইবে। এই বিপদকালে একমাত্র তিনিই রক্ষাকর্ত্রা। নাম কর, আর তাঁহাকে সর্গ কর।"

মজুমদার মহাশমের দ্রী স্বামীর এই কথাগুলি গুনিলেন। অন্তিম-কাল উপস্থিত ভাবিয়া তাঁহারা উভরে কাতরপ্রাণে গুরুকে স্বরণ করিয়া নাম ক্রিতে লাগিলেন।

এই বিপন্ন অবস্থায় মজুমদার মহাশার ও তাঁহার স্ত্রী যেমন সকাতরে গুরুকে স্মরণ করিয়া নাম করিতে আরম্ভ করিলেন, অমনি গোস্থামী মহাশার তাঁহাদের সম্মুথে প্রকাশিত হইলেন। তাঁহারা দেখিতে পাইলেন, গোস্থামী মহাশার তাঁহাদের সম্মুথে দণ্ডায়মান! তাঁহার জটাভার প্রবশ্ব মড়ে উড়িতেছে এবং জটার অগ্রভাগ হইতে জ্লধারা পড়িতেছে! তিনি ইন্দ্র ও প্রন-দেবের প্রতি তীব্র কটাক্ষ করিলেন। তাঁহারা উপস্থিত

হইয়া যোড়হতে গোস্বামী মহাশয়কে ন্তব করিতে লাগিলেন। চারিদিকে প্রবল ঝড়বৃষ্টি হইতে লাগিল, কিন্তু মজুমদার মহাশয় সপরিবারে যে ঘর-ধানিতে ছিলেন সে ঘরে এক ফোঁটাও জল পড়িল না এবং ঝড় প্রবাহিত হইল না! মজুমদার মহাশর সপদ্ধিবারে বাঁচিয়া গেলেন।

পাঠক মহাশর। ঘটনাটি অলোকিক, কিন্তু অসত্য মনে করিবেন না। এরপ অনেক ঘটনা লেথকের জানা আছে। এই অবিশাসের যুগে বেশী লেখা উচিত বোধ করিলাম না। এই ঘটনা হইতে আপনারা সদ্গুরুর মহিমা বুঝিতে পারিবেন।

ধর্ম-সংস্থাপনার্থ যে মহুষ্যদেহে ভগবানের আবেশ হয়, তাহাকেই
সদ্গুরু বলে। অজার অগ্নির সংযোগে লাল বর্ণ হইলে অক্সার ও অগ্নির
রেমন পার্থক্য থাকে না। তেমনি মহুষ্যদেহে ভগবানের আবেশ হইলে
মহুষ্যুত্ব ও ভগবভার পার্থক্য থাকে না। উভয়ই এক হইরা বার।

সমস্ত দেবতা ও দিকপালগণ সদ্প্রকর আজ্ঞাবহ। সদ্প্রকর আদেশ লব্দন করিবার তাহাদের শক্তি নাই। সদ্প্রক ধখন যাহা আজ্ঞা করেন, দেবতাগণ অবনতমস্তকে তাহা তৎক্ষণাৎ পালন করিয়া থকেন।

অধ্যাত্মরাজ্যের ব্যাপ্থার অত্যন্ত ছর্কোধ্য। সামরা প্রাক্তরাজ্যের বিকাছি চুলের থবর দিতে পারি না; অথচ অধ্যাত্মরাজ্যের কথা হাঁসিয়া উড়াইরা দিই, এ কেবল আমাদের ধৃষ্টতা ও মূর্থতার পরিচায়ক। আপনারা হঠাৎ কোন কথা অবিশ্বাস করিবেন না।

পঞ্চম পরিচেছদ

ভক্ত মহেন্দ্রনাথ মিত্রের জীবনরকা

ভুক্ত মক্ষেত্রনাথ মিত্রের নিবাস নিবাধই দক্তপুকুর, জেলা ২৪ পরগণা।
ভূমি একজন বহুকালের আন্ধা। ইনি বহুকাল ধাবং গোসামী মহাশ্রের

সঙ্গলাভ করিয়াছেন এবং তাঁহারই নিকট দীক্ষামন্ত্র গ্রহণ করিয়া এখন অতিনিষ্ঠাবান ভক্ত হইয়াছেন।

বাব্ জ্ঞানেজনাথ দত্তর নিবাস থৈপাড়া, জেলা হুগলি। ইহার পিতা
৺রাধারক দত্ত একজন ব্রান্ধ ছিলেন তিনি খ্রোস্থানী মহাশরের পরম
বন্ধ। একারণ জ্ঞানেজবাব্ গোস্থানী মহাশরকে জ্যোঠামহাশর বলিয়া
ভাকিতেন। জ্ঞানবাব্ পূর্বে বারবঙ্গের অন্তর্গত লাহেড়িয়া সর্বাইয়ের
ইংরাজি বিভালয়ের হেডমান্তার ছিলেন, এখন মোজাকরপুরে ওকালতী

১২৯৫ সালের প্রথম ভাগে উক্ত জ্ঞানেক্রবাব্র বিবাহ-উপলক্ষে ভক্ত মহেক্রনাথ শ্রীযুক্ত গোসামী মহাশরের সহিত থৈপাড়া গমন করিয়াছিলেন। কলিকাভার বাজার করিয়া ভিনি সমস্ত জিনিষপত্র থৈপাড়ায় পাঠাইয়া দিয়াছিলেন। তাঁহার সমস্ত টাকা ফ্রাইয়া গিয়াছিল, কেবলমাত্র প্রিটি পরসা অবশিষ্ট ছিল।

কলিতির বাজারে মহেন্দ্রবাব্ ক্রমাগত গুরিরা-ফিরিয়া কু্থাত্ঞায় নিতান্ত কাতর হইয়া পড়িরাছিলেন। কোথাও আহারের স্বযোগ না থাকার তিনি ঐ পরসা দ্বারা কিছু হ্য় থরিদ করিয়া থাইবার মনস্থ করিলেন।

তিনি এক দোকানে উপস্থিত হইয়া পাঁচ প্রসার হয় ধরিদ্ধির বার্বার অভিপ্রায় ব্যক্ত করিলে দোকানদার হয় মাপ করিয়া মহেন্দ্র বার্কে দিতে উদ্মত হইল, এমন সময় এক সয়্রাসী মহেন্দ্রবাবুর নিকট উপস্থিত হইয়া "আমি অভিশ্ব ক্ষ্পার্ভ" বলিয়া অর্থবাদ্ধা করিলেন। মহেন্দ্র বার্ ক্ষ্পার্ভ হইলেও সয়্রাসীর প্রার্থনা অগ্রাহ্ম করিলেন না। তিনি আর হয় ধরিদ না করিয়া পয়সা কয়টি ঐ সয়্লাসীর হত্তে সমর্পণ করিলেন এবং ক্ষ্পেপাসায় নিতান্ত কাতর হইয়া থৈপাড়া কিরিয়া আসিলেন।

গোসামী মহাশর কলিকাতার বাজার করার কথা জিজ্ঞাসা করার মহেজ্রবার এই সন্নাসীর বিষয় গোসামী মহাশরকে খুলিরা বলিলেন। তাহাতে গোসামী মহাশর হাঁসিয়া উত্তর করিলেন—

- তথ্য কলেরার বীজু নিহিত ছিলু। তথ্য থাইলে তোমার বিপদ হইত,

 এইজন্ত সাধুটি ভোমার নিকট হইতে পরসা করটিলইরা ভোমার

 তথ্যপান নিবারণ করিয়াছিলেন। সাধুর ভিক্ষার কোন প্রয়ো
 ছিল না।
- মহেন্দ্রবাব্—আপনিই রক্ষাকর্তা। আজ আপনিই আমার প্রাণরক্ষী
 করিয়াছেন। সাধুর দারা আমার ছগ্মপান নিবারণ আপনারই
 কার্যা। এত দয়া না হইলে আমার কি রক্ষা ছিল ?
- গোসামী মহাশয়—ভগবানই রক্ষাকর্তা। তাঁহার ইচ্ছায় বিশ্বসংসার
 চলিতেছে। তিনি রক্ষা না করিলে কাহারও কি রক্ষা করি-বার সাধ্য আছে ?
- মহেন্দ্রবাব্—আজ ভগৰানই যে রক্ষা করিলেন, আমি তাহা বেশ ব্রিতে পারিয়াছি। আপনিই আমার ভগবান। এতদিন রক্ষা করিয়া আসিতেছেন বণিয়াই রক্ষিত হইতেছি। নতুবা এতদিন কোথার ভাসিয়া যাইতাম। আপনি মহারৌরব হইতে আমাকে উদ্ধার করিয়াছেন। আমারও মৃত্যু হুইয়া-ছিল, আপনি নাম প্রেম দিয়া আমার মৃতপ্রাণে জীবনদান করিয়াছেন।

এই সর্যাসী গোসামী মহাশরের সভীর্থ ছিলেন। মহেন্দ্রবাব্র বিপদ দেখিয়া, তিনি মহেন্দ্রবাবৃকে রক্ষা করিবার আ ঐ সর্যাসীকে ইক্লিড় করিয়াছিলেন। সর্যাসী গোসামী মহাশরের ইক্লিডে জ্রুগদে বাবুর নিকট আসিয়া পয়সা কয়টি চাহিয়া লইলেন এবং কৌশলে মহেন্দ্র বাবুর প্রাণ রক্ষা করিলেন।

সদ্গুরু শিথীর প্রতি কথনও উদাসীন থাকেন না। শিয়ের উপর তাঁহার দৃষ্টি সর্বনাই থাকে। তিনি সর্বান শিয়াকে বিপদ হইতে উদ্ধার করেন কিন্তু আবশুক হইলে শিয়ের মঙ্গল-কামনার শিয়াকে বিপদে ফেলিয়া তাহার জীবন গড়িয়া তোলেন। সদ্গুরুর কার্য্যকলাপ বিচিত্র। এ সম্বন্ধে আমার অনেক ঘটনা জানা আছে, সমস্ত লিখিতে গেলে গ্রন্থ ব্যাড়িয়া যায়।

ষষ্ঠ পরিচেছদ নলিনীর মৃচ্ছা

আমার তৃতীয়া কন্তা শ্রীমতী নবনলিনী সাত বংসর বয়ঃক্রমে গোস্থামী
মহাশরের নিকট দীক্ষা প্রাপ্ত হয়। নাম পাইবার পর হইতেই তাহার
অবস্থা বেশ মধুর হইরাছিল। তাহার শরীরে নানা ভাবের উদয় হইত।
নাম করিবার সময় সে সময়ে সময়ে মৃক্তিতা হইরা পড়িত; সংকীর্তনে
উদ্ধ্ নৃত্য করিত এবং সময় সময় এমন আছাড় খাইয়া পড়িত যে বোধ
হইত তাহার শরীরটা যেন চুরমার হইরা গেল। এইজন্ত সংকীর্তনকালে
প্রায়ই তাহার গারের অলক্ষারগুলি খুলিয়া লইতে এবং তাহার শরীররক্ষার জন্ত নিকটে লোক রাখিতে হইত। নিকটন্থ জিনিসপত্রগুলি
তক্ষাৎ করিতে হইত।

ন্ত্রণী জেলার অন্তর্গত ব্যাজড়া নিবাসী ভূতপর্ক সকজজ্ বার্ ক্রেলোক্যনাথ মিত্রের ভ্রাভূপুত্র শ্রীমান অমরনাথ মিত্রের সহিত তাহার বিবাহ হয়। অমরনাথ শাক্ত পরিবারে জন্মগ্রহণ করিলেও নিজে পরম বৈষ্ণব; সেইজন্ত আমি অমরনাথের সহিত নলিনীর বিবাহ দিয়-ি ছিলাম।

নলিনী শশুরবাড়ী গেলে তথার তাহার ঐরপ ভাব ও মৃদ্র্। হইত, তাহার খশুরবাড়ীর লোক তাহার অবস্থা ব্ঝিত না ও বিশ্বাস করিত না। তাহারা মনে করিত এত ছোট মেরের এরপ সাধিকভাব অসম্ভব। ভাহারা ব্যারাম মনে করিয়া ঔষধ সেবন করাইত। নলিনী ব্ঝিত, বে পরিবারে তাহার বিবাহ হইয়াছে তাহারা সদ্গুক্তর মহিমা জ্বানে না; সদ্গুক্তর প্রদন্ত মহামন্ত্রের শক্তির বিষর অবগত নহে, ব্ঝাইলেও ব্ঝিবে না, শ্রতরাং সে তাহাদের নিকট বলিত "এটা আমার ব্যারাম"। নিনিনীর মৃদ্র্যরোগ চারিদিকে প্রচার হইয়া পড়িল, এই কথা আমারও কানে উঠিল। নলিনীর শশুরবাড়ীর লোক ঔষধ দিলে সে ঔষধ থাইত কিছে কোন উপকার হইত না। প্রায়ই ডাক্তার দেখিত কিছ কোন ফল হইড না। ডাক্তারও জানে না এ ব্যারাদের ঔষধ কি; তিনি শিশি শিশি ঔষধ দিতেন।

ত্রীসদবৈত প্রভুর জন্মোৎসব-উপলক্ষে আমার বাসায় প্রতি রুৎসর উৎসব হয়। এই উৎসবের সময় নলিনী প্রায়ই বোলপুরে আসিত। নলিনীর মাথার ব্যারাম, তাহার মৃচ্ছারোগ একথাটা সকলেই শুনিরা-ছেন।

উৎসবের দিন বৈকালে আমি গুনিলাম নলিনীর ব্যারামটা জানাইয়াছে, তাহাকে দেখিতে গেলাম। বাটার ভিতর গিরা দেখিলাম, নলিনী একথানা তক্তাপোসের উপর কর ধরিয়া বসিয়া আছে। তাহার সংজ্ঞানাই, চারিদিকে অনেকগুলি জীলোক বসিয়া রহিয়াছেন। নলিনী ? নলিনী ? বলিয়া ডাকিলাম, কোন উত্তর পাইলাম না। গায়ে হাত দিয়া বারবার ঠেলিলাম, কিন্তু দেখিলাম তাহার সংজ্ঞানাই। তাহার চকু

मैफिल, त्म विमन्ना क्रमांगल बिनाटलाई "हा कुछ, क्रम्नना जित्ना, बीनवत्ना, क्रांश्मिल, त्यांत्मिन त्यांत्मिकाका वाधाकाल नमञ्जल, हित्रावान हित्रावान, हित्रा

নশিনীর এই অবস্থা দেখিরা ব্যারাম বলিরা আমার মনে হইল না।
বাহিরে আদিবামান্ত নানা লোকে নানা ঔষধ বাতলাইতে লাগিলেন।
সেবার অনেকগুলি গুরু-ভাইভয়ী এই উৎসব উপলক্ষে কলিকাতা হইডে
বাসার আসিরাছিলেন। আমি ■ জন অভিজ্ঞ গুরুভয়ীকে ডাকিরা
নশিনীর অবস্থাটা পরীকা করিতে বলিলাম। ভক্তিভারন বাবু উমেশ
উক্ত বহরে জী, অতুলচক্র সিংহের জী ও শ্রীনতী মন্দাকিনী দিদি, আরও
একটী জীলোক নলিনার পাধে গিরা বসিলেন এবং নলিনীর অনুষ্টা
পরীকা করিতে লাগিলেন।

অর্জ্যণটা পরীক্ষার পর আমি তাঁহাদিগকে ব্রিক্তাসা করিলাম— — নিলিমীর অবস্থাটা কিরূপ দেখিতেছেন ?

ব্রীলোকগণ — আমরা ইহার অবস্থা ভারই দেখিতেছি। ইহার বে কোন ব্রারাম, ভাহাত আমাদের বোধ হর না। ইহার ভিতরে নাম চলিতেছে, ধীরে ধীরে প্রাণারাম চলিতেছে, কেমন করিয়া বলিষ্
ইহার ব্যারাম ?

অনস্তর আমি তাঁহাদিগকে সরাইয়া দিয়া ৪ জন জানী ভক্ত রুদ্ধাইকে নলিনীর পরীক্ষা অন্ধরে পাঠাইলাম। ভক্তিভাজন উমেশ বাবু, রেবভীবাবু, অতুলবাবু, মোহিনীবাবু বাটীর ভিতর গ্রিয়া নলিনীর পার্মে বিসিয়া পরীক্ষা করিতে লাগিলেন। বাহিরে অনেকে অনেক রক্ষম সমালোচনা করিতে লাগিলেন; কেহ বলিলেন হিষ্টিরিয়া বাাুরামে রোগীর

নানাপ্রকার অবস্থা প্রকাশ পায়; কেহ বলিলেন হলুদ পোড়াইয়া নাকের কাছে ধরিয়া দেও এখনই চৈভগু হইবে।

তাঁহারা অর্জ্বণটা পরীক্ষার পর ফিরিয়া আসিয়া বলিলেন, "আমরা নিনীর যে অবস্থা দেখিলাম, তাহাতে তাহার ব্যারাম বলিয়া বাধে হয় না। অংমাদের বিশাস যে ইহা প্রবল গুরুশক্তির ক্রিয়া।" আমার মনে বাহা হইরাছিল ইহারা সকলে তাহাই বলিলেন, আমি নিশ্চিম্ভ হইলাম। তিন ঘণ্টা পরে নলিনীর চৈত্ত হইল।

গুরুশক্তি জিনিসটা কি লোকে বুঝে না। ইহার ক্রিয়াকলাপ অতীব বিচিত্র। বাহাদের মধ্যে এই গুরুশক্তি প্রবল হইরা উঠিয়াছে ও বাহারা ইহার কার্য্যকলাপ দেখিতেছে, কেবল তাহারাই ইহা বুঝিতে পারে।

সপ্তম পরিচ্ছেদ নলিনীর নরকদর্শন

একবার নলিনী স্বামীর উপর অভিমানিনী হইয়া বালিকা-বৃদ্ধিবশতঃ

আত্মহত্যা করিবার অভিপ্রায়ে হাবড়া মোকামে আফিং ধার। রাত্রি ৮
বাটকার সময় নলিনী স্বামীকে আহার করাইয়া আফিং ধাইয়া ভাহার
পার্থে শয়ন করে। অমরনাথ জানিত না বে নলিনী আফিং ধাইয়াছে ব
প্রাতঃকালে অমর নাথ দেখিল নলিনী অচৈতন্ত, অনেক ঠেলাঠেলির পর
ভাহার একবার চৈতন্ত হইল। অমরনাথ জিল্ঞাসা করিল,
—তোমার এ অবস্থা কেন ? কি হইঝাছে, কি করিয়াছ বল।
নিলিনী—আমি আফিং ধাইয়াছি, এখন বাহা করিবার ভাহা কর।
সমরনাথ—কেন আফিং ধাইয়াছ ?

নলিনী অটেতন্ত, তাহার আর সংজ্ঞা নাই! কে আর উত্তর দিবে ? হাবড়া জারগা পুলিশ রাস্তার রাস্তার ফিরিতেছে; এই ঘটনা টের পাইলে আবার পুলিশের হাঙ্গামা উপস্থিত হইবে; মহা বিপদ দেখিরা অমরনাথ ধৈর্য্যহকারে নলিনীকে উঠাইয়া বসাইল, পৃঠে একটা বালিশ দিল, তুইজন লোক নলিনীকে ধরিয়া থাকিল।

নলিনীর এক একবার চেতনা হয়, আবার পরক্ষণেই অচেতন হইয়া পড়ে। নলিনী অর্দ্ধবাহ্য অবস্থায় দেখিতেছে, কডকগুলা লোকের গলা কাটা, কাহারও মুগুটা বুকের দিকে, কাহারও মুগুটা পিটের দিকে ঝুলিয়া পড়িয়াছে, শরীর বহিয়া রক্তধারা প্রবাহিত হইতেছে, এই অবস্থার লোক-গুলা দৌড়িয়া যাইতেছে আর আছাড় থাইয়া পড়িতেছে। কতকগুলা লোক ভূমিতে পড়িয়া ছট্ফট্ করিতেছে; শক্নি ও গৃধিনীগণ তাহাদের জীবস্ত অবস্থায় নাড়ীভূঁড়ী ছিঁড়িয়া বাহির করিয়া খাইতেছে; 🗯 হারও চকু উপাড়িয়া লইভেছে, কাহারও হাত পারের মাংস ছিঁড়িয়া থাইভেছে। কোন কোন স্থানে বিষ্ঠাপূর্ণ বড় বড় কুণ্ডে কতকগুলা লোককে ভীষৰ দর্শন ধম দূতগণ পুনঃপুনঃ ডুবাইতেছে আর তুলিতেছে; তুর্গদ্ধে প্রাণাস্ত হইতেছে! কোন কোন লোককে বড় বড় অস্কুশ দ্বারা ধ্মদূত্রণ প্রহার করিতেছে আর ভাহারা চীৎকার করিতেছে; ভাহাদের শরীর ক্ষতবিক্ষত হইতেছে! কোন কোন স্থানে জলস্ত অগ্নিকুণ্ডে মানুষগণকে ষমদুতেরা নিকেপ করিতেছে, তাহারা অগ্নি মধ্যে ছট্ফট্ করিতেছে, আর বিষম তুৰ্গন্ধ বাহির হইতেছে! কোথাও কটাহ মধ্যে তপ্ত তৈলে জীবস্ত মানুষকে যমদূতগণ নিক্ষেপ করিতেছে! এই প্রকার বিবিধ ভয়াবহ দুখা দেখিয়া নলিনীর হৃদকম্প উপস্থিত হইল। এই অবস্থায় নলিনী দেখিল-স্মৃত্য গোসাঁই। তাঁহার হন্তে দও কমপুলু, মস্তকে জ্বটা, পরিধানে গৈরিক কৌপীন ও বহিৰ্বসন 🛌 তিনি বলিলেন—

—নলিনী, অপরাধীর কি শাস্তি তাহা দেখিতেছ ? আমি আছি, ভীয় নাই তুমি মরিবে না।

নলিনী গুরুকে সমুথে দেখিয়া ও গুরুর আখাস বাণী শুনিয়া প্রাণে একটা সাহস পাইল, ইষ্টদেবকে ভক্তিপূর্বক প্রণাম করিয়া বলিল,

--প্রভূ, এ দৃশ্য সংবরণ করুন, আমি আর দেখিতে পারিতেছি না, আমার কাঁপুনি ধরিরাছে। স্বামীকে বলিল, আমার চিকিৎসা করাও। এই বলিয়া নলিনী অটেচতন্ত হইরা পড়িল তাহার সংজ্ঞা লোপ হইল।

এই দারণ বিপদকালে অসরনাথ থৈগ্যসহকারে বটরুষ্ণ পালের দোকান হইতে ব্যনকারী ঔষধ আনাইল। নলিনীকে ঐ ঔষধ আর গরম গরম চা পান করাইতে লাগিল। চা ও ঔষধ খাইবামাত্র বিদি হইতে লাগিল, এইরূপ পুনঃপুনঃ ব্যার পর তিনদিন পরে নলিনী হস্থ হইল। এখন নলিনী স্বামীর কাছেই আছে।

নলিনী আত্মহত্যারূপ অপরাধ করিতেছিল, গোস্বামী মহাশয় তাহাকে বৃক্ষা করিলেন ও নরকের দৃশ্র দেখাইয়া ভয়প্রদর্শন করিলেন। তাঁহার বলা হইল, সাবধান এমন কাজ কথনও করিও না, অপরাধ করিলে কাহারও নিস্তার নাই। অপরাধীর ভয়স্কর শান্তি। এই দৃশ্র দেখাইয়া তিনি নলিনীকে বিলক্ষণ শাসন করিলেন।

অফ্টম পরিচেছদ

ডাক্তার হরকান্তবাবুর দীকা 🚆

বাবু হরকান্ত বন্যোপাধ্যায় আপন মাতৃলালয় ফরিদপুর জেলার অন্তর্গত লোনসিংহ গ্রামে ১৮৪৯ খৃষ্টাব্দে ব্দন্মগ্রহণ করেন। ইহার পিতার নাম কমলাকান্ত বন্যোপাথাার, পিতামহের নাম রাজচক্র বন্যোপাথাার ইহার নিবাস ফরিদপুর জেলার অন্তর্গত রাধামোহন মাইজ পাড়া গ্রাম। ইনি বিক্রমপুরের অন্তর্গত পশ্চিম পাড়ার বিবাহ করিয়া তথার বসবাস করেন। ইহারা শক্তি মন্ত্রের উপাসক, পরম নিষ্ঠাবান হিন্দু। পূর্বের ইহাদের অনেক শিয়া ছিল। কমলাকান্ত বন্যোপাথ্যার মোক্তারী করার সেই অবধি মন্ত্র প্রদান বন্ধ হইরা

হরকান্তবাব্ শ্রবিখ্যাত কে, জি শুপু, পি, কে রার প্রভৃতির সহাধাারী।
শ্রবিখ্যাত নিশিকান্ত চট্টোপাধ্যার ও তাঁহার ল্রাতা নবকান্ত চট্টোপাধ্যারের
সংসর্গে ব্রাহ্মধর্মের প্রতি ইহার অনুরাগ জন্মে। কলিকাতা মেডিকেল
কলেজে পড়িবার সময় কেশববাব্র সহিত ইহার পরিচয় হয় এবং প্রকাশ্তভাবে ব্রাহ্মসমাজে যোগ দিতে থাকেন। ইনি অত্যন্ত চরিত্রবান ও ধর্মপিগান্ত ব্রাহ্ম ছিলেন।

হরকান্তবাবু অনেক দিন ফৈজাবাদের এসিষ্টাণ্ট্ সর্জন (সরকারী ডাজার) ছিলেন। ইঁহার নিকট কামিনী ও কাঞ্চনঘটিত অনেক প্রলোভন উপস্থিত হইয়াছিল, কিন্তু কিছুতেই ইনি বিচলিত হন নাই।

হরকাস্তবার একবার বারদীর ব্রশ্নচারী মহাশয়ের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। তাহাতে তিনি হরকাস্তবার্কে বলিয়াছিলেন—"আজ তুমি আমার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছ, এর পর কত লোক তোমার সহিত সাক্ষাৎ করিতে তোমার নিকট ষাইবেন"।

ফৈলাবাদে অবস্থিতিকালে হরকাস্তবাব্ মাথে মাথে সর্যূতীরবাসী স্থাসা বাবার সহিত সাক্ষাৎ করিতে ষাইতেন। স্থাসা বাবা বড়ই প্রভা-বান্থিত সাধু ছিলেন। তিনি একটি নির্জ্জন বৃক্ষলতাহীন টিলার উপরে থাকিতেন। স্থাসা বাবা যেস্থানে থাকিতেন তাহা একবার গোরাদের টাদমারীর স্থানরূপে নির্দিষ্ট হয়। গোরাগণ তথার উপস্থিত হইয়া স্থাঙ্গা বাবাকে বলেন—

—এ সাধু হিঁয়াসে ভাগো; হিঁয়া চাঁদমারী হোগা।

য়াঁশবাবা—নেহি, হিঁয়া হামরা আসন হায়; হাম আসন নেহি ছোড়েগা।
গোরাগণ—হিঁয়া বন্দুক ছোড়নে হোগা, গুলি লাগ্নেছে ময় হাগা।
য়াঁশবাবা—কোন্ মারেগা
ংগা মারেগা ওহি হাম্কো আসন দিয়া।
তোমারা বাৎসে হাম আসন ছোড়েগা
হাম কভি আসন
ছোড়েগা নেহি।

গোরাগণ বেগতিক দেখিরা ও সাধুকে নির্কোধ মনে করিয়া তাঁহার হাতে ধবিয়া স্থানান্তরিত করিয়া দিল। কিন্তু হাত ছাড়িবামাত্র তিনি প্নরার অস্থানে আসিয়া বসিলেন। বারম্বার এইরূপ করিতে থাকায় গোরমগণ কাপ্ডেন সাহেবকে সংবাদ দিল। কাপ্ডেন সাহেব আনেক বুঝাইলেন। কিন্তু স্থালা বাবা কাহারও কথা শুনিলেন না। সাহেব বিরক্ত হইয়া বন্দুক ছুড়িয়া লক্ষ্য ভেদ করিবার আদেশ দিয়া চলিয়া গেলেন। স্থালা বাবার ব্যবহারে গোরাগণ বড়ই বিরক্ত হইয়াছিল। তাহারা তাঁহাকে লক্ষ্য করিয়া প্নংপ্নং শুলি ছুড়িতে লাগিল। স্থালা বাবা কেবল বাম হত্ত তুলিয়া গুলি রোধ করিতে লাগিলেন। আন্চর্বের বিষয় একটা গুলিও স্থালা বাবাকে স্পর্ণ করিল না। স্থালা বাবার প্রভাব দেখিয়া গোরোগণ অবাক হইয়া গেল; তাহারা কাপ্ডেন সাহেবকে এই কথা জানাইল। কাপ্ডেন সাহেব অস্থত্র চাদমারীর স্থান ঠিক করিয়া দিলেন।

অতিথি উপস্থিত হইলে স্থাপা বাবা তাঁহার লোককে বলিতেন "ষাও লব্যু মারীকা পাদ ঘিউ, আটা, করজ করকে লাও"। তাঁহার লোক লব্যু মারীকে স্থাপাবাবার প্রার্থনা জানাইয়া কলদী করিয়া সর্যুর জল ও বস্তা ভরিষা সর্যুর বালি আনমন করিত, কিন্তু ক্রাঙ্গাবারার নিকট
পৌছিবামাত্র কলসী স্বতপূর্ণ
বস্তা আটাপূর্ণ আকি প্রকাশ পাইত;
তাহাতেই অতিথিসেবা হইত। আবার কথন কোন বড়লোক সাধু
সেবার জন্ম যি, ময়দা পাঠাইয়া দিলে ক্রাঞ্গাবারা সর্যু মায়ীর দেনা শোধ
করিতে বলিতেন। স্বত জলে ঢালিয়া দেওয়া হইত, আর ময়দা চয়ে
বালিয় মধ্যে ছড়াইয়া দেওয়া হইত।

আপনারা মাণিকতলার মায়ের কথা শুনিরাছেন। ইনি প্রারই মাঝে নাঝে কজান হইতেন, কিছুতেই সংজ্ঞা লাভ হইত না। কেবল হরিনাম শুনিলেই চৈতত্ত হইত। ইহার পেটে কিছুই থাকিত না। বাহা আহার করিতেন, তংক্ষণাৎ তাহা বমি হইরা বাইত। এক গপুর আ থাইলেও বমি হইরা বাইত। অক গপুর আ থাইলেও বমি হইরা বাইত। স্থামী ডাব্ডার ছিলেন। অনুক চিকিৎসা করাইরা ছিলেন। কিছুতেই রোগ ভাল হর নাই। স্প্রসিদ্ধ ডাব্ডার মহেক্সমাথ সরকার অনেক দিন ইহার চিকিৎসা করিয়া কিছুই করিতে পারেন নাই। একদিন ভব্তিভাজন রামক্তম্ব পরমহংস মহাশরের নিকট এই কথা উঠিলে তিনি ডাব্ডার সরকারকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন "ইহার বারোম ধরিতে পারিয়াছ? এ রোগ তোমাদের শাস্ত্রের বাহিরে"।

গোস্থামী মহাশর একবার সশিয়ে মাণিকতলার মাকে লইরা হরকান্তবাবুর বাসায় ফৈজাবাদে উপস্থিত হইরাছিলেন। স্তাঙ্গাবাধার সহিত সাক্ষাৎ করিবার জন্ত হরকান্তবাবু ইহাদিগকে তাঁহার নিকট লইরা বান। মাতাজীর স্বামী মাতাজীর ব্যারামের কথা বলিলে স্তাঙ্গাবাধা একটা আলু মন্তপুত করিয়া তাঁহাকে থাহতে দেন। মাতাজী ভর পাইয়া ঐ আলুটি ফেলিয়া দেন। পরে আবার কি মনে করিয়া আলুটি কুড়াইয়া আনিয়া থাইয়া ফেলেন। এবার আলুটি কিন্তু বিম হইল না। সাঞ্গাবাবা তৃঃথ করিয়া বলিলেন; এ আলুটি কিছুকাল পরে বিম হইয়া ঘাইবে,

ধদি গোড়ার বিশাস করিয়া থাইতেন তাহা হইলে বমি হইত না। ফলে উঁহারা বাসায় ফিরিক্সি আসিলে আলুটি বমি হইয়া গেল।

সন্ধ্যা সমাগ্রমে সকলে বাসায় ফিরিলেন। কিন্তু গোস্বামী মহাশ্রম ন্তাঙ্গাবাবার নিকট রাত্রিবাপন করিতে মনস্থ করিলেন। তিনি এবং আর তিনটি লোক তথার থাকিলেন। স্তাঙ্গাবাবা বলিলেন, নিকটে থাকা হইবে না একারণ গোস্বামী মহাশয় ও অপর ভিনল্পন লোক কিছু দুরে গিয়া রহিলেন। ইঁহাদের সহিত বিছানা ছিল না, রাত্রিকাল, বিষম শীত, তুইথানি চ্যাটার উপর ইঁহারা বসিয়া পর পর করিয়া কাঁপিতে লাগিলেন। ইতি মধ্যে স্থাকাবাবার ধুনি জলিল। ভাকাবাবার ধুনি জ্লিবামাত্র সমস্ত শীত দূর হইল। ইহায়া আপনাদের গাত্রবন্ত্র গায়ে রাখিতে পারিলেন না; খুলিয়া ফেলিতে হইল। বাবার প্রভাব দেখিয়া গোস্থামী মহাশর অবাক হইয়া গেলেন। পরদিন গোস্থামী মহাশর হরকান্তবাব্র নিকট বলিয়া ছিলেন, "উ: সাধ্র কি তপোবল ? রাত্রিতে হরপার্কতী ইহার নিকট আসিয়াছিলেন। কিন্তু ইহার এই প্রভাব থাকিবে না, কারণ ইনি ঐশর্য্যের পরিচয় দিভেছেন" ৮ প্রাক্তত প্রস্তাবে তাহাই ঘটিয়াছিল, হরকাস্থবাবুকে ক্রাঙ্গাবাবা কিছুদিন পরে বলিয়াছিলেন, "ডাক্তার বাবু আমার সর্বনাশ হইয়া গিয়াছে"। এ**ই স্থাকা** বাবার প্রতি হরকান্তবাবুর প্রগাঢ় ভক্তি থাকা স্বত্বেও তিনি তাঁহার শিশুত্ব গ্ৰহণ করেন নাই।

হরকান্তবাব্র তিনটি সহোদর আছেন। বিতীরের নাম বরদা কান্ত বন্দ্যোপাধ্যার ইনি গোস্থামী মহাশরের সমাধির জনৈক টান্টা। তৃতীর সারদাকান্ত বন্দ্যোপাধ্যার বি, এ, ইনি ঐ সমাধির সেবাইত। কনিঠ কুলদাকান্ত বন্দ্যোপাধ্যার (বন্ধচারী) ইনি অনেক শিক্ষা করিয়া-ছেন। ইহারা সকলেই গোস্থামী মহাশরের শিশ্য। হরকান্তবার্ নীতিপরায়ণ চরিত্রবান লোক ছিলেন বটে, কিন্তু ব্রাশ্ব-সমাজের শিক্ষায় শাস্ত্র বা দেবতার প্রতি তাঁহার শিক্ষাভক্তি ছিল না। সদাহারের প্রতি তাঁহার লক্ষ্য ছিল না। তিনি জাতিভেদ মানিতেন না; মুসলমান বাবুরচীর রামা, অথান্ত মাংসাদি আহার করিতেন। বন্ধবান্তব লইয়া মাঝে মাঝে এই সব থাওয়া হইত।

একদিন বেলা ১টার সময় হংকাস্তবাবু কৈজবাদে আপন বৈঠকখানায় চেরারের উপর বিসিয়া আছেন, সম্মুখে একটা টেবিল। তিনি দেখিলেন একটা বৃহৎ মৎস্ত বৈঠকখানার ভিতর দেওয়ালের ধারে ধারে ধারে পেলা করিয়া বেড়াইতেছে। মাছ ধেমন জলে থেলিয়া বেড়ায় এই নাছটা ঠিক সেইয়প বৈঠকখানার মধ্যে চারিদিকে খেলা করিয়া বেড়াইতেছে। হয়কাস্তবাবু অনেকক্ষণ ধরিয়া এই দৃশুটা দেখিতে লাগিলেন। তিনি অতীব আশ্রুষ্য ভাবিতে লাগিলেন—একি ? অনেকক্ষণ পরে মৎস্তটা অদৃশ্য হইয়া ভাবিতে লাগিলেন—একি ? অনেকক্ষণ পরে মৎস্তটা অদৃশ্য হইয়া গেল। গোস্বামী মহাশয় সেই সময় শ্রীর্কাবনের পথে হরকাস্তবাবুর সহিত দেখা করিবার জন্ত ফৈজাবাদে উপস্থিত হইয়াছিলেন। হরকাস্তবাবুর সহিত দেখা করিবার জন্ত ফেজাবাদে উপস্থিত হইয়াছিলেন। হরকাস্তবাবু গোস্বামী মহাশয়কে জিজ্ঞাসা করিলেন,

— মহাশার আজ এক অন্তুত দৃশু দেখিলাম। গোগাই— কি দেখিলেন ?

হরকান্তবাব্—অন্য বেলা একটার সমর আমি বৈঠকথানার বসিরা আছি, এমন সময় দেখিলাম, একটা বৃহৎ মংশু বৈঠকথানার ভিতর চারিদিকে থেলা করিয়া বেড়াইতেছে।

গোসাঁই—তুমি ভাগাবান, ভগবান কুপা করিয়া তোমাকে আজ তাঁহার মংস্থাবতারের রূপ দেখাইলেন!

এই সময় হইতে হরকান্তবাব্র চিন্তার ম্রোভ হিন্দুয়ানির প্রক্তি ধাবিত হইল। প্রাতা কুলদাকান্ত বন্যোপাধ্যায়ের প্রয়েচনায় ১২৯৮ সালের ২৮শে অগ্রহারণ রবিবার শুভ একাদশী তিথিতে কলিকাতা প্রামবাজারের বাটিতে হরকান্তবার্ জাৈসামী মহাশয়ের নিকট দীক্ষা গ্রহণ করিলেন।

নবম পরিচেছদ

শালগ্রামের স্বপ্নাদেশ

ইরকান্তবাব কৈজাবাদে আপন বাসায় একদিন স্বপ্ন দেখিলেন, একটি
কুদ্র শালগ্রাম শিলা মুখবাদন করিয়া হরকান্তবাব্কে বলিতেছেন "তুই আমার সেবা কর্না" নিদ্রাভঙ্গের পর হরকান্তবাব আপন সহধর্মিণীকে বলিলেন,

—আজ একটা মজার স্বপ্ন দেখিলাম। সহধর্মিণী—কি স্বপ্ন ?

হরকান্তবাব্য একটা ক্ষুদ্র শালগ্রাম শিলা মুখব্যাদন করিয়া বলিভেছেন,
"আমার সেবা কর্না"। ঐ প্রকার স্বপ্ন দেখিলাম ?

সহধর্মিণী—তুমি আক্ষণের ছেলে, শালগ্রাম শিলার সেবা করাই তোমার ধর্ম। তুমি যে শালগ্রামের পূজা কর না, ইহাই ভোমার পক্ষে গহিত। তুমি অনাচার পরিত্যাগ কর, ষথার্থ ব্রান্ধণোচিত কাজ কর, শালগ্রামের সেবা করিতে আরম্ভ কর।

এই ঘটনার সপ্তাহকাল পরে হরকান্তবাব আপন বৈঠকখানার বসিরা আছেন, এমন সময় দেখিলেন একজন বৈষ্ণব একটি কুদ্র শালগ্রাম শিলা (বেরপ স্বপ্নে দেখিয়াছেন) সিংহাসনসহ লইয়া যাইতেছে। হরকান্তবাবু পথিককে জিজ্ঞাসা করিলেন,

--এই শালগ্রাম শিলা কোথার লইরা বাইতেছেন ?

সদ্গুরু ও সাধনতত্ত্ব

ধৈষ্ণৰ—আমার সেবা করিবার লোক নাই, ভজ্জন্ত আথড়ার দিতে যাইতেছি।

হরকান্তবাব্—আমাকে দিতে পারেন ?

বৈঞ্চব--- লউন না ।

হরকাস্কবাব্—কত টাকা লইবেন 🥍

বৈশ্বব—টাকা আর কি লইব ? আমিত আখড়ার দিতে বাইভেছি, আপনি
যদি দেবা করেন, ভবে লউন, আপনাকে কিছুই দিতে হইবে মা।
এই বলিরা বৈশ্বৰ সিংহাসন সহ শালগ্রাম শিলা হরস্বাস্তবাব্র হত্তে
দিলেন। হরকান্তবাব্ ঐ শালগ্রাম শিলা আপন বৈঠকথানার কোলদার
রাখিয়া দিলেন। স্ত্রীকে সমন্ত কথা বলিলেন, তাঁহার স্ত্রী শুনিয়া বর্ডই
সম্ভেই হইলেন। তিনি বলিলেন, এইবার ভক্তিপূর্মক শালগ্রামের পূজা
করিতে থাকুন।

হরকান্তবাব্ সানের পর প্রতিদিন কেবল একটি তুলদীপত্ন শালগ্রাম
শিলার উপর দিতেন। ইহা ব্যতিরেকে তাঁহার আর কোন প্রার
উপকরণ বা মন্ত্রাদি ছিল না। অনত্যাস বশতঃ কোন কোন দিন তুশসী
পত্র দিতে ভূলিরা ঘাইতেন। কোন দিন আহারের পরে মনে পড়িত,
যে শালগ্রামের প্রা হয় নাই। তথন একটি তুলসীপত্র শালগ্রামের
উপর দিতেন। আহারের পর কোন দিন ডাক্তারখানার যাইবার
(পারাক পরিতেছেন এমন সময় মনে পড়িল শালগ্রামের সেবা হয় নাই।
তৎক্রণাৎ চাকরকে হকুম দিবেন একটা তুলসী পাত লইয়া আয়।
আল তুলসীপাত হাতে দিলে হরকান্তবাব্ এক হাতে পেন্টুলেনটা ধরিয়া
কোলঙ্গার কাছে গিয়া তুলসীপাতটা শালগ্রামের উপর দিয়া আসিতেন।
তারপর তুই হাতে পেন্টুলেনের বোভাম লাগাইতেন। কিছুদিন এই
ভাবেই শালগ্রামের পূজা চলিতে লাগিল।

হরকান্তবাবু আর একদিন স্বপ্ন দেখিলেন শালগ্রাম বলিতেছেন, "ভারি । পূজা! কোন দিন একপাতা তুলসী জোটে, কোন দিন ভাও জোটে না। একখানা বাতাসাও কি দিতে নাই ?

হরকান্তবাবু স্বপ্ন দেখিয়া নিদ্রিতা স্ত্রীকে জাগাইরা বলিলেন —আজ আবার শালগ্রাম স্বপ্ন দিয়াছেন।

্ব্ৰী—আজ কি স্বপ্ন দেখিলেন ?

হরকান্তবাব্—শালগ্রাম বলিতেছেন "ভারি ত পূজা! কোন দিন এক পাত তুলসী জোটে কোন দিন তাও জোটে না; একথানা বাতাসাও কি দিভে নাই" ?

নী—শালগ্রাম ত ঠিক কথাই বলিয়াছেন, যথন শালগ্রামের সেবা করিতে হর প্রারম্ভ করিয়াছেন, তখন কি এমনি করিয়া সেবা করিতে হর প্রাপনি ব্রাহ্মণের ছেলে বরস হইরাছে—রীতিমত শালগ্রামের পূজা করুন, ঠাকুরকে ভোগ না দিয়া কি উপবাস রাখিতে আছে।

ন্ত্রীর কথা গুনিয়া হরকান্ত বাবু চাকরকে ছকুম দিলেন "এক সের ছোট ছোট বাতাসা কিনিয়া আন্"। চাকর বাতসা কিনিয়া আনিয়া হরকান্তবাবুর হাতে দিল। শালগ্রাম যে কোলসায় থাকিত তাহার পাখে আর একটা কোললা ছিল। হরকান্তবাবু সেই কোলসায় বাতাসাগুলি রাখিয়া দিলেন। প্রত্যহ পূজার সময় শালগ্রামকে একএকখানি বাতসা দিতে লাগিলেন।

হরকান্তবাবু এখন হিন্দু হইয়াছেন। তাঁহার আর কলাহার অনাচার নাই। বাসার অনেকটা সদাচার প্রতিষ্টিত হইয়াছে। পূর্কে হরকান্ত বাবুর বাসায় আবে মাঝে ভোজ হইত, মুসলমান বাবুরচি দারা মাংসাদি রায়া হইত। বন্ধবানবের সহিত হরকান্তবাবু আমোদ-আফ্লাদে আহার করিতেন। এখন তাহা বন্ধ হইয়াছে; কিন্তু বন্ধুগণ ছাড়িবার পাত্র নহেন। তাঁহারা ভোজের জন্ত জিদ করিতে লাগিলেন। হরকাস্তবাব্ কি করিবেন ভোজ না দিলেই নয়; কাজে কাজেই এবার নিরামিষ ভোজের ব্যবস্থা হইল। লুটী, কচুরী, মালপোয়া, নানাপ্রকার সন্দেশ, লাড়, ডাল তরকারী ইত্যাদি আন্ধাণের দ্বারা পাক হইল। সকলে মিলিয়া পরমানন্দে ভোজন করিলেন। এই ভোজের দিন রাত্রে হরকান্তবাব্ আবার স্বপু দেখিলেন। নিদ্রা ভঙ্গের পর স্ত্রীকে জাগাইয়া তিনি বলিতে লাগিলেন,

— বামিনীর মা, শালগ্রাম আজ আমার স্পন্ দিয়াছেন। বামিনীর মা— কি স্থপন দিয়াছেন ?

হরকান্তবাব্—শালগ্রাম অভিমান করিয়া বলিলেন "বাসায় ভোজ হইল। লুচী, কচুমী, সন্দেশ মিঠাই কত কি তৈয়ার হইল; নিজে থেলেন, স্ত্রী থেলেন, বাসার লোকজন, বন্ধু, বান্ধব, চাকর, বাকর সকলে থেলেন, আমার জন্ম একথানা জুটিল না" ? শালগ্রাম যেন দীর্ঘ নিঃখাস ফেলিলেন।

ধামিনীর মা—বড়ই কুকাজ হইয়াছে। বাসায় ঠাকুর রহিয়াছেন; ঠাকুরের ভোগ না দিয়া কি থাইতে আছে? এমন কাজ আর কথনও করিও না।

দিন করেক পরে হরকান্তবাবুর ভাগিনা দেশ হইতে আদিলেন। এইবার হরকান্তবাবু নিষ্কৃতি পাইলেন। তিনি আপনার ভাগিনার উপর শালগ্রামের পূকার ভার দিলেন। ভাগিনা হিন্দু, তিনি পূজার মন্ত্রাদি জানেন। তিনি শালগ্রামের সেবা পূজা করিতে লাগিলেন।

এই সময় হরকাস্তবাবুর বন্ধুবান্ধবের অন্ধুরোধে আবার খাসায় ভোজ হ**ইল।** দেশ হইতে আত্মীয়স্তলন আসিয়াছে, এবার ভোজের মাত্রাটা কিছু বেশী হইল। আহারাদির পর হরকান্তবাবু নিদ্রা বাইতেছেন, এমন সময় তিনি স্বপ্ন দেখিয়া স্ত্রীকে জাগাইয়া বলিলেন,

—যামিনীর মা, আজ আবার শালগ্রাম স্বপ্ন দিরাছেন। বামিনীর মা—আজ আবার কি স্বপ্ন দেখিলেন ?

হরকান্তবাব্—শালগ্রাম বলিলেন, "আহা বেমন মামা, তেমনি ভাগনে, গুইই সমান। নিজে খেলেন, বাসার গুটীগুদ্ধ লোক থেলেন, বন্ধান্তব চাকরবাকর স্বাই খেলেন, আমার জন্ত একধানা ভূটিল না।

যামিনীর মা—কাজটা বড়ই অন্তায় হইয়াছে, বাস্তবিকই আমাদের অত্যস্ত অপরাধ হইতেছে, খরে ঠাকুর থাকিতে তাঁহাকে না দিয়া কি থাইতে আছে ? বাহা হউক ভবিশ্বতে এমন কাজ বাহাতে না হয় তৎপ্রতি দৃষ্টি রাখিতে হইবে।

শালগ্রামের উৎপাতে হরকান্তবাবুর ক্রেমশঃ হিন্দুরানীর দিকে অধিক বোঁক পড়িতে লাগিল, তাঁহার অন্তরে ভক্তি ও বৈরাগ্য বন্ধিত হইতে লাগিল। তিনি সাধনভজনে অধিকতর মনোবোগী হইলেন এবং অন্তি ব্যের সহিত্যালগ্রামের সেবা পূজা করিতে লাগিলেন।

দশম পরিচেছদ প্রেতের উপদ্রব

ফেলাবাদের হস্পিট্যালের তার হরকাস্তবাবুর উপর ছিল; তিনি প্রতাহই হাঁসপাতালে রোণী দেখিতে বাইতেন। একদিন একটি রোণী আসিল। তাহার প্লীহা বক্ত ■ পেটের অস্থ। হরকাস্তবাব্ তাহাকে হাঁসপাতালে ভর্তি করিয়া লইলেন এবং চিকিৎসা ও পথ্যের স্বন্দোক্ত করিয়া দিলেন। রোগী ষে ষরে থাকিল ঐ বরে ছরটি রোগী থাকিতে পারে। চারি কোণে ৪টী ও দেওয়ালের ধারে মাঝে হইটী। প্রত্যেকের জন্ম তব্জাপোষ বালিশ বিছানা ও বিছানার চাদরের বন্দোবস্ত আছে! ধরের মাঝের হইটী বিছানার মধ্যে একটি বিছানার এই রোগীটীর থাকি-বার বন্দোবস্ত হইল।

পরদিন হরকান্তবাবু হাঁসপাতাল দেখিতে আসিলে রোগীটী বলিল, —হাম হিঁয়া নেহি রহেগা।

হরকান্তবাবু-কাহে ?

রোগী—হিঁরা রহেনেছে হাম্মর্ ধাগা।

হরকাস্তবাব্—তোম পনের দিন রহ সব ভাল হো যাগা। হিঁয়া নেহি বছেনেছে তোম মর্যাগা। তোম্রা কুচ তকলিফ হোতা ?

রোগী চুপ করিয়া থাকিল। হরকান্তবাবু চাকর ব্রাহ্মণ ও কম্পাউ-গুরুকে বলিয়া দিলেন, এই রোগীটীর যেন কোন কন্ত না হর। প্রদিন রোগীর আ্বার সেই কথা। রোগী হাঁসপাতালে থাকিছে চার না।

বি ঘরের কোণে একটা রোগী ছিল, সে অনেকটা ভাল হইরাছে;

হরকাস্তবাবু ভাবিলেন, এই রোগীটী নৃতন লোক, এর মন উল্লেন হইরাছে।

একারণ কোণের রোগীর নিকট আর একটা বিছানার এই রোগীটির

থাকিবার বন্দোবস্ত করিয়া দিলেন এবং কোণের রোগীটিকে বলিলেন, তুমি

ইহাকে বত্ব করিও। এই দিন হইতে এই রোগীটি ক্ষমন্দে হাঁসপাভাবে

থাকিবা।

৪।৫ দিন পর আর একটি রোগী হাঁসপাতালে আসিল, তাহার রক্তামশার ব্যারাম। পূর্কের রোগীটী যে বিছানার ছিল, হরকাস্তবাব সেই
বিছানার ইহার থাকিবার বন্দোবস্ত করিয়া দিলেন। পরদিন হরকাস্ত বাবু হাঁসপাতাল দেখিতে আসিলে এই রোগীটী বলিল, —হাম হিঁদ্ধা নেহি বহেগা। হরকান্তবাব্—কাহে ? বোগী—হাম্মর যাগা।

· হরকাস্তবাবৃ—ঘাবড়াও মৎ, ১৫ দিন রহেনেছে তোম ভাল হো যাগা।

এই বলিয়া হরকান্তবাবু রোগীটিকে নানা কথার তুই করিলেন এবং কম্পাউণ্ডার, ব্রাহ্মণ ও চাকরকে যত্ন করিবার জন্ত বিশেষভাবে বলিয়া দিলেন। পরদিন হাসপাতাল দেখিতে আসিলে রোগী আবার ঐ কথাই বলিল; হরকান্তবাবু তাহাকে অনেক উৎসাহ দিলেন। তিনি বলিলেন, তোমার কোন কট্ট হইবৈ না, এণ দিন থাকিলেই ব্যায়াম অনেকটা সারিয়া যাইবে; তুমি শুহু হইবে। এইরূপ কথাবার্ত্তার পর তিনি বাসার চলিয়া গেলেন।

পরদিন হরকান্তবাবু হাঁসপাতালে আসিবার পুর্বেই রোগী হাঁসপাতাল হইতে পলাইরা গেল। হরকান্তবাবু এই সংবাদ পাইরা তাহাকে ধরিরা আনিলেন এবং ধুমক দিয়া বলিলেন, এইরপ করিলে নিশ্চর্ই তোমার বিপদ ঘটিবে। রোগী দাঁড়াইরা কান্দিতে লাগিল। আর বলিতে লাগিল—ইিমা রহেনেছে হাম মর থাগা। হরকান্তবাবু সকলকে জিক্সাসা করিলেন, লোকটা এ কথা কেন বলে। পূর্বের রোগীটা মুখ টিপিরা টিপিরা হাসিতে লাগিল। হরকান্তবাবু ঐ রোগীকে হাসিতে দেখিরা জিপ্সাসা করিলেন,

— কি হয়েছে বল। লোকটা এমন করিতেছে কেন ?
পূর্বে রোগী—বাবু ঐ লোকটাকেই জিজ্ঞাসা করুন, ঐ লোকটাই বলিবে,
আমাকে কোন কথা বলিতে হইবে না।

হরকান্তবাব্—হারে কি হয়েছে, বল্ দেখি; কোন ভয় নাই, সত্য কথা বল্। রোগী—রাত্রি একটার সমর সমুথের ঐ গাছটা হইতে একটা ভূত নামিরা আসিরা আমাকে বলে "ভূই আমার বিছানার শুইরাছিস্ তোর খাড় ভাঙ্গিরা ফেলিব"। প্রভ্যাহ আমাকে ভার দেখার, আমি এথানে থাকিলে ভূতটা আমাকে মারিরা ফেলিবে।

হরকান্তবাব্—ভূতটা কেমন গ

রোগী—বিকট আরুতি, মাথাটা উণ্টা দিকে বসান, অর্থাৎ পিটের দিকে
মুখ। পা ছইখানা উণ্টা দিকে দিকে ফিরান।

তথন পূর্বের রোগীটা বলিল—"আমিও ঐ জন্প ঐ বিছানার থাকিতে পারি নাই, আমাকেও ঐ ভূতটা ঐ রকম বলিত"। হরকান্তবার ভূত-প্রেড মানিতেন না। রোগীদের কথার আশ্চর্য্য হইলেন। তিনি অমুস্বানে জানিলেন, ঐ ভক্তাপোষ ও বিছানার পূর্বে একটা রোগী থাকিত, তাহার মৃত্যু হইরাছে। তিনি ভক্তাপোষ ও বিছানা সংগইরা দিলেন ঘরটা জ্বল দিরা পরিকার করিলেন এবং নৃতন ভক্তাপোষ ও বিছানা আনাইরা রোগীর শরনের ব্যবস্থা করিরা দিলেন। সেই দিনু হইতে ঐ রোগী জীর ভূত দেখিতে পাইত না। ভূতটা আর কোন উপদ্রব করিত না।

এই ঘটনার পর হইতে হরকান্তবাব্র ধারণা হইল, হিংসা কাম জোধ সর্বপ্রকার গ্রপ্রতি সকল মৃত্যুর পরও থাকে; দেহের বিনাশে ইহাদের বিনাশ হর না। এইজন্তই এত সাধন ভল্লনের প্রয়োজন। লোকটার মৃত্যু হইরাছে, তথাপি বিছানার উপর এত আস্কি যে, জাতকে এ বিছানার উইতে দেখিলে সে ক্রোধারিত হইরা মারিতে আসে।

হরকান্তবাবু পূর্বে পরলোকের কথা ভাবিতেন না, এখন হইতে প্র লোক ও অধ্যাত্মজগতের বিষয় চিস্তা করিতে লাগিলেন।

একাদশ পরিচেছদ

ঋণ আদার

হরকান্তবাব সাধনভক্ষন ও শালগ্রামের সেবার পরমানন্দ কাল্যাপ্র করিতে লাগিলেন। তাঁহার মধ্যে ক্রমশঃ ধর্মান্তরাগ পরিবন্ধিত হইতে লাগিল; ধর্মসাধনের মধ্যাত্মাদন তাঁহার অনুভব হইতে লাগিল। ছিনি শাল্র ও সদাচারের অনুগত হইয়া জীবনধান্তা নির্কাহ করিতে লাগিলেন। তাঁহার অন্তরে দিন দিন বৈরাগ্যের উদয় হইতে লাগিল; সংসারমুখ আর তাঁহার ভাল লাগে না।

এইরপে কিছুদিন , অভিবাহিত হইলে একদিন হরকাশ্বাব্ । দিবিলেন—তিনি বাসা হইজে হাঁসপাতাল দেখিতে ঘাইতেছিন; । দিবিলেন—তিনি বাসা হইজে হাঁসপাতাল দেখিতে ঘাইতেছিন; । কল্পাউণ্ডার ও আরদালী আছে। এমন সমর একজন ভোজপুরে প্রকাণ্ড পালয়ান ক্রতপদে তাঁহার সম্বুথে আসিয়া উপস্থিত হইল। লোকটার প্রকাণ্ড দেহ। সে অভ্যন্ত বলশালী। ভাহার বড় বড় গোঁক এবং গাল-পাট্টা। মাথার একটা পাকড়ী, গায়ে চাপকান। পারে, নাগরা জ্তা। পরনে মালকোঁচা-মারা কাপড়, হাজে প্রকাণ্ড লাটি। লাটির মাথার ও প্রত্যেক গিরেতে বড় বড় লোহার গুলম্যাক। লোকটা চক্ ব্রিত্ত করিয়া হরকান্তবাব্বেক ছক্ষার করিয়া বলিল

--দেও, হামরা পর্যা দেও।

হরকান্তবাবু—ভোষার কিসের পরসা ?

পাশরান-ক্রিসের শর্মা । তোম নিরা নেই ? আবি ধর্ দেও। হরকাস্তবাব্—হাম কেসিকো পাস কৃতি কুচ নিরা মেই। পাশরান—(রাগাবিত হইয়া) নিরা নেই ?

এই ৰলিয়া পালয়ান হরক। ত বাব্র সমূথে একথানা রসিদ ধরিল।

শ্বকান্ত বাব্ রসিদধানি পড়িয়া দেখিলেন, তাঁহার 👉 পাঁচ প্রসা লওয়া আছে, আর ঐ রসিদধানি তাঁহার নিজের হাতে লেখা ও তাহাতে তাঁহার নিজের দত্তথত রহিয়াছে।

শালয়ানের ভীষণ ভাড়না ও নিজের হাতের লেখা রসিদ দেখিয়া হরকান্ত যাব্ মহাভীত হইলেন। ভাঁহার মহা কাঁপুনি ধরিল। পালয়ানের এমনি ভাড়না যে, হরকান্তবাব্ বাসায় ফিরিয়া গিয়া ল পাঁচটি পরসা আনিরা দিবেন এই সময়টুকু পর্যন্ত সে দিভেছে না, সে একেবারে মারমুখী!

মহাভর্ষে হরকান্তবার্র জংগিও সজোরে স্পন্দিত হইতে লাগিল, ইহাতেই তাঁহার নিদ্রাভঙ্গ হইল্লাল নিদ্রাভঙ্গের পর তিনি দেখিবেন, তাঁহার শরীরে কম্প হইতেহে এবং জংগিও জোরে স্পন্দিত হইতেহে।

হরকান্তবাব্ অসহপারে কথনও অর্থোপার্জন করেন নাই। তিনি জীবনে কাহারও নিকট ঘুস গ্রহণ করেন নাই। তিনি অত্যন্ত কর্তব্য-পরারণ ছিলেন। এই রসিদ ও পরসার কথা তিনি ভাবিতে লাগিলেন, কিন্তু তাঁহার কিছুই সারণ হইল না।

ষধন এই ঋণের কথা হরকান্তবাবুর কিছুতেই শ্বরণ হইল না, তথন
তিনি এই ভয়াবহ শ্বপ্ন-বৃত্তান্ত গোস্বামী মহাশরকে লিখিয়া পাঠাইলেন।
গোস্বামী মহাশয় হরকান্তবাবুর পত্রের উত্তর লিখিয়া পাঠাইলেন, "আপনার
/৫ পাঁচ পর্মা দেনা আছে। যে লোকের নিকট এই দেনা আছে,
দে লোক মরিয়া গিয়াছে, তাহার উত্তরাধিকারী কেহ নাই। পান ও
শ্বপারির মৃল্য দক্ষণ এই দেনা। নানক সাহী মন্দিরে ৫১ টাকা দিবেন,
তাহা হইলে ইহার প্রারশ্চিত হইবে।" গোস্বামী মহাশয়ের পত্র পাইয়া
হরকান্তবাবু তাহাই করিলেন।

মহাপাপ, পরিশোধ করিবার শক্তি বা উপযুক্ত বিষয় না থাকিলে

কাহারও খণ করা কর্ত্তব্য নর। খণপরিশোধের শক্তি বা উপযুক্ত বিষয় না থাকিলে যে ব্যক্তি ঋণ করে, অথবা ঋণ করিয়া যে ব্যক্তি ভাহা পরিশোধ না করে, শাস্ত্র ভাহাকে চোর বলিয়া বর্ণনা করিয়াছেন। ঋণগ্রস্ত হইয়া যৃত্যুমুখে পতিত হইলে পরকালে ঋণ গৃহীতাকে বহু বন্ত্রণা ভোগ করিছে। হইবেই হইবে। ঋণ পরিশোধ না হওয়া পর্যস্ত কাহারও অব্যাহতি নাই।

গোস্থামী মহাশর মুখে উপদেশ দিতেন না, কারণ তিনি কানিতেন
মুখের কথার না, মুখের কথার লোকের বিধাস মা না।
একারণ একএকটি ঘটনার ঘারা শিষ্যগণের শিক্ষাবিধান করিতেন,
আজ হরকান্তবাবুর স্থার্ভান্ত ঘারা খণগ্রন্তের বিভ্রনটো বেঁশ বুঝাইরা
দিলেন। শিষ্যগণের সন্তবে ভীতির সঞ্চার হইল, ঋণ করা স্বর্বক
ফাঁকি দেওরার বিপদ হৃদর্শম ক্রাইলেন।

দ্বাদশ পরিচেছদ

দেহত্যাগ

এই অপ্নদর্শনের পর হইতে হরকান্তবাব ব্রিলেন, ঝণ করিরা কাহারও
নিতার নাই। লোককে ফাঁকি দিয়া বা পরস্ব অপহরণ করিরা বাহারা
ননে আন বেশ লাভ হইল, তাহাদের জানা উচিত বে তাহাদের সেই
কড়ার গণ্ডার আদার হইবে। ইহকাল করেকটা দিন মাত্র, অনন্তকাল
সমুখে রহিয়াছে। ইহকালে যদি আদার না হর, নিশ্চর জানিতে হইবে
পরকালে মার স্থদে আদার হইবেই হইবে। গ্রারবান স্থাদর্শী ভগবানের
রাজ্যে কাহারও ফাঁকি থাটবে না। অন্যার করিরা কাহারও নিতার
নাই।

এই স্বল্পনের পর হইতে হরকান্তবাবু তাঁহার পরিবারবর্গকে

ত্বি দিশেন ধে, কোন জিনিব বেন ধারে আনা না হয়। পরিবারবর্গ তাছাই করিতে লাগিলেন। ইহাতে সমরে সমরে নানা অস্ক্রিধা উপস্থিত হইজে লাগিল, কিন্তু হরকান্তবাবুর শাসনে তাঁহার পরিবারবর্গকে এই অস্ক্রিধা ক্রিক করিতে হইরাছিল।

হরকান্তবাব ইহলীবনে বাহা কিছু করিয়াছিলেন, তৎসমুদ্র গুরু-পাদপল্লে সমর্পণ করিয়া নিজে পেকান লইয়া চাকরী হইতে বিদার গ্রহণ করিলেন। তিনি মাসিক ১০০, একশত টাকা পেকান পাইতেন, তন্মধ্যে ৫০, পঞ্চাশ টাকা পরিবার-প্রতিপালনে ব্যয় করিতেন, অবশিষ্ঠ ৫০, পঞ্চাশ টাকা গুরুর আশ্রমের ও শ্রীমতী শান্তিক্ষার ধ্রচের কর বার করিতেন।

মৃত্যুর তিনবংসর পূর্বে হরকান্তবার প্রীমোকামে শুরুদেবের সমাধিতে আসিরা অবস্থিতি করেন। এই সমর হইতে তিনি সংসারের সহিত সমস্ত সমস্ত সমস্ত করিয়াছিলেন। ডিনি এই স্থানে গোশামী মহাশরের প্রতিমৃত্তি জীজী৺ শগরাথ দেবের প্রতিমৃত্তি জীজীশ চারিক পূজা করিতেন, তিনি দিবারজনী কেবল সাধনভঙ্গনে কাল বাপন করিতেন। কাহারও সহিত একটি বাজে কথা বলিতেন না।

১৯০৮ খৃষ্টাব্দে ২রা জাত্মরারী তারিখে ব্রহ্ম সুহুর্ত্তে তিনি এই নখর দেহ পরিত্যাগ করেন।

ত্রয়োদশ পরিচেছদ গ্রন্থকারের বিপদ-উদ্ধার

পাঠক মহাশর, "মহাপাতকীর জীবনে সদ্গুরুর লীলা" নামক প্রস্থে আমার বিপদের কথা পাঠ করিয়াছেন। আমি গুল্মারে বিপর। বাঙ্গারী, বাঙ্গারী, ইংরেজ, ফরাসী ওলনাজ, আই রান পারসিক
ও জারম্যান ডিক্রিদারগণ আমার উপর সহস্র সহস্র টাকার ডিক্রি
করিয়াছে। সর্বাগ্রে টাকা আদার করা সকলেরই চেষ্টা। কেহ একটু
সমর দিতে রাজি নহে। আমার বর, বাড়ি, জমি, জারগা, পুক্র, বাগান,
প্রভৃতি সমস্ত স্থাবর সম্পত্তি ক্রোক হইরাছে, আমাকে গ্রেপ্তার করিবার
আমার পশ্চাতে আদালতের কর্মচারী ছুটিরাছে; আমার এমন জর্ম
নাই যে, আমি এই বিপুল দেনা পরিশোধ করি। আমার সর্বশ্বে বিক্রের
হইলেও ডিক্রিদারগণের দেনা শোধের সম্ভাবনা নাই।

এই বিপন্ন অবস্থান কালবাপন করিতেছি এমন সমন জন উইটজার
নামক জনৈক অন্তিন্নান ডিক্রিলারের লোক আমাদের প্রথম মুক্সেফ
বাব্ উপেক্রনাথ ভঞ্জের বাসার ছইটা ডিক্রির টাকা আলার করিবার
উপস্থিত হইল। ডিক্রি ছইটা কলিকাতার ছোট আলালতে
ডিক্রি। প্রত্যেকটির দাবির পরিমাণ প্রায় ১৬০০ টাকা।

ডিজিদার সাহেব, ডিজিদারের লোক সাহেব, বালানীর নিকট সাহেবের থাতির শ্বতম্ব। ভঞ্জ মহাশয়, উকিল বাবু ক্লকচক্র চটোপাধ্যায়কে বাসায় ডাকাইয়া আনিলেন এবং আমার নামে ডিজি জারী করিয়া টাকা আদার করিতে আদেশ দিলেন। ক্লকবাবু আমার প্রতিবেশী। আমার হাহা কিছু আছে, তিনি সব জানেন। তিনি ডিজি জারি করিয়া আমার বাড়ী ও অস্থাবর ক্রোক এবং আমার গ্রেপ্তার করিবার প্রার্থনা করিলেন। ক্ষবাবু বন্ধু লোক, এক আমালতে ওকালতি করি, তাঁহার বায়া রকার চেটা করিলাম; তাহাতে কোন ফল হইল না। কিছুদিন সময় চাহিলাম, তাহাতেও ডিজিদার সম্মত হইল না। আমার বাটি ক্রোক হইল, আমার অস্থাবর ক্রোকের আলেশ হইল। আমি ভাবিতে লাগিলাম, এখন কিরব।

আমার বৃদ্ধ বয়দ, একাল পর্যান্ত হাহাকিছু উপার্ক্তন করিয়াছিলাম সব গেল, বাড়ী হর পর্যান্ত লইয়া টানাটানি। বিপুল দেনা ঋণ-শোধের কোন উপায় নাই, চারিদিকে শক্র হাসিতেছে, কত লোক টিট্কারী দিতেছে। এখন কি করিব ইহাই ভাবিতে লাগিলাম। অনেক ভাবিয়া চিন্তিয়া যখন দেখিলাম কোন দিকে কোন উপায় নাই, তখন আমার মনে বৈরাগা উপন্থিত হইল। আমি মনে করিলাম, ভগবান আমাকে নিপান্ত করিলেন, আমি আর আত্মরকার কোন চেষ্টা করিব না, ভগবান যাহা করেন তাহাই হইবে।

আবার ভাবিলাম—"ভগবান বাহা করেন তাহাই হইবে", এ কথাটা আমার মুথে গাজে না। ভগবানে আমার নির্ভর কই ? বদি ভগবানে নির্জর থাকিত, তাহা হইলে "এখন কি করিব," এ প্রশ্ন আমার মনে আদৌ উদয় হইত না। "এখন কি করিব," এই প্রশ্ন যখন মনোমধ্যে উদয় হইয়াছে, তখন আমার মধ্যে পুরুষকার রহিয়াছে। পুরুষাকার ধাকিতে নির্ভর আগে না। যতক্ষণ পুরুষাকার আছে, ততক্ষণ পুরুষানার কারের সম্পূর্ণ পরিচালনা করা কর্তব্য। ভাহা না করিলে ধর্মহানি হইবে এবং তক্ষন্ত পরে অমৃতাপ করিতে হইবে; মনের মধ্যে নানা প্রকার মানি উপস্থিত হইবে। এখন বাহাতে আত্মরক্ষা হয়, সেই কাঞ্চ করাই কর্তব্য।

এই ভাবিরা আমি আইনের আশ্রর লইরা আত্মরকার্থে ক্রতসংকর

হইলাম। নিজে উকিল, আইনের ফাঁকি খুঁজিতে লাগিলাম, আদালতের
সমস্ত উকিলগণের সহিত পরামর্শ করিলাম। কোথারও কোম ফাঁক
দেখিতে পাইলাম না। সকলেই বলিলেন, অস্থাবর ক্রোক বন্ধ করিবার
কোন উপার নাই। আইন ও নজীর সমস্তই আপনার প্রতিকৃল।

আমি ভাবিলাম দেওয়ানি কার্যা-বিধি আইনের ৪৭ থারার বিধান-

একটা কাঁকা আপত্তি উপস্থিত করি। আদালত অবশ্র সে আপত্তি অগ্রাহ্ম করিবেন। আদালত আমার আপত্তি অগ্রাহ্ম করিলেই আমি সঙ্গে সঙ্গে আপীল করিয়া নগী তলব করিয়া দিব, স্থতরাং অস্থাবর ক্রোক আপাততঃ কিছুকালের জন্ম বন্দ থাকিবে।

এই ভাবিখা হুইটা ডিক্রীঞ্জারিতেই আমি দেওরানি-কার্যারিধি আইনের ৪৭ ধারার বিধান মতে আপত্তি দাখিল করিলাম। প্রথম আপত্তি ডিক্রীজারির দরখান্ডের সত্যাপাঠে ও ওকলতনামার ডিক্রীদারের দত্তথত নাই, ডিক্রীদারের পক্ষে তাহার কর্ম্মচারীর দত্তথত করিবার অধিকার নাই। দিতীয় আপত্তি কলিকাতার ছোট আদালতের ডিক্রীর দাবি ১০০০ টাকার অধিক, একারণ মূনসফী আদালতে ডিক্রীজারির কার্যা চলিতে পারে না; মূনসফী কোটের এলেকা (Jurisdiction.) নাই।

আদালত দেখিলেন, সত্য সভাই ডিক্রীজারির দরধান্তে সন্তাপাঠে ও ওকালভনামার ডিক্রীদার দক্তণত করে নাই; তাঁহার কর্মচারীর দক্তথত করিবার অধিকার নাই; একারণ ডিক্রিজারির দরখান্ত ওকালভ-নামা ও সত্যপাঠের দক্তথত সংশোধন করাইয়া লইলেন। তখন আমি Jurisdiction সম্বন্ধে বিচার করিতে বলিলাম। মূল্যেফ বাবু বলিলেম, Jurisdiction সম্বন্ধে পশ্চাৎ বিচার করা যাইবে, আপাততঃ অস্থানুর ক্রোক হইরা আফ্রন। এই বলিয়া অর্ডার সিটে অস্থাবর ক্রোকের হক্ষ লিখিলেন।

বাব উপেক্রনাথ ভঞ্জ বরোবৃদ্ধ বহুদর্শী মুজেফ, আমার বাসার নিকটে তাঁহার বাসা, উভয়ের মধ্যে একটা ভালবাসা আছে। কিরূপ ঘটুনাচক্রে আমি এই খণজালে জড়িত হইয়াছি, তাহাও তিনি জ্ঞাত আছেন। আনি খণগ্রস্ত বিপন্ন, এরূপ অবস্থায় ডিক্রিকারি চালাইবার তাঁহার নিজের অধিকার আছে কিনা, তৎসহকে বিচার না করিয়া আমার অখাবর
কোকের হকুম দেওয়ার আমি মর্লাহত হইলাম। বুঝিলাম, বিচারকের
কোন দোষ নাই। বৃদ্ধিমান বিচারক এমন অবিচার কেন করিবেন?
এ মার উপরের মার। যিনি আমাকে নিপাত করিতে কৃতসংকর হইরাছেন,
একাল তাঁহারই। ভগবান বাহাকে মারিবেন ভাহাকে রক্ষা করিতে
পারে, এ জগতে এমন কে আছে? ভগবানের মার না হইলে আদালভ
কথনই এরপ বে-আইনী হকুম দিতেন না। বথন ভগবান মারিতেছেন
তথন আমার আত্মরকার চেষ্টা করা বুথা।

আমার অন্তর নিভান্ত বিকুদ্ধ হইল, আমি মুর্মাছভ-হইলাম। ভগবানের উপর এক দারুণ অভিমান উপস্থিত হইল, সে অভিমান অবর্ণ-নীয়। আমি মনে মনে ভগবানকে ভিরন্ধার করিয়া বলিতে লাগিলাম, "ভোমার এই কাজ ় আমার বৃদ্ধ বয়স, একাল পর্যান্ত যাহা কিছু উপার্জন করিয়াছিলাম তৎসমুদর হরণ করিলে; আমাকে গাছভলায় বসাইলে; এথন আমার উপার্জন করিবার শক্তি নাই। কাল কি ধাইৰ, কেমন করিয়া সংসার প্রতিপালন করিব, সেই ভাবনার কুল কিনারা পাইভেছি না। সংসারের মধ্যে একটা হাহাকার উপস্থিত করিয়াছ। অপমান লাগুনার বাকী রাখিলে না; শক্রগণ চারিদিকে হাসিতেছে। কালের বনুগণ যদিও মুথে হাহাকার করিভেছেন, কিছ মনে মনে তাঁহাদের আনন্দ ধরে না ; কত লোক কত টিট্কারী দিতেছে ; কত লোক কত আমোদ করিতেছে। আমাকে এত তঃখ দিরাও কি তোমার খেদ মিটিশ না ? আবার অস্থাবর ক্রোক ? আদালতের নাজির পেরাদা ইত্যাদি নানা লোক আসিরা বাড়ি ঢুকিবে; গরু, বাছুর, ধান, থড়, পেটরা বাল্ল, সিব্দুক, তৈজসপত্র যাহা কিছু আছে সমস্ত টানিয়া বাহির করিরা লইরা যাইবে; মেরেরা ছেলেগুলা গড়াগড়ি দিয়া কাঁদিতে

শাকিবে এই দৃশুটা আমাকে দেখাইবে ? আমাকে মারিতে হর মার, কাটিতে হর কাট ; ছেলেরা মেরেরা তোমার কি করিয়াছে ? তাহাদের এ শাস্তি কেন ? আমাকে এইরপ নির্যাতন করিয়া তৃমিও কি খুদী ইইবে ?

"আমি বে বোর পাতকী তাহা আমি জানি। আমি তোমার কত নিশা করিরাছি। তোমাকে কত বিজ্ঞপ করিরাছি। তোমার নিকট অপরাধ করিরাছি। আমি সমস্তই জানি। আমি তোমাকে পরিত্যাগ করিরাছি, কিন্তু তুমিত আমাকে কর নাই। এত অপরাধ সভেও তুমি আমাকে কোলে লইরাছ। কত আদর করিরাছ, আমাকে নহা রৌরব হইতে উদ্ধার করিরাছ। এখন এত নির্দিয় কেন হইলে ? এক দিনের জন্মও আমি তোমার আর প্রসর বদন দেখতে পাই না।"

"পূর্ব্বে তুমি আমাকে কত আদর করিয়াছ। শত শত বিপদ হইতে উদার করিয়াছে। তোমার আদর আমার প্রাণে ধরে না; আমি ভোমার গৌরবে গৌরবাবিত; এখন কেন এমন হইলে? যদি বল আমার এই শান্তি পূর্বাক্ত অপরাধের কন্ত ঘটিতেছে, তবে এই অপরাধীকে গ্রহক্ষী করিলেইত পারিতে? আমি যেমন মহা রৌরবে তুবিতৈছিলাম, কৈইরপ তুবিতাম। এত আদরের পর এত শান্তি কেন? আমার দারণ বিপদে একবার ফিরেও তাকাও না; কেন তুমি আমার প্রতি এত নির্ভূর হইলে?"

তুমি ইচ্ছামর তোমার উপর কাহারও কর্তৃত্ব থাটে না; তোমার উপর জোর নাই, তোমার বাহা ইচ্ছা তাহাই কর। লোকে দেখুক অমি সর্বাস্ত হইলাম; আদালতের লোক আমার হাঁড়ি কলসী পর্যস্ত টানিরা বাহির করিয়া লইরা গেল। স্ত্রী পুত্র কন্তা সকলে হাহাকার করিয়া গড়াগড়ি দিয়া কাঁদিতে লাগিল; আমার অপমান লাহ্নার বাকা থাকিল না। তুমি যদি আমার এই অবহা কর, তবে কাহার নিকট্র গাড়াইব !"

মনে মনে এইরূপ বলিয়া আমি নিতান্ত বিমনা হইয়া বাসায় আসিলাম;
মনে একটা দারুপ ক্ষোভ উপন্থিত হইল। আমি অত্মরক্ষার আর কোন
চেষ্টা করিলাম না। ধদি গরু বাছুর পেটারা সিন্দুক প্রভৃতি তৈজস
সরাইয়া দিই, তাহা হইলে পায়ের বিঞ্চা গায়ে মাথা হইবে। ভগবান খাহাকে
মারেন, এজগতে তাহার রক্ষার কোন উপার নাই। অহাবর সম্পত্তি
হানান্তরিত করিলে অধিকতর লাহনা ভোগ করিতে হইবে।
বাসার জিনিব বাসায় যেমন ছিল, ঠিক তেমনি রাধিরা দিলাম।
ভিতর বাড়ী ও বাহির বাড়ীর ছয়ার-কপাট সমস্ত খুলিয়া রাধিলাম।
আন্দালতের লোক যেন অনায়াসে বাড়ী প্রবেশ করিতে
পারে।

অমি একজন গণ্য মান্ত উকিল, আমার মান আছে; এথানে আমার একটা প্রাধান্ত আছে। আমি সংসারের লোক; সর্যাসী বা

আমার মানাগমান জ্ঞান আছে। আসর বিপদে আমি দ্রিরমান হইরা পড়িলাম। আমি যেন চারিদিক অস্ককার দেখিতে লাগিলাম। রাজিতে আহারে রুচি হইল না। চক্ষে নিদ্রা আসিল না। প্রাণ ক্ষোভে ও অভিমানে গরগর করিতে লাগিল।

মানুষের যথন সময় ভাল থাকে, তথন অনেক বালে। কভ পরও আপনার হয়; কিন্তু অসমরে কেহ ফিরেও তাকায় না। এমন কি স্ত্রী পুত্র পর্যাস্ত বিরূপ হয়। এখন আদি অর্থহীন, ঋণগ্রস্ত, ■ আদালতে লাহ্নিত। এখন আমার দিকে কেহ ফিরেও তাকায় না। শাস্ত্রীয় সজন শৌজ থবর লয় না, ভাল করিয়া কথাও কয় না ; পাছে কুপরসা ধার চাই বা কোন সাহায্যের প্রার্থনা করি।

আমি পূর্বেই বলিয়াছি এ জগতে নামের তুল্য বন্ধু নাই। নাম ব্যবের স্থা, হংথের হংখা। আমার এই হংসমরে নামকে শারণ না করিলেও তিনি অ্যাচিতভাবে আপনা হইতে প্রবলবেগে আমার মধ্যে আসিয়া উপন্থিত হইলেন। কামারের জাঁতার লার প্রবলবেগে আমার মধ্যে প্রবাহিত হইতে লাগিলেন। চক্ষের জলে আমার বৃক্ষ ভাসিয়া য়াইতে লাগিল। আমার প্রাণের যাতনা দূর হইল। আমি বৃদ্ধিলাম, অসমতে যদি আপনার বলিতে কেহ থাকে, তবে নামই আপনার। এমন হিতৈবী এ জগতে কেহ নাই। নাম বেমন ভালবাসিতে জানেম, এমন ভালবাসাও কেহ জানে না। নামের ভালবাসা একেবারে নিংখার্য ভালবাসা।

নাম বেশন সেবা জানেন, বত্ব জানেন, এমন সেবা কেই জানে না, এমন বত্ব করিতে কেই পারে না। নাম আমার কভন্থানে ঔষধ দিতে লাগিলেন। প্রাণে কত সান্ধনা দিতে লাগিলেন। আমার কানে কানে কত আশার কথা বলিতে লাগিলেন। আমার সমস্ত ভর দ্র ইইছা গেল, আমি শরীরে বল গাইলাম। আমার বে এত হংখ, নামের রুপারী সব দ্র হইরা গেল, হংথই সুথ বলিয়া মনে ইইতে লাগিল।

রাত্রি প্রভাত হইল। আমি নামমাত্র আহার করিয়া কাছারি গোলাম।
তথার দেখিলাম, অস্থাবর ক্রোকের পরওরানা প্রস্তুত হইতেছে। এই
দেখিয়া আমি বিমনা হইয়া বিভীর আলালতে সিয়া বসিলাম। আমার
মন উড় উড় করিতে লাগিল। আমি অগ্রমনক হইয়া রহিলাম।

এমন সময় দেখিলাম টেবিলের উপর একথানা পুস্তক পড়িয়া রহি-রাছে। অক্তমনত্ব অবস্থার পুস্তকথানা টানিয়া লইলাম। পড়িবার মনও নাই, প্রবৃত্তিও নাই। হঠাৎ অক্তমনক অবস্থার পুত্রকথানি খুলিলাম। বেমন পুত্রকথানা খুলিলাম অমনি দেখিলাম তাহাতে একটা ছোট আদালতের নজির = বহিরাছে।

ক্লিকাতা ছোট আদালতের নজির বলিরা আমার মনটা আরুই হইল। নজিরের হেড নোট্টা পড়িলাম। দেখিলাম নজিরটী আমার আপত্তির অমুক্ল।

নজিরটী আন্টোপান্ত পাঠ করিরা আমি অঝক্ হইরা গেলাম।
উজিভরে গুরুদেবকৈ মনে মনে প্রণাম করিলাম। আফ্লাদের সহিত্ত
ভগবানকে প্রণাম করিরা কালিরা কেলিলাম। তাঁহাকে স্থােধন করিরা
মনে মনে বলিলাম, "ঠাকুর! তুমি বে আমাকে রথেষ্ঠ ভালবাস
ভাহা আমি বেশ জানি। তুমি বে আমাকে মারিবে না, তাহাও
আমি জানি। কিন্তু তুমি বে, আমাকে ভাড়া মার, তাহাতেই আমার
শরীরের রক্ত শুকাইরা বার। তোমার মারার বিশ্ব বিম্যাহিত। ব্রন্ধাদি
দেবগণ ভোমার মারার স্থির থাকিতে পারেন না। আমি কুদ্র কীটানুকীট
আমি কেমন করিরা ভোমার মারার সন্মুথে স্থির থাকিব ? আমার সম্মুথে
ক্রোমার কি এই দারুণ মারা বিস্তার করিতে হর ? ভোমার মারার
ছির থাকিতে পারে এ জগতে এমন কে আছে ?"

"তুমি বে কেন আমাকে এত তঃথ দিলে তাহা আমি এখন বেশ বৃথিতে পারিরাছি। তুমি আমার প্রতি নিষ্ঠুর নও। আমাকে নির্ধ্যাতন করিয়া আমার প্রতি তোমার করণাই প্রকাশ করা হইয়াছে। আমাকে এরপ নির্ধ্যাতন না করিলে আমার ঔদ্ধতা দূর হইত না।

VTS.

Anath Bandhu Saha & others.

^{■ 14} C. W. N. 662 Sham Sundar Saha Wothers.

শামার উন্নত মন্তিছ্কু অবনত হইত না। উষ্ণ মা শীতন হইত না।
এই নির্যাতনে আমার অহলার চূর্ণ হইয়াছে। আমি এখন সকলকে
মর্যাদা দিতে শিধিয়াছি। পরের হঃখে আমার কাতরতা আসিরাছে।
সংসারের খন জন আধিপতা সমস্তই কণভঙ্গুর বলিয়া জ্ঞান হইয়াছে।
কল্যাণময়, জীবের কল্যাণের জন্ত তুমি যে কত কি করিতেছ, আমি
অবোধ তাহার কি বুঝিব ? এখন আমার এই কর, স্থে হঃখে সকল
অবস্থাতেই তোমাকে যেন বিশ্বত হইয়া না থাকি। তোমার চরণে আমার
কোটী কোটা প্রণাম শি

"আজ তোমার প্রসন্ন মুথ দেখিরা আমার বোধ ছইতেছে, আমার হংপের নিশ্চর অবসান হইরাছে। আর আমাকে ডিক্রীদারগণের নির্যা-তন সহু করিতে হইবে না। আমাকে পথের কালাল হইতে হইবে না। সমস্ত বিপদ কাটিরা বাইবে। আমার সমস্ত ভর, ভাবনা, চিস্তা, উদ্বেগ দূর হইরাছে।"

বাব্ হরিপ্রসাদ বস্থ এম-এ, বি এল, আমাদের কোর্টের এসমরে সর্বা-প্রধান উকীল। তিনি অত্যন্ত প্রতিভাশালী চরিত্রবান ও ধর্মপরারণ। তিনি স্ববিধ্যাত পূজ্যপাদ স্বামী ভোলানন্দ গিরির শিয়। কার্মের পর্যারাহ্মপারে তিনি আমাকে খুড়া বলিয়া সন্বোধন করিয়া থাকেন। আমিও তাঁহাকে অত্যন্ত স্লেহের চক্ষে দেখি। তিনি আমার এই বিপদে অত্যন্ত ফ্রিয়মাণ হইয়াছিলেন। আমি নজিয়টী পাঠ করিয়া তাঁহাকে ডাকিয়া তাঁহার হত্তে দিলাম। তিনি নজিয়টী পাঠ করিয়া পরমানন্দ লাভ করিলেন এবং আমাকে বলিলেন, "আর ভাবনা কি গুঁ

এই বলিয়া তিনি আমাকে সঙ্গে লইয়া প্রথম মুন্সেফ বাবু উপেদ্রনাথ ্ তঞ্জের এজলাসে উপস্থিত হইয়া বলিলেন ;—

—আপনি উকিল বাবু হরিদাস বস্থর প্রতিকুলীয় ডিক্রীজারিতে তাঁহার

অস্থাবর সম্পত্তি ক্রোকের হুকুম দিরাছেন । ক্রোকী পরওয়ানা শীল্ল বাহির হুইবে। কিন্তু আমি বলিতেছি, এই ডিক্রীকারি চালাইবার আপনার অধিকার নাই। ডিক্রিকারির পরিমাণ হাজার টাকার উর্দ্ধ। এ আদালতে ডিক্রিকারি চলিবে না। মহামান্ত হাইকোর্টের নঞ্জির বাহির হুইয়াছে।

মুজেফবাবু—আমি নজির জানি, কলিকাতার ছোট আদালতের ডিক্রি, বে কোন কোর্টে জারি হইতে পারে।

হরিপ্রদান বাবু—পূর্বে সেইরপ নজির ছিল বটেঁ; কিন্ত ভাহা অধুনা রহিত হইরাছে। কলিকাতা ছোট আদালতের আইনের ধারার মুখ্যার্থ এই নৃতন নজিরে প্রকাশিত হইরাছে। Any Court mann any Court having jurisdiction.

ম্কেফবাব্—ন্তন দেওরানি-কার্যাবিধি আইন বিধিবদ্ধ হইরাছে, তলুষ্টে যেন বুঝা যায় কলিকাতা ছোট আদালতের ডিক্রির দাবি হাজার টাকার উর্দ্ধ হইলেও এই কোর্টে জারির কাজ চলিবে। হরিপ্রদাদ বাব্—এ নজিরে ন্তন কার্যাবিধি আইনের ধারারও অর্থ করা হইরাছে। এই বলিয়া হরিপ্রসাদবাব্ নজিরটি আভোপাস্ত পাঠ করিয়া হাকিমকে গুনাইলেন।

নজির বহিথানি হাকিম নিজে আগাগোড়া পাঠ করিরা বুঝিলেম, ডিক্রিগারি চালাইবার তাঁহার অধিকার নাই। তিনি ডিক্রিদারের উকিনকে ডাকাইয়া আনিলেন এবং তাঁহাকে বলিলেন

—শাপনার ডিক্রিজারি এ সাদালতে চলিবে না বলিয়া ইছারা নজির দেখাইতেছেন।

ডিক্রিদারের উকিল—নজির আমার জানা আছে। নজির আমার অমুকুল। কলিকাতা ছোট আদালতের ডিক্রির দাবি হাজার

টাকার অমিক হইলেও, ■ আদালতে ডিক্রিজারি চলিবে। মুক্সেকবার্—নৃতন নজির বাহির হইয়াছে। পড়িয়া দেখুন।

এই বলিয়া মুন্সেফবাবু রুঞ্চবাবুর হাতে নজির-বহিথানি দিলেন।
নজিয়াটী পাঠ করিয়া রুঞ্চবাবুর মাথা ঘুরিয়া গেল। তিনি আম্জা
আমতা করিতে, লাগিলেন। হাকিম ডিজিজারির দর্থাস্ত ডিস্মিস্
করিয়া দিলেন। আমার অহাবর ক্রোক রুদ হইল, আমি আসম
বিপদ হইতে উদ্ধার হইলাম।

এই আশাতীত অভাবনীয় বটনার আমি বেশ ব্বিতে পারিলাম, ভগবান আমাকে পরিত্যাগ করেন নাই। আমার আর বিপদ নাই। আমার সমস্ত বিপদ কাটিয়া বাইবে। বন্ধত তাহাই হইল। ডিক্রিদার-পণ আগ্রহ-সহকারে আমার সহিত আপোষ নিশ্পত্তি করিলেন। আমাকে অনেক টাকা ছাড়িরা দিয়া আমার সাধ্যমত কিছু কিছু আমার নিকট লইশা আমাকে সমস্ত ঋণদার হইতে অব্যাহতি দিলেন। আমাকে আর কোন মালি মোকর্দমায় ব্যাপ্ত হইতে হইল না।

গোস্বামী মহাশয় বলিয়াছিলেন, "জ্বসম্ভ ত্তাশনের মধ্য দিয়া তোমাদের
পথ"। একথাট আমার জীবনে আমি বেশ উপলব্ধি পশ্বিয়াছি। সুচি
মঞ্জা কালিয়া পোলাও থাইয়া ও পুস্পশয়ায় শয়ন করিয়া ধর্মলাভ হইবে,

অথাটা মনে কেহ স্থান দিবেন না।

ধর্মগাভ করিতে হইলে অনেক লোগ ভূগিতে হইবে। পুড়িয়া ছাই হইতে হইতে হইবে। বীজ না পচিলে যেমন অকুর হয় না, তেমনি জীয়ন্তে না মরিলে ধর্মজীবন্ধ লাভ হয় না।

ভদ্দনপথে নির্যাতন উপস্থিত হইলেই বুঝিতে হইবে শান্তিলাভের শার অধিক বিশ্ব নাই। নির্যাতন ভগবানের অপাই করুণা মমে ক ধৈর্যাসহকারে সমস্ত নির্যাতন সন্থ করিতে হইবে। ্র সময় নামই এক্ষাত্র রক্ষার উপায়, নাম ছাড়িয়া দিলে আক্ষ্ণ রক্ষা নাই। কোনক্রমে নির্ব্যাতন সহু করিতে না পারিলে ধর্মজীবন প্রস্তুত না

এইটি বড় বিপদের সময়। সাধনপন্থার এমন বিপদ আর নাই।
আনেক সাধক এই বিপদ-কালে নামকে পরিত্যাগ করিয়া বসেন। নামণ
পরিত্যাগ করিয়া সংসার উল্পী হইলে বিপদ কাটিয়া বার সভ্য, কিন্তু
সাধক ও আর ধর্মজীবল আভ করিতে সমর্থ হন না। ভগবানও তাঁহাকে
ছাড়িয়া দেন।

একারণ সতীর্থ ভাই ভগ্নীগণকে বলিভেছি বে, আপনারা বিপদে অভিত্ত হইবেন না, বিপদে গুরুর পরম করণা মনে করিয়া ধৈর্য্যসহকারে নাম করিতে থাকিবেন। আমি নিশ্চর বলিভেছি, সমস্ত বিপদ কাটিয়া বাইবে। প্রাণে শান্তি লাভ হইবে।

চতুর্দশে পরিচেছদ পতিভার আত্মনিবেদন

সংসার অতীব প্রশোভনের স্থান। এথানে সাবধানে চলিতে হয়।
ফাট হইলেই বিপদ। কথন্ কোন্ বিপদ উপস্থিত হইবে, কেহ বলিতে
পারে না। স্তরাং সকলের শাস্ত্রকার গ্রধিগণের প্রবর্তিত নিয়মমত চলা
উচিত। এই সংসারে যত প্রকার প্রলোভন আছে, স্থানোকের প্রলোভন
সর্বাপেকা বিপদজনক। এইস্থানে মান্ত্রের কারণ সর্বাপেকা
কর্মানি দৈবতাগণও এই স্থানে লাস্থিত হইয়াছেন। প্রক্রম

সাতা স্বস্ৰা ছহিত্ৰা বা ন বিবিক্তাসনো ভবেৎ বলবাননিন্তিয় গ্ৰামো বিশ্বাংসমণি কৰ্ষতি॥"

মাতা, শুগিনী, এবং কস্তার সহিতও নির্জ্জনে উপবেশন করিবে না, বেহেতু রলবান ইস্কিয়বর্গ বিহান ব্যক্তিকেও আকর্ষণ করে।

ভট্টমারী স্ত্রীলোকের মোহে পড়িরা কাণা বিষ্ণুদাস মহাপ্রভৃত্বে পরিভাগ করিয়া গিরাছেন। ভক্তগণকে শাসন স্ক্রুরিবার ■ শিক্ষা দিবার জন্ত জীমন্মহাপ্রভৃ ছোট হরিদাসকে বর্জন করিয়াছিলেন। ভিনি ভক্তগণকে বলিয়াছিলেন

> "প্রভু কহে বৈরাগী করে প্রকৃতি-সন্তাবণ দেখিতে না পারি আমি তাহার বদন । তুর্বার ইন্তির করে বিষম গ্রহণ। দাক প্রকৃতি হরে মুনি জনার মন।"

গোস্বামীমহাশর যে গৃহে থাকিতেন সে গৃহে কোন দ্বীলোকের প্রবেশ্যধিকার ছিল না। তাঁহার শাশুড়ীর পক্ষেও এই নিরম ছিল। তিনি প্রয়োজন মত চৌকাটের বাহির পর্যান্ত যাইতে পারিতেন। তাঁহার আহ্বান করিবার অধিকার ছিল না। স্ত্রীলোক শিশুগণ পর্দার আড়ালে থাকিরা দ্র হইতে গুরুকে দর্শন ও প্রণাম করিতেন। স্ত্রী-প্রবের বাতারাতের রাস্তা পর্যান্ত তিনি আলাহিদা করিরা দিরাছিলেন।

কলিকাতা স্থাকিয়া খ্রীটের বাসার অবস্থিতি-কালে গোন্থামী মহালয়ের কোন ব্রাক্ষিকা শিয়া প্রায় প্রতিদিন গুরুকে দর্শন করিতে আসিতেন। ব্রাক্ষিকাগণ সাধারণতঃ স্বাধীনভাবাপরা। পাশ্চাত্য জাতির অসুকরণে তাঁহাদের সমাজ গঠিত। এ সমাজে সদাচার ও সদাহার নাই। বরো-বৃদ্ধ আ গুরুজনের প্রতি ভক্তি বা তাহাদের ক্লমুগতাং নাই। শৌচ সংযাদির কোন প্রকার নির্দিষ্ট নিরম্প্রশালীও নাই। আমি কোন

নামজাদা ব্রাহ্মকে বলিভে শুনিয়াছি "মনের মিল হইলে সহোদরা ভগ্নীকেও বিবাহ করা যাইতে পারে।" এমন সর্বনেশে কথা আমি কোন জাতির মুথে কথন শুনি নাই।

ইহারা হিন্দুসমাজকে কুসংস্থারাচ্ছর মনে করেন ও ঘুণারশ্চকে দেখেন।
কোন কত্বিত ব্রাহ্মকৈ বলিতে শুনিয়াছি—"আমি যে হিন্দুক্লে ১ মাগ্রহণ করিয়াছি, ইহাই শুন্সার লজ্জার ও পরিতাপের কারণ। পূর্কের ধর্মপরায়ণ ব্রাহ্মণ একে একে চলিয়া যাইতেছেন, তাঁহাদের স্থান নৃতন লোকেরা অধিকার করার পূর্ককার সমাজ এখন আর চেনা যার না।

গোস্বামী মহাশরের পূর্বালিখিত ব্রান্ধিকা শিষা। পরম রূপবতী ও যুবতী ছিলেন। তাঁহার চরিত্র স্থানির্মাণ এবং তিনি অত্যন্ত পতিপরারণা ছিলেন। তিনি আপন চরিত্রবলে বিপথগামী স্বামীকে স্থপথে আন্যান করিয়া-ছিলেন। তিনি স্থানিক্ষতা ও আত্মীর-স্বজনের অত্যন্ত প্রিয় ছিলেন। বোকে তাঁহার বিবিধ গুণের যথেষ্ট প্রশংসা করিত।

ধর্মের পথ অতি হল। এথানে একটু অসাবধান হইলে আর রক্ষা
নাই। লোকে এই ব্রান্ধিকার যথেষ্ট প্রসংশা করিতে থাকার ক্রমে
তাঁহার মনে অহস্কারের উদর হইল। তিনি গর্মিতা হইয়া উঠিলেন।
লোকের দোবদর্শনটা অভান্ত হইয়া পড়িল। তিনি আপনাকে পরম
চরিত্রবতী ও ধান্মিকা মনে করিতে লাগিলেন। তিনি নিজের স্থার
পতিব্রতা স্ত্রী আর ব্রাহ্মসমাজে খুঁজিয়া পাইলেন না।

স্কিয়া দ্বীটের বাসায় স্ত্রী-পূরুষ যাতাশ্বাতের ভিন্ন ভিন্ন পথ ছিল। গোস্বামী মহাশঙ্গের আদেশ মত মহিলাগণ এক পথে যাতাশ্বাত করিতেন, পুরুষগণ অগু পথে যাতাশ্বাত করিতেন। বান্ধসমার্কে স্ত্রীস্বাধীনতা করান্ত প্রবল। যে পথে পুরুষগণ যাতাশ্বাত করে, এই ব্রাহ্মিকা সেই পথে নিঃসকোচে যাতাশ্বাত করিতেন। গোস্বামী মহাশয়ের সেবক বাবু

বিধুভূষণ ঘোষ তাঁহার এই আচরণে বিকক্ত ক্সুয়া তাঁহাকে একদিন ভংসনা করিয়া বলিলেন—

"আপরি ১ এই পথে বাতারাত করেন কেন? গোস্থানী মহাশ্র বীল্যোক ও পূর্ক্তবের বাতারাতের পথ পৃথকরপে নির্দেশ করিরাছেন।
পূরুষেরা পূরুষের পথে এবং ব্রীলোকেরা ব্রীলোকের পথে বাতারাজ করিবেন। আপনাদের পৃথক পথ থাকিতে প্রস্কার গা ঘেঁসিরা প্রকাদের পথে কেন বাতারাত করেন? আপনি কি আপনাকে নিরাপদ জান করেন? আপনি কি নারার অতীত অবস্থা াত করিরাছেন? বিশিও আপনি নারাতীত অবস্থা লাভ করিরা থাকেন, আমরা কেছ সে অবস্থা লাভ করিতে পারি নাই। আমাদিগকে বিশ্বাস কি ? কথন কোন ভ্ত বাড়ে চভিবে, কে বলিতে পারে ? আপনি সাবধান হউন এপথে কদাচ বাতারাত করিবেন না"। বিধুবাবুর কথা গুনিরা ব্রীলোকটী অপ্রতিভ হইরা চলিয়া গেলেন। বিধুবাবুকে আর কোন উত্তর দিলেন না।

অহন্ধারের তার শক্র নাই। বেথানে অহন্ধার সেইথানেই প্রন।
দর্শহারী গোবিল কাহারও দর্প রাখেন না। ইহাই তাঁহার প্রম করুলা।
উৎপথগামী অহঙ্কারীর অহন্ধার চূর্ণ করিয়া ভগবান তাহার মধ্যে দীনতা
আনিয়া দিয়া তাহাকে আজ্বাৎ করেন। মানুষ দীনহীন কাঙ্গাল না
হইলে ধর্মার্থী ভগবানের অনুগ্রহ লাভ করিতে পারে না। বেথানে
অহন্ধার অভিমান ভক্তিদেবী সেধানে পদার্পণ করেন না।

দৈবের বিজ্বনায় একদিন এই দান্তিকা ব্রাহ্মিকার হঠাং পতন হয়।
এই পতনে তিনি নিতান্ত মর্দাহতা ও অক্তপ্তা হইরা পড়েন। তাঁহার
অতদ্র গ্লানি উপস্থিত হইয়াছিল ষে, তিনি আত্মহত্যা করিবার জন্ম
কৃতসংকল্প হইয়াছিলেন।

গোষামী মহাশয়েশ শিয়াগণ গোষামী মহাশয়কে সদ্গুরু, সর্বজ্ঞ ও ভবপারের একমাত্র কর্ণাধার বলিয়া জানেন। ভালমক্ষ যে ধাহাই করুক গোষামী মহাশয়কে না বলিলে কাহারও ভৃপ্তি হইত দা। প্রাণের অতি গোপনীর কথা, যাহা মরুষ প্রকাশ করিতে পারে না, গোষামী মহাশরের শিয়াগণ গুরুর নিকট তাহা প্রকাশ করিয়া প্রতিকারের ব্যবস্থা । জিজ্ঞাসা করিতের। তাঁহার নিকট শিয়াগণ কোন কথা গোগন করিতেন না। দারুণ পাপাচরণের কণাও বাক্ত করিয়া ফেলিভেন। গোষামী মহাশয়কে তাঁহারা যেমন পরম হিতৈথী জানিভেন এমন হিতৈথী জার কাহাকেও জানিভেন না। গোষামী মহাশয়ের বভাব এতই মধুর এবং তাঁহার ভালবাসা এতই অধিক যে তাঁহার শিয়াগণ প্রত্যেকেই মনে করিভেন যে, গোষামী মহাশয় সর্ব্বাপেক্ষা তাঁহাকেই অধিক ভালবাসেন এবং তাঁহার মত হিতৈথী জার কেহ নাই।

হঠাৎ পতনে এই ব্রাহ্মিকা শিশুটী এরপ মর্মানতা ইইরাছিলেন এবং তাঁহার মধ্যে এমন অমুতাপানল প্রজ্জালত হইরাছিল যে, রাত্রির মধ্যে তিনি একেবারে বিবর্ণা হইরা পড়িরাছিলেন। তাঁহার সর্বাশরীরটা ঠিক যেন প্রকাশনা পোড়াকাঠ হইরা গিরাছিল। তাঁহার মুখ চোখ সব বসিরা গিরাছিল। প্রভাত হইতে না হইতে তিনি উন্মন্তার নাম ছুটিরা আসিরা গোসামী মহাশরের পদপ্রান্তে পতিত হইরা কাঁদিতে বাঁদিতে বাঁদিতে বাঁশনেন, প্রভু, স্কামার সর্বানাশ হইরাছে, আমার ধর্মা নষ্ট হইরাছে! এখন

গোঁসাই—কোন চিন্তা নাই। আমি আছি। যাহা হইবার তাহাই হইরা গিরাছে, আর এমন হবে না। কোন ভর নাই। সব ধুইরা পুঁছিরা যাইবে। হির হও, নাম কর, ভগবান তোমাকে পোড়াইরা খাঁটি করিয়া লইবেন।

করি কি ? মৃত্যুই এ পাপের প্রায়শ্ভিত।

গুরুর অধাস বাকো বৃৰতী প্রাণে সান্তনা পাইলেন। পদ্মার শ্রোতের স্থায় নামের বেগ তাঁহার মধ্যে আসিয়া প্রবাহিত হইতে লাগিল, তাঁহার মর্ম্মাতিনা দূর করিয়া দিল। তিনি গুরুকে প্রণাম করিয়া পদ্মার আড়ালে গিয়া নাম করিতে লাগিলেন। আজ তিনি যেন এক নৃতন গাঁজো প্রবেশ করিলেন।

জগবান তাঁহাকে কি উপারে আত্মসাৎ করিলেন, কে বলিতে পারে ? নাম্ব বাহাকে ঘোর পাপাচরণ বলে, কাহারও পক্ষে তাহা স্বর্গরাজ্যে প্রবেশ করিবার সোপান! এই পতনে ভগবান ব্রাক্ষিকার অহস্কার চুর্ণ করিয়া দিলেন। এখন তিনি লোকের মর্য্যাদা দিতে শিক্ষা করিলেন। পরনিলা দোবদর্শন তাঁহার অন্তর হইতে চলিয়া গেল। তিনি পুড়িয়া খাঁটি হইলেন। এত দিনের পর ভক্তি দেবীর ক্লপা হইল।

পঞ্চদশ পরিচেছদ নরেন্দ্রের দেহত্যাগ

শীলারারণ ঘোষের নিবাস বানারীপাড়া, জেলা বরিশাল। ইনি
শাক বংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। ইনি একজন জমিদার, ইহার বিষয়
সম্পত্তি বেশ ছিল। স্বরাপান, জীবহিংসা, প্রজাপীড়ন ইত্যাদি নানা
হন্ধর্মে জীবন অতিবাহিত করিতেন। ইনি একেবারে ভবগদিম্থ ও
ঘোর সংসারমন্ত। কোন প্রকার ধর্মান্তান ইনি সহু করিতে পারিতেন
না।

ইহার পুত্র নরেক্রনারায়ণ ঘোষ অতান্ত স্থবোধ ও শান্তশিষ্ট ছিল। ইহার যথন বয়স ১৫ বৎসর তথন সে বরিশালের ইংরাজি বিদ্যালয়ে অধ্যয়ন করিত। ধর্মাভাব অত্যন্ত প্রবল থাকায় এই বালক গোস্বামী মহাশয়ের নিকট দীক্ষা সইয়া নির্জনে সাধনভজন করিত ও গোপনে গোস্বামী মহাশয়ের ফটো পূজা করিত।

ভগবছহিম্থ লোকেরা ধর্মাহন্তান সহ্য করিছে পারে না। বালক নরেম ধর্মাধন করে, ইহা সংসারাসক পিতার সহ্ হইল না। তিনি সম্ভানকে অত্যন্ত নির্যাতন করিতে লাগিলেন। তাহাকে তিরসার তিং ভংগনাও তাহার ধর্মাহন্তানের বংপরোনান্তি নিকা করিতে লাগিলেন। ইহাতে বালক নরেক্র নিতান্ত ব্যথিত হইত, কিন্তু পিতার তাড়নাতেও সাধনভক্তন পরিত্যাগ করিত না।

পিতা এই পুত্রকে সাধনভজন হইতে যখন কিছুতেই নিবৃত্ত করিছে পারিলেন না, তথন তাঁহার আর ক্রোধের সীমা থাকিশ না। একদিন নরেন্দ্র নির্জনে গোস্বামী মহাশরের ফটো প্রশাস্ত মনে ভক্তিভরে পূজা করিতেছে, এমন সময় পিতা টের পাইয়া পুত্রের নিকট ছুটয়া আসিল, এবং ক্রোধে কম্পান্থিত কলেবর হইয়া পুত্রকে তিরস্কার পূর্বক ফটো-খানি ভালিয়া টানিয়া ফেলিয়া দিলেন।

এই ঘটনার নরেক্স বড়ই মর্নাহত হইল। সে গোস্বামী মহাশরকে সম্বোধন করিয়া বলিল—"ঠাকুর, আর সহু করিতে পারিতেছি না, আমাকে এন্থান হইতে সরাইয়া লউন।" এই বলিয়া নরেক্স বরিশাল রওনা হইল।

গুরু, শিয়ের এই কাতরবাণী শ্রবণ করিলেন। তিনি শিয়ের প্রার্থনা পূর্ণ করিলেন। পিতার নিকট হইতে আপনার জিনিস কাড়িয়া শইলেন। বরিশালে আসার পর নরেন্দ্র বিস্টিকা-রোগে মৃত্যুমুখে পতিত হইল, আর তাহাকে পিতার নির্যাতন সহু করিতে হইল না।

এদিকে শ্রীনারায়ণ ঘোষের বাড়ীতে রক্তবৃষ্টি আরম্ভ হইল। প্রতি দিন রক্তবৃষ্টি হইতে লাগিল। মহাবিপদের আশকায় সকলে ভয়ব্যাকুলিত চিত্তে কাল্যাপন করিতে লাগিল। এমন । বরিশাল হইতে খবর আসিল বিস্ফিকা-রোগে নরেন্দ্র দেহত্যাগ করিরাছে।

নরেক্রের মৃত্যুসংবাদে তাহার পিতা পিতৃব্য ও বাটীস্থ আত্মীরশক্ষম
নিতান্ত শোকাভিতৃত হইয়া পড়িল। তাহারা বৃবিল, নির্মাতন
ও তাহার গুরুর ফটো ভাঙ্গিয়া দ্রে নিক্ষেপ করাই এই সকল বিপদের
কারণ। নরেক্রের প্রতি এই সকল অত্যাচার না হইলে । বিপদ কথনই
ঘটিত না।

এই সময় গোস্বামী মহাশয় ঢাকা গ্যাপ্তারিয়া আশ্রমে অকীন্তি করিডেছিলেন। গোস্বামী মহাশয় কাহারও পত্র গ্রহণ করিতেন না এবং কাহারও পত্রের উত্তর লিখিতেন না। এ কথা বাহিরের লোক জানিত না।

নরেক্রের পিতৃব্য যোগেক্রনারারণ ঘোষ নরেক্রের মৃত্যুতে নিভান্ত শোকাভিভূত হইরা গোস্বামী মহাশরকে একগত্র লিখিরাছিলেন।
মর্ম এইরূপ—"আমরা আপনার নিন্দা করিরা মহা অপরাধ করিরাছি।
আপনি আমাদিগকে ক্ষমা করুন। এতদিনে আমরা আপনার মহিমা
বুমিতে পারিরাছি। আপনার প্রির শিশু নরেক্রের প্রতি অভ্যাচার
হওরার আমাদের ঘোর বিপদ উপস্থিত হইরাছে, বাটীতে রক্তর্মী
হইতেছে। আমাদিগকে পরিত্যাগ করিরা চলিরা পিরাছে।
বেশ বুমিরাছি, আপনিই নরেক্রকে আমাদের নিকট হইতে সরাইরা
লইরা, আপনার নিজের নিকট রাখিরাছেন। আমরা শোকে করিলে
নরেক্রকে দেখাইতে পারেন; একারণ আমাদের বিনীত নিবেদন আপনি
নরেক্রকে একবার দেখাইরা আমাদের ছঃখ দূর করুন।"

পত্রধানি গ্যান্ডেরিয়া আশ্রমে উপস্থিত হইলে গোস্বামী মহাশরের

জামতা ভক্তিভাজন বাব্ জগদন্ধ মৈত্র পত্রের কথা গোস্বামী মহাশয়ের . গোচর করিলেন। তিনি তাঁহাকে পাঠ করিতে বলিলেন। জগদন্ধাবু পত্রথানি আজোপান্ত পাঠ করিয়া গোস্বামী মহাশয়কে শুনাইলেন।

গোস্থানী মহাশর পত্রের মর্দ্ধ জ্ঞাত হইয়া বাব্ জগদ্ধ মৈত্র ধারঃ
পত্র লেখাইয়া ভাহার উত্তর দিলেন। এই পত্রের মর্দ্ধ এইরপ—
"আপনার পত্রে আপনার প্রার্থনা জ্ঞাত হইলাম। নরেক্রকে দেখাইতে
পারি। নরেক্র গর্ভন্থ হইয়াছে। ভাহাকে গর্ভ্ত হইতে বাহির করিয়া
আনিতি হইলে আর একটা আত্মাকে গর্ভের মধ্যে প্রেরণ করিয়া গর্ভ্ত
রক্ষা করিতে হয়। আপনারা আর নরেক্রকে পাইবেন না, একবার
দেখিয়া কি লাভ হইবে ৄ কেবল শোকবৃদ্ধি ও হাহাকার উপস্থিত
হইবে মাত্র। আপনারা শোক সম্বরণ করুন। নরেক্রকে দেখিবার
ইচ্ছা পরিত্যাগ করুন।" এই পত্র পাইয়া বোগেক্রনারায়ণ ধােষ নরেক্রকে
দেখিবার সংকল্প পরিত্যাগ করিলেন।

আয়ু: শ্রিরং যশ্যে ধর্মাং লোকানাশিব এব চ। হস্তি শ্রেরাংসি সর্বাণি পুংসো মহদতিক্রম: ॥

শুকদেব কহিলেন, হে পরীকিং! সাধুজনের বিষেষ কেবলমাত্র মৃত্যুর হেতু নহে, তাহাতে অশেষ পুরুষার্থ-সম্পন্ন ব্যক্তিরও আনু জ্রী, যশং ধর্ম, স্বর্গাদিলোক, কল্যাণ এবং— সর্বপ্রকার শ্রেরঃ বিনষ্ট হইয়া থাকে।

একদিন নরেক্রের পিতা একথানি নৌকাযোগে জলপথে গমন করিতেছিলেন। নৌকা ঝালাকাটি গ্রামে উপস্থিত হইলে একথানা ষ্টীমারের তরঙ্গাঘাত প্রাপ্ত হয়। শ্রীনারায়ণ ঘোষ, নৌকার ছইয়ের বাহিরে ছিলেন, তাঁহার জীবনের কোন আশক্ষা ছিল না। কিন্তু তিনি যেমন দলিলের বাক্স বাহির করিয়া আনিবার জন্ম ছইয়ের ভিতর প্রবেশ করিলেন, অমনি নৌকা ডুবি হইল, আর ভিনি বাহির হইতে

পারিশেন না। জলমগ ইইয়া অকালে কালগ্রাসে পতিও ইইলেন। সংসারের ধনৈশার্য্য প্রভুত্ব সমস্ত ফুরাইয়া গেল।

শেড়শ পরিচেছদ

স্থার মার গৃহে গোস্বামী মহাশয়ের ভোজন ও তাহাকে অর্থপ্রদান।

দূর জ্ঞাতিসম্বন্ধে স্থার মা আমার জ্ঞাতি প্রাত্বধূ। নিবাস কুলীন-গ্রাম। স্থার মার নাম কুসুম, তাঁহার স্বামীর নাম গোঁসাইদাস বস্থ। স্থার মা অল্ল বয়সে বিধবা হন, কোলে এক মাত্র শিশু স্ন্তান; তাহার নাম স্থারেক্র। এই জন্ম কুসুমকে লোকে স্থার মা বলিয়া থাকে।

ত্বর মা দরিদ্রা সন্তরালয়ে অরবস্তের সংস্থান না থাকার ও উপযুক্ত অভিতাবকের অভাব কশতঃ স্থরর মা সন্তানটিকে লইরা আপন পিতার আলর দত্তপাড়ার গিরা বাস করিতেন। স্থরর মা পিতার গৃহকার্য্য করিতেন, পিতার সেবা করিতেন এবং পিতৃগৃহে প্রতিপালিতা হইতেন। স্থরর মারের নিজের বাড়ীতে কেবল মাত্র একখানি থাকিবার বর, আর একথানি রালাঘর ছিল। যথন গোস্থামী মহাশর কূলীন-গ্রামবাসিগণকে নাম প্রেম প্রদান করেন ■ তথন স্থরর মাও সেই সঙ্গে গোস্থামী মহাশরের নিকট দীক্ষাপ্রাপ্ত হন। দীক্ষাগ্রহণের পর স্থরর মা সাধনভন্তনে মনোনিবেশ করেন। স্থরর মা নাম করিতে করিতে সমর সময় বাছজ্ঞান-শৃল্যা হইরা পড়িতেন। এজন্ত সংসারের কায় কর্মের বিন্ন উপন্থিত হইতে লাগিল। পিতা মহা বিরক্ত হইলেন। কল্তাকে জিরস্কার করিতে লাগিলেন। গ্রাহার ভজনের নিন্দা করিতে লাগিলেন। গ্রাহার ভজনের নিন্দা করিতে লাগিলেন। ইহাতে স্বর মা নিতান্ত ব্যথিতা হইরা শুকুকে বলিলেন,

⁻ মহাপাতকীর জীবনে সদ্গুকুর লীলা নামক পুস্তক দুইৰা।

—গোঁসাই, নাম করিতে বসিলে বাবা বড় বিরক্ত হন, তিনি ভবনের
নিনা করেন, এবং বাড়ী হইতে দূর হইয়া যাইতে বলেম।
গোসাঁই—তৃমি পিতার বাড়ী পরিত্যাগ করিয়া শণুরবাড়ীতে গিয়া
থাকগে।

সূরর মা—আমার পিজার দেবা করিবার আর কেহ নাই। গোসাঁই—দে দায়িত ভোমার নাই।

সূর্র মা—খণ্ডরালয়ে কি থাইব ? আমার যে গ্রাসাচ্ছাদনের কোন সংস্থান নাই ?

গোসাঁই—সে ভাবনা তোমার ভাবিবার প্রয়োজন নাই। গ্রাসাচ্ছাদন কোন না কোন রকমে চলিয়া যাইবে।

সুরর মা গুরুর কথা গুনিয়া পিত্রালয় পরিত্যাগ করিতে মনস্থ করিলেন; কিন্তু কিলে সংসার্যাত্রা নির্বাহ হইবে, এই ভাবনাটা ভাবিতে লাগিলেন। একদিন স্থার মা নাম করিতেছেন, এমন সময় পিতা ক্রোধ-ভারে বলিলেন—

—তুই সংসারটা মাটি করিলি, বাড়ী হইতে দ্র হইরা বা।

স্থার মা—আমি গেলে কে আপনার সেবা করিবে ?

পিতা—তোর সেবা করিতে হইবে না, এখনি আমার বাড়ী হইতে চলিয়া

বা।

নুধর মা—তবে চলিলাম, আমার কোন দোষ নাই। সামার অপরাধ গ্রহণ করিবেন না। আপনার অসুথ হইলে আমাকে সংবাদ দিবেন, আমি আসিয়া সেবা করিব; কিন্তু এ বাড়ীতে আর ক্লম্পর্শ করিব না।

পিতা—তুই এথনি যা, ভোকে আর আসিতে হবে না। সুরুর মা পিতাকে প্রণাম করিয়া পুরুটিকে কোলে লইয়া নিরাশ্রয় শ্বব্দার খণ্ডরালর ক্লীনগ্রামে আসিয়া বসবাস করিতে লাগিলেন।
বর্দ্ধমানের স্থাসিদ্ধ উকিল বাবু দেবেক্স নাথ সংরেক্তকে নিজের কাছে
রাখিয়া ইংরেজি লেখাপড়া শিখাইতে লাগিলেন। স্থারর মারের একটা
পেট কোন না কোন রকমে চলিয়া যাইতে লাগিল।

একদিন স্থার মা প্রাতঃকালে রায়াবর লেপিতেছেন, এমন সময় দেখিলেন, উননের নিকট একটু মুন পড়িয়া রহিয়াছে, তাহাতে কতকগুলি পিপড়ে লাগিয়াছে। স্থার মা পিঁপড়েগুলিকে মুন থাইতে দেখিয়া অত্যন্ত হৃঃখিতা হইলেন। তিনি পিঁপড়েগণকে মনে মনে বলিতে লাগিলেন, "বাছা তোমরা পরের বাড়ীতে থাক, কত হুধসন্দেশ থাও, এই হতভাগিনীর বাড়ীতে আসিয়া কিছুই থাইতে পাইতেছ না, কুধার আলার মূন কামড়াইতেছ। আমি বড়ই হতভাগিনী, আমার যরে এমক একটু গুড়ও নাই বে তোমাদিগকে থাইতে দিই।"

এই বলিয়া স্থার মা নিতান্ত ছ:খিতা হইয়া কানিজৈ লাগিলেন। গুরুপজি জাগ্রত হইল। চক্ষের জলে তাঁহার বুক ভালিয়া
হাইতে লাগিল। ঘন ঘন খাস বহিতে লাগিল, দেখিতে দেখিতে শরীয়ে
লাকণ কলা উপস্থিত হইল, প্রবলবেগে প্রাণায়াম প্রবাহিত হইছে
লাগিল। নামের ঝড় বহিতে লাগিল, গুরুপজি সর্কাশরীর আছর
করিয়া ফেলিল। স্থার মা বেগতিক বুঝিয়া উঠানে তুলনীতলার গিরা
আহাড় থাইয়া পড়িল, তাঁহার বাহুজ্ঞান লোপ হইল। এই অবস্থার
স্থার মা দেখিলেন, সম্মুখে গোস্বামী মহালয় দণ্ডার্মান। তাঁহার হত্তে
দণ্ডকমণ্ডল, বস্তকে জটাভার পরিধানে গৈরিক বহির্বাস। গোস্বামী
মহালয় স্থার মাকে বলিতেছেন—

—সুরর মা উঠ, আজ আমি তোমার বাড়ীতে থাইব, আমার জগু রাল্লা করগে। সুরর মা—আমি কোথার কি পাইব বে তোমাকে থাওয়াইব ? ঘরে ষে কিছুই নাই!

গোসাঁই – ঘরের কোলঙ্গায় একদের চাউল আছে, তাই রাঁধগে।

স্বর মার চমক ভাকিরা গেল, তিনি আত্মসম্বরণ করিয়া ধড়মড় করিয়া উঠিলেন। ধরের ভিতর ঢ্কিরা দেখিলেন, লক্ষীপ্জার জন্ত, সতা সতাই কোলগার একদের চাউল রহিয়াছে।

সুরর মা আজ তাড়াতাড়ি মান করিতে গেলেন। পুক্র হইতে
কিছু কলমি কিছু তগুনি শাক তুলিরা আনিলেন। প্রতিবেশীগণের
নিকট তই একটা ঝিঙে ■ আলু চাহিরা আনিয়া রায়া চড়াইয়া দিলেন।
রায়া সমাধা হইলে সুরর মা ঘরের মেজেতে আসন পাতিয়া একটা পাথরে
অরব্যঞ্জন সাজাইয়া দিয়া গুরুকে নিবেদন করিয়া দিলেন, এবং কপাট
ঠেসাইয়া দিয়া বাহিরের ছয়ারে বসিয়া কান্দিতে লাগিলেন।

আরু পুরর মার প্রাণে বড় আঘাত লাগিরাছে। গুরু বরং প্রকাশিত হই বাললেন "সুরর মা আজ আমাকে খাওরাও"। সুরর মা এমনি গরিব বে, কেবল শাক অর রাঁধিরা গুরুকে ভোগ দিলেন। পাঁচ রকম ভাল সামগ্রী সংগ্রহ করিয়া ভোগ দিতে পারিলেন না। সুরর মা একাকী কপাটের বাহিরে বসিরা কান্দিতেছেন, এমন সমর বোদেদের বড় বউ (ইনিও গোলামী মহাশরের জনৈক শিয়া) কিছু আম, কাঁঠাল, রস্তা, হুধ সন্দেশ লইয়া হুরর মার নিকট উপস্থিত হইয়া বলিলেন "হুরর মা, তুই নাকি আজ গোঁসাইর ভোগ দিতেছিন। আমি হুধ সন্দেশ ও ফল আনিরাছি, গোসাঁইর ভোগে দাও।" এইকথা বলিয়া হুরর মার নিকট জিনিসগুলি নামাইয়া দিয়া বড়বউ বাড়ী চলিয়া গেলেন।

স্থার মা জিনিসগুলি লইলেন এবং ধীরে ধীরে কপাট খুলিয়া দরের ভিতর প্রবেশ করিয়া দেখিলেন গোসাঁই সশরীরে আসনে উপবিষ্ট। তিনি স্থরর মাকে বলিলেন "আমার সব থাওয়া হইয়াছে; জিনিসগুলি সমস্ত এথানে রাখিয়া দাও; পাড়ার ছেলেদিগকে ডাকিয়া প্রসাদ দাও"। স্থরর মা গুরুকে প্রণাম করিয়া তাহাই করিলেন।

কিছু দিন পরে আমার সপরিবারে পুরী বাইবার কথা হইল।
কথাটা গ্রামে রাষ্ট্র হওরার স্থার মারের প্রবল ইচ্ছা হইল বে, সে আমার
সঙ্গে বার। স্থার মা দরিদ্রা নীলাচল যাইবার থরচ সে কোথার
পাইবে ? অর্থাভাবে ভাহার পুরী যাওরা ঘটিবে না সে এই ভাবিরা
নিভান্ত খেদারিতা হইল। সে আপনার ত্রদৃষ্টকে শত শত ধিকার
দিতে লাগিল।

বাঁহাদের মধ্যে গুরুশক্তি কিছু প্রবল হইয়া উঠিয়াছে, শোক্ষাপ হঃথবদ্রণা উপস্থিত হইলেই তাঁহাদের ভিতর গুরুশক্তি প্রবৃদ্ধ হইয়া শ্রীরু-মনকে আছের করিয়া ফেলে; মুহুর্ত্তের মধ্যে শোকভাপ কুলাবদ্রণা সমস্তই ভূলাইয়া দেয়, প্রাণমনকে অমৃত-পাথারে ভাসাইয়া দেয়ুঃ গোস্বামী মহাশরের প্রত্যেক শিশ্য ইহা আপন জীবনে প্নঃ প্নঃ উপলব্ধি ক্রিতেছেন।

অর্থাভাবে শ্বরর মায়ের প্রী যাওরা হইবে না, এই দারুণ বাথা যথন তাঁহার মধ্যে উপস্থিত হইল, প্রবল গুরুশক্তি উদ্বুদ্ধ হইরা তাঁহার সমস্ত শরীরমনকে আছের করিয়া ফেলিল। তাঁহার মধ্যে প্রবলবেগে প্রাণারাম উপস্থিত হইল, পদ্মার বস্তার স্তার নামের প্রবাহ কুল ছাপাইরা ছুটিরা চলিল, শরীরটা থর থর করিয়া কাঁপিতে লাগিল, চক্ষের জলে সর্বশরীর সিঞ্চিত হইল; শ্বরর মায়ের ৰাহ্জান লোপ পাইল। সে অপার আনন্দ-সাগরে এক একবার ভাসিতে আর এক একবার ভূবিতে লাগিল।

স্থার মারের বাহ্যফূতি রহিত হইলে, তিনি দেখিলেন গোস্বামী মহাশ্র সম্মুখে উপস্থিত। তাঁহার হুইটী অঞ্জলিবদ্ধ, টাকায় পরিপূর্ণ। তিনি হ্বর মাকে বলিতেছেন, হ্বরর মা! টাকার জন্ত ভাবিতোছস্, আমি টাকা আনিয়াছি, এই টাকা নে "।

স্বর মা এই কথা গুনিয়া মর্মান্ত হইলেন, তিনি আপনাকে শত শত ধিকার দিয়া বিলাপ করিতে লাগিলেন। তিনি গোস্থানী মহাশমকে বলিলেন, এ হর্মতি আমার কেন হইল ? আপনার নিকট কি আমাকে অর্থ লইতে হয় ? আমার অর্থের কোন দরকার নাই। আপনি যে আমার পরম-অর্থ। আমি প্রী ষাইব না! আপনিই আমার জগরাধ, আপনিই আমার বলরাম। সমস্ত দেবতাগণ আপনিই, প্রী রুল্পাবন গয়া গঙ্গা বারাণদী দমস্ত তীর্থ আপনাতেই বর্তমান। আমি কিছু চাই না, কেবল ঐ চরণে স্থান দান করন। এই বলিয়া স্থার মা গুরুর পাদ্দ্রে মস্তক অবনত করিলেন; তৎক্ষণাৎ চমক ভাঙ্গিয়া গেল। স্থার মা উষ্টিয়া বিদয়া নাম করিতে লাগিলেন।

পাঠক মহাশয়, এই ঘটনার পর হইতে স্থরর মা আর প্রী বান নাই, তিনি দরিদ্রতার মধ্যে থাকিয়া কাহারও নিকট কোন জিনিস বাজ্ঞা করেন নাই।

গোস্থামী মহাশয় এই লীলার দেখাইলেন, সদ্গুরু সর্বাত্ত সকল সমরে বর্তমান। তিনি পূর্ণ জ্ঞানস্বরূপ। শিষ্মের সকল বাহুণ পূর্ণ করিতে সক্ষম। তিনি ক্লকালের স্বস্তু শিষ্মকে পরিত্যাগ করিয়া থাকেন না। শিষ্মের সমস্ত ভার তিনি গ্রহণ করিয়াছেন।

সপ্তদশ পরিচ্ছেদ পরলোকবাসীর **আ**র্ত্তনাদ

পূর্ববঙ্গের কোন একজন বিখ্যাত জমিদার, যৌবনকালে প্রবলধর্মানু-রাগের বশবন্তী হইয়া ব্রাহ্মধর্ম গ্রহণ করিয়াছিলেন। ব্রাহ্মসমাজে তাঁহার ধর্মপিপাসরে শান্তি না হওয়ার, গোস্বামী মহাশরের শিশুত্ব গ্রহণ করেন। গোস্বামী মহাশর তাঁহাকে ও তাঁহার পুত্র কন্তা সকলকে দীক্ষা-মন্ত্র প্রদান করেন। এই দীক্ষা-গ্রহণের পর হইতে তিনি সপরিবারে অতি নিঠাবান হিন্দু হইয়াছিলেন।

সন ১৩০০ সালে গোস্বামী মহাশয় উক্ত জমিদারবাব্র কলিকাতার কোনও বাটীতে কিছু দিনের জন্ত সশিষ্যে অবস্থিতি করিয়াছিলেন। সেই সময়ে গোস্বামী মহাশরের শিষ্যগণের সহিত বাবুর ও তাঁহার পরিবার-বর্গের একটা বিশেষ ঘনিষ্ঠতা হইয়াছিল।

জমিদার বাব্র ধর্মভাব অত্যন্ত প্রবল থাকিলেও তাঁহার বিস্তীর্ণ জমিদারী ও প্রভূত অর্থ তাঁহার ধর্মপথের প্রতিবন্ধক হইরাছিল। ধন ও ধর্ম কদাচ একস্থানে থাকিতে পারে না। এইজন্ত রাঞ্চপুত্র শাক্ষ্য-সিংহ, রাজসিংহাসন পরিত্যাগ করিয়া পথের ভিথারী হইরাছিলেন। হরজত মহম্মদ সমস্ত আরব ভূমির অধিপতি হইরাও কখন গিরিগুহার কথনও বা পর্ণকূটীরে বাস করিতেন। তিনি কখনও ধূলায় কথনও বা একটা ছেঁড়া চেটায় শয়ন করিতেন। মাটির ভাঁড়ে জল থাইতেন; হা৪টা থেজুর বা আকরোট থাইয়া জীবন ধারণ করিতেন। আরবের রাজস্ব ইসলামের ধন বলিয়া তিনি স্পর্শ করিতেন না।

মহম্মদ যথন সমস্ত আরব-ভূমির অধীখর, তথন তিনি একদিন আগন কল্পা ফতেমার সহিত দেখা করিতে গিয়াছিলেন। মহম্মদ ফভেমার ফুটীরে গিয়া জিজ্ঞাসা করিলেন—

--- শা কেমন আছ ?

ফতেমা—বাবা আমার কথা আর কি জিজ্ঞাসা করিবেন ? ধেমন পাত্রে আমাকে সম্প্রদান করিয়াছেন, আমি তেমনি আছি।

মহম্মদ-মা, এমন কথা কেন বলিলে? আমি আলির সহিত ভোমার

বিবাহ দিয়াছি, এই আব্ব-ভূমিতে আলি অপেকা অধিক ধার্মিক আর কে আছে ?

ফতেমা--বাবা আমি সে কথা বলি নাই।

মহম্মদ-তবে কি বলিতেছ ?

ফতেমা—আমি তিন দিন খাইতে পাই নাই।

মহম্মদ—পর্মেশ্বরকে ধস্তবাদ দাও। মা, আমিও পাঁচদিন থাইতে পাই নাই।

বিষয় বিষম কালক্ট। এজন্ত পৃথিবীর বাবতীয় ধার্মিক লোক বিষয় পরিত্যাগ করিয়া ধর্মসাধন করিয়া গিরাছেন। বিষয় মানুষকে জমানুষ করে। অভিমান, অহস্কার পরিবর্দ্ধিত করে। পরতঃথকাতরতা ধনীর অন্তরে স্থান পার না। ধন ক্রমাগত ধনাকাজ্ফাই বলবতী করে। ধনাকজ্জা বলবতী হইলে মানুষ পরপীড়নে পরাত্ম্ব হয় না। ধনিলোক মানুষের উপবুক্ত মর্যাদা দিতে পারে না। ভক্তিদেবী তাহার নিকট হইতে দ্রে পলায়ন করেন। মহাপ্রভু বলিয়াছেন—

বিষয়ীর অন্ন থাইলে জ্ট হয় মন।
মন জ্ট হইলে নহে শ্রীকৃষ্ণ স্বরণ
শ্রীকৃষ্ণ স্বরণ বিনা বৃথা এ জীবন।"

এই জন্ম সাধু লোকেরা ধনীর সংল্পর্লে আসেন না। তাঁহারা ধনীর আন গ্রহণ করেন না। ধনীর আন বিষবৎ পরিত্যাগ করিয়া থাকেন। ভগবান বাঁহাকে কুপা করেন, তাঁহার ধনৈশ্ব্য সমস্ত নষ্ট করিয়া দেন। ধনৈশ্ব্য মানুষকে ভগবৎ-বিমুথ করে এই ** ভগবান জীমুখে ধলিয়াছেন

"যন্তাহং অমুগৃহামি হরিয়ে তদ্ধনং শনৈ:।" "আমি যাহাকে অনুগ্রহ করি, ক্রমে ক্রমে তাহার ধন হরণ করিয়া থাকি।" বাহারা ধর্মজীবন লাভ করিতে চান, ধনোপার্জন ও অর্ধ-ব্যবহার-সম্বন্ধ তাঁহাদের তীক্ষ দৃষ্টি থাকা অবপ্তকর্ভবা। এইথানেই বিষম পরীক্ষা। কামিনীকাঞ্চন ধর্মপথের অন্তরার।

সদ্ধারণর মহাশক্তি লাভ করিয়াও পূর্ব্বোক্ত জমিদারবাব্র ধনৈথার্য তীহার বে ধর্মলাভের অন্তরার নাই, একথা বলা বাইতে পারে না। কারণ মদ থাইলে বেমন নেলা হইবেই হইবে, ধনৈথার্য ও সেইরকম মান্ত্রের মধ্যে কাব করিবেই করিবে। বস্তপজ্জির গুণ কোথার বাইবে ?

১৩-৫ সালে গোস্থামী মহাশর পুরীধামে যখন নীলমণি বর্মণের ভাড়াটিয়া বাড়ীতে অবস্থিতি করিছিলেন, তখন জমিলারবাবু শীবিড ছিলেন না। একদিন গভীর রাত্তিতে ঐ বাড়ীতে জমিলারবাবুর যোর অর্তনাদ শুনিয়া বাসার সকলে চমকিত ও ভীত হইল। কাত্রর চীৎকারে সকলের নিদ্রা ভঙ্গ হইল।

স্বাদারবাব স্থানক দিন স্থাগে মৃত্যুমুখে পতিত ইইরাছেন, একথা সকলে জানেন। তাঁহার গলার স্থরও সকলের জ্ঞানা আছে। বাসার মধ্যে যে লোক আর্ত্তনাদ করিতেছে, সে লোককে কেহ দেখিতে পাইতেছে না। স্থার্ভনাদ স্থান্তত্ত ভ্যাবহ। এক জন জীবস্ত মানুষকে হাতে পারে বন্ধন করিয়া প্রজ্ঞানত হতাশনে নিক্ষেপ করিলে তাহার বে রূপ স্থান্দ হর, এই স্থার্ভনাদ সেইরূপ।

বাসার শোক মৃত ব্যক্তির এই ভরাবহ আর্তনাদ প্রবণ করিয়া ভীত

■ চমকিত হইরা গোসামী মহাশরের নিকট ছুটলেন। তাঁহারা গোসামী

মহাশরকে জিজাসা করিলেন—

—বাবুর মার্কাদ গুনিতে পাইতেছিলাম, আমাদের বড় ভর, ব্যাপার কি বশ্ন ৷

গোঁসাই—হাঁ, ভিনি আসিরাছিলেন।

ৰাসার লোক—তিনি কি জস্ত আসিরাছিলেন এবং এমন ভরাবহ অর্ভনান্ই বা কেন ?

গোঁসাই—সহস্র সহস্র বৃশ্চিক দংশন করিলে মান্থরের বেরুপ জালা উপস্থিত হয়, উক্ত বাবু সেইরুপ জালা ভোগ করিতেছেন। জালা অসহ হওরায় তিনি আমার নিকট রক্ষার স্কৃতিয়া

বাসার লোক-অাপনি কি করিলেন ?

গোঁসাই—আমি বলিলাম, পূর্বে আমার কথা তুন নাই, এখন একবংসর কাল তোমাকে এই যন্ত্রণা ভোগ করিতে হইবে, তৎপরে আমি ইহার ব্যবস্থা করিব।

বাসার লোক—বাবু এমন কি অপরাধ করিয়াছিলেন বাহার জন্ত ভাঁছাকে এই বিষম যন্ত্রণা ভোগ করিতে হইতেছে ?

গোঁসাই—তিনি কলিকাতার এক প্রতিবেশীর একটা বান্তবাটা কৌশলে আত্মগাৎ করিয়াছিলেন। আমি তাঁহাকে বলিয়াছিলাম, হর লোকটাকে টাকা দিয়া সন্তঃ কর, নতুবা ইহার বান্তবাটা ইহাকে ফিরাইরা দাও। তিনি আমার কথা গুনিবেন না। ত্রুরের মধ্যে কিছুই করেন নাই। প্রস্থাপহরণে এক্ষণে তাঁহার এই বিষম শান্তি ভোগ হইতেছে।

মুখের কথার কিছু লা না। এই অবিধাসকর বুগে লোকে মুখের কথার বিধাস-স্থাপন করিতে পারে না। গোস্বামী মহালয় শিশাসন্থক মুখে কোন কথা বলিতেন না। তিনি জানিতেন, শিশাসণ মুখের কথা বিধাস করিতে পারিবে না; মুখের কথার তাহালের অবিধাস হইবে; তাহারা আজ্ঞাপালনে অসমর্থ হইবে, তাহাতে গুরু-আজ্ঞা লঙ্গন জ্ঞা বিধম অপরাধে অপরাধী হইতে হইবে। এক্সা গোস্বামী মহালয়

নিজের আচরণ ও বিবিধ ঘটনার মধ্য দিয়া শিষ্যগণকে ধর্মশিকা দিতেন।

মানুষ যথন স্ক্র-দেছে নরক-যন্ত্রণা ভোগ করে, এ পৃথিবীর লোক ভাহা টের পায় না। সদ্গুরুর অসাধ্য কিছুই নাই। পরস্থাপহরণের বিষময় ফল শিশ্বগণকে দেখাইবার জন্তু গোস্বামী মহাশয় এই জমিদার-বাব্কে পরলোক হইতে আনাইয়া ভাহার ছরবস্থাটা শিশ্বগণকে জানাইয়া দিলেন।

অফ্রাদশ পরিচ্ছেদ মৃগাঙ্কনাথের বেদী

বাব্ মৃগান্ধনাথ পালিতের নিবাস জেলা বর্জমানের কোনো পলীগ্রামে। ইনি ইংরাজীশিক্ষা পান নাই, বালালা লেখাপড়া জানেন, জমিদারী সেরেস্তার কাষে বিশেষ পারদর্শী। ইহার বৃদ্ধি অভিশর তীক্ষ এবং শারীরের বল অসামান্ত, অল বরস হইতেই জমিদারী সেরেস্তার কাজ করিয়া আসিতেছিলেন।

এ পৃথিবীতে এমন পাপাচরণ নাই, যাহা ইহার বারা অক্টিত না হইরাছে। জীবহিংসা, শ্বরাপান, ব্যাভিচার, সভীত্তরণ, গৃহদাহ, জাল-জালিরভি, মিথা। মোকর্দমা করা, মিথা। সাক্ষা দেওরা, অসমগ্রমন, এবং নানা প্রকার দহার্ভি ইহার নিত্যকর্দ্ম। ইনি একজন গুণ্ডার দলের নেতা ৪টী জেলার লোক ইহার অত্যাচার প্রপীড়িত। ইহার পিভ্-উৎসন্ন না করিয়া কেহ জলগ্রহণ করে না। যা নিবারণ করিলেও মারের কথা গুনেন না। ইনি নিভান্ত বেহারা। প্রকাশ্যভাবেই স্বরাপান করেন, প্রকাশভাবেই বেশ্রাবাড়ী বান, রাস্তার বেশ্রার গলা ধরিয়া বেড়ান, ভাহাতে একটু লজ্জাবোধ নাই।

হর্ষ্ ত জমিদারগণের কাষ করিতে থাকার ইহার ছপ্রবৃত্তি দিন দিন
বলবতী হইতে থাকে। কুসল ব্যতীত সংসক্ষ কথন করেন নাই, সদালাপ
কথনও শুনেন নাই; পরপীড়নেই পরমানক। সর্বাদাই কুচিন্তা কদালোচনা। দস্যবৃত্তি বাহাদের পেশা তাহাদের ঘরে জন্ম থাকে না।
কুকার্য্যে সমস্ত বান্ন হইন্না বান্ন; পৈতৃক সম্পত্তি সমস্ত নাই হর।
ইহারও এই দশা। এখন দস্যবৃত্তিই ইহার উপজীবিকা। পাঠক
মহাশন্ন পালিত মহাশনের জীবন বৃত্তান্ত অতিশন্ন কৌতৃহলজনক কিন্তু সমস্ত
কুকার্য্যে পরিপূর্ণ, সকল কথা লিখিতে হইলে একথানি স্ববৃহৎ পৃত্তক
লিখিতে হন্ন, আর কুকথা লিখিনা এই পৃত্তকখানি কলুবিত করাও আযার
ইক্ষা নহে, একারণ সে সব কথা লিখিলাম না।

যে বেমন লোক তাহার সঙ্গীও তজ্ঞপ। প্রামের হুর্দ্ধ অমিদার শক্ষণমনে অসমর্থ হইয়া উপযুক্ত পাত্র এই হুর্দ্ধের সহারতা প্রার্থনা করে।
এই সকল কার্য্যে মৃগাছনাথের অত্যন্ত ক্ষতি ও দক্ষতা; এরপ কার
পাইলে ইহার আনন্দের সীমা থাকে না। মৃগাছনাথ আনন্দের সহিত্ত
অমিদার মহাশরের সহার হইলেন এবং তাঁহার বিপক্ষকে এক মিধ্যা
কৌজনারী মোকর্দমার ফেলাইয়া কেল খাটাইয়া দিলেন। অমিদার
মহাশ্রু মৃগাছনাথের অসামান্ত বৃদ্ধিমন্তা ■ কৌলল দেখিয়া বিমোহিত
হইলেন। ইহার উপর তাঁহার প্রগাঢ় অমুরাগ জন্মিল, উভয়ে মধ্যে
একটা বন্ধ্তা স্থাপিত হইল। মৃগাছনাথ প্রভাত প্রান্ত একবার করিয়া
অমিদার মহাশরের বাটীতে বান এবং আমোদ-আ্লোদ করিয়া বাটি
আসেন।

- জমিদার মুহাশরের যুবকপুত্র গোসামী মহাশরের শিশ্<u>যা যুবকটি শাস্ত</u>

শিষ্ট এবং অভ্যন্ত ধর্মপরায়ণ, পিতার একমাত্র পুত্র। পুত্রের ধর্মনির্চা ও সাধুতার পিতা সন্তানের উপর অত্যন্ত বিরক্ত হইরা থাকিতেন এবং সন্তানকে কুপ্ত্র মনে করিতেন। এক সময় পিতা এই ধর্মপরায়ণ পুত্রকে গৃহ হইতে শ্বিভাড়িত করিয়া দিয়াছিলেন। সংসায় এইরপ। সংসায়মন্ত লোকেরা ধর্মের অমুষ্ঠান সন্ত করিতে পারে না। ধার্ম্মিক পুত্রনাও তাহাদের অপ্রির। মৃগাক্ষনাথ বথন অমিদার মহাশরের বাটা বাইতেন, তথন দেখিতে পাইতেন ব্বক শান্ত ও সমাহিত্তিতে ইইপ্রায় নিমপ্ত আছেন। তাহার সম্মুখে গোল্বামী নহাশরের ফটো। পার্মে পুরোপ্তার। ব্বকের ক্রক্ষেপ নাই। তিনি বাটা ফিরিবার সময় ২০ দিন জানালা দিয়া এই ঘটনাটা দেখিয়া গেজেন, কিন্তু কোন কথা বলিলেন না।

মৃগাঙ্কনাথ, এরপ দৃশ্র আরে কথনও দেখেন নাই। তিনি এক দিন দরজার সন্নিকটে আসিয়া যুবককে জিগুলানা করিলেন,

— ভুমি কি করিতেছ ?

বুবক—আমি ইষ্ট দেবতার পূজা করিভেছি 🤊

মৃগান-সমূপে কাহার ফটো ?

ব্বক---আমার ইউদেবের।

মৃগা**ড—**ইনি এখন কোথার আছেন ?

বৃৰক—কলিকাতার হারিসন রোভের আশ্রমে।

স্গান্ধনাথ গোসামী মহাশনের ফটো ও যুবকের প্রশান্তভাব ব্রথিয়া বিমোহিত হইলেন। যুবক প্রসাদী বাভাসা ইহার হাতে দিলেন। মৃগান্ধনাথ ভক্তিসহকারে প্রসাদ ভক্ষণ করিলেন, তাঁহার ভাবান্তর উপস্থিত হইল। তিনি যুবককে জিজ্ঞাসা করিলেন,

- আমি বছকাল কুকার্ব্যে লিগু আছি, এমন পাপ নাই বাহাঁ আমি করি নাই, আমার বে কি গভিত ইইবে ভাষা আমি জানি না।

আমাদের মত পাপীর কি কোনো উপ:র হইতে পারে ?

মুবক—পতিত জনকে উদ্ধার করিবার জন্তই ভগৰান পতিতপাবন নাম
লইয়াছেন। তাঁহার রূপায় মহা পাপীও ক্ষণকালের মধ্যে
পরম সাধু হইয়া যায়, তাঁহার পবিত্রতায়য়দেশ পবিত্র হয়, রূল
পবিত্র লয়, পূর্বাপ্রফারণণ উদ্ধার হইয়া যায়। তাঁহারী
প্রতি একবার অনুরাগ জিয়ালেই হইল।

সৃষাত্ত-আপনার ইট দেবভার নাম কি ?

বুৰক-প্ৰভূপাদ বিজয়ক্ত গোস্বামী।

মৃগাক—আমার মত মহা পাপীকে তিনি কি রূপা করিতে পারেন 🔈

যুবক--তবে আর পতিতোদারণ নাম কি জক্ত । পতিত জনগণকে উদ্ধার করিবার জন্তই তিনি সদ্গুরুরপে আবির্ভূত হইরাছেন।

মৃগাক—আমি যে মহা পাপী আমার পাপের যে সীমা নাই।

যুবক—সদ্গুরু বথন শিশ্বকে দীকা প্রদান করেন তথন তাহার সমস্ত পাপ নিজে গ্রহণ করেন, শিশ্বকে পাপ হইতে বিমুক্ত করিয়া তবে ভগবানের নাম প্রদান করেন, শিশ্বকে সমস্ত পাপের বোঝা বহিতে হইলে তাহার কি আর উদ্ধার হয় ?

মৃগান্ধ—বল কি? এ কথাত কথনও শুনি নাই। কেহত বলে না? জগতে কি এমন লোক আছেন, যিনি পরের পাপরাশি নিজে গ্রহণ করেন ?

যুবক—হাঁ আছেন! আমি নিশ্চয় বলিভেছি আছেন। এই জন্তুইত সদ্গুরুর এত মহিমা! পাপী তাপী যে বেখানে থাকুক, ভাঁহার স্পর্শ মাত্রই নিশ্চয়ই উদ্ধার হইয়া যাইবে।

মূগাঙ্ক যুবকের কথা শুনিয়া বিমনা হইলেন, ভিনি আর জমিদার বাবুর মজলিশে গেলেন না। এইখান হইতেই বাট ফিরিলেন। ইহার পর মৃগাক্ষনাথ প্রতিদিন জমিদার বাবুর বাটীতে আসিতেন, কিন্তু জমিদার বাবুর সহিত আর দেখা সাক্ষাৎ করিতেন না, যুবকের কাছে বসিয়া কথাবার্তা কহিয়া বাটী ফিরিয়া আসিতেন। একদিন অমিদার বাবু মৃগাক্ষনাথকে দেখিয়া জিজ্ঞাসা করিবেন—

কি হে ? স্থাক ! আর যে তোমার দেখা পাই না। তুমি প্রভাহ আমাদের বাটী আইস অথচ আমার সহিত দেখা কর না, বাাপার কি ?

- মৃগাক—হাঁ, আমি প্রত্যহ আসি, আপনার পুত্রের সহিত কথা কহিতে বেলা হইয়া যায় তাই আপনার সহিত দেখা করিতে গারিনা। আপনার পুত্রের নিকট হইতেই বাটী ফিরিয়া বাই।
- অমিদার—দেখ, ছেলেটাকে যদি বাগাইতে পান্ন তবে চেপ্তা কর। ও একেবারে রয়ে গেছে। এত তিরস্কার এত শাসনে কিছুতেই যশে
 আসিল না। লেখাপড়াও শিখিল না, সংসারের কালকর্মও
 দেখিল না। আমি মরিলে এ সব জমিদারি বিষয় ব্যাপার
 ও কি চালাইতে পারিবে ? এত বয়স হইল এখনও একটু হু স
 হইল না।
- মৃগাক—বাবু আপনার ছেলের বেশ হুঁদ হইয়াছে, ও বুঝিয়াছে সংসার বিষয় আশর জমিদারী, এসব কিছুই নয়, সংসারে উহার মন নাই।
- শ্বিদার—তাইত বলিতেছি তুমি বদি উহাকে বুঝাইয়া সিধে করিতে পার চেষ্টা কর। নতুবা ছেলেটা একেবারে বয়ে গেল।
- মৃগাস্থ—বাবু, আমিত অনেক চেষ্টা করিতেছি, কিছুতেই বাগ মানাইতে পারিতেছি না।
- স্মিদার তোষার অসাধ্য কিছু নাই, ভূমি খনে করিলে না পার এখন

কাজ নাই। ছেলেটাকে এইবার হুরস্ত কর।

মৃগাক—(মনে মনে) আমি তাহাকে হুরস্ত করি, কি সেই আমাকে হুরস্ত
করে। (প্রকাশ্রে) বাবু আমার চেষ্টার ক্রটি হইবে না, আপনি
নিশ্তিত থাকুন।

"কোন ভাগ্যে কারো সংসার ক্ষরোর্থ ।।

সাধু সঙ্গে তার ক্ষেও রতি উপজর ।

কৃষ্ণ যদি কৃপা করে কোন ভাগ্যবানে ।

গুরু অন্তর্যামীরূপে শিথার আপনে ॥

সাধু সঙ্গে ভজে শ্রন্ধা যদি হর ।
ভক্তি কল প্রেম হয় সংসার বার ।।

সাধু সঙ্গ, সাধু সঙ্গ, সর্বা শাস্ত্রে ।।

লবামাত্র সাধু সঙ্গে, সর্বাসিদ্ধি হয় ॥

মৃগান্ধ নাথের সাধুসক হইয়াছে। এই সঙ্গের কলে তাঁহার চিত্ত জবীভূত, পাপরাশি থাত হইয়া চিত্ত নির্ম্বল হইয়াছে। এখন অহু গাপানলে দথীভূত, কিলে গোস্বামী মহাশরের কুপা লাভ হইবে এখন এই চিত্তা। মৃগান্ধনাথের সোরাত্তি নাই, সংসারে বিষয়কর্মে মন নাই।

এই সময় মৃগাকনাথের বিষম রক্তামশন্ত রোগ উপস্থিত হইল কবিরাজি চিকিৎসা আরম্ভ হইল, ব্যারাম কিছুতেই উপশম আ না। আবার মনিবের কাজে তাহাকে বরিশাল রওনা হইতে হইল। সে পূর্ব্বোজ্জ মনিবের কাজে তাহাকে বরিশাল রওনা হইতে হইল। সে পূর্ব্বোজ্জ মনিবারপুত্র যুবকের নিকট উপস্থিত হইলা গোস্থামী মহাশরের চরণামৃত পান :করিয়া কবিরাজি ঔষধগুলি কেলিয়া দিয়া সদরে রওনা হইল। মৃপাক্ষনাথ তাবিল, এখন গোস্থামী মহাশরের কুপাই একমাত্র তর্বসা, তাঁহার কুপাই ইছকাল আপরকালের মহৌববি।

মৃগাকনাথ জেলার কোন উকীলবাবুর বাটীতে উপস্থিত হইলেন। রান্তার রারামটা জানাইল না। উকীলবাবু তাঁহার মনিবের নিযুক্ত উকীল। মৃপাক্ষনাথ তাঁহাকে কাগজপত্র বুবাইয়া দিলেন। এই উকীল বাবু গোস্বামী মহাশরের জনৈক শিষ্য, তাঁহার বৈঠকখানার গোস্বামী মহাশরের জনৈক শিষ্য, তাঁহার বৈঠকখানার গোস্বামী মহাশরের একথানি ফটো টাঙ্গান রহিয়াছে দেখিয়া মৃগাক্ব উকীলবাবুকে বলিলেন,

—বাব্, ঐ ফটোথানি আমাকে দিউন না ? উকীলবাব্—ঐ ফটো আমার ইপ্তদেবের, আমার পূজার জিনিষ, আমি উহা কাহাকেও দিতে পারি না। তুমি ফটো লইয়া কি করিবে ?

মৃগাক্ষ—আমার বিশেষ প্রয়োজন আছে, তাই আপনার নিকট চাহিতেছি। উকীশবাব্—আমি এই ফটোথানি দিতে পারি না, আমার ছেলেদের নিকট আর একথানি ফটো আছে, যদি তাহারা দের তবেই তোমাকে দিতে পারিব, নতুবা দিতে পারিব না।

উকীলবাব্র প্তগণও গোলামী অহাশরের শিষা, তাহারা ঐ ফটোর পূজা করিয়া থাকে। ফটোর উপযুক্ত মর্যাদা ও পবিত্রতা রক্ষিত হইবে না ভাবিরা, তাহারা ফটো দিতে সম্মত হইল না। স্তরাং মৃগাঙ্কনাথ আর ফটো পাইলেন না।

মৃগান্ধনাথ নিতান্ত বিমনা, মনিবের কার্যো তাঁহাকে বাধ্য হইরা জেলার আসিতে হইরাছিল, তিনি এখন চিন্তাসাগরে নিময়, তাঁহার বুকটা ভাপিরা পিরাছে। রাত্রি আট ঘটিকার একটা নিবমন্দিরের দাওয়ার নির্জনে বসিরা আপনার গত জীবনের হুইতি সকল ভাবিতেছেন আর অহতাপানলে দগ্ধ হইতেছেন। মহুয় জীবন অনিতা। সমস্ত জীবনটা ক্কার্যো কাটাইরাছি, আমার দশা কি হইবে। এই সব ভাবিতে ভাবিতে

মৃগাঙ্গের আত্মবিশ্বতি উপস্থিত হইল। বেমন তাঁহার বাহ্নজ্ঞান লোপ হইল, অমনি দেখিলেন সন্মুখে গোসাঁই দণ্ডারমান। তাঁহার মন্তকে জটাভার, হল্তে দণ্ডকমণ্ডল্, পরিধানে গৈরিক বসন। গোস্বামী মহাশয়কে দেখিয়া মৃগাঙ্কনাথ ভক্তিভরে তাঁহার পদপ্রান্তে বিলুগ্রিত হইলেন, তাঁহার পদরজঃ সর্বাঞ্চে লেপন করিলেন। এমন সময় চমক ভাকিয়া গেল; দেখিল লেন, একাকী সেই শিবমন্ধিরের দাওরার পড়িয়া রহিয়াছেন।

ু এই ঘটনাম মৃগান্ধনাথের মন আরও ব্যাকুল হইয়া উঠিল। গোসাই ধানি, গোদাঁই জান, কি রূপে গোদাঁরের রূপালাভ হইবে কেবল এই চিস্তা। মৃগক্ষেনাথ আর বাটিতে স্থির থাকিতে পারিলেন না। কলি-কাতা অভিমুখে ধাবিত হইলেন। তথন গোস্বামী মহাশয় ৪৫ নং হারিসন রোডের আশ্রমে অবস্থিতি করিতেছিলেন। মৃগান্ধনাথ উন্নত্তের স্থায় তথায় উপস্থিত হইয়া গোস্বামা মহাশয়কে প্রণাম করিলেন। গোস্থামী মহাশন্ন সেই সমন্ন বহু শিষ্য ও দর্শকর্নে পরিবৃত হইরা অবস্থিতি করিতেছিলেন। মৃগাঙ্কনাথ তাঁহাদের সমক্ষে গোস্বামী মহাশয়কে আপনার জীবনের যাবতীয় হস্কৃতির কথা বলিতে লাগিলেন। যে সকল হুন্ধরে কথা মানুষ কাহারও নিকট প্রকাশ করিতে পারে না; সেই সকল কথা অমান বদনে অনৰ্গল বলিতে লাগিলেন। লোক সকল তাঁহার কথা শুনিরা অবাক হইয়া গেলেন, সকলে মনে করিলেন এ 🕆 লোকটা পাগল। মৃগান্ধনাথ এমন সব কথা বলিতে লাগিলেন, যাহা শুনিলে পুলিশ গ্রেপ্তার করিয়া হাতকড়ি লাগাইবে। গোস্বামী মহাশয় মুগাঙ্কনাথকে নিবারণ করায় ভিনি নিরস্ত হইল। আর অধিক প্রকাশ করিতে পারিলেন না ৷ সকল লোক অবাক হইয়া ভাহার মুখের দিকে তাকাইয়া বহিল। তথন তিনি গোস্বামী মহাশয়কে বলিলেন—

---মহাশয় আমার পাপজীবনের কথাত শুনিলেন ? সকল কথা বলিতে

পাইলাম না, আরও বলিবার অনেক ছিল। আমার মত অপরাধীর কি কোন উপায় হইতে পারে ?

গোসাঁই – ইহা আর অধিক কি ? পর্বত পরিমাণ তুলারাশিতে এক বিন্দু অগ্নিসংযোগ হইলে কতক্ষণ থাকে ?

স্গান্ধ – তবে আমার গতি করুন। আমি আশান্ধ বুক বাধিয়া বস্তুদুর হইতে আসিয়া আপনার পদপ্রান্তে উপস্থিত হইয়াছি।

গোগাঁই—ভোমার এখন কিছু হইবে না, তুমি তীর্থপর্যাটন করিয়া আইন।

মৃগান্ধ — আমি তীর্থ জানি না, কোন্টা তীর্থ কোন্টা তীর্ণ নয় এ জ্ঞান আমার নাই।

গোসাঁই—তোমাকে অধিক কিছু করিতে হইবে না, কালীঘাটে গিরা কালীমাকে দর্শন করিয়া আইস; গঙ্গান্ধান কর; তারকেশ্বর ও বৈজনাথ গিয়া বাবাকে দর্শন করিয়া আইস। মুক্লেরের কট্টহারিণীর ঘাটে স্থান কর, এই সব করিলেই হইবে, আর অধিক কিছু করিবার প্রয়োজন নাই।

মৃগাঙ্ক — আমি স্থানি কোথার টাকা পাইব যে এই সব জীর্থপর্য্য-টন করিয়া বেড়াইব।

গোস্বামী মহাশন্ন যোগজীবনকৈ * ডাকিয়া বলিলেন, ইনি ভীর্থপর্যান্তনে বাইবেন, যাহা ব্যয় হইবে সমস্ত ইহাকে দাও। বোগজীবন হিসাব করিয়া প্রয়োজন মত টাকা তাঁহার হাতে দিলেন। মৃগান্ধনাথ টাকা পাইরা গোস্বামী মহাশন্তকে প্রণাম করিয়া তীর্থপর্যান্তনে বাহির হইলেন।

মৃগাঙ্কনাথ বৈষ্ণনাথ যাইবার অভিপ্রায়ে বর্দ্ধমান ষ্টেশনে বসিয়া আছেন -

[🛊] ইনি গোস্বামী মহাশমের পুত্র ও শিষ্য।

এবন আমার শ্রালক বাবু কালীকৃষ্ণ সরকারের † সহিত তাঁহার
সাক্ষাৎ হইল। কালীকৃষ্ণ বোলপুর আসিবার বর্জমান ষ্টেশনে
উপস্থিত হইরাছিল। সেই সমর ভক্তিভাজন পণ্ডিত শ্রামাকাস্ত চট্টোপাধ্যার বোলপুরে অবস্থিতি করিতেছিলেন। মৃগান্ধনাথ ও কালীকৃষ্ণ
উভরে উভরের নিকট অপরিচিত। বর্জমান ষ্টেশনে এই তাঁহাদের প্রথম
আলাপ। মৃগান্ধ কালীকৃষ্ণকে জিজ্ঞাসা করিলেন,

—আপনি কোথায় যাইবেন ?

কালীক্বঞ-বোলপূরে।

ৰ্গাছ—পণ্ডিত স্থামাকান্ত চট্টোপাধ্যায়কে চেনেন কি 🤊

কালীকান্ত—থুব চিনি, বোলপুরে তাঁহার আশ্রম আছে, তিনি প্রারই আমাদের বাসার থকেন, আপনি তাঁহাকে কি করিয়া চিনিলেন?

মৃগাক--তাঁহার সহিত আমার বিশেষরূপ পরিচয় আছে।

কালীক্ষ-ভবে আমার সহিত বোলপুর চলুন। পশ্তিত মহাশরের সহিত সাক্ষাৎ হইবে।

মৃগান্ধ---আমার নিকট ভীর্থপর্যাটনের পাথের আছে, অক্ত কাবে খরচ করিতে পারি না।

কালীক্ষ —আমার নিকট টাকা আছে, আমি আপনার ব্যন্ত নির্বাহ । করিব, আমার সহিত বোলপুর চলুন।

মূপান্ধ—বে সংকল্প করিয়া বাহির হইয়াছি, ভাহা না করিয়া কোন কাষ করা কর্মব্য নহে, পশ্চাৎ কোন সময়ে সাক্ষাৎ হইবে।

এইরূপ কথাটা যখন হইভেছে এমন সময় ট্রেণ আসিয়া উপস্থিত হইল,

† ইনি গোস্থামী মহাশরের জনৈক শিশ্ব। ইহার কথা "মহাপাত-কীর জীবনে সদ্গুরুর লীলা" নামক গ্রন্থে বর্ণিত আছে। সাপন জাপন পশুৰা স্থানে বাইবার জন্ত গৃথক পৃথক ট্ৰেণে চড়িরা বসিশ। ট্ৰেশ সংখ চুটল।

মৃগান্তনাথ ভীর্থপর্যটন করিয়া গোস্থামী মহাশরের নিকট আসিয়া উপস্থিত হইলেন। গোস্থামী মহাশর বলিলেন "এখনও ভোমার আছি ইন্ধ নাই, সময় হইলে সংবাদ পাইবে"। গোস্থামী মহাশরের কথার মৃগান্ধনাথ মর্শাহত হইলেন, বিষয়-অন্তঃকরণে দেশে কিরিয়া গেলেন, কিছু দিন পরে গোস্থামী মহাশরও পুরী রওনা হইলেন।

দেশে গিরা মৃগান্ধনাথ উৎকণ্ঠার সহিত কাল্যাপন করিতে লাগিলেন, কিপ্রকারে গোস্বানী মহাধরের নিকট দীক্ষালাভ হইবে কেবল এই চিন্তা। সংসারে নাই বিষয়কর্মে মন নাই, ভাবনা কেবল দীক্ষালাভ। মৃগান্ধনাথ পূর্কোক্ত জমিদার-পুজের সহিত কথাবার্তার অতি ক্লেশে কাল্যাপন করিতে লাগিলেন। অন্ত আরু তাঁহার ভাল কাগে না।

কিছুদিন এইরপে কাটিয়া গেলে, পুরী হইতে পত্র আসিল, ভাহাতে লেখা আছে, পুরী আসিলে মৃগাঙ্কের দীক্ষা হইবে। পত্র পাইয়া ভাঁহার আনন্দের সীশা নাই, ভিনি আহলাদে আত্মহারা হইয়া পড়িলেন।

সৃগাধনাথ ক্লরিন্ত, তাঁহার প্রী ষাইবার সঙ্গতি নাই, বাড়িতে অথবা অনিবের নিকট হইতে অর্থসংগ্রহের বিশ্বর সহ্য হইল না । তিনি ডাড়াড়াড়ি পরিচিত কোন মুনলমান ভত্র মহিলার নিকট গিরা অর্থ বাজা করিলেন, সক্ষরা মুনলমান মহিলা আহলাদের সহিত তাঁহাকে টাকা দিলেন। মুগাড় টাকা লইয়া ঐ মুনলমান রমনীর নিকট ক্ষয়ের ক্ষতক্ষতা আপন করিয়া বলিলেন, "বদি ফিরিয়া আসি ও এই ঝণ পরিশোধ করিবার সামর্থ্য হর, তবেই টাকা পাইবেন, নতুবা আপনার ইহা দান করা হইল আনিবেন। আমি আপনার সন্ধান, আপনাকে যাত্জান করিয়া থাকি, আপনার এই উপকার আমি কীবনে ভূলিতে পারিব না। আপনার সামীকে আবার

সেলাম দিবেন এবং বলিবেন আমি ভাঁচার একটা প্রাান সুস্তামার মহিলা উহার কথার আনন্দিত হইরা সমেহে আদীর্কাদ করিকোন।

সৃগান্তনাথ ঐ স্থান হইতেই পুরী রওনা হইলেন; আর আড়ী কিরি-লেন না। বাড়ীতে একখানা পত্র দিবেন সালা হইতে মনিবছে লিখিলেন—"আপনি আমার অন্তদাতা, আমাকে বছকাল প্রতিপাদরী করিয়াছেন, আমি আপনাকে পিড়া বলিয়া জানি এবং চিয়কাল পিড়া বলিয়াই জানিব, আমি আর মান্তবের চাকরি করিব না, আমার কাম্বে জন্ত লোক নিবৃক্ত করিবেন, আমি বড় দরিদ্র, আমার ভাই আপনার কার্য্য করিতে সমর্থ, যদি বিশেষ প্রতিবদ্ধক না হর তাহা হইলে তাহাকে একটা কাল দিয়া এই হুঃস্থ পরিবারকে প্রতিপাদনা করিবেন।"

মৃগান্ধনাথ পুরীতে উপস্থিত হউলে গোম্বামী মহাশম তাঁহাকে ভগ্নবানের অমৃশ্য নাম প্রদান করিলেন এবং প্রভাহ পিতৃলোক্ষের ভর্পন করিমার অহমতি দিলেন। মৃগান্ধমাথ রহারত্ব লাভ করিমা করেজ দিন পুরীতে অবস্থিতি করিমা দেশে আদিরা উপস্থিত হইলেন

এখন আরু দে মুগাছ নাই। তিনি গোসানী মহাশরের নিকট নহামত্র
লাভ করিরাছেন। গ্রামে আসিয়া কি বালক, কি বৃদ্ধ, কি জী, কি
প্রাহ, কি ছোটলোক, কি ভদলোক, মৃগাছনাথ বাহাকে দেখেন তাহারই
পারে পদিয়া কাঁদেন, আর তার প্রধৃণি সর্বালে লেপন করেন। গ্রামে
নানাবিধ লোক আছে, কেহ বলে লোকটা পাগল হইল নাকি ? কেহ
বলে উহাকে বিশ্বাস নাই, এ বে আবার কি ক্ষক্ষি করিতেছে ভাহা বৃধা
যার না, হয়ত শীঘ্রই একটা বিষম ফ্যাসাদ উপস্থিত করিবে। আবার যাহারা
সংলোক তাহারা বলিতে লাগিল, মৃগাছ পুরী পিরা গোলামী নহালরের
নিকট দীকা লইরা আসিয়াছে, তাঁহারই ক্সপায় উহার এই পরিব্রুন

উপস্থিত হইয়াছে । মৃগাঙ্ক মহাভাগ্যবান ভাহাতে আর সন্দেহ করিবার নাই ৷

এইরপে কিছুদিন কাটিরা গেলে মুগার ইইকনিমিত বেদী প্রস্তুত আড়াই হাত দ্বীর্ঘ এক হাত প্রস্তু একটী ইইকনিমিত বেদী প্রস্তুত করিলেন, এবং সিমেণ্ট মাটি দিরা উত্তমরূপ মাজিরা মস্প করিলেন। মুগারের ইচ্ছা বে তিনি এই বেদীর উপর গোস্থামী মহাশরের ফটো স্থান করিরা পূজা করিবেন এবং ভক্তিগ্রন্থ সকল এই বেদীতে রাধিরা দিবেন। এই বেদীতে তুলসী বুক্ষ রাধিবার ব্যবস্থাও করিলেন।

্ ৰেদী প্রস্তুত হইয়াছে, প্রাতঃকালে বেদীর উপর গোলামী মহাশরের ফটো স্থাপিত চইবে, এমন সময় মৃগাক্ষ দেখিলেন বেদীর উপত্র ছইটা পালের দাগ সিমেণ্ট মাটির উপর গভীরভাবে বসিরা গিয়াছে। ভিনি বেমন এই পাছের নাগ দেখিতে পাইলেন, অসনি তাঁহার আপাদমস্তক একেবারে প্রক্ষান্তি হইয়া উঠিল।, তিনি মনে করিলেন, গ্রামের প্রার সকলেই তাঁহার শক্ত্র কেহ শক্ত্রা করিয়া রাঞিযোগে বেদীটা মাড়াইয়া অপৰিত করিয়া গিরাছে। বৃগাক হিতাহিত জানগৃত হইয়া ক্ষকথা ভাষাত্র গালাগালি করিতে লাগিলেন এবং তৎপরে পুরী লোকামে যোগজীবনকে এই মর্শের একথানি পতা লিখিলেন, -- শ্লাদা ক্লামার ত্থেপর বিষয় আরু কি লিখিব, আমি রাড়ী আসিয়া একটি ইউক্লের বেদী নির্মাণ করিয়াছিলাম ৷ সিমেণ্ট মাটি দিয়া মাজিয়া বড় মজবুত করিয়াছিলাস্ক্র মনে করিয়াছিলাক্ত্রী বেদীর উপর ঠাকুরের ফটো স্থাপন ক্রিয়া প্রকাহ পূদা করিব, আর ভক্তিগ্রন্থ । ভুলদীবৃক্ ঐ বেদীর উপর রক্ষা করিব। গ্রামের লোক এমনি ছষ্ট যে রাত্রিযোগে ঐ বেদীটি ৰাড়াইয়া অধৰিত্ৰ কৰিয়া গিয়াছে, ভুইথানি পা সিমেণ্ট মাটির উপর বসিয়া পিয়াছে। স্ক্রমি ঝামা দিয়া রগড়াইয়া একটি দাগ কতক পরিমাণে ভূজির।

দিরাছি, আর একটি এখনও ভোলা হয় নাই। বে ব্যাটা আমার বেদী মাড়াইরাছে যদি ভাহার সন্ধান পাই, তবে নিশ্চরই ব্যাটার মুগুপাত করিব। আমি লোকটার অমুসন্ধানে আছি, ইভ্যাদি।"

বোগজীবন এই পত্রথানি পাঠ করিয়া গোস্থানী মহাশয়কে আনাইলেন। গোস্থানী মহাশর হাঁসিয়া বোগজীবনকে বলিলেন গ্রুপালকে জিথিয়া দাও যে বেদীর উপর যে পদচিক পড়িয়াছে ভাহা উঠাইয়া না দিয়া ঐ পদচিকের যেন প্রা করে।" বোগজীবন গোস্থানী মহাশ্রের এই অনুজ্ঞা নৃগাল্পনাথকে পত্র হারা জ্ঞাপন করিলেন।

মহাশ্রের এই অনুজ্ঞা নৃগাল্পনাথকে পত্র হারা জ্ঞাপন করিলেন।

ম্বাল্পনাথের হুঁস হইল, ভিনি বুবিতে পারিলেন এই পদচিক কাহার। ভিনি অনুভপ্ত হইরা পদচিত্রের উপর মাথা রাথিয়া কাঁদিতে লাগিলেন।

মৃগান্ধনাথের এই বেদী ও পদচিহ্ন এখনও বর্ত্তমান রহিয়াছে। তিনি প্রতিদিন ঐ পদচিত্রের পূজা করেন ও ভক্তিগ্রন্থ ও তুলসীবৃক্ষ ঐ বেদীর উপর রক্ষা করেন। মৃগান্ধ স্থানান্তরে গমন করিকে তাঁহার কলা বা উপস্ক লোকের উপর পূজার ভার দিয়া যান।

শীক্ষার পর হইতে যতদিন মৃগাঙ্কের মাতা জীবিত ছিলেন, ডিনি প্রতিদিন ফুলচন্দন দিয়া মাধের চরণ পূজা করিতেন; মাতৃ-আজ্ঞা অবনত-মন্তকে পালন করিতেন, এক দিবসের জন্তও মাতৃ-আজ্ঞা করেন নাই।

ক্রনাস্তরে বাইতে হইলে মৃগাক্ষ মাতৃ-আক্তা গইয়া গৃহত্যাগ করিতেন। যাইবার সময় মায়ের চরণামৃত সঙ্গে গইয়া বাইতেন, প্রতিদিশ ভাহা পান করিতেন।

ধে দিন হইতে গোস্থামী মহাশর তর্পন করিতে অমুমতি দিয়াছেন,সেই
দিন কইতে এপর্যান্ত তিনি লাভার তর্পন করিয়া আসিতেতেই একদিনের

জন্মও কামাই নাই। রোগ প্রভৃতি কোন প্রতিবন্ধকতাই গ্রাহ্ম করেন না। মৃগাঙ্কের ভজন যেন পাষাণের রেখা, কিছুতেই নিয়মিত ভজনের ব্যতিক্রম হইবে না।

্র গোস্বামী মহাশর তাঁহার প্রত্যেক শিব্যের জীবনে কত যে লীলা করিতেছেন, কাহার সাধা সে দব লীলার কণামাত্র স্পর্শ করে ? প্রত্যেক শিষ্যই আপন আপন জীবনে তাঁহার অপার করুণা ও অপূর্বে লীলা দর্শন করিয়া বিমোহিত হইরাছেন। আমার কি সাধ্য যে সে সব কথা জ্ঞাপন করি !

উনবিংশ পরিচেছদ

পাচক ফকির পাণ্ডার পুরী গমন

ক্ষির আমণকুলে জন্মগ্রহণ করিয়াছিল, কিন্তু তাহার আমণের আচার অমুষ্টান কিছুই ছিল না। সে মহা-মূর্থ, নিতান্ত চরিত্হীন। তাহার জনান্থান উড়িয়া।

ফকির যৌবনে গৃহত্যাগ করিয়াছিল এবং কলিকাতার আসিরা কল্যিত স্ত্রীলোকের সহবাসে থাকিয়া কল্যিত জীবনযাপন করিত এবং উদরাম্নের জন্ম ঐ কলিকাতা মোকামেই পাচকের কাষ করিয়া জীবন-যাত্রা নির্মাহ করিত।

১৩০৩ সালে গোস্বামী মহাশর যথন কলিকাতা ছারিসন্ রোডের ৪৫ নম্বর ভাড়াটিরা বাড়ীতে অবস্থিতি করিতেন, সেই সময় ফ্রির গোস্বামী মহাশরের ঐ আশ্রমে পাচকের কার্য্যে নিবৃক্ত হয়; গোস্বামী মহাশর রূপা করিয়া তাহাকৈ দীক্ষামন্ত্র প্রদান করেন। গোস্বামী মহাশ্রের নিকট ভগবানের অমৃদ্য নাম পাইবা মাত্র ফকির এক ন্তন রাজ্যে প্রবেশ করিল। আজ আর সে ফকির নাই। সংসারের অতীত স্থানে তাহার মন চলিয়া গিয়াছে। সে প্রেমভক্তিতে মাতরারা। তাহার অবস্থা দেবতারও স্থগ্রভাত।

গোস্থামী মহাশয় ত্রিতল-গৃহের উপর থাকিতেন, ফ্রিক্স সর্ক্রিক্স তলার আশ্রমবাদী সকলের জন্ত রশ্ধনকার্যো নিযুক্ত থাকিত।

বিনামে মাতয়ারা হইরা গোস্বামী মহাশর সলিব্যে বথন এই জিতল-গৃহে নৃত্য করিতে থাকিতেন, নাম শ্রবণ করিয়া রন্ধন-শালার ফকির অন্থির হইরা পড়িত। সে আজ্বসমরণে অসমর্থ হইয়া রায়া পরিত্যাগ করিয়া হাঁড়ি কড়াই ফেলিয়া দিয়া, হাতা বেড়ি হাতে লইয়াই বায়ুবেগে ছুটিয়া গিয়া তেতলার উপর উঠিত এবং গোস্বামী মহাশর ও তাঁহার অপরাপর শিশুগণের সহিত মিলিত হইয়া ভাব-ভরে অতি ফুলয় নৃত্য করিতে থাকিত। সে হাত ধুইবার সাবকাশ পাইত না, হাতের বেড়ি হাতা হাতেই থাকিয়া ঘাইত। ফকির এফেবারেই বেছঁল তাহার চকুনিমিলিত, তাহার অদৌ সংজ্ঞা থাকিত না। এই অপুর্ব দৃশ্য যে একবার দেখিয়াছে সে জীবনে তাহাঁ কথনও ভূলিতে পারিবেনা। ফকিরের এইরপ ভাবাবেশে নৃত্য আমি বহুবার দর্শন করিয়াছি দি

১৩-৪ সালের ফাল্পন মাসে গোস্বামী মহাশন্ত পুরীধামে গমন করিলে ফিকর গোস্বামী মহাশরের জামাতা ভক্তিভাজন বাবু জগবন্তু মৈত্র মহা-শরের বাসায় কলিকাতা মোকামেই থাকিয়া বায়। গোস্বামী মহাশরের সহিত আর তাহার সাক্ষাৎ হয় নাই।

১৩০৬ সালের ২২শে জৈঠ তারিখে প্রীধানে গোস্বামী মহাশরের দেহত্যাগ হয়। ফ্কির এই সংবাদ পাইয়া শোকাকুল হইয়া ক্রিকাড়া মোকামেই অবস্থিতি ক্রিডে গ্রাক্তন এই ঘটনার করেক বংসর পরে গোস্বামী মহাশ্রের তীরোভাবের উৎসব উপলক্ষে কলিকাভাবাসী শিক্সগণ পুরী মোকামে ঘাইবার উন্মোগী হইলে ককির ভাঁহাদের সহিত ঘাইবার প্রার্থী হয়।

তথন ফকির কঠিন বন্ধা-রোগে শ্ব্যাশারী, তাহার উত্থানশক্তি নাই। আসমকাল উপস্থিত হইরাছে বলিলেই 💶।

গোস্বামী মহাশরের শিশুগণ ফকিরের এই অবস্থা দেখিরা তাহাকে লইতে সাহস করিলেন না। সকলেই বিবেচনা করিলেন ফকিরকে লইলে হয়ত টেপেতেই তাহার মৃত্যু হইবে, পুরী পর্যান্ত পোছিতে পারিবে না।

এই অবস্থার সকলেই ফকিরকে পরিত্যাগ করিয়া হাওড়া রওনা হইলেন, ফকির দীনভাবে কাঁদিতে লাগিল।

পুরীযাত্রীগণকে থোরদা ষ্টেষণে গান্ধি বদল করিতে হইত। গোস্থামী

হাশরের শিশুগণ খোরদা ষ্টেষণে গোছিরা পুরী লাইনের গাড়িতে

উঠিলেন অমনি দেখিলেন কবির পাচক গাড়িতে বসিরা রহিরাছে।

তাঁহারা আশুর্যাবিত হইরা ফবিরকে জিজ্ঞাসা করিলেন—

তুমি এখানে কি করিয়া আসিলে ?

ক্ষির—আপনারা ■ আমাকে কেহই সঙ্গে লইরা আসিলেন না; আয়ার অভ্যস্ত কট হওয়ার গোস্থানী মহাশর আমাকে সঙ্গে করিরা আনিরাহেন।

শিশ্বগণ--ভিনি কোথার ?

ফকির—তিনি বরাবর আমার সঙ্গে ছিলেন। আমাকে এই গাড়িতে উঠাইয়া দিয়া গাঁটরিটা নামাইয়া এই মাত্র গেলেন।

গোস্বামী মহাশয়ের শিশ্বগণ ফকিরের এই কথা শুনিয়া অবাক হট্রা গেলেন। ফকির পাচকের উপর গোস্বামী মহাশরের রূপা দেখিয়া সকলে ফ্**কিরকে ধন্তবাদ দিতে লাগিলেন। তাহাকে অতিশ**য় ষত্নসহকারে পুরীর আশ্রমে লইয়া গেলেন।

ফক্রির উৎসব দর্শন করিলেন, গুরুর সমাধিতে গড়াগড়ি দিলেন উৎসব শেষ হইলে তিন দিন পর্বে ফকিরের দেহত্যাগ হইল। গোশামী মহাশুরের শিশ্বগণ অভি বতুসহকারে ফকিরের সংকার করিলেন।

এখন কথা হইভেছে সাধনভজনহীন অসচ্চরিত্র ফকির কথনও জীবনে ধর্মার্ছান করে নাই, সে চিরদিন কুকর্মের রত ছিল, এমন ব্যক্তি বোগীল মুনীলের স্ত্রভি প্রেমভক্তি মুহূর্জকাল মধ্যে কি প্রকারে লাভ করিল ? ইহা জনসাধারণের নিকট কোন ক্রমেই বিশাসবোগা নহে।

একথার উত্তরে আমি এই মাত্র বলিতেছি সদ্গুরুর রূপাই এইরূপ। ইহা পাত্রাপাত্র বাছে না। মাহ্য ষত কেন তুর্বৃত্ত হউক না, সদ্গুরুর রূপা হইলে সে মুহূর্জমধ্যে ভগবং প্রেম লাভ করিয়া থাকে। শ্রীপাদ প্রবোধানদ সরস্বতী শ্রীমনাহাপ্রভূকে শুব করিয়া বলিতেছেন—

> "ধর্মপূষ্টঃ সততপ্রমাবিষ্ট এবাজাধর্মে দৃষ্টং প্রাপ্তো নহি ধলু সতাং স্ষ্টেবৃক্ষাপি নো সন্। যদন্তশ্রী হরিরসমুধাসাদমন্তঃ প্রনৃত্য তুটিচার্গায় ত্যথবিলুগাতে স্থোমি তং ক্ষিদীশম্॥

বে বাজিকে কথনও ধর্ম স্পর্শ করে নাই, যে সর্বাদা অভিশর অধর্মে আবিষ্ট, যে কথনও পাপপুঞ্জনাশক সাধুজনের দৃষ্টিপথস্থানে গমন করে নাই, সে ব্যক্তিও যাহার প্রদত্ত শ্রীরাধারুফের প্রেমরস স্থার অস্বাদনে মন্ত হইয়া নৃত্য গীত ও ভূমিতে বিলুগ্রন করে, সেই কোন অনির্বাচনীয় ঈশ্বরকে আমি স্তব্ করি।

শ্রীগোরাঙ্গ-প্রেম সাধনভজন দারা লাভ হয় না। এই পৃথিবীতে

এমন কোন সাধন নাই বাহা দ্বারা শ্রীগৌরাঙ্গপ্রেম লাভ হইয়া থাকে।
সাধনভন্তন কেবল চিত্তভূদির আ প্রয়েজন। শ্রীগৌরাঙ্গপ্রেম সম্পূর্ণ
কুপার বস্তু। একমাত্র মহাপ্রভূর কুপাতেই ইহা লব্ধ হইয়া থাকে।

ক্ষিরের প্রতি মহাপ্রভুর ষণেষ্ট রূপা হইরাছিল, সে এরিরিটিরের প্রেম লাভ না করিবে কেন ?

জীবন জনস্ত, আমরা দিন করেকের জীবন দেখিরা মানুষের ভার্নান্দর বিচার করি। মহাআরা তাহা দেখেন না। তাঁহারা মানুষের আআর অবস্থা কি মারাষদ্ধ জীব, আমরা তাহা কি বুঝিব ? হয়ত সে কেবল একটা প্রারদ্ধ কর্মা ভোগ করিতেছিল। সে কর্মটা শেষ হইলেই ভাহার প্রকৃত অবস্থা প্রকাশ পাইত। সেইজন্ত মহাত্মাগণের কার্যাকলাপের প্রতি কাহারও কটাক্ষ করা উচিত নয়।

নিংশ পরিচ্ছেদ

সুর্বালার সাস্ত্রাপ্রদান

স্থানা উত্ররাদীর কারস্কুলে জনগ্রহণ করেন। তাহার পিতা রাজমহলে ডাজারি করিতেন। স্থানালা বাস্তবিকই ধেন স্থানালা, দে বড়ই মধুর ছিল।

স্ববালা স্থামীর প্রতি স্থতাস্ত সম্বাসিনী ছিল, তাহার স্থামীও তাহাকে স্থতান্ত ভাল বাসিত। কেহ কাহাকে না দেখিয়া থাকিছে পারিত না।

ভগবান বাঁহাকে কুপা করিবেন তাঁহার সংসারত্ব একেবারে নষ্ট করিয়া দেন। পাছে সংসার ত্বধে মন্ত হইয়া লোকে তাঁহাকে ভূলিয়া ষায়া, এই জন্ম সংসারস্থথের **লেশ মাত্র রাখেন না, অধিকস্ক ভৃঃখের আগু**ণে দক্ষীভূত করিয়া তাঁহাকে গাঁটি করিয়া লয়েন।

সুরবালা প্রথম ধৌবনে যথন দাম্পত্য-প্রেমে মগ্ন হইয়াছিল, এই সময়েই তাহার স্বামীর বিয়োগ হয়। স্থরবালা সংসারের কিছু জানে না, সে এখনও বালিকা, পতিশোকে একেবারে অধৈর্যা হইয়া পড়িল। ভাহার অন্তর বিষম দাবানলে দগ্নীভূত হইতে লাগিল, এ অনলের আর বিরাম নাই।

বড়ই আশ্চর্য্যের বিষয় স্থরবালা সজ্ঞানে জাগ্রত-অবস্থায় তাহার প্রিয়তম পতিকে প্রায়ই দেখিতে পাইত। স্বামীদর্শন হইবা মাজ তাহার শোকানল আরও পরিবর্জিত হইত, সে চিৎকার করিয়া ক্রন্সন করিতে থাকিত। কেহ তাহাকে সাম্বনা দিতে পারিত না।

স্থামীর সাক্ষাৎকারলাভ না হইলে সে ক্রমে ক্রমে স্থামীকে ভূলিয়া যাইত, তাহার শোক নিবারিত হইত, কিন্তু স্থামীকে দেখিতে পাওয়ার ভাহার শোকানল নির্বাপিত হইত না। তাহার ব্রণার সীমা ছিল না।

গোস্বামী মহাশরের জনৈক শিশ্ব কেলা রীরভূমের অন্তর্গত আলিগ্রাম নিবাসী ভক্তিভাজন শ্রীরত স্থানারারণ রারের পুত্র শ্রীরত সতীশচন্ত্র রায় গোস্বামী মহাশরের শিশ্ব। সতীশ বালেশরের পোষ্ট-আপীসে সিগ্নালারের কায় করেন। তিনি স্বর্ধাশার ভগ্নীপতি।

সূর্বালার শোক অপনোদন করিবার উপায়ান্তর না দেখিয়া বাবু স্বানারায়ণ রায় তাহাকে উপযুক্ত গুরুর নিকট দীক্ষিত করিবার মনস্থ করেন।

তহারই আগ্রহে গোসামী মহাশরের জামতা ভক্তিভাজন এীযুত বাব্ জগরজু মৈত্র ১৩২৪ সালের আবাঢ় মাসে বালেশ্বর মোকামে স্বরালাকে দীক্ষামন্ত প্রদান করেন। দীকা লাভ করিবামাত্র স্থরবালার হৃদয়ের তাপ দূরীভূত ইইয়াছে। স্থরবালা এক নৃতন রাজ্যে প্রবেশ করিয়া পরম শান্তিতে দিন যাপন করিভেছে।

মন্ত্রপানের পর হইতে স্থাবালা আর স্থানীকে দেখিতে পার না।

স্থাবস্থার প্রায়ই দেখে গোস্থানী মহাশর তাহার কাছে বসিরা তাহার
পিঠে হাত ব্লাইয়া দেন, এবং বলেন—"স্থাবালা, সংসারের তুক্ত স্থাবর

তুমি হঃথিতা হইও না, আমি তোমাকে পরা শান্তি প্রদান করিব।

সংসারের স্থা অতি তৃক্ত এবং কণস্থায়ী। তুমি ইহার জন্ত হঃথিতা হইও
না।"

স্থাবালার বর: ক্রম এখন ২১ বৎসর হইবে। স্থাবালা তাহার খণ্ডর বাটিতে বাস করতেছে। গত পোষ মাসে স্থাবালা তাহার গুরু জীবৃত জগদদ্দ মৈত্র মহাশ্যকে একথানি গত্র লিখিরা বর্তমান অবস্থাটা জ্ঞাপন করিয়াছে। তাহাতে গোলামী মহাশরের ঐ সকল করণার কথা লিখিরাছে এবং বলিয়াছে, এ পৃথিবীতে এমন বস্তু যে আছে তাহা তাহার আদৌ জ্ঞান ছিল না, সে দীক্ষামন্ত্র লাভ করিয়া ধন্ত হইরাছে।

স্থাবালা এখন ভগবৎ-আরাধনায় পরমানন্দে স্থাপ প্রচলে কাল্যাপন করিডেছে।

তৃতীয় অধ্যায়

প্রথম পরিচেছদ

শিশ্বসংগ্রহীসাধনা "

কালের পরিবর্ত্তন
পাশ্চাত্য-শিক্ষার প্রভাবে এতদ্বেশীয় লোকের
ধর্মবিশাস
ধর্মপ্রতি কুমিয়া গ্রিয়াছেল। এখন তাহা উপহাসের জিনিষ,
ধর্মসাধন নির্কোধের কাজ। অর্থোপার্জন, মানসন্তম, ইক্রিয়ন্ত্র্থ, নাম বল,
প্রতিপতি, লইয়াই লোকে ব্যতিব্যস্ত। কেহ ধর্মের কথা শুনিতে চার
না, ধর্মপান্ত পড়িতে চার না। এই সমরে ধর্মসংস্থাপন সোজা কথা
নহে।

পূর্ব্বে লোকের ধর্মবিশাস ছিল, প্রদাভক্তি ছিল, বৈরাগ্য ছিল, লোকে লানিত ধর্মই সমুম্বজীবনের সার্থন, ধর্মলাভ হইলেই । গাভ হইল। লোকে ধর্মলাভের সর্বপ্রকার ক্লেশ ও ত্যাগ শ্বীকার করিতে প্রস্তুত ছিল, ধর্মদাধনের জন্ত লোকের মধেষ্ট । ও স্থবিধাও ছিল।

এখন একে অবিখাস, তাহাতে জীবনসংগ্রামের মানুষ দিনরাভ থাটিরাও উদরায়ের সংস্থান করিতে পারিতেছে না। ইচ্ছা খত্তেও অবস্থা ধর্মপথের অতিকৃল, ধর্ম কালের উপধােগী না হইলে কাহার সাধ্য যে ধর্ম সংস্থাপন করে ? এইজন্তই সদ্প্তক অবস্থা বৃথিয়া ব্যবস্থা করিয়াছেন।

তিনি শিশ্বগণের মধ্যে শক্তির সঞ্চার করিরাছেন, শক্তি সঞ্চিত করিরা ভগবানের অমৃতনাম শিধাগণকে প্রদান করিরাছেন। যতদিন ইষ্টদেবের সহিত শিধাগণের পরিচর না হইরাছে, যতদিন শিধাগণ তাঁহার আদর মর্যাদা না বুঝিয়াছে, ভঙ্গিন নিছেই প্রভিত্তি দেবভার পূজা-অর্চনার ভার লইয়াছেন।

গোস্থানী মহাশ্রের শিয়াগণের নধ্যে অধিকাংশ লোকই ইংরাজীশিক্ষিত; আফিস-আদালতে কাজকর্ম করিয়া জীবিকা নির্বাহ করেন এবং
শ্বীপুঞাদি লইয়া গার্হস্থাজীবন বাপন করেন। তিনি কাহাকেও ইচ্ছাপূর্বক সংসারত্যাগের ব্যবস্থা দেন নাই।

যদি শিশুগণকৈ প্রধাকার-বলে ধর্মসাধন করিতে হইত, যদি সাধ্যের ক্লেশ তাহাদিগকে ভোগ করিছে হইত, তাহা হইলে বোধ হয় কদাচিৎ কেহ ধর্মপথে বিচরণ করিতে পারিত না; প্রায় সকলেই সাধনভজন পরি-তাগি করিয়া বসিত।

সাধন-পন্থার প্রথমে কিছু ক্লেশ স্বীকার করিয়া সকলকেই ভজনসাধন । করিতে হয়। ভজনের ক্লেশ দেখিরা কেহু কেহু সাধনভঙ্গন ছাড়িরা দিয়াছে। 'গুলুর নিকট তাহারা যে শিক্ষা লইয়াছে, একথাটা ভাহাদের স্বরণপথে আছে কিনা সন্দেহ। খনিও গুলু ইহাদের মধ্যে শক্তিসঞ্চার করিয়াছেন, তথাপি সাধনভজ্গন অভাবে এই শক্তি প্রকাশিত ও পরিবর্দ্ধিত হইতে পারিতেছে না, বীজ চাপা পড়িয়া রহিয়াছে।

বদি কথনও তাহাদের সংসঙ্গ লাভ হয়, বদি তাহারা সাধনভজনে প্রবৃত্ত হয়, তাহা হইলে এই বীজ অভুরিত হইয়া বৃক্ষে পরিণ্ড ও ফলপুশে স্থোভিত হইবে, নতুবা এজনটো নষ্ট হইয়া কাটিয়া বাইবে।

वैक नष्टे रहेवात्र नरः। वसनहे स्वराण शाहेरव उपनहे अङ्ग्रिक ■ अभ्यः शतिवर्षिक रहेरक थाकिरव। मिर्ट्स विनाम वीस्कृत विनाम रहेरव ना, वारामित निकास कथान भन ठांरात्राहे এই সাধনে अवरङ्गा कितिरहन। গোষামী মহাশরের ব্রাহ্মশিশ্বরণ প্রারই আচার-অর্কানে হিন্দু হইরা
গিয়াছেন। তাঁহাদের মধ্যে বাঁহারা অসবর্ণ বা বিধবাবিবাহ করার হিন্দুসমাজে স্থান পান নাই, তাঁহাদিগকে বাধ্য হইয়া ব্রাহ্মসমাজেই থাকিতে '
কুইয়াছে। ব্রাহ্মসমাল সনাতন হিন্দুধর্মসাধনের প্রতিকৃল, এই সমাজে
উচ্চিট্র জ্ঞান নাই, সদাচার নাই, সাধারণতঃ শ্রেছাচারই প্রচলিত।
স্লেছাচারী হইলে শুরুশক্তি লান হইয়া ধার, ভমোগুণ বৃদ্ধি পার, সাধনভল্পে প্রবৃত্তি থাকে না, একারণ বাঁহারা একাল পর্যান্ত ব্রাহ্মসমাজ ভ্যাগ
করিতে পারেন নাই তাঁহারা এই সাধন ভ্যাগ করিয়া বসিয়াছেন। বিদ্
কথনও সংস্কলাভ হয়, ভবেই রক্ষা নভ্রা এ জন্মটার আর কোন আশা
ভরসা নাই।

কাহারো কাহারো মধ্যে প্রথমতঃ গুরুশজ্ঞি অতিপ্রবল হইরা উঠিরাছিল। তথন তাঁহাদের ভক্তি ও বৈরাগ্য দেখে কে । তাঁহারা দিবারাত্রি
ভাবাবেশে থাকিতেন, নামসাধনে, দেবদর্শনে, ভগবানের লীলাগুণশ্রুবণে তাঁহারা প্রায়ই সমাধিস্থ হইরা পড়িতেন; সান্থিক বিকার সকল
দেহে প্রকাশ পাইত। তাঁহাদের অবস্থা দেখিরা আমি বিমোহিত হইতাম, নিজের অন্তরের ত্রবন্থা দেখিরা মর্শ্মাহত হইতাম, আপনাকে শত

কুসঙ্গে নিরূপুর্বদেরও পতন হইয়া থাকে। যতদিন মারা আছে,
ততদিন কাহারও অবহা নিরাপদ নহে। মারুব হঠাৎ ধনী হইতে পারে,
কিন্তু ধন রক্ষা করাই স্থকঠিন। বহুষত্ব না করিলে ধনরকা হয় না।
গোস্বামী নহাশয়ের এই প্রেণীর শিশ্বয়ণের মধ্যে কেহ কেহ কুসঙ্গে পড়িয়া
সংসারের প্রলোভনে মজিয়া সাধনভজন একবারে পরিত্যাগ করিয়াছেন—
তাঁহাদের গুরুশক্তি মান হইয়া পিয়াছে, প্রাণ শুক্ষ হইয়াছে। এখন
তাঁহাদের এমনি গুরবহা বে, এখন আর তাঁহারা আদৌ নাম করিতে

j.

গারেন না। অপরাধের শান্তি অপরাধ; ব্রীহারা ক্রমাগত অপরাধ করিতেছেন, আর তাঁহাদের মধ্যে আত্মরিক বৃত্তি সকল ক্রমশঃ জাগ্রত ইয়া উঠিতেছে। যে স্থানে সাধুসক হয়, যে স্থানে দেবার্চনা হয়, যে স্থানে শাস্ত্রপাঠ বা ভগবানের লীলাগুল-কীর্ত্তন হয়, সে স্থানে ক্রশকালের জান্তর তাঁহারা ভিন্তিতে পারেন না। তাঁহারা ক্রমাগত অপরাধ করিয়া আত্মবাতী হইতেছেন। ইহাদের হয়্বস্থা দেখিয়া বাস্তবিক প্রাণে বড় কট্ট হয়।

আবার পোস্থামী মহাশরের এমনও শিশ্ব আছেন, যিনি প্রাণপণে সাধন-ভল্পন করিরা অভি অর দিন মধ্যে মহাপ্রভাবান্ধিত হেরা উঠিয়াছিলেন; প্রবল গুরুলক্তির প্রভাবে আত্মহারা হইয়াছিলেন। নিজের মধ্যে অলো- , কিক শক্তির থেলা দেখিয়া আপনাকে অবভার করন। করিরাছেন।

মহামায়া বড়ই চতুরা। ইনি কোন্ অলক্ষ্য স্তা অবলয়ন করির। কাহার মধ্যে কথন্ প্রবেশ করিয়া আপন প্রভাব বিস্তার করিবেন কে বলিতে পারে ?

ইতিহাস পাঠ করিলে দেখিতে পাওরা বার, অনেক সং লোকের সাধুকার্য্যের মধ্যেও ইংগর জীলা। নহাতপস্বী ভরত হুন্থ হরিণশিশুকে রক্ষা করিরা সাধনভ্রষ্ট হইয়াছিলেন, তাঁহাকে হরিণজন্ম গ্রহণ করিছে হইয়াছিল। একারণ সাধনপন্থার বড় সাবধানে চলিতে হয়।

দ্যা সাধনপন্থার বড় অত্যাবশুক জিনিষ। বাহার দরা নাই, সে বাজি সাধনপন্থার কথনও অগ্রসর হইতে পারে না। সাধনপন্থার দরাবৃত্তি ক্রমশঃ পরিবর্দ্ধিত হইতে থাকে। কিন্তু একটু অসাবধান হইলেই এই দ্যাই আবার শারার পরিণত হইরা অতি উচ্চসাধককেও সাধনত্রত করিয়া তুলে। আমি এরূপ অনেক ঘটনা দেখিয়াছি। নিজের প্রতি তীক্ষদৃষ্টি না রাথিয়া চলিলে পতনের বড়ই সম্ভাবনা। একারণ আমি সকলকে বলিভেছি, আগনারা নিজেকে আদৌ বিশাস করিবেন না। নিজের কার্যাকলাপের প্রতি তীক্ষদৃষ্টি রাখিবেন, ক্রটী দেখিলেই প্রতিকারের চেষ্টা করিবেন। কদাচ অস্তমনত্ম হইবেন না। নারার প্রভান বে প্রকার, ভাগতে একটু অন্তমনত্ম হইবে আর নাই।

ইছারা নাম পরিত্যাগ করেন নাই, প্রতিদিন অন্ততঃ আধবণ্টা নাম করিয়া থাকেন, তাঁহাদের মধ্যে ক্রমশঃ গুরুশক্তি প্রবল হইতেছে। এই শক্তিই তাঁহাদের মধ্যে নামকে পরিচালিত করিতেছে। ইহারা ইছ্যোপ্রকিক নাম না করিলেও নাম ইহাদিগকে পরিত্যাগ করিভেছেন না। নাম ইহাদের উপর আধিপত্য বিস্তার করিয়া ইহাদিগকে সাধনপথে শুরিচালিত করিতেছেন। শাস্ত্র, সদাচার ও ধর্মের নিগৃত্তত্ব সকল ইহাদের মধ্যে প্রকাশিত হইতেছে। দিন দিন প্রবল বৈরাগ্য ইহাদের জীবনে উপন্থিত হইতেছে। ইহাদের সর্বপ্রকার আসক্তি নষ্ট হইয়া বাইতেছে। ভগবানের নাম, লীলাগুণের মধ্রাম্বাদন ইহারা ভোগ করিতেছেন, ইহাদের মধ্যে অমৃতের লোত প্রবাহিত হইতেছে।

এই সকল লোকের সাধুর বেশ নাই, সাধুতার ভাগ নাই। ইহারা সামান্ত গৃহত্ব লোক, আপীস-আদালতে চাকরী করিয়া এবং স্ত্রীপুত্র লইয়া সংসার্থাত্রা নির্মাহ করেন। আমি দেখিতেছি, অনেক পরমহংসের অবস্থা অপেক্ষাও ইহাদেছ অবস্থা অতি উচ্চতর। ইহাদের বৈরাগা অকুলনীয়।

আহার, বিহার, কাজ, কর্মা, এমন কি নিদ্রাকালেও ইহাদের মধ্যে
নামের বিশ্রাম হর না। নাম ইঁহাদিগকে দিন দিন নৃতন রাজ্যে লইয়া
বাইভেছেন। কম্পাদের কাঁটা ষেমন উত্তর-মুখেই থাকে, হাজার বার
ফিরাইরা দিলেও দে আপনা হইতে উত্তরমূধী হইবে, তেমনি বিষয়কর্ম

কিছু কালের জন্ত ইঁহাদিগকে সংসারমুথী করিলেও, ক্লাকালের ইহাদের মন আপনা হইতে ভগবন্ধুখী হইবেই হইবে। সংসারের সাধ্য কি যে ইঁহাদিগকে ভুলাইয়া রাখে।

ইহাদের নিকটটাকা পয়সাও নগণা, খোলামকুচী তুলা। আর স্ত্রী, পুত্র, টাকা, পয়সা, বিষয়, আশয়, সব আছে সত্যা, কিন্তু ইহারা কিছুতেই নাই। ইহারা জানেন, যদি এ অগতে আপনার বলিতে কিছু থাকে তবে এক গুরুই আপনার, আর গুরুদত্ত নামই আপনার।

শুরুদন্ত নাম গোস্বামী মহাশরের শিষ্যগণকে কিরূপ পরিচালিত করিতেছেন, ভাহার ছই চারিটি উদাহরণ না দিলে পঠেক মহাশর ভাহা স্থান্তম করিতে পারিবেন না। এজন্ত ২।৪টি দৃষ্টান্ত দিতেছি, ইহা হইল্লে গোস্বামী মহাশরের শিষ্যগণের উপর নামের আধিপত্য ব্ঝিতে পারিবেন।

দ্বিতীয় পরিচেছদ

ভক্ত জগবন্ধু মৈত্ৰ

ইনি গোস্বামী মহাশয়ের জ্যেন্ত জামাতা। গোস্বামী মহাশরের জ্যেন্তা ক্রীমতী শান্তিস্থা দেবীর সহিত ইহার বিবাহ হইয়াছে। ইনি গোস্বামী মহাশরের একথানি জীবনচরিত প্রণয়ন করিয়াছেন। ইহাছেই জ্যেন্তিপ্তের নাম বৃন্ধাবনচন্দ্র প্রকাশ্র দাউজী। এই দাউজীর জীবন-চরিত তাঁহার পিতা কর্ত্বক প্রণীত ও প্রকাশিত হওয়ায় আমি আরু দাউজী সম্বন্ধে কোন কথা লিখিলাম না।

যথন কলিকাতা স্থকিয়া খ্রীটে রাখালবাবুর বাড়ীতে গোস্বামী মহাশ্র অবস্থিতি করিতেন, তথন তাঁহার পার্খের বরে ভক্তিভাজন স্থগ্রস্থাবু সপরিবারে থাকিতেন। তিনি একদিন আসনে বসিয়া নাম করিতেছিলেন।
দীর্ঘকাল নাম করিতে থাকায় নামের শক্তি গুরুশন্তিকে জাগাইয়া
তুলিল । শক্তিশালী নাম ও গুরুশন্তি পরস্পার পরস্পারের পরিপোষক।
শক্তিশালী নাম গুরুশন্তিকে পরিবর্দ্ধিত করে, জাবার গুরুশন্তিক নামকে
করিয়া প্রবলবেগে পরিচালিত করিতে থাকে। নাম করিতে
করিতে যেমন গুরুশন্তিক প্রবল হইয়া উঠিল, জয়নি জগহর্বাবুকে অভিত্ত
করিয়া ফেলিল। জগদবন্ধ্বাব্র বাহজান লোপ হইল। তিনি আসনে
উপবিষ্ট থাকিলেন।

তাঁহার বিতীয় পূত্র তথম নিতান্ত শিশু, কেবলমাত্র হামাগুড়ি দিতে শিথিরাছে। দৈবাৎ এই শিশু কড়াইরের গরম হুগ্ধে হাত দেওয়ার তাহার কচি হাতথানি দগ্ধ হইরা গেল। বালক চীৎকার করিয়া কাঁদিয়া 'উঠিল। বালকের চীৎকারে জগবন্ধবাবুর চৈতন্ত হইল বটে, কিন্তু তাঁহার শরীর এমনি অবশ হইরা পড়িরাছে যে, তিনি আসন হইতে উঠিয়া বালককে রক্ষা করিতে অথবা শান্তিম্থা বা গৃহের অন্ত কোন লোককে ডাকিতে পারিলেন না। তিনি কথা কহিবার চেষ্টা করিলেন, কিন্তু কথা বাহির হইল না। এই অবস্থার তিনি বালকের বিগদ স্বচক্ষে দেখিয়াও কোন সাহাষ্য করিতে পারিলেন না।

বালকের ক্রন্দনে কিছুক্ষণ পরে শান্তিমধা ছুটিয়া আসিয়া বালককে ক্লোলে করিয়া বালকের শুশ্রুষায় নিযুক্ত হইল।

সস্তানের ক্লেশ দেখিয়া মায়ের প্রাণ কাঁদিয়া উঠিল। শাস্তিত্থা জগদক্বাব্র অবস্থা বৃথিতে পারেন নাই। তিনি স্বামীকে নানাপ্রকারে অভিযোগ দিতে লাগিলেন। জগদক্বাব্ সমস্ত অমুযোগের কথা স্কণে শুনিতে লাগিলেন এবং একটি কথারও প্রতিবাদ করিতে পারিলেন না। কিরংক্ষণ পরে জগবস্থবার প্রাকৃতিস্থ হইলে শান্তিস্থাকে সমস্ত অবস্থাটা ভাগিয়া বলিলেন। তাহাতে শান্তিস্থা লজ্জিতা হইয়া আর অহুযোগ করিলেন না।

শক্তিশালী নাম স্বাধীন ও স্বতন্ত। ইনি যথন ভক্তকে রূপা করিয়া নিজের বিক্রম প্রকাশ করেন তথন কাহার সাধা যে ইহার গতি রোধ করে ? নামসাধন সর্বেজিয়ের ক্রিয়া রহিত করিয়া ফেলে এবং অমৃত-পাথারে ভাসাইতে থাকেন।

নাম মহামাদক, আজির নেশা আরু কত্টুকু; নামের নেশার নিকট ব্রাজির নেশা অতি সামান্ত। এ নেশা যাহার একবার উপস্থিত হইরাছে, দেই ইহার বিক্রম ব্রিতে পারে। অন্তে ব্রিতে পারিবে না।

ভৃতীয় পরিচ্ছেদ •

ভক্ত অমুরেক্সনাথ দত্ত

ভজিভাজন বাব্ অমরেজনাথ দত্ত ৺রাজেজ দত্তের (রাজারার্র)
পৌল ও স্থবিখ্যাত জ্বীস্ বারকানাথ মিত্রের দৌহিত। ইহার নিবাস
কলিকাতা ভবানীপুর। ইনি গোস্বামী মহাশরে জনৈক শিলা। সংসারী
লোক, চাকরী করিয়া জীপুত্র লইরা সংসারবাত্রা নির্বাহ করিষ্ট্র

সাহেবৰাড়ী যাইতে হইবে বলিয়া তিনি একদিন পাচক ব্রাহ্মণকে বলিলেন, "ঠাকুর! আমাকে বেলা দশটার । সাহেববাড়ি ঘাইতে হইবে, তুমি শীঘ্র খাবার প্রস্তুত কর, আমি শীদ্র সান করিয়া লই।" অমরেক্রবাব্র কথা শুনিয়া ব্রাহ্মণঠাকুর তাড়াতাড়ি রাম্নাদরে খাবার

সাঞ্চাইতে গেলেন; অমরেক্রনাথবাবু কলের জলে স্থান করিয়া তাড়াভাড়ি ঠাকুর্ঘরে আহ্রিক করিতে বসিলেন।

অমরে রূবাব বেমন ইপ্রয় জপ করিতে আরম্ভ করিলেন, অমনি তাঁহার সর্বশেরীয় অবশ হইয়া গেল, প্রবল শুরুলজি ও নাম তাঁহাকে অভিভূত করিয়া ফেলিল। অমরে ব্রাল্জানশূল হইলেন। তিনি বেমন আসনে বসিয়া ছিলেন, ঠিক সেইভাবে বসিয়া থাকিলেন। নামের প্রবাহ আপনা হইতে প্রবলবেগে তাঁহার মধ্যে প্রবাহিত হইতে লাগিল।

থাবারঘরে আসনের নিকট ভাত দিয়া পাচকঠাকুর অপেকা করিতে লাগিলেন, অমরেক্রবাব্র আর দেখা সাক্ষাৎ নাই। ডাকাডাকি, হাঁকাইটাকি করিবার আর উপায় নাই, অনেকক্ষণ ভাতের নিকট দাঁড়াইয়া থাকিয়া বাম্নঠাকুর যথন দেখিলেন, অমরেক্রবাব্র আর আসিবার সভাকনা নাই; তথন ভাতের থালা রাল্লাঘরে লইয়া গিয়া রাখিরা দিলেন।

দশটা বাজিয়া গেল, মেয়েরা ঠাকুরম্বে উ'কি মারিয়া দেখিল,
অমরেজবার আসনে উপবিষ্ট; নামে অভিভূত; তাঁহারা ফিরিয়া আসি-লেন। ক্রমে এগারটা বাজিল, বারটা বাজিল, সকলে তাঁহার অপেক্ষার বিষয়া থাকিলেন। কাহারও আহার হইল না। বেলা পাঁচটার সময় অমরেজবার্র হ'দ হইল, তিনি তথন আসন হইতে উঠিয়া আসিলেন।
সুই দিন এই পর্যান্ত। সাহেববাড়ী আর ধাওয়া হইল না।

এরপ ঘটনা যে ক্কচিৎ কথন ঘটে ভাহা নহে, এরপ ঘটনা প্রারহী মাঝে মাঝে ঘটিয়া থাকে। অমরেক্রবাব্ সামান্ত গৃহস্থ লোক, বয়সে যুবক অথচ অবস্থা এইরূপ।

অমরেক্রবাবুর ভাবাবেশের নৃত্য এক অপূর্ব ব্যাপার। ইনি ধখন

করে, অঙ্গ-সঞ্চাচলন অতি স্থলনিজ হইয়া থাকে। বাহ্জ্ঞান থাকে না। ইহার মনোহর ত্তা যে দেখেনসেই মুগ্ধ হয়।

পঠিক মহাশয়, আপনারা অনেক নাচ দেখিয়াছেন, বাইজীয় নাচ, থেমটাওয়ালীর নাচ, থিয়েটারে নর্ভকীর নাচ, বাত্রায় বিভিন্ন প্রকারের লাচও দেখিয়াছেন কিন্তু এমন নাচ কথনও দেখেন নাই। আপনারা খে সকল নাচ দেখিয়াছেন ভাহাতে মনের চাঞ্চল্য উপস্থিত হয়, য়দয়ের গাজীয়া নই হয়, ধর্মভাব বিদ্রিত হয়। এ নাচ ভাহার বিপরীত। এ নাচ দেখিলে মনের চাঞ্চল্য নই হয়, ধর্মভাব জাগ্রত হয়, সংসার-বন্ধন ছিয় হয়।

"নাচিতে না জানি তবু, নাচিরে গৌরাঙ্গ বলি, গাইতে না জানি তবু গাই। স্থাবে বা ছ্থেতে থাকি, হা গৌরাঙ্গ বলে ডাকি নিরন্তর এই মতি চাই॥"

এ নাচ সে নাচ নর। জানাজানির সহিত এ নাচের কোন সম্বন্ধ
নাই। এ নাচ কাহারও নিকট শিক্ষা করিতে হর না। ক্ষাহারও শিখাইবার ক্ষমতা নাই। ইহা বৃদ্ধি, বিবেচনা, চিস্তান্ত অভীত। অন্যন সাড়ে
চারি বৎসর পূর্বে হুরধূণী-ভীরে একবার শচীর জ্লাল এই নাচ নাচিয়া
ছিলেন। তাহার পর গোস্বামী মহাশ্য নাচিয়া দেখাইলেন; এখন তাঁহার
শিষ্যগণ নাচিতেছেন। এ মৃত্য আর কোথাও দেখিতে পাইবেন না।

এ নাচ মানুষের নাচ নহে, মানুষের অনুকরণীয় নছে, এ নাচে শ্রম
নাই, ক্লান্তি নাই। নৃত্যকারীর সহিত ইহার কোন সমন্ধও নাই। সুদুগুক
কুপা করিয়া যে দেবতাকে ভক্তস্বদরে প্রতিষ্ঠিত করিয়াছেন, ইহা সেই
দেবতার নাচ, মহাভাবের নাচ, মহাভাবের নাচ। মানুষ ■ নাচ
কোথায় পাইবে ?

ধন্ত বঙ্গদেশ। যে দেশে ভগ**রান্ অয**ভীর্ণ হই**য়াছেন,** যে দেশ ভগবানের পাদপদ্মের রেণুকণায় অভিষিক্ত, যে দেশ ভক্ত-পদরক্ষে চর্চিতে।

গোস্থামী মহাশরের বহু শিশ্ব ও প্রশিশ্বের মধ্যে নামের বছবিধ সীলা হইতেছে। আমি অনেকের মধ্যে অনেকপ্রকান্ধ লীলার কথা জ্ঞাত আছি। অধিক লিখিয়া প্রয়োজন নাই।

চতুর্থ পরিচেছদ

ভক্ত কৈলাশচন্দ্ৰ বহু ও মনোরমা

শীরপগোস্থামী, বিদগ্ধমাধব নাটকে লিথিয়াছেন—

"তুণ্ডে তাণ্ডবিনী রতিং বিভক্তে তুণ্ডাবলীলবারে,
কর্ণজ্যোড়কড়িষিনী কটয়তে কর্ণার্কাছেভাঃ স্পৃহাম্।

চেতঃপ্রাঙ্গণসন্ধিনী বিজয়তে সর্বেজিয়াণাং কৃতিং
না জানে জনিতা কিয়ভিরম্ভৈঃ কৃষ্ণেতি বর্ণবন্ধী॥"

নান্দীমুখীকে বলিতেছেন,—যিনি তুপ্তাগ্রে নৃত্য আরম্ভ করিয়াতুপ্তাবলী-লাভের জন্ম রতি বিস্তার করেন, যিনি কর্ণপথে অঙ্গুরিতা হইয়াই মুর্ব্র্ক্ সংখ্যক কর্ণেন্দ্রিরলাভের ইচ্ছা উৎপাদন করেন, যিনি চিত্তপ্রাঙ্গণের সঙ্গিনী হইয়াই সমস্ত ইন্দ্রিয়-ব্যাপারকে রহিত করেন, হে নান্দীমুখি! এতাদৃশ "রফ্ষ" এই অক্ষরদ্র কত অমৃত দিয়া যে প্রস্তুত হইরীছে, তাথা আমি বলিতে পারি না।

শ্রীরপগোসামী এই শ্লোক রচনা করিয়া আপন নাটকে কুঞ্চনামের মধুরিমা বর্ণন করিয়াছেন। পাঠকমহাশয় নাটকের শ্লোক মনে করিয়া ইয়া যে কেবল করিব বহিছে শুকিবঞ্জিক বর্গনা ক্রমা ক্রমা সামে ক্রিবেল না। ভগবালীর নামের দাধ্র্য ক্ষার্থই এইরপ; ইহাতে কিছুমাত্র সন্দেহ নাই। যোর অপরাধে আমরা কেবল নামের প্রকৃত আসাদন টেক পাই না। আমাদের ছুর্দিবই আমাদিগকে বঞ্চিত করিয়া রাখিয়াছে। আমরা নরকের কীট, নরকের পৃতিগন্ধই আমাদিগকে ভাল লাগে, আমরা নরক-কুতেই বিচরণ করিতে ভালবাসি।

নাম মধুর হইতে সম্ধুর; ইহার স্থাসাদন অন্তব করিলে মানুষের আব ক্পাতৃকা থাকে না। এই পছার পূর্বতন আচার্য্য শ্রীমাধবেজপুরী অ্যাচক ছিলেন। নামান্ত পান করিরা বিভার হইরা থাকিতেন। ক্পাতৃকা তাঁহাকে পীড়া দিতে পারিত না।

"অবাচিত বৃত্তি পুরী বিরক্ত উদাস। অবাচিত পাইলে থান নহে উপবাস॥ প্রেমামৃতে তৃপ্ত নাহি কুধাতৃক্ষা বাধে। কীরে ইচ্ছা হইলে তাহে মানি অপরাধে॥"

👣, চ, ম, ৪ পরিচেছ্দ।

গোস্বামী মহাশরের শিশ্ব ভক্তিভাজন বাব্ হেমেন্দ্রনাথ মিত্র আলিপুরের পাবলিক প্রসিকিউটার। তাঁহার বাড়ী ভবানীপুর ৬নং পদ্মপুক্র রোড। ইউদ্বেবের জন্মতিথির পূজা-উপলক্ষে প্রতি বংসর ঝুলন-পূর্ণিমা তিথিতে তাঁহার বাটীতে উৎসব হইরা থাকে। ১৯১৯ সালের ভাজ মাসে এই উৎসব-উপলক্ষে আমি তাঁহার বাটীতে গিরাছিলাম। তুর্বাদ্ধি বশতঃ জ্বানীপুশ্নের একটা পুক্রে স্নান করার আমি ম্যালেরিরা জরে আক্রান্ত হইরা পড়ি।

গোস্বামী মহাশয়ের জনৈক শিয়া ভক্তিভাজন বাব্ রায় অতুলচক্র সিংহ কলিকাতায় অথিল মিস্ত্রীর লেনে অবস্থিতি করিতেছিলেন। এই ব্যারা-মের সময় আমি কয়েক দিন তাঁহার বাসায় অবস্থিতি করিয়া ছিলাম। অতুলবাবুর সহধর্মিণী ভক্তিমতী আমতী রাশারাণী দাসীও গোসামী মহাশরের শিশ্যা, আমার এই ব্যারামের ।।। তিনি মারের স্থায় আমার যথেষ্ট শুশ্রার করিয়াছিলেন।

ক্যাবস্থার পূর্বাক্ত ৭ঘটকার সময় আমি একখানা ভক্তাপোবের উপর শুইয়া আছি, এমন সময় ভক্ত কৈলাশচন্দ্র বহু আমাকে দেখিতে আসিলেন। ইনি গোস্বামী মহাশরের জনৈক শিয়। ইহার পিতার নাম ৺ঈশরচন্দ্র বহু। নিবাস টাদসী, জেলা বরিশাল। ইনি আমার কাছে ভক্তপোবের উপর বসিরা ব্যারামের কথা জিজ্ঞাসা করিলেন। সমেহে গারে হাত বুলাইতে লাগিলেন।

কথাবার্ত্তা শেষ হইলে তিনি মনে মনে নাম জপ করিতে লাগিলেন।
নামের অমৃতময় আত্মাদন যেমন তাঁহার অমৃত্ত হইল, অমনি তাঁহার
সমস্ত ইন্ত্রিয়ের কার্যা বন্ধ হইয়া গেল। তিনি বাহ্যজ্ঞানরহিত হইলেন।
তাঁহার সর্বশরীর ও মনে অমৃতধারা সিঞ্চিত হইতে লাগিল। তিনি
স্পাদনরহিত হইলেন, কেবল তাঁহার মধ্যে প্রবলবেগে নামের প্রবাহ
প্রবাহিত হইতে লাগিল।

আমি পূর্বেই বলিয়াছি, নাম স্বাধীন ও স্বতন্ত্র। নাম কাহারও বুশীভূত নহে। নামকে আয়ত্ত করিতে পারে এজগতে এমন কেহ নাই। নাম কুপাপূর্বেক ভক্তস্থদয়ে নৃত্য করিতে করিতে প্রবাহিত হন মাত্র। নাম কুপা করিয়া ভক্তস্থদয়ে যথন প্রবাহিত হইতে থাকেন, তখন তাঁহার গতি রোধ করা যেমন কঠিন, নামের ইচ্ছা না হইলে তাঁহাকে আনয়ন করাও তেমনি কঠিন। নামের কুপা না হইলে কাহার সাধ্য নাম করে ? নাম জীবস্ত ও মহাশক্তিশালী।

পাছে কেল্পেচক্র তক্তপোষ হইতে পড়িয়া গিয়া আৰ্ক্ট প্রাপ্ত

হন, এই জন্ম আমার একটা ভাবনা হইল। তাঁহাকে তক্তপোষের প্রান্ত হইতে স্থানান্তরিত করিয়া নিরাপদ স্থানে বসাইবার চেষ্টা করিলাম। কিন্ত বহু বত্নেও তাঁহাকে স্থানান্তরিত করিতে পারিলাম না। তথন ভাবিলাম, বে দেবতা তাঁহার মধ্যে আনন্দোৎসব করিতেছেন, তিনিই তাঁহার শরীর রক্ষা করিবেন।

বেলা একটা বাজিয়া গেল, তাঁহার স্ত্রী ও পরিবারবর্গ তাঁহার অপেক্ষায় অনশনে থাকিলেন। যথন বেলা ৪টা বাজিয়া গেল তথনও তাঁহার হঁস হইল না। এমন সময় ভক্ত প্রবেজনাথ বস্থ ও তাঁহার সঙ্গে আরও ২০টি সতীর্থ আসিয়া উপস্থিত হইলেন। বেলা অবসান হইতে দেখিয়া কৈলাশবাবুর স্ত্রী কৈলাশবাবুকে সচেতন করিবার জন্তু সকলকে অনুরোধ করিলেন। প্রবেজ্বাবু কৈলাশবাবুর কর্ণে অনেক ক্ষণ ধরিয়া নাম দিতেলাগিলেন, তাহাতেও কৈলাশবাবুর চৈতেত হইল না।

স্থারেরবার মধুরকঠে একতারা লইরা সঙ্গীত আরম্ভ করিলেন; জগবানের দীলা গুণ কৈলাশবাবুকে শ্রবণ করাইতে লাগিলেন। কিছু তাহাতেও কিছু হইল না। স্কলে হতাশ হইলেন। কৈলাশবাবুর সমাধি আর কিছুতেই ভঙ্গ হইল না। অনেকে অনেক রকম, চেষ্টা করার পর সন্ধার সময় সমাধি ভঙ্গ লইল।

বদিচ কৈলাশবাবুর সমাধি ভঙ্গ রাইল কিন্তু নামের ঘোরটা বুচিল না। হাত পারেও বল পাইলেন না। কাহারও সহিত কথা কহিতে সমর্থ হইলেন না। সকলে ধরাধরি করিয়া তাঁহাকে, নিকটস্থ তাঁহার নিজের বাসাবাটিতে লইয়া গেলেন। । কৈলাশবাবুর এইরূপ সমাধির অবস্থা প্রারই হইয়া থাকে।

প্রা ভূমি ভারতবর্ষে বিবিধ ধর্মসম্প্রদায় বর্ত্তমান রহিয়াছে। পাঠক বহাশরগণ, ভগবানের নামে সমাধি আর কি কোণায়ও দেখিতে পান ? কোথায়ও কি শুনিরাছেন দে, সাধক ভগবানের নামে সমাধিত্ব হইরা
পড়িরাছেন ? ভগবানের নামে সমাধি আমরা একমাত্র কলিপাবন
শীমন্মহাপ্রভৃতে দেখিতে পাই। তৎপরে গোস্বামী মহাশরের মধ্যে
দেখিলাম। শেষের করেক বৎসরকাল গোস্বামী মহাশর ভগবানের নামে
প্র: পুন: সমাধিত্ব হইরা পড়িতেন। তাঁহার বাহ্নজ্ঞান থাকিত না।
কেবল শিশ্বগণের মনস্তির জন্ম তিনি একএকবার মাত্র ক্লকালের জন্ম
সমাধি ভক্ক করিতেন।

এই বে ভগবানের নামে সমাধি, এখন কেবল আমার গোলামী
মহাশরের শিশুগণের মধ্যে দেখিতে পাইতেছি। এ দৃশু আর কোণাও
দেখিতে পাইতেছি না। কৈলাশবাব সামান্ত গৃহস্ত লোক, চাকরী করিয়া
ত্তীপুতাদি লইয়া সংসার্যাত্রা নির্বাহ করেন। বেলা ১০টা হইতে টো
পর্যান্ত আপিদের কাজে তাঁকে হাড়ভালা পরিশ্রম করিতে হয়। এই
নির্বাহ করিয়াও তাঁহার এই অবস্থা!

আপনারা ভক্তিষতী মনোরমার কথাও গুনিয়াছেন। তিনি অনামধ্যাত ভক্তিভালন বাবু মনোরম্পন গুহঠাকুরতার সহধ্যিনী। গোলামী মহাশর তাঁহাকে আকাশর্ত্তি দিয়াছিলেন। ঘোর দরিদ্রতার নিম্পেরণে তাঁহাকে নিম্পেরত হইতে হইয়াছিল। তিনি নিজে ক্রিডেন। রহ্মন্কার্যা করিছেন, আমী ও অতিথি অভ্যাগতের তিনিই সেবা করিছেন। রহ্মন্কার্যা নিজহন্তে সম্পন্ন করিছেন। কভকগুলি সন্তান পালন করিছেন, ইহার উপর তিনি কোন কোন সময়ে ছল্রিশ ঘণ্টা কাল সমাবিশ্ব থাকিছেন।

সংসারের কায় না করিলে চলে না, একারণ প্রতিদিন তিনি সমাধিত্ব হইয়া থাকিতে পারিতেন না। মধ্যে মধ্যে আসন করিয়া বসিত্তেন ও ভগ-বানের নামে সমাধিত্ব হইয়া পড়িতেন। কোন কোন সময়ে ছত্রিশ ঘণ্টার \$10

মধ্যে কোনক্রমে তাঁহার সমাধি হইত না। কচি তাত স্থান করিবার কাদিলে মনোরঞ্জনবাবু ছেলেকে মান্তের বুকের গোড়ার ধরিয়া স্তম্মপান করাইয়া আনিতেন। মনোরমার জীবনচরিত বাহির হইয়াছে। একারণ আমি এই ভক্তিমতী অসামান্তার কথা লিখিলাম না। পাঠক মহাশর মনোরমার জীবনচরিত পাঠ করিবেন। ভক্তের জীবন-চরিতপাঠে বহু উপকার লাভ হইয়া থাকে।

ভগবানের নামে যে কেবল সামাধি হয় তাহা নহে, সাধকের যোগাল প্রকাশ হইতে থাকে। একটাও বাদ বায় না। নাম করিতে করিতে যদি যোগাল সকল প্রকাশিত না হয়, তাহা হইলে ব্রিতে হইবে, নাম করা হইতেছে না। অথবা নামে শক্তি নাই, অর্থাৎ নামী বর্ত্তমান নাই। নাম করা হইবে অথচ যোগতত্ব প্রকাশিত হইবে না ইহা অসম্ভব।

পঞ্চম পরিচেছদ

লীলা-দর্শন

আমি পূর্বেই বলিয়ছি লীলাদর্শনের জন্ত রাগান্তরাগ ভক্তি বা কর্নার আশ্রের লইবার প্রয়োজন নাই। বাঁহারা ভদ্ধাভক্তি সাধন করিয়া থাকেন, তাঁহারা কোনরপ করনার আশ্রের গ্রহণ করেন না, তাঁহাদের মধ্যে বছবিধ লীলা আপনা হইতে প্রকাশিত হইয়া থাকে, ইয়া সাধনপদ্বার একটা নিরম। গোল্বামী মহাশরের বছ শিশ্র সাধনপদ্বার ভগবানের বিবিধ লীলা দর্শন করিয়া থাকেন। ২০টা দৃষ্টান্ত না দিলে পাঠক মহাশরের কোতৃহল নিবারণ হইবে না। একারণ আমি নিজের দৃষ্ট চুইটি মাত্র বৃত্তান্ত পাঠক মহাশরেক উপহার দিলাম।

একবার আমার জ্যেষ্ঠ জামাতা জগৎপ্রিয় নন্দী বহু দূর দেশ হইতে
একটি মৃণায় রাধারুক্ষ-মূর্ত্তি থরিদ করিয়া আনেন। রাধারুক্ষ একটি
পদ্মের উপর জড়াজড়ি করিয়া ত্রিভঙ্গিম ঠামে দাঁড়াইয়া আছেন। উভয়ের
প্রতি উভয়ের প্রেমদৃষ্টি। একটি বাঁশী উভয়েই ধরিয়া আছেন। মূর্ত্তিটি বড়ই
মমোরম। এই মূর্ত্তিটি দেখিয়া জগৎপ্রিয়কে আমি জিজ্ঞাসা করিলাম
—এ মূর্ত্তিটী কেন আনিয়াছ ?

জগং—মৃর্তিটী বড় স্থন্দর, দেখিতে অতি মনোহর, আমার বড় ভাল লাগিল, তাই থরিদ করিয়া আনিয়াছি।

আমি—তুমি এই মূর্ত্তি লইয়া কি করিবে 💡

জগৎ—আমি আর এ মূর্ভি লইয়া কি করিব ? ছেলেরা ইহা লইয়া থেকা করিবে।

আমি—তুমি বড়ই কুকাজ করিয়াছ, ভগবানের সূর্ত্তি থেলাগুলার জিনিস বা ঘর সাজাইবার জিনিস নয়। ভগবানের সূর্ত্তি ঘরে রাখিলে তাঁহার উপবৃক্ত মর্যাদা দিতে হয়। যদি প্রত্যহ পূজা করিতে পার, তবে এ মূর্ত্তি ঘরে রাখ নতুবা জলে বিসর্জ্জন করিয়া আইস।

জগৎপ্রিয় মনে করিয়াছিল, আমি এই মৃত্তিটি দেখিয়া আনন্দিত হইব, বিশ্ব আমার কথা শুনিয়া সে নিতান্ত বিমনা হইল। মৃত্তিটি জলে বিসর্জন দিতেও পারে না এবং প্রতাহ পূজা করিবারও ক্ষমতা নাই। তাহাকে ইতন্ততঃ করিতে দেখিয়া বলিলাম—"বাও ঠাকুরঘরে সিংহাসনের উপর এই মৃত্তিটি রাখিয়া আইস, আমি প্রতাহ ইহার পূজা করিব।" জগৎপ্রিয় আনন্দিত হইয়া তাহাই করিল। আমি প্রতিদিন পূজা করিব।" জগৎপ্রিয়

আমি তথন এই ঠাকুরবরের একপার্শে শরন করিতাম। এক দিন রাত্রি ছই প্রহরের সময় দেখিলাম, রাধাক্তঞ চুপে চুপে পরস্পর কি বলাবলি করিলেন এবং তাহার পর শ্রীকৃষ্ণ জড়াজড়িটা ছাড়াইয়া সিংহাসন হইতে নামিয়া আমার নিকট আসিয়া উপস্থিত হইলেন। আমি এই

স্থাটা স্থিনদৃষ্টে নিরীক্ষণ করিতে লাগিলাম। আমি মনে মনে এইরূপ

চিন্তা করিতে লাগিলাম—"মজা মন্দ নর, মাটর ঠাকুর কথা কয়, আবার
চলাকেরাও কয়ে।" এমন সমর শ্রীকৃষ্ণ মুখবাদন করিয়া আমাকে
বলিলেন, "আমার কুখা হইয়াছে, আমাকে কিছু খাইতে দাও।" আমি

শ্রীক্ষের কথা শুনিয়া ভাবিলাম "এভ রাত্রে কি খাইতে দিব ? ব্যাপার

মন্দ নয়!" এমন সময় শ্রীমভী সিংহাসন হইতে নামিয়া ক্রতপদে আমার
নিকট আসিয়া উপস্থিত হইলেন এবং বাম হস্তটা বন খন নাড়িয়া আমাকে
বলিলেন, "উনি এ সময় কিছু খান না, কেবল ভোষার মন ব্যিবার আ

এই কথা বলিয়া শীক্ষকের হাত ধরিয়া তাঁহাকে ফিরাইরা লইরা গেলেন এবং সিংহাসনে আরোহণ করিয়া উভয়ে পূর্ববং শুড়াঞ্জি করিয়া জিভঙ্গিম-ঠামে দাঁড়াইয়া রহিলেন। আমি এই ব্যাপার দেখিয়া অবাক হইয়া গেলাম।

মৃত্তিটী মৃগার, চরণে চন্দন তুলসি দিরা পূজা করিতে করিতে দিন করেক পরে দেখিলাম, চরণে কত হইয়াছে। গুনিরাছি কত সৃত্তির পূজা করিতে নাই, একারণ ঐ মৃতিটি জলে বিসর্জন দিলাম।

পাঠকমহাশরকে আর একটা কীলাদর্শনের কথা বলি। পুত্রের জন্মতিথি-উপদক্ষে আমি বিবিধ শালসামগ্রীর আন্ধোজন করিয়া গোলামী মহাশরের আসন করিয়া ভোগ দিলাম। গুরুপূজা শেষ করিয়া বেমনি ভোগসামগ্রী নিবেদন করিয়া দিলাম, অমনি দেখি প্রীকৃষ্ণ মলিনকানে বেন গোসা করিয়া করিয়া সন্মুখে দাঁড়াইয়া রহিয়াছেন। আমি রসিক চুড়ামণিকে সন্থোধন করিয়া বলিলাম "এতক্ষণ ছিলে কোখার? একটু আগে আসিতে পার নাই ? একটু আগে আসিলে তুমিও পাইতে।
আমি সমস্ত নিবেদন করিয়া দিয়াছি। বদি থাবার জিনিব দেখিয়া এতই
লোভ হইয়াছে, তবে লজ্জা কিসের ? তুমি চিরকালই নির্লজ্জ। গোপবালিকাদের ক্ষীর সর নবনী কাড়িয়া থাইতে; আবার গোস্বামী মহাশ্র
বধন আহার করিতে বসিডেন, তথন ওক্তার ঝোলের বাট ধরিয়া টানাটানি করিতে; যথন তিনি ডাবের জল থাইতে যাইতেন, তথন ছুটিয়া
আসিয়া হাত হইতে ডাবটা কাড়িয়া লইয়া এক চুমুক্কেই তাহা শেষ করিতে,
তোমার বিছে ত আমার জানা আছে; আমি গোস্বামী মহাশ্রকে নিবেদন
করিয়া দিয়াছি; যাও বসিরা যাও, কাড়াকাড়ি করিয়া থাওগে, আমাকে
দেখিয়া আর লজ্জা করিবার প্রয়োজন নাই।"

সামি এই কথা ৰুলিয়া ভজিভরে প্রণাম করিয়া কপাট ঠেসাইয়া দিয়া ৰাহিরে বদিয়া নাম করিতে লগিলাম।

এই সময় হইতে আমি যথনই গোস্বামী মহাশয়ের ভোগ দিই, শীক্ষয়েও একথানি আসন করিয়া আলাহিদা ভোগ দিই।

এরপ নানাবিধ দেব দর্শন হইয়া থাকে। বিশ্বাসী পাঠকমহাশয়গণ এই

দর্শনের কথা পাঠ করিয়া আমাকে এক জন সাধু মনে করিবেন না। সাধনপত্থায় এ সব ঘটিয়াই থাকে। এসব মায়িক দর্শন। এ দর্শনের মূল্য অভি সামান্ত। যত দিন যায়া আছে, তত দিন ধর্ম বছ দ্রে জানিবেন। আমি এখনও যে নান্তিক হইতে পরিত্রাণ লাভ

হইয়াছে, য়ভক্ষণ নায়ার হস্ত হইতে পরিত্রাণ লাভ

হইয়াছে, য়ভক্ষণ নিরোপদ ভূমিতে দাঁড়াইতে না পারিয়াছি,

মাত্র বিশ্বাস স্থাপন করিতে পারি না। যতদিন গুরুক্বপায় সচিদানক বিগ্রাহের দর্শন লাভ না হইয়াছে, তত দিন কিছুতেই মায়া য়াইবে না, নিরোপদ ভূমিতে পৌছিতে পারিব না। এখন গুরু কুপাই একমাত্র

ভর্মা। আপনারা আশীর্কাদ করুন, যেন শুরু-আজ্ঞা পালন করিয়া মাইতে পারি।

ষষ্ঠ পরিচেছদ

দেৰতার মর্যাদা

বাবু কুঞ্জবিহারী ঘোষ ঢাকা কলেজের কুলের শিক্ষক ছিলেন। এখন পেজন লইরা গেণ্ডারিরা মোকামে বসবাস করিতেছেন। ইনি শক্তি-ৰংশে জন্মগ্রহণ করিয়াছেন এবং শাক্তকুলে বিবাহ করিয়াছিলেন। ইনি যৌবনে থিয়সফিষ্ট ছিলেন (Theosophtst) ছিলেন। পরে সপরিবারে গোলামী মহাশয়ের নিকট দীক্ষামন্ত গ্রহণ করেন। ইহার খাণ্ডড়ি ইহার নিকট থাকিতেন, ইনিও গোলামী মহাশয়ের জনৈক শিশ্বা।

যথন যেথানে বসিয়া ভগণানের নাম করেন, তথন সেথানে সমস্ত দেবতা উপস্থিত হইয়া থাকেন। কোন কোন দেবতা ক্লপা করিয়া ভক্তকে দর্শনও দিয়া থাকেন। গোস্বামামহাশয়ের বহু শিয়া এইরপ দেবদর্শন করিয়া থাকেন। গোস্বামা মহাশয় বলিয়া দিয়াছিলেন, দেবদর্শন সাধনপত্বার একটি নিয়ম। দেবতাদর্শন হইলে, এমন মনে করিতে হইবে না যে উচ্চ-অবস্থা লাভ হইয়াছে। এই দর্শনের প্রতি মনোনিবেশ করিলে বা মনোমধ্যে অহঙ্কার উপস্থিত হইলে, সাধনের হানি হইয়া থাকে। যাহাতে সাধক সাধনতাই হইয়া না পড়েন এজন্ত দেবদর্শনের প্রতি মনোনিবেশ না করিয়া সাধনে নিবিষ্টচিত হইয়া থাকাই উচিত।

কুঞ্জবাবুর খাণ্ডড়া যখন নিবিষ্টচিত্তে নাম করিতে বসিতেন, তথ্ন তাঁহার কুলদেবতা ভদ্রকালী প্রকাশিতা হইরা তাঁহার সমুখে উপস্থিত হইতেন। এই দেবতার প্রকাশকে সাধনের বিম্নকারী মনে করিয়া কুঞ বাৰুর শাশুড়ী ভদ্রকালীকে সরিয়া বাইতে বলিতেন। কালী কিন্তু সরিয়া বাইতেন না। উপযুগতি এইরূপ হইতে থাকার অবোধস্ত্রীলোক কালীর প্রতি বিরক্ত হইলেন।

কুঞ্ববির খাণ্ডড়ী পূর্বেল শাক্ত পরিবারে কন্তা ছিলেন, কুলগুরুর নিকট শক্তিমন্তে দাক্ষিতও হইরাছিলেন। তালতে জীবনে কোন উপকার পান নাই। ধর্ম বে একটা সজোগের জিনিব, ইলা তালার উপলব্ধি হয় নাই। সদ্প্রক্রর নিকট দীক্ষিত হইরা ধর্ম বে একটা ধরিবার ছুইবার জিনিব, উলা বে সস্থোগের বন্ধ, ইলা তালার উপলব্ধি হইরাছে। কুলধর্মে আর তালার শ্রমা লাই। সদ্প্রক্র রূপা লাভ করিয়া তিনি বৈক্ষব হইরা পড়িয়াছেন। ভ্রকালীর উপর আর তালার আহা নাই।

একদিন কুঞ্বাব্র খাঙড়ী আসনে উপবিষ্ট হইয়া নাম করিতেছেন, এমন আ ভদ্রকালী সম্মধে প্রকাশিত হইলেন। তাঁহার প্রকাশ নামের দিয়কারী মনে করিয়া তিনি হর্জ ছি বশতঃ কালীকে একগছা ঝাঁটা ছুজিয়া মারিলেন, কালী অন্তহিতা হইলেন।

এইদিন হইতে কুঞ্বাবৃর বাটিতে প্রতিদিন রক্তবৃষ্টি আরম্ভ হইল।
পাড়ার লোক সকলে রক্তবৃষ্টি দেখিতে লাগিল, কোথাও রক্তবৃষ্টি নাই,
কেবল কুঞ্বাবৃর বাটিতে রক্তবৃষ্টি। সকলে আল পরীক্ষা করিয়া দেখিল
বাথাই ভাহা রক্ত। জীবদেহের রক্তের সহিত কোন পার্থকা নাই।
বাটির পরিবারবর্গ প্রতাহ বাড়িগর পরিষার করিতে লাগিল, ক্রমে বিরক্ত

■ হয়রাম হইরা পড়িল।

কুঞ্জবাবু এই ঘটনা গোস্বামী মহাশয়ের গোচর করিলেন। তিনি কুঞ্জবাবুকে বলিলেন— -

—ভদ্রকালীর নিকট তোমাদের ধোর অপরাধ হইয়াছে। কুলবাবু—ভদ্রকালীর নিকট আমাদের কি অপরাধ হইয়াছে ? গোসাঁই—তোমার খাণ্ডণী তাঁহাকে বাঁটা ছুড়িয়া মাঞ্জিছেন। দেবভার কি অমর্য্যাদা করিতে আছে? দেবভা প্রকাশিত হইলে তাঁহার উপযুক্ত মর্যাদা করিতে হয়, তাঁহার আশীর্কাদ ভিকা করিতে হয়।

এই কথোপকথনের সময় কুঞ্জবাবুর খাগুড়ী তথার উপস্থিত ছিলেন,
ভিনি গোস্বামী মহাশরের কথা শুনিয়া তাঁহাকে বলিলেন—

—আমি নাম করি, কালী আমার নিকট কি জন্ম আসেন ?
গোসাঁই—তুমি তাঁহাকে ডাকিবে আর তিনি আসিবেন না ?
কুঞ্জবাবুর খাগুড়ী—আমি ত তাঁহাকে ডাকি না, তিনি আপনা হইতেই
আসেন।

গোসাঁই—না, তুমি ডাক, সেই জন্তই তিনি আদেন। তুমি বে নাম কর তাহাতেই তাঁহাকে ডাকা হয়।

কুজবাব্র খাণ্ডড়ী—আমার ইষ্টমন্ত্রের সহিত কালীর 🍙 কোন সম্বন্ধ নাই।
গোসাই—তোমাকে ভগবানের নাম দেওয়া হইরাছে, কালী কি ভগবান
ছাড়া।

কুঞ্গবাবুর খাণ্ডড়ী—আমি ত এইক্ফকেই ভগবান:বিশিয়া জানি।
গোসাঁই—ছুমিই পৃথক মনে কর। ভগবান একই, কালী, কৃষ্ণ, পৃথক
নহেন। এক ভগবানেরই ভিন্ন ভিন্ন প্রকাশ মাত্র। কৃষ্ণ
বেমন ভগবাম, কালীও ভেমনি ভগবতী।

কুলবাবু এই সকল কথপোকগন প্রৰণ করিয়া গোন্থানী মহাশয়কে জিজ্ঞানা করিলেন—

—এখন আমাদের কর্ত্তবা কি ? আমরা কি করিব ? গোসাঁই—সম্বর কালীপূজা কর। ভাঁছাকে প্রসন্ন কর, তিনি প্রসন্ন না হইলে অনিষ্ট হইবে। কুলবাব্—আমর। সদ্গুরুর রুপাপাত্র। সদ্গুরু আমাদের সহায় আছেন,
কালীপূজানা করিলে তিনি আমাদের কি অনিষ্ট করিতে পারেন?
গোসাঁই—কালী আমাদের অনিষ্ট করিতে সক্ষম না হইলেও তিনি যদি
ভোমার ছেলের মাথাটি ভালিয়া দেন, তথন ভোমরা কি
করিবে?

এই কথা শুনিয়া কুঞ্জবাব্র স্ত্রী ও খাশুড়ী মহা-ভীতা হইলেন। তাঁহারা আপনাদিগকে ভদ্রকালীর নিকট মহা অপরাধিনী জ্ঞান করিয়া অফুড়াপিতা হইলেন। গলবস্ত্র হইয়া পুন: পুন: প্রণাম করিয়া ক্ষমা প্রার্থনা করিলেন ও বিবিধ স্তবস্তুতি করিতে লাগিলেন।

অবিলয়ে কালীপূজার মহা আয়োজন আরম্ভ হইল। স্থানর প্রতিষা প্রস্ত হইয়া আসিল। গ্রামের পুরোহিত ও আজীর আসিরা উপস্থিত হইলেন। মহা-ধ্মধামের সহিত ধোড়পোপচারে ভদ্রকালীর পূজা নির্বাহ হইল ক্ষাবাব সপরিবারে গললগীরুতবাসে ভক্তিভরে ক্ষা বিশ্বনল মায়ের পূজা করিলেন, তাঁহার শ্রীপাদপদ্ধে পূলাঞ্জলি দিলেন। ভগবতী প্রসন্না হইলেন। তাঁহাদের অপরাধ ক্ষমা করিলেন। সেই দিন হইতে রক্তর্ষ্টি একেবারে বন্ধ হইয়া পোল।

ধাহার ভাক্তি-পথে চলেন, সকলের পদানত হইরা, সকলের রূপাভিথারী হইরা তাঁহাদের ভজন করা কর্ত্তবা। দেবতাদের কথা কি
বলিব ? মন্থা, পশু, পশ্দী, কীট, পভশ্ব সকলের উপস্কুত মর্যাদা দেওয়া
উচিত। সকলের পদানত হইরা চলা কর্ত্তবা। মনের মধ্যে একট্
অহঙ্কার উপস্থিত হইলে বা অমর্য্যাদার একট্ কাজ করিলে ভক্তিদেবী
আর দেখানে থাকেন না। স্থান্ন গুড় হইরা মার। যতই আদর দিবেন,
যতই মর্যাদা রক্ষা করিয়া চলিবেন, ততই প্রাণ বিগলিত হইবে, ততই
চিত্ত প্রসর হইবে ও ততই ভজন সরস হইবে। নামের প্রবাহ প্রবাহিত

হইতে থাকিবে। সাধনপন্থায় কেহ যেন কাহারও মুর্গ্যাদা লভ্যন না করেন।

সপ্তম পরিচ্ছেদ

ধর্ম্মের লক্ষণ

ভল্লনসাধন করিয়া ধর্মপথে অগ্রসর হইভেছি কি না এইটা সকলের পরীক্ষা করিয়া দেখা উচিত। সাধনভল্গন করিতেছি অথচ জীবন এক-ভাবেই রহিয়া গিয়াছে, কোন পরিবর্জন উপস্থিত হইতেছে না, ধদি এরপ হর তবে ব্রিতে হইবে সাধনভল্গনে ফল হইতেছে না।

সাধনভজন করিলেই যে সঙ্গে ফলগাভ হইবে এরপ আশা করা যাইতে পারে না। কাহারও জীবনে অল্লদিন্ত মধ্যে ফলগাভ হর, আবার কাহারও জীবনে বিলম্বে ফললাভ হর। ধর্মসাধন করিয়া কত-টুকু অগ্রসর হওয়া গেল কোন কোন সাধক তাহা টেরও পায় না।

যাহা হউক অন্তত পাঁচবংসর কাল ভলনসাধন করিয়া জীবনে,
বদি পরিবর্ত্তন উপলব্ধি না হয় তাহা হইলে বৃঝিতে হইবে সাধনে কোন
ফল নাই, নিশ্চর কোথাও না কোথাও ক্রটি আছে। সাধন করিব
অথচ জীবন পরিবর্ত্তিত হইবে না ইহা অসম্ভব।

যদি ৫।৭ বৎসর যথা নিয়মে সাধনভজন করিয়া কোন প্রবিবর্ত্তন
উপস্থিত না হয় এবং নিজের কোন ক্রটি দেখিতে পাওয়ালা যায় তাহা
হইলে ব্ঝিতে হইবে পন্থার দোষ। যে পন্থার চ্রাক্তিইটেডে সে পন্থার
গস্তব্য হানে উপনীত হইতে পারা বাইবে না। তাল স্বে, পন্থা পুরিত্যাগ
করিয়া উপযুক্ত পন্থা অবলম্বন করা কর্তব্য।

এক পুখা হইতে পখান্তর গ্রহণ করিবার পূর্বে নিজের গুরুর অবস্থাটা ভাবিয়া দেখা কর্ত্বর। যদি ব্বিতে পারা যার, বে গুরু নিজেই খর্মজীবন শাভ করিতে পারেন নাই এবং যে পন্থায় সাধনভজন করা হাইতেছে ভাহা ভারতের চিরপ্রতিষ্ঠিত অথবা কোন মহাপুরুষের প্রবর্তিত পন্থা, ভাহা হইলে সেই পন্থার কোন উপযুক্ত লোককে গুরুপদে বরণ করা কর্তের। যদি সে পন্থায় কোন উপযুক্ত গুরু পাওয়া না যার, ভাহা হইলে পন্থান্তর গ্রহণ করা উচিত।

ভারতবর্ষে অনেকগুলি ধর্মসম্প্রদার চিরপ্রতিষ্ঠিত আছে; বেমন শাক্ত শৈব, বৈক্ষব ইত্যাদি। আবার সময়ে সময়ে এক এক জন মহাপুরুষ আবিভূতি হইরা এক একটি শহা শ্রতিষ্ঠিত করিরা গিরাছেন; বেমন শুরু নানক, মহাপ্রভূ, করীর ইত্যাদি।

বে পছা কোন মহাপুরুষ কর্তৃক প্রবৃত্তিত (বেমন প্রাক্ষণাত্ত্ব)
থিয়সফিক্যাল সোসাইটি, বাউল স্কুবেশ, কর্তাভন্তাদিগের পছা ইত্যাদি)
সে পছা সর্বতোভাবে পরিভাজা।

এই সকল প্রায় মানুষ শহল বংসর ধর্মসাধন করিয়াও ধর্মসাত করিতে পারিবে না । সভা সাল

এখন ধর্মের লক্ষণ কি, সকলের জানিয়া রা্থা কর্ত্তব্য। 🐇

জীবনের পরিবর্তন বৃথিতে হইলে ধর্মের লক্ষণগুলি জানিয়া রাখা কর্তব্য। লক্ষণগুলি না জানিলে জীবনের পরিবর্তন বৃথিয়া উঠা কঠিন হইবে

नीजि नौह रामन-

্থিতিই ক্ষমা দমোৎস্তেরং শোচমিন্তিরনিগ্রহঃ।

শীবিদা সভামশ্রোধো দশকং ধর্মালকাং॥

ধৃতি অর্থাৎ ধৈর্যা, ক্ষমা, দম অর্থাৎ কুকর্ম হইতে মনোনিবৃত্তি, অস্তেম

অর্থাৎ অচৌর্য্য, শৌচ অর্থাৎ সদাচার ও সদাহার, ইন্দ্রির নিগ্রহ, শ্লী অর্থাৎ বৃদ্ধি, বিজ্ঞা, সত্যা, ও অক্রোধ এই দশটি ধর্মের লক্ষণ।

্ধর্মজগতে নীতিশাস্ত্রের সকল কথা থাটে না। আমরা ধর্মাধর্মণ বুঝি না। এইটি ধর্ম, এইটি অধর্ম, আমরা বিবেচনা মত ঠিক করিয়া রাঞ্মিয়াছি এবং ভাহাই অকাট্য সভ্য মনে করিয়া সংস্থারে পুরিয়া মরি-ভেছি।

আমরা যে চক্ষে ধর্মাধর্মের বিচার করি, ভগবান সে চক্ষে ধর্মাধর্মের বিচার করে, ভগবান সে চক্ষে ধর্মাধর্মের বিচার করেন না। আমরা যে মাপকাটিতে ধর্মাধর্মের পরিমাপ করেন না। ভগবান সে মাপকাটিতে ধর্মাধর্মের পরিমাপ করেন না।

যাহা একের পক্ষে ধর্ম, তাহা অস্তের পক্ষে অধর্ম। বে হ্রুয়ি আমরা মহাপাপ বলিরা মনে করি, সেই হ্রুয়াই সমর সমর মাহুষের ধর্ম-জীবন প্রস্তুত করিরা দের। আবার কেহ প্রাণপণে ধর্ম সাধন করিরা ক্রমশ: নরকের দিকেই অগ্রসর হইতে থাকেন। ধর্মের ভক্ত ব্রিরা উঠা বচ্চ কঠিন। বাঁহারা সাধনভঞ্জন লইরা থাকেন সর্বদাই তাঁহাদের নিজের প্রতি একটা দৃষ্টি রাথিয়া চলা কর্মবা।

এখন দেখিতেছি জীবনের প্রতি মামুবের দৃষ্টি নাই। লোকে আচার • আচরণ ও অমুষ্ঠানকেই ধর্মা বলিয়া ঠিক করিয়া লইয়াছে।

সদাচার পালন করা, সদাহার করা, একাদশী, চাতুর্মান্ত, বত-নিয়মাদি শালন করা, প্রা অর্চনা প্রণাম বন্দনা শুবপাঠ পরিক্রমা তীর্থপর্যাটন হরিনাম ইত্যাদি ভক্তির অঙ্গুলি যাজন করাই লোকে ধ্রা বিশ্বা মুনে করে।

এই গুলি যে করণীয় নহে একথা আমি বলিতেছি না, ইহা করাই কর্ত্তবা। ইহা না করিলে ধর্ম হয় না সত্য, কিন্তু করিলেই যে ধর্ম হয় তাহা কর্মাচ মনে করিবেন না। অনেকে এই সকল ভক্তি-অঙ্গ বাজন করিয়া জ্বেমশ: নরকের দিকেই অগ্রসর হইতেছেন। তাঁহারা যতই ভক্তিঅঙ্গঞ্জিন যাজন করিতেছেন, ততই তাঁহাদের মধ্যে অহঙ্কার, ধর্মাভিমান,
দোষ-দর্শন পরিবর্দ্ধিত হইতেছে, ধর্মজীবন আদৌ গঠিত হইতেছে না।
ধর্মরাজ্যে এই গুলির স্থায় মহাশক্ত আর নাই। ইহাতে সমস্ত ধর্ম একেবারে নষ্ট হইরা যার।

ধর্ম কোন জিনিদ নয়, বাহা উপার্জন করিয়া মজুত করিতে হইবে। ধর্ম প্রাণের অবস্থা। ভজনসাধন করিতে করিতে যদি প্রাণের অবস্থার, পরিবর্ত্তন হইতে না থাকে তাহা হইলে তুষাধ্যাতীর ভার সাধনভজন র্থা ক্রতিছে মনে করিতে হইবে।

মারাবাদিগণের ব্রহ্মাহং ভাবনা, পণ্ডিতগণের শাস্ত্রবিচার ও নিত্য নৈমিন্তিকাদি ক্রিরাকলাপ, যোগিগণের যোগাভ্যাস, তাপসগণের তপস্তা, এবং যতিগণের জ্ঞানাভ্যাস ইত্যাদি ধর্মরাজ্যের কিছুই নহে, ইহা নামে ধর্ম কাযে কিছুই নয় বলিলেই হয়। পণ্ডশ্রম মাত্র।

সাধনপন্থায় সাধন করিতে করিতে কোন কোন লোকের মধাে স্বেদ কম্প,অঞ্চ, পুলক, বৈবর্ণ, স্বরভন্ধ, বিবিধ অঙ্গচেষ্টা, প্রণায়াম, সমাধি ইত্যাদি বছবিধ স্থাত্তিক লক্ষণ সকল প্রকাশ পাইতে থাকে।

গাঁহাদের মধ্যে এই সকল লক্ষণ প্রকাশ পাইতে থাকে, বুবিতে হইবে সেই সুক্ষল লোক শক্তিশালী গুরুর নিকট শক্তিশালা নাম পাইগ্রছেন। শক্তিশালী নাম সাধন ব্যতীত এসব লক্ষণ সাধকের মধ্যে প্রকাশ পায় না।

এই লক্ষণগুলি প্রকাশ পাইতে থাকিলে বৃঝিতে হইবে সাধক ধর্মপথে অগ্রসর হইতেছেন। তাঁহার মধ্যে স্বন্ধ ক্রম তম গুণ যাহা জাছে, তাহা ক্রমণ নষ্ট হইতে আরম্ভ হইরাছে। ভগবানের স্বাহি ক্রমিডেছে, সাধন সহজ ও সুথকর হইতে আরম্ভ হইরাছে। সাধন পন্থায় টিকিয়া

থাকিলে স্ময়ে পরাশান্তি লাভ হইবে। মারার বন্ধন ছিন্ন হইবে।

মানুষের কোথায়ও সুয়ান্তি নাই। সাধনরাজ্যও নিরাপদ নহে।
মানুষ যথন ধর্মপথে অগ্রসর হইতে থাকে তথন নিদারুণ মায়া তাহাকে
সাধনজন্ত করিবার সচেষ্টিত হন।

কোন কোন ব্যক্তির উপর ঘোর নির্যাতন উপস্থিত হয়। বিবাদ বিস্থাদ
সংসারের অভাব অশান্তি, জালা পোড়ার বাকী থাকে না। আবার
কোন কোন ব্যক্তিকে ধন, মান, বশ, স্ত্রীলোক ইত্যাদির প্রলোভনে মুঝ
করিয়া মায়া তাহাকে সাধনত্রই করেন। রাবণের চূলীর স্তায় প্রানী
সদাই হছ করিতে থাকে। না আছে আহারে ক্ষচি, না আছে গোকজনের সহিত কথাবার্তায় স্থপ, প্রাণ সদাই বিষয় ও মহা বিরক্তা। একটা
না একটা তুশ্চিন্তা সর্বাদাই লাগিয়া আছে। সাধনভক্তনে ক্ষচি থাকে
না। দারুণ মায়া যাহাকে যেরূপে বাগে পান, তাহাকে সেইরূপে আক্রমণ
করিয়া সাধনত্রই করিয়া ফেলেন। মায়া কি ভাবে আক্রমণ করিবেন
বুঝে উঠা বড় কঠিন।

মায়ার এই আক্রমণে গোশ্বামী মহাশয়ের বহু শিয়োর পতন দেখিলাম। এই শিয়াগণ প্রথমতঃ দেবহুল ভ অবস্থা লাভ করিয়াছিলেন।
তাঁহাদের বেমন সাধন, ভেমনি বৈরাগা ছিল। সাধনভলন ব্যতীত
তাঁহাদের আর কিছুই ভাল লাগিত না।

এখন মায়ার কুহকে পড়িয়া তাঁহারা সব হারাইয়ছেন তাঁহারা সাধুসঙ্গ করিতে পারেন না। তাঁহাদের সংপ্রসঙ্গ, সদালোচনা একেবারেই নাই। যে স্থানে ভগবানের নাম বা পুজা অর্চনা হয়, সে স্থানে তাঁহাদের যাইতে বা থাকিতে প্রবৃত্তি হয় না। কেবল কুসঙ্গে, কুকার্যো কাল যাপন করিতেছেন। শুক্রদন্ত নামটি পর্যান্ত পরিত্যাগ করিয়া বসিয়াছেন। তাঁহাদিগকে পূর্বের অবস্থার কথা শ্বরণ করিয়া দিলে তাঁহারা হু:থ প্রকাশ করেন বটে কিন্তু সাধনভজন বা সৎসঙ্গ করিবার নাম করিতে চান না। তাঁহাছের এ জন্মের আশাভরসা আর আমি দেখি না।

সাধন-পদ্ধার প্রত্যেকের জীবনে একবার মারার আক্রমণ হইবেই হইবে। তাঁহার হাতে কাহারও নিস্তার নাই। শাত্রে ইহা ইক্রদ্রের অত্যাচার বলিরা বর্ণিভ হইরাছে। যাহাদের উপর এ আক্রমণ হর নাই বুঝিতে হইবে ভবিশ্বতের জন্ম ভাহা সঞ্চিত আছে।

শান্য বতক্ষণ মান্নার অনুগত হইরা চলিবে, ততক্ষণ তাহার প্রতি তাহার কোন অত্যাচার আরম্ভ হর না। কিন্তু বধনই মান্না ব্রিবেন এই সাধকটা তাঁহার আরুগত্য পরিত্যাগ করিতে উপ্তত হইরাছে, সে অধীনতাশৃথাল ভগ্ন করিতে ক্রন্তসংক্র হইরাছে, রাজা বেমন বিলোহী প্রজাকে নির্যাতন করেন, নিদারুণ মান্না তেমনি:সেই সাধককে ভীষণ বেগে আক্রমণ করিবেন। যে কোন উপায়ে হউক তাহাকে সাধনন্রই করিয়া, তবে ছাড়িবেন।

মায়ার আক্রমণ বড়ই সাংঘাতিক। অনেক উচ্চ সাধকও ইঁচার আক্রমণে পরাস্ত হইরাছেন। অতি অল্ল লোকই ইহার আক্রমণে টিকে থাকিতে পারেন।

আমি সমস্ত গুরু ভাই-ভগ্নীদিগকে বলিতেছি; সাধনগছার আপনারা কদাচ নিশ্চিম্ত থাকিবেন না। একবার মায়ার আক্রমণ হইবেই হইবে। আপনারা হইতে প্রস্তুত হইয়া থাকুন। কাহার উপর কোনভাবে আক্রমণ হইবে কিছু বলা বায় না। আপনারা মায়ার উপর খুব তীক্ষ্র দৃষ্টি রাখিবেন।

মারার আক্রমণ বড় সাংঘাতিক হইলেও আপনারা ভীত বা হতাশ হইবেন না। সদ্গুরু সারথি আছেনু। তিনি আপনাদের মধ্যে শক্তি সঞ্চার করিয়াছেন। আপনারা ব্রহ্মতেজে তেজীয়ান। শভগবানের নাম এক অমোঘ অস্ত্র, ইহা আপনাদিগের হাতে। আপনাদের ভর কি ?

সমস্ত বিশ্ব মায়ার অধীন। তিনি কাহাকেও প্রাহ্ম ক্রনেনা।
বিশ্ব তাঁহার পদানত। অপেনারা সদ্গুরুর তেজে তেজীয়ান হওয়াতেই
আবুপনাদের উপর মায়ার লক্ষা পড়িয়াছে। নতুবা আপনাদের উপর
তাঁহার লক্ষা প্রভিবার আদৌ কারণ ছিল না।

মায়ার আক্রমণ যতই কেন সাংঘাতিক হউক না, আপনারা তাঁহার অধীনতা স্বীকার করিবেন না। ধৈর্য্য-সহকারে আলা, যন্ত্রণা, অভাব আসন্তি, অপমান লাছনা ইত্যালি যাবতীয় নির্যাতিন ভোগ ক্রিডের থাকিবেন। গুরুকে স্মরণ করিয়া নাম ধরিয়া পড়িয়া থাকিবেন। নামকে কলাচ পরিত্যাগ করিবেন না। সাধন-সমরে আপনারা নিশ্চরই জয় লাভ করিবেন। মায়া পরাস্ত হইবেই হইবে।

মারার আক্রমণ ১।৬ বৎসরের অধিক থাকে না। এই করেক বৎসরকাল অতি ভরাবহ মর্ম বাতনা ভোগ করিতে হর, প্রাণটা বেন গেলেই বাঁচি। সমর সময় আত্মহত্যা করিয়া সকল জালা জুড়াইবার ইচ্ছা হর।

নাম যে কিরূপ পরমহিতৈষী, তাঁহার শক্তিই বা কিরূপ, এই দার্রণ বিপদকাশে আপনারা টের পাইবেন। বিপদে না পড়িলে কাহার কর্ত-টুকু ভালবাসা, কে কেমন বন্ধু চেনা বার না। এই বিপদ-কালে সংসারের বন্ধুবান্ধর আত্মীয়স্থলন সকলেই আপনাকে পরিত্যাগ করিবেন, জ্বাপনার নামই আপনার সহার হইয়া আপনাকে প্রাণপণে রক্ষা করিবেন, জ্বাপনার প্রাণে সান্ধনা দিবেন, এবং ক্তপ্তানে উ্বধ দিয়া আলাবন্ধনা জুড়াইয়ার্প দিতে থাকিবেন। নামের মহিমা তথন টের প্রাইবেন। নাম যে কি প্রাণের ভিত্ত থাকিবেন। নামের মহিমা তথন টের প্রাইবেন। নাম যে কি প্রাণের ভিত্ত ব্যব্ধিবেন। আজ নাম বীভৎষ মনে ইইতেছে, তথন কিন্তু নাম অমৃত অপেক্ষাও স্ব্যুধুর মনে ইইবে। নামের বিরহ সহ্ব করিতে পারিবেন না।

আমি পূর্বেষ মনে করিতাম, নামের মেজাজটা বড় ইটা। নাম বড় অহলারী ও সার্থপর। নাম কথার কথার চটিয়া উঠেন, একটু ক্রাট দেখিলেই অত্যন্ত বিরক্তি প্রকাশ করেন, আমার স্থপ দর্শন করিতে চান না। নামের উপর আমার একটা বড় মন্দ ধারণা ছিল।

্রথন দেখিতেছি, নামের তুল্য হুজ্দ এজগতে কেছ নাই। নামের স্থেছ-মমতা অতুলনীয়। নাম বেমন আদর বত্ন জানেন, এমন স্থাদর বত্ন কেছ জামে না। তাঁগার স্থার্থের লেশমাত্র নাই।

নাই তিনি পৃথিবার ভাগে ধৈর্যাশীল থবং একেবারে অদোধ-দর্শন।

নাম যেমন ভালবাসিতে জানেন, এমন আর কেই জানেন না। সংসারের বন্ধাণ প্রতিবাদ সহ করিতে পারেন না, একটু মতভেদ হইলে বন্ধুত্ব শত্রুতার পরিণত হয়। আর ভালবাসা থাকে না।

নাম কিন্তু সেরূপ নতেন। তিনি প্রেমাস্পাদের নিকট কিছুমাত্র প্রতিদান চান না। ভালবাসিয়াই থালাস। তিনি প্রেমাস্পাদের কল্যাণের জন্তু সর্বাদাই বাস্ত। নামের সহিত থাহার কিছুমাত্র পরিচয় হইয়াছে, সংসারের ভালবাসা সংসারের আত্মীয়তা তাঁহার নিকট একেবারে অকিঞ্ছিৎকর হইয়াছে।

যদি প্রেমের তত্ত্ব শিথিতে চাও, তবে নামের পাঠশালার ভর্ত্তি হও। প্রেম জিনিষ্টা কি, এই নাম তোমাকে শিথাইরা দিবেন। এমন শিক্ষা আর কোথাও পাইবে না।

ি প্রেমের অর্থ আত্মত্যাগ, আত্মবিসর্জ্জন। প্রেমিক প্রেমাম্পদকে কেবল ভালবাসিয়া থালাস। কুপ্রেমাম্পদ যাহাতে স্থুখী হর, প্রেমাম্পদের যাহাতে কল্যাণ হয়, প্রেমিকের দৃষ্টি কেবল সেই দিকেই থাকে।

প্রেমিক প্রেমাম্পদের নিকট কিছুমাত্র প্রতিদান চান না । প্রেমাম্পদ

প্রেমিককৈ ভালবাসে কি না, তিনি তাঁহার কল্যাণকামী কি না তাঁহার হঃখে তিনি হঃখিত ও স্থে স্থা কি না, এ সকল দিকে প্রেমিকের দৃষ্টি থাকে না।

প্রেমাম্পদের তঃথক্রেশ বিপদ আপদ উপস্থিত হইলে, প্রেমিক ষ্থা-সর্কুস্থ পণ ফরিয়া ভাহার তঃথক্রেশ ও বিপদ-আপদ হইতে তাহাকে উদ্ধার করিবার চেষ্টা করেন। নিজের কতি ক্লেশ হঃথ যন্ত্রণার প্রতি তাহার আদৌ দৃষ্টি থাকে না।

প্রেমাম্পদের স্থই প্রেমিকের স্থা। প্রেমাম্পদের গুঃখই তাহার কুঃখ। তাহার স্থান, কথাবার্তার, সহবাসে প্রেমিকের আনন্দ কুঃখ। প্রেমাম্পদের বিরহ প্রেমিকের বড়ই অসহ।

ত্রস্ত স্থার্থ, এবং যোর সাসন্ধি, প্রেমের তন্তটি মাত্রকে ব্রিতে দের না। এই সার্থ ও সাসন্ধির জন্তই এখন মাত্রকে বড় একটা প্রেমের উপাসক হইতে দেখি না।

নাম, এই স্বাপ ও আসজি নষ্ট করিয়া মানুষকে প্রেমের রাজ্যে শইয়। যায়। প্রেম অপার্থিব বস্তু; বছভাগ্যে ইহা মানুষের লাভ হইয়া থাকে।

মারার আক্রমণের ১৬ বংসর কাটাইরা দিতে পারিলেই আর মারার আক্রমণ থাকিবে না। সমস্ত অনর্থের নির্ত্তি হইবে। ভজনসাধন সরস হইবে। সাধক নিরাপদ হইবেন।

তপ্রবৃত্তি ও আগক্তি বড় সর্বনেশে জিনিস, ইহা কিছুতেই যার না।
মাহ্ব প্রকৃতি লইয়া জন্মগ্রহণ করে এবং এই প্রকৃতির বশবর্তী হইহা
মাহ্ব গুড়াণ্ডত কার্যা করিয়া থাকে। প্রকৃতির বারা মাহ্ব জীবনপথে পরিচালিত হয়। প্রকৃতির পরিবর্তন অসম্ভব।

সকলের সকল বিষয়ে আসক্তি থাকে না। কাহারও ধনে আসক্তি,

কাহারও সম্ভানে আসক্তি, কাহারও স্ত্রীতে আসক্তি, কাহারও বা প্রতিষ্ঠার[্] আসক্তি ইত্যাদি।

কাহারও সন্তানবিয়োগে আদে কট হয় না, কিন্তু একটা পয়সার হানি হইলে প্রাণটা যেন বাহির হইয়া যায়। কেহ স্ত্রীবিয়োপে আদে ক্লেশাসুভব করে না, কিন্তু একটু নিন্দাতেই মরিয়া যায়। এইরপ যাহ্যুর ধেখানে আসক্তি সেইখানে আঘাত পড়িলেই সর্কানাশ। সেইখানেই পরীকা।

আসজি নই হইতে থাকিলেই সঙ্গে সঙ্গে প্রকৃতি ও প্রবৃত্তির পরিবর্তন ইতি থাকে। হিংসা দ্বেষ পরশ্রীকাতরতা অহন্বার অভিমান নির্চূরতা জীবহিংসা প্রভৃতি চ্প্রবৃত্তি সকল কমিতে আরম্ভ হয়। দয়া, দাজিলা, পরোপকার, সভ্যনিষ্ঠা শৌচ প্রভৃতি সংপ্রবৃত্তি সকল জাগরুক হইতে থাকে; দীনতা, লোকমগ্যাদা ইত্যাদি আসিয়া উপস্থিত ■। ভগবানের নামে ও ভগবং প্রসঙ্গে প্রাণ অধিকতর বিগলিত হইতে থাকে। এই শুলিকেই ধর্মলাভের স্থারী ও শ্রেষ্ঠ লক্ষণ বলিয়া জানিবেন।

সাধনপন্থার এই সমস্ত লক্ষণের অতি সামান্ত একটু লাভ হইলেই যথেষ্ট লাভ হইরাছে মনে করিতে হইবে। কারণ একটু লাভ হইলেই বুঝিতে হইবে ক্রেমে ক্রমে সমস্তাটুকুই লাভ হইবে।

যথন এই সমন্ত অবস্থা লাভ হইতে থাকিবে, তথন অঞ্চ কম্পাদি স্বাত্তিক লক্ষণ সকল ও অধিকভররপে প্রকাশ পাইতে থাকিবে।

সাধনপন্থায় ধর্মজীবন-লাভের আরও একটি শ্রেষ্ঠ লক্ষণ আছে। এ জাক্ষণটি বাহিরে প্রকাশ পায় না, সাধক নিজেই বৃঝিতে পারেন।

সাধনপন্থার সাধকের এমনি অবস্থা হয় ষে, তিনি মনে করেন তাঁহার স্বাধীনতা নষ্ট হইরাছে। তিনি এমন শক্তির হাতে পড়িয়াছেন বাঁহার হাত ছাড়াইয়া তাঁহার আর পলাইবার উপায় নাই। তিনিই যেন

তাঁহার জীবনের নিয়ামক। তিনিই যেন তাঁহাকে জীবনপথে পরিচালিত করিতেছেন।

এই লক্ষণটি বড় স্থলক্ষণ। এই লক্ষণ উপস্থিত হইলে বুঝিতে হইবে ভগবান সাধকের সমস্ত ভার গ্রহণ করিয়াছেন; তিনি সভতই সাধককে নিজৈর দিকে আকর্ষণ করিতেছেন।

এই আকর্ষণ একবার উপস্থিত হইলে আকর্যণের অমুগত হইয়া চলাই
সাধকের কর্ত্বা। যতই অমুগত হইয়া চলিবেন ততই তাহার দিকে
অগ্রসর হইতে পাকিবেন কিন্তু এদিক ওদিক করিলে বা বিমুধ হইলে
এ আকর্ষণ আর পকিবে না। ভোমার স্বাধীনতা ভোমাকে দিয়া ভগবান
ভোমাকে ছাড়িয়া দিবেন, ভগবান কাহারও স্বাধিনতার হস্তক্ষেপ ক্রেন
না।

বাঁহারা ধর্মজীবন লাভ করিতে চান বাঁহারা ওজান সাধনভঞ্জন করিয়া আ,সিতেছেন, এই লক্ষণগুলির প্রতি দৃষ্টি রাথিয়া তাঁহাদের চলা কর্ত্তবা ভজনসাধন কেবল তুষার্ঘাতির নাম পঞ্জম হইলে তাঁহাদিগকে পরিণামে অনুভাপিত হইতে হইবে।

অনেক সাধু সজ্জন লোক আজীবন কঠোর ধর্ম সাধন করিয়া আসিতে-ছেন। বছ ত্যাগ স্বীকার করিতেছেন। শেষে কিন্তু তাঁহাদিগকে দীর্ম নিঃশাস ফেলিতে । অনুতাপিত হইতেই দেখিতেছি।

সামান্ত বিষয়কর্ম করিতে হইলে কত সাবধানে চলিতে হয়।
একটু ক্রটি হইলেই ক্ষতিগ্রন্থ হইতে হয়, আর ধর্মলাভ করিতে গিয়া,
অসাবধান হইয়া চলিলে কি ধর্ম লাভ হইবে ? ঋষিরা ধর্মের পথকে শাণিত
ক্ষরধারের ক্রায় বর্ণন করিয়াছেন, একটু অসাবধান হইলে আর কি রক্ষা
আছে ? একেবারে রক্তারক্তি হইয়া যাইবে। এইজন্ত বলিতেছি, বাঁহারা ধর্মপথে বিচরণ করিবেন তাঁহারা — পুর সাবধানে পাকেন।

ভাষ্টম পরিচেছদ গুরু অপরাধীর পরিণাম

শ্রীয়ত হরিমোহন চৌধুরী ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করেন। ইহার জন্ম-হান ঢাকা জেলার অন্তর্গত ধামরাই গ্রাম। তথার ইহার স্ত্রী ও সন্তান বর্ত্তমান আছেন। ইনি ঢাকা কলেজের ব্লবিভাগে শিক্ষকতা করিতেন।

গোদ্ধানী মহাশন চাক। ব্রাহ্মসমাজ বাড়ীতে অবস্থিতি কালীন হরি-মোহন বাবু গোস্থানী মহাশন্তের নিকট দীক্ষিত হইরা সাধনভজনে প্রবৃত্ত হন।

হরিমোহন বাবু ষতই সাধন করিতে লাগিলেন ততই উরতির পথে অগ্রসর চইতে লাগিলেন, তিনি ন্তন নৃতন অবস্থা লাভ করিতে লাগি-লেন। ক্রমে তাঁহার সর্যাস লইবার বাসনা জাগিয়া উঠিল। সংসারে আর মন টেকে না।

বর্ত্তমান যুগে বাঙ্গালীর পক্ষে সন্ত্যাসাশ্রম উপযুক্ত নহে। ধর্ম্ম সংস্থাপন শাস্ত্রমর্য্যাদা রক্ষার নিষিত্ত শ্রীমন্মহাপ্রভূকে সন্ত্যাস গ্রহণ করিতে হইয়াছিল বটে কিন্তু তিনি সন্ত্যাসের পক্ষপাতী ছিলেন না।

শ্রীমন্মহাপ্রভুর পদাই গোস্বামী মহাশ্রের পদ্বা, স্তরাং তিনিও সন্ন্যাসের পক্ষপাতী ছিলেন না। তাঁহার বহু শিষ্মের মধ্যে তিনি কাহাকেও সন্ন্যাস দেন নাই।

দীকা গ্রহণের পর হরিমোহন বাবু নিজের মধ্যে গুরুদত্ত ভগবৎ শক্তির আলৌকিক ক্রিয়া দেখিয়া তাহার মধ্যে প্রতিষ্ঠা বলবতী হইয়া দাড়াইল, সন্মাস লইবার তিনি ব্যাকুল হইয়া পড়িলেন।

গোস্বামী মহাশর কাহারও স্বাধীনতার হস্তক্ষেপ করিতেন না।

তিনি সন্নাসের পক্ষপাতীও ছিলেন না, কেবল হরিমোহন বাবুর প্রাণের আকাজ্ঞা পূর্ণ করিবার সন ১৩৯৫ সালে কলিকাতা মোকামে তাঁহাকে সন্নাস দিলেন।

সমন্ত্রাস দিতে হইলে বিরজা হোম করিতে ও হোমাগ্রিতে শিখা স্ত্র আহতি দিতে ও আর আর ক্রিয়াকলাপ করিতে হয়। হরিমোহন বাবুর সন্ত্রাসে এ সব কিছুই হয় নাই। তাঁহোর নামেরও পরিবর্ত্তন হর নাই। গোস্বামী মহাশন্ত্র সন্ত্রাসের উপদেশ দিয়া কেবল সন্ত্রাস দেওয়া হইল এই কথা হরিমোহন বাবুকে বলিয়াছিলেন। সদ্গুরুর পক্ষে ইহাই যথেষ্ট।

সন্ন্যাস দিবার সময় গোস্বামী মহাশর হরিমোহন বাবুকে যে সকল সন্ন্যাসের নিরম প্রতিপাশন করিতে বলিয়া দিয়াছিলেন তাহা নিম্নে লিখিত হইল।

১ম। ধাতৃ দ্রব্য স্পর্শ করিবে না। থালা, বটি, বাটী, গেলাস প্রভৃতি ধাতৃপাত্রে আহার কিয়া জল পান করিবে না। কেই ধাতৃপাত্রে ধান্তবন্ধ ও পানীর প্রদান করিলে, থাত দ্রব্য পাতা অথবা কোঁচড়ে ঢালিরা লইবে।

হয়। পানীয় দ্রব্য হাতে করিয়া পান করিবে। নদী পার হইতে হইলে, প্রসার অভাবে নদীতীরে বসিয়া থাকিবে, তথাপি প্রসা স্পর্শ করিবে না। সম্ভরণ দ্বারা নদী পার হওয়া সন্ত্রাসীর পক্ষে প্রশন্ত নহে।

তর। করু ব্যবহার করিলে অলাবু, কাষ্ট এবং নারিকেলের করক ব্যবহার করিবে।

৪র্থ। দ্রীলোক স্পর্শ করিবে না। যদি কোন সাধু রমণী দরা করিয়া স্পর্শ করেন, তাহাতে আপতা নাই। কিন্তু নিজে কদাচ স্পর্শ করিবে না। কোন নারীকে প্রণাম করিতে হইলে, দ্রে থাকিয়া প্রণাম করিবে। মৃত্তিকার দিকে স্কালা দৃষ্টি রাখিয়া চলিবে। ধ্য। গৃহস্থের রাড়ীতে এক রাত্রির অধিক বাস করিবে না। রুষ্টি প্রস্তৃতি অনিবার্যা কারণে থাকিতে বাধা হইলে সেই গ্রামের অন্য গৃহস্থের বাড়ীতে থাকিবে।

৬ । কোন সাধুর আশ্রমে গমন করিলে তথার দীর্ঘকাল বাস করিতে পারিবে। কিন্তু এক দিন মাত্র তাঁহাদের অন্ন ভোজন করিঁরা পরে নিজে ভিক্ষা করিয়া থাইবে। তাঁহাদের গৃহে বাস করিতে বাধা নাই।

পম। শুরু তাইদিগের গৃহে যত দিন ইচ্ছা থাকিতে পারিবে। তাহাদিগকে গৃহস্থ মনে করিবে না। গৃহস্থ হইলেও তাঁহারা উদাসীন।

দম। খান্ত বস্তু ভিন্ন অন্ত বস্তু ভিক্ষা করিবে না। তিন বাড়ীতে ভিক্ষা না পাইলে উপবাস করিয়া থাকিবে। উচ্ছিষ্ট রাথিবে না এরং কাহাকেও দিবে না।

৯ম। প্রাক্তের অয় কদাচ ভোজন করিবে না। এই কথাটি বিশেষ করিয়া মনে রাখিবে।

১০ম। তিন চারি ক্রোশের অধিক পথ চলিবে না। আড্ডা না পাইলৈ অধিক পথ চলিতে পারিবে।

১১শ। সদা মন্ত্রষ্ট, নিরহন্ধার ও নির্বৈর হইবে।

১২শ। তৃমি যে পথে পদার্পণ করিতেছ, তাহা রাজপদ হইতেও শ্রেষ্ঠ গৌরবময়। সনক, সনন্দ, সন্ধ কুমার শুকদের মহাপ্রভু প্রভৃতি মহা-পুরুষদিগের বংশে আজি তুমি জন্মগ্রহণ করিলে। সারধান বেন পথের গৌরব নষ্ট না হয়।

গোস্বামী মহাশয় হরিমোহনকে সন্ন্যাস দিয়া তাঁহাকে চারিধাম ভ্রমণ করিবার অনুমতি দিলেন। শ্রতিপালন করিয়া চলা বড়ই কঠিন। কিন্তু হরিমোহনের পশ্চাতে য়য়ৢৢৠয়
বর্ত্তমান রহিয়াছেন। তিনি তাঁহাকে বিপদ-আপদে বক্ষা করিয়া
থাকেন, সমস্ত অভাব মোচন করিয়া থাকেন। তিনি গুরুছত মহা
শক্তিতে শক্তিমান্। হরিমোহনের পক্ষে সল্লামের নিয়ম প্রতিপালন
করা বড় একটা কঠিন ব্যাপার ছিল না।

ইরিমোহনবাবু বদিও সন্নাসের নিরমগুলি প্রতিপার্নন করিতে পারিলেন না, তথাপি তিনি অতি অন্নদিন মধ্যে অত্যন্ত শক্তিশালী ও মহা প্রভাবা-বিত ইইরা উঠিলেন। বনে, অললে, পাহাড়-পর্বতে গভীর সাধনার নির্ক থাকার গুরুশক্তি তাঁহার মুধ্যে দিনদিন প্রবল ইইতে প্রবলতর ইইরা উঠিল। তাঁহার প্রভাব দেশিরা গোকে বিশ্বরাবিত ইইতে লাগিল।

আমি "মহাপাতকীর জীবনে সদ্গুরুর নীলা" নামক এই হরি-বোহন-বাব্র প্রভাবের কথা বর্ণন ক্রিয়াছি; আর নিথিবার প্রয়োজন নাই। থাকক মহাশর ঐ প্রছের ১৭৩ পৃষ্ঠা হইছে ১৯৭ পৃষ্ঠা পাঠ করিবেন।

র্বিশেষণ বাবু নিজের আন প্রবণ উদ্পক্তির অলোকিক কার্য্য-কলাপ দেখিরা জালনাকে আর মাহ্য বলিয়া মনে করিছে পারিলেন কা; ভারাম ধারণা বইল, তিনি শ্রীমন্যহাপ্রভুর অবভার। লোর প্রতিষ্ঠা ভারার অন্তর অধিকার করিল কেলিল।

বর্ত্তমানেই হরিনোহন শিবা করিতে আরম্ভ করিলেন। হদ্দিমোহনের প্রভাব দেখিরা গোস্থানী মহাশয় অপেকা লোকে হরিমোহনকেই
পছল করিতে লাগিল। নিজে ধর্ম লাভ করা অপেকা পরকে ধর্ম
করিবার হিরিমোহন ব্যতিব্যক্ত হইরা পড়িলেন। এই সাম্বর্

্ ১৩০১ সালে হরিমোহন বাবু কিছু দিন আমার নিকট বোলপুরে ছিলেন। তিনি আমাকে বলিয়াছিলেন '

— আমি এইখানেই থাকিয়া সাধনভজন করিব। আর কোণায়ও যাইব না। এথানকার আশ্রেম অভি রমণীয় । নির্জিন। সাধনভজনের বড় অমুক্ল।

আমি—'বিলাতীয় সহ ভাগ নয়। বোলপুরের আশ্রমেই থাক, কোথাও যাইবার প্রয়োজন নাই। একটা পেট ভাহার জন্ত ভাবনা কি ? আমিত আছিই।

হরিমোহন—ভাই অনেক জারগা বুরিয়া বেড়াইলাম, কোণাও তৃপ্তি পাইলাম না, যেথামে যাই সেইখানেই আঘাত পাই। এ জারগা পরিভ্যাগ করিয়া আর কোণাও যাইব না।

হরিনোঁইন বাব কিছু দিন এখানে পাকিরা শীর্দাবন যাইবার অভি-প্রায় প্রকাশ করিলেন'।

হরিমোহন বাঁবু জীবৃন্দাবন মাইবার অভিগ্রাম বাজ করিলে জামি বলিলাম

ভাই, তুমি জীবৃন্দাবন বাইও না। দেখানে শোর সাম্প্রদারি কতা।

যাহার গলার নালা নাই, গলাটে হরিমন্দিরের জিলকানাই,

হাতে হরিমানের ঝুলি নাই, দেখানকার বৈষ্ণবগণ তাহাকে

মাহ্রের মধ্যে গণা করে না। অত্যন্ত অন্তাক্ত বলিয়া মুণা করে।

তোমার ভাব তাহারা প্রহণ করিতে পারিমে না ে তোমার

গৈরিক বসন, ও গলার মালা মাই দেখিয়াই ভাহারা চটিয়া

যাইবে। দে হান ভোষার ভন্তনের অনুকৃল নয়। ভাবের

মহ্যাদা না দিলে ভাব থেলে না ে বিজ্ঞাতীয় লোকের সহবাসে

থাকিলে ভজন নষ্ট হইয়া যায়। জীমন্মহাপ্রভু বিজ্ঞাতীয় লোকে

দেখিলেই ভাব সম্বরণ করিতেন।

হরিমোহন—আমি বেশী দিন থাকিব না, অল্লদিন মধ্যে আবার ফিরিয়া আসিব।

আমি—তোমার যাইবার প্রয়োজন কি ? তুমি জানিও তুমি ষেথানে বিসা ভগবানের নাম কর, সেই হানই শ্রীবৃন্দাবন। সেই হানে সমস্ত তীর্থ, সমস্ত দেবতাগণ উপস্থিত থাকেন। নাম লইয়া এইবানেই পড়িয়া থাক। অনেক ছুটাছুটি করিয়াছ, আর ছুটাছুটি করিবার আবশুক নাই।

হরিমোহন—্তক তীবৃন্দাবনে রহিয়াছেন, তাঁহাকে দর্শন করিবার আপাণটা বড় ব্যাকুণ হইয়াছে, রাত্রে প্রতিজ্ঞা করিয়াছি ওক্দর্শন না করিয়া আর জলগ্রহণ করিব বা।

আমি আর কোন কথা না বলিয়া অচিয়াৎ তাঁহান্ন শ্রীরুলাবন মাইবার বলবন্ত করিয়া দিলাম, পাথেয় থকা সমস্ত দিলাম। হরিমোহুক্ শ্রীরুলান বন রওমা হইলেন।

ভরিষ্টের দৃচ্প্রতিজ্ঞ, তিনি প্রতিজ্ঞা করিয়াছিলেন গুরুদর্শন না করিয়া জলকার্শ করিবেন না, একারণ শ্রীবৃদ্ধবনের পথে জার ভিনি জলকার্শ করিবেন না, জনাহারেই থাকিলেন।

হরিমোহন বাসু এই অবস্থার শ্রীরকাবনে উপস্থিত হইয়া গুনিলেন, গোসামী মহাশর শ্রীরকাবন পরিত্যাগ করিয়া বাকালা দেশে রওনা হইয়াছেন।

হরিমোহন একে কুথা**হুকার অ**তান্ত ক্লাতর, তাহাতে প্রীর্ন্দাবনে গুরু নাই গুনিরা তাঁহার মাথায় বেন বজ্লাঘাত হইল। সেই সমর ক্লিক্লালা আসিবার জন্ত গোলামী মহাশর জীবৃন্দাবন ধাম হইতে রওলা হইরা মথুরার উপস্থিত হইয়াছিলেন।

তবিয়োচন এই কথা গুলিয়া হাতে মথে জল না দিয়াই মথরাভিমথে

উর্দ্ধাসে ধাবিত হইলেন এবং ট্রেণের মধ্যে গুরুকে দর্শন করিয়া গোস্বামী মহাশয়কে প্লাটফরম হইতে অভিবাদন করিলেন।

গোস্বামী মহাশন্ন হরিমোহনকৈ এই অবস্থান দেখিয়া বড়ই আননিত্ত হইলেন; তিনি হরিমোহনকৈ বলিলেন "জীবৃন্দাবন চেতাও।" ট্রা ছাড়িরা দিল। জীবৃন্দাবনবাসী বৈঞ্চবগণ হরিমোহনের প্রভাব দেখির বিশ্বরাধিত হইলেন, তাঁহাকে মহাপুক্ষ বলিয়া তাঁহাদের ধারণা হইল।

সঙ্গাস লইবার কিছুদিন পরে কুঠিরার মুক্ষেক-বাবু জগদীখর গুরু ছরিমোহন বাবুকে সচিদানকথামী বলিয়া ডাকিতেন, শ্রীবৃদ্ধাবনে আসিয় ছরিমোহন ঐ উপাধির সহিত বালক্ষ বোগ করিয়া এইবার বালক্ষ সচিদানক স্থামী হইলেন।

এবন একজন প্রভাবাবিত লোককে দলভুক্ত করিয়া না লইলে বৈশ্বব আছু ভৃপ্তি নাই, তাঁহারা হরিযোহনের ব্যেষ্ট প্রশংসা করিতে লাগি কেন। প্রভিষ্ঠ বড়ই কর্ণরসায়ন। ইহার হস্ত হইতে রক্ষা পাওয়া বড়ই কঠিন। এই আছু সাধুগণ প্রতিষ্ঠাকে শুক্রী বিষ্ঠা বলেন এবং তহুৎ তাহ পরিত্যাগ করিয়া থাকেন। প্রতিষ্ঠা সাধনরাজ্যের বড়ই কণ্টক।

ধরিমোহনবাব প্রতিষ্ঠার বশবর্তী হইরা বৈঞ্চবগণের দলে রিশির গোলেন। তাঁহারা জীবৃন্ধাবনবাসী ভক্তিভাজন জীবৃত রাধিকানাথ গোসামী মহাশরের দ্বারা হরিমোহনকে দীক্ষিত করিলেন। এইবার হরিমোহনের নাম হইল রাইদাসী ব্রজবালা।

শীর্দাবনবাসী নিষ্কিঞ্চন বৈষ্ণবগণ পোফার মধ্যে নিভূতে ভজন করিয়া থাকেন; তাঁহারা সাধারণ বৈষ্ণবগণের সহিত প্রায়ই মিশেন না। সাধারণ বৈষ্ণবগণ প্রায়ই কামিনীকাঞ্চনের দাস।

হরিমোহন এই সকল বৈষ্ণবের সহবাসে থাকিয়া শ্রীবৃন্যাবনে এক

ও সেবা চালাইবার জন্ত তাঁহার অর্থের প্রয়োজন হইল; সঙ্গে সঙ্গে জীলোকেরও দরকার হইল।

হরিমোহন ছিলেন সন্ন্যাসী, এখন কিন্তু খোর সংসারী হইলেন।
গোস্থামা মহাশরের উপদেশ একেবারে ভূলিরা গেলেন। অর্থের জন্তু
তাঁহাকে নানা স্থানে ভিক্লা করিয়া বেড়াইতে হইল। সাধনভঙ্কন
সব ক্রাইল। শুরুশক্তি অস্তরিত হইল; তাঁহার প্রভাব-প্রতিপত্তি সব
গেল, এখন তিনি ঠিক বেন একথানা পোড়া কাঠ।

আশ্রম-রক্ষা ও সেবার থরচ নির্কাহের জন্ত হরিমোহন ক্রমশঃ ঋণগ্রস্থ হইরা পড়িলেন। ঋণ আদারের জন্ত পাাওনাদার ব্রজবাসিগণ তাঁহাকে বিরক্ত করিতে লাগিলেন স্করাং সেবা ফেলিয়া হরিমোহন শ্রীবৃন্দাবন পরিত্যাগ করিয়া ব্রজের গ্রামে ফেরার হইয়া থাকিলেন। ঠাকুরসেবার ক্রেটি দেখিয়া ভক্তপ্রবর বনমানী রায় বাহাত্র নিজে খরচ দিয়া অমু লোক বারা সেবা চালাইতে লাগিলেন।

১৩০৬ সালে আধিন মাসে আমি শ্রীবৃন্ধাবন ধাম গ্রন করিয়া ছিলাম। হরিমোহন তথন ব্রজের গ্রাম-মধ্যে অব্স্থিতি করিতে-ছিলেম।

আমার শ্রীরুলাবনে থাকা শুনিয়া ব্রজের গ্রাম হইতে ছরিমোছন বাবু আমার সঙ্গে দেথা করিতে আসিলেন; বহুদিনের পর আমার সঙ্গে সাক্ষাৎ হওয়ার বড়ই আনন্তি হুইলেন।

হরিমোহন বাবুর প্রাণটা বড় খোলা। তিনি আমার নিকট নিজের ত্রবস্থার কথা সমস্ত ব্যক্ত করিয়া বড়ই ত্রঃথ প্রকাশ করিয়া বলিলেন— —দাদা, আমার সর্বানাশ হইরাছে। আমার পতন হওয়ায় সর্বাদাই জনিয়া পুড়িয়া মরিতেছি। গুরুশক্তি চলিয়া গিয়াছে। এখন আমি অপদার্থ একখানা পোড়া কাঠ মাত্র। আমি—তুমি হির হও। মনের চাঞ্চল্য দূর কর। আশ্রম ও সেবা
প্রকাশ করিয়া বড়ই কুকাজ করিয়াছ। ত্রীপুত্র বিষয়বৈভব
লইয়া থাকা একপ্রকার সংসার করা, আর ঠাকুরসেবা
ইত্যাদি লইয়া থাকা আর এক প্রকার সংসার করা, ফলতঃ
তুইই সংসার। সংসার ত্যাগ করিয়া আবার সংসারী হওয়া ভ কেন ? আশ্রম ও ঠাকুরসেবা ভ্যাগ কর; নিজিঞ্চন হইয়া
ভল্পন কর; সব ফিরিয়া আসিবে। গুরুশক্তি একেবারে নই
হইবার জিনিস নয়। গুরুর পন্থায় ভল্জন করিতে থাকিলেই

হ্রিমোহন---আমাকে বড়ই বিপন্ন হইতে হইনাছে।

আমি—সাধুর পক্ষে অর্থাভাব ক্লেশকর নয়। অর্থ সমস্ত অনর্থের মুল।
ধাতুদ্রা স্পর্শ করা ভোমার পক্ষে নিষিদ্ধ। ভোমাকে দ ব্রীলোক স্পর্শ করিতে নাই। মাটির দিকে দৃষ্টি রাখিরা চলাই বাহস্থা, সে সমস্ত কি ভূলিরা গিয়াছ ? এখানে আর ভোমার ক্ষণকাল থাকা কর্ত্তবা নয়। বাঙ্গাণো দেশে ফিরিরা চল।
আমি শীঘ্রই দেশে বাইব; আমার সঙ্গে ভূমি বাইবে।

হরিমোহনের সঙ্গে নানারপ কথাবার্তার পর হরিমোহন আমাদিগকে জাহার আশ্রমে লইরা গেলেন। সেথানে বেশ একটু কীর্ত্তন করিলেন। জাহার বেশ একটু ভাব হইল। তাহার পর তিনি আমাদিগকে প্রসাদ থাওরাইরা বলিতে লাগিলেন

— দ্রাদা আমি মরিয়া গিয়াছিলাম। তুই বংসরকাল, গুরুশক্তি আমাকে তাগি করিয়াছিল। আমার জীবন শুদ্ধ ছ হঃখময় হইয়াছিল। আপনার সহবাসে, আজ গুরুশক্তি দেখা দিল। আজ আজ আমি মৃতদেহে জীবন পাইলাম।

- আমি—শক্তিশালী লোকের সহবাসে শক্তির আদানপ্রদান হইয়া থাকে।
 সতীর্থ ভিন্ন লোকের সহবাস করা তে:মার কর্ত্তব্য নয়।
 সতীর্থগণের সহবাসে থাকিলে তোমার ধা ছিল সব ফিরিয়া
 আদিবে। তুমি একাক। বিজাতীয় সঙ্গে থাকিলে মারা ধাইবে।
 - শীবৃন্ধাবন পরিত্যাগ করিয়া বাঙ্গালা দেশে গিয়া গুরু ভাইদের

 সঙ্গে থাকিবে, আর বিপথগামী হইও না।

হরিমোহন—'আমি আশ্রম ও সেবার বন্দবস্ত করিয়া শীব্রই এস্থান পরিভ্যাগ করিব, আর এভাবে জীবন কাটাইব না।

তামি দিন কয়েক প্রেই দেশে ফিরিলাম, কিন্তু হরিমোহন আর ফিরিলেন না। তিনি ব্রজধামেই থাকিয়া গেলেন। দেনার আলাম ব্রজবাসিগণের নির্যাতন ভোগ করিতে লাগিলেন। তাঁহর মানসম্ভ্রম বিলা চারিদিকে কুৎসার প্রচার হইতে লাগিল।

হরিমোহনের অন্তরে প্রতিষ্ঠা অত্যন্ত বলবতী। এই প্রতিষ্ঠার আখাত পড়ার ও ব্রজবাসিগণের নির্য্যাতন সহ্য করিতে না পারার হরিত্রাহন ব্রজধান পরিত্যাগ করিয়া বাঙ্গালা দেশে আসিয়া নানা স্থানে বুরিয়া ফিরিয়া বেড়াইতে লাগিলেন।

হরিমোহন বিপথগামী, তিনি সতীর্থগণের নিকট আদর্যত্ন পাইবেন
না, তাঁহার প্রতিষ্ঠাবৃত্তি চরিতার্থ হইবে না, একারণ হরিমোহন বাঙ্গালা
দেশে আসিয়া তফাতে তফাতে বেড়াইতে লাগিলেন; কোন গুরুভাইয়ের
সহিত দেখা করিলেন না। দিন দিন মলিনু হইতে লাগিলেন।

শুনিয়াছি, কিছুদিন হইল তিনি কতকগুলি শিশ্য সংগ্রহ করিয়া. শ্বাবড়ায় এক আশ্রম প্রতিষ্ঠা করিয়াছেন। লোকের চিত্ত আকর্ষণ করিবার জন্ত নানা ভঙ্গিতে সাজসজ্জা করেন। গুরুর ধর্ম একেবারে পরিত্যাগ করিয়াছেন। এখন অবধোত বলিয়া পরিচয় **দেন। পঞ্চয়কার** নাকি আরম্ভ করিয়াছেন।

পাঠক মহাশয় হাবড়ায় দিঙীয় মুক্সফী আদালতে বে বালিকা ত্রী পাইবার তিনি মোকর্দমা উপস্থিত করিয়াছিলেন, তাহাতে আপনারা তাঁহার কতক পরিচয় পাইয়াছেন।

হার্ডায় তিনি এখন "নোলক বাবাজী" বলিয়া পরিচিত। জনসমাজে স্থণিত, লাঞ্চিত, অপমানিত এবং প্রভারিত পর্যান্ত হইরাছেন।

আমি গুনিরাছি সদ্গুরুর সহিত হরিমোহনের যে যোগ ছিল, তাহা পুচিরা গিরাছে। গোস্বামী মহাশর তাঁহাকে যে ভগবং-শক্তি প্রদান করিরাছিলেন, তাহা তিনি এখন হরণ করিরাছেন। এখন তিনি নিভাস্তই শ্রিদ্র।

শধ্রা বলিয়া থাকেন—
"ধব গুরু মেহেরবান। তব চেলা পালিয়ান॥"

বঙ্গিন সদ্পক্ষ হরিমোহনের সহায় ছিলেন, ডভদিনই তাঁহার প্রভাব-প্র প্রতিপত্তি ছিল, এখন গুরুত্বপার বঞ্চিত হওরার, হরিমোহন যে কালাল সেই কালাল।

বাহার প্রতি গুরুর অরুপা, সাধুগণ তাহাকে দ্রিদ্র বলিয়া থাকেন।
হরিমোহন এখন বড়ই দ্রিদ্র। বড়ই প্রিতাপের বিষয়

হরিমা এজনটো তাহার বুথাই গেল।

আমি সতীর্থগণকে বলিন্তেছি—সাবধান, আপনারা কেই মনমুখী ইই-বেন না। শুরুর প্রা পরিতা করিবেন না। সর্কানাশ ইইরা যাইবে। সংসারের আমোদ-আফ্রাদ আর কর দিন ? ছই দিন পরে সব সুরাইরা, যাইবে। এমন স্বালে আর পাইবেন না।

চতুর্থ অধ্যায়

" প্রথম পরিচেছদ

সনাতন হিন্দ্ধর্মের অভিব্যক্তি

পূণ্ড্মি ভারতবর্ষ ঋষিগণের তপস্তার স্থান। যুগ্রুগান্তর হইতে আর্য্য ঋষিগণ এইস্থানে ঘোরতর তপস্তা করিয়া স্টের আদি কারণ সেই অচিন্তা অবাক্ত পরম পুরুষকে প্রকৃতির অন্তরাল হইতে বাহির করিয়া-ছেন এবং তাঁহাকে হস্তামলক বং বলিয়া গিয়াছেন।

সনাতন হিন্দুধর্ম অতি প্রাচীনকাল হইতে ক্রমশঃ উর্ক্তির পূথে ছুটিরাছে। ইহাকে বহুকাল হইতে, বহু শত্রু হত্তে বহু নির্য্যাতন সহু করিতে হইরাছে। তথাপি ইহার উর্নতিল্রোত বন্ধ নাই।

এক সময় শৃত্তবাদী বৌদ্ধগণ দ্বারা সমস্ত ভারতবর্ষ পরিব্যাপ্ত হইয়াছিল।
ছিল। তাহাদের হতে সনাতন হিন্দ্ধর্মের মুম্র্ কাল উপস্থিত হইয়াছিল।
লাঞ্চনার বাকী ছিল না। সে বিপদ কাটিয়া গেলে আবার মুসল্মানের
হত্তে ইহাকে ঘোরতর নির্য্যাতন সহ্ত করিতে হইয়াছিল। হিন্দ্ধর্মাদেরী
মুসল্মানগণ হিন্দ্ধর্ম নাশ করিবার জন্ত প্রায় ৭০০ শত বর্ষকাল ভলোয়ার
চালাইয়াছিল। শাস্তগ্রন্থ সকল ভশ্নীভক্ত করিয়াছিল। প্রকাশভাবে
কাহারও ধর্মাচরণ করিবার অধিকার ছিল নাঃ

ধর্মপ্রাণা হিন্দু নারীগণ ধর্মরকার্থ দলে দলে প্রজ্ঞালিত চিতার জীবন বিসর্জন দিয়াছিলেন। মুসলমান বাদসাহের সিংহাসন তাঁহারা বামপদে ঠেলিয়া তাহাতে পদাঘাত করিয়াছিলেন। হরস্ত মুসলমানগণ হিন্দুর দেবমন্দির ও দেবস্তি সকল ভালিয়া চুর্ণ বিচুর্ণ করিয়াছিল; ছলে বলে কলে কৌশলে হিন্দুর জাতিনাশে প্রবৃত্ত হইয়াছিল; রাজনীতির কৌশলকাল বিস্তার করিয়া ও নানা প্রলোভনে মুগ্ধ করিয়া ধর্মপ্রাণ হিন্দুগণকে মুসলমান করিতে প্রশ্নাল শাইরাছিল।

এই সকল প্রতিকূলতার মধ্যেও সনাতন হিন্দুথর্দ্ম ক্রমশ: উন্নতির পথেই ছুটিয়া আসিয়াছে। ভগবান বাহার রক্ষক, তাঁহাকে কে বিনাশ করিতে সমর্থ হয় ? ভগবান শ্রীমুখে বলিয়াচেন,—

যদা যদা হি ধর্মজ গ্লানির্ভবতি ভারত।
অভ্যথানমধর্মজ তদাআনং ক্লোন্যহম্॥
পরিত্রাণায় সাধ্নাং বিনাশায় চ ছয়তাম্।
ধর্মসংস্থাপনার্থার সন্তবামি বৃগে মুগে॥

ভগবান যুগে যুগে অবতীর্ণ হইয়া সনাতন হিন্দুধর্মকে রক্ষা করিয়া-ছেন। হিন্দুধর্ম ক্রমাগত উৎকর্ম লাভ করিয়া আসিয়াছে। খ্রীগৌরাক্ষ অবতারে এই উৎকর্ষের পরিসমাপ্তি।

বৈষ্ণব ধর্মের উৎকর্ষ ও বিশুদ্ধি ধর্মজগতের শীর্মহানীর। এই ধর্ম হিস্তা ■ বিচারের অতীত। স্বয়ং ভগবান ইহার প্রতিষ্ঠাতা।

এই অবতারে ভগবান অস্ত্র ধারণ করেন নাই, অন্তরের রক্তে পৃথিবী রঞ্জিত হয় নাই। এবার কেবল প্রেমভক্তি বিতরণ করিয়া অন্তর দমন করিয়াছেন। অন্তরগণের কঠিন হৃদয় ভক্তিরসে গলাইয়াছেন, তাহা-দিগকে ভগবৎ-প্রেমে মাতোয়াগালকরিয়া কাঁদাইয়াছেন এবং তাহাদের সঙ্গে নিজেও কাঁদিয়াছেন।

যাঁহারা বলেন, ভগবান সচিন্তা, অবাক্ত, অরুপ, তাহাদের নিকট ভিনি তাহাই বটেন। কিন্তু ভক্তের নিকট ভিনি সেরুপ নহেন।

নিকট ব্যক্ত, অরূপ হইলেও ভক্তের নিকট পরম রূপবান। সে রূপের সীমা নাই, বর্ণনা নাই। তিনি ভক্তের পরম স্থান। এই জন্তে শার্ত্তে বলে, ভক্তাধীন গোবিন্দ।

• শীমনাহাপ্রভুর ধর্ম এক অচিন্তা বাাপার। ইহা লোকাভীত, শাস্ত্রা-ভীত। ইহা কেহ জানিত না, কেহ শুনে নাই, শাস্ত্রসমূদ্র মহন করিরাও ইহা টের পাইবার উপায় নাই। ইহা শাস্ত্রকার ঝবিগণেরও সম্পূর্ণ অপরিজ্ঞাত ছিল।

ভক্তিশান্ত পাঠ করিলে কেবল প্রাক্বত ভক্তি ও পুরুষকারের ধর্মই আমরা দেখিতে পাই। শ্রীমনাহাপ্রভুর ভদ্ধা ভক্তির কোন কথা দেখিতে পাই না।

পরিব্রাজকচ্ডামণি জীপাদ প্রকাশানন্দ সরস্থতী সর্বশাস্ত্রতেও।
হইলেও জীমন্মহাপ্রভূর ধর্ম কি তাহা তিনি আদৌ জানিতেন না। এই পর্মাাস্ত্রকার শ্বিগণের অবিদিত থাকার ইহা শাস্ত্রে লিপিবদ্ধ হয় নাই, সূতরাং তিনি টের পান নাই।

এই পরিব্রাক্তক চূড়ামণি যথন মহাপ্রভুর ধর্ম বুঝিতে পারিলেন, তথ্ন তিনি স্পষ্টই বলিলেন---

> "ভ্রান্তং যত্ত মুনশ্বীরেরপি পুরা যন্ত্রিন্ ক্ষমা মণ্ডলে কন্তাপি প্রবিবেশ নৈব ধীষণা যদেদ নো বা শুকঃ। যদ্ন কাপি কুপাময়েন চ নিজেহপ্যদ্বাটিতং শৌরিণা তিসিদ্ধ জ্বলভজিষম্বানি স্থাং থেলস্তি গৌরপ্রিদাঃ॥

যে মধুর ভক্তিপথে ব্যাস প্রভৃতি মুণীক্রগণও ল্রাস্ত হইরাছেন, যাহাতে পূর্বে পৃথিবীতলে কাহারও বৃদ্ধি প্রবেশ করে নাই, যাহা শুকদেবও অবগত ছিলেন না, এবং যাহা কুপাময় শ্রীকৃষ্ণ নিজ ভক্তের প্রতিও প্রকাশ করেন নাই, ভাহাতে একণে শ্রীগোরাঙ্গের ভক্তগণ মুখে ক্রীড়া করিতে-ছেন।

> "ত্রীপুত্রাদিকথাং জন্থবিষ্ণিয়ন শান্ত্রপ্রবাদং বুধা যোগীক্রা বিজন্মকরিয়নজক্রেশং তপস্তাপদাঃ। জ্ঞানাভ্যাসবিধিং জন্তশ্চ বতর শৈচতগুচক্রে পরা-মারিদ্ধুর্বতি ভাল্কিযোগপদবীং নৈবান্ত আসীদ্ রসঃ॥ অভূদেগতে গেহে ভূমুলহরিসদ্বীর্ত্তনরবো বভৌ দেহে দেহে বিপুলপুত্রকাশ্রুবাভিকরঃ। অপি স্নেহে প্রেহে পরমনধুরোৎকর্ষপদবী দবীয়ন্তামারাদিশি জগতি গৌরেহবতরতি॥

শ্লীতৈত স্থাচন্দ্র পরম ভক্তিযোগমার্গ প্রকাশ করিলে পর অস্ত কোন বসই দেখিতে পাওয়া যার না; যেহেতু বিষয়াসক্ত ব্যক্তিরা স্ত্রীপ্তাদির কথা, পশ্তিতরা শাস্ত্র বিচার, যোগীরা প্রাণায়ামাদিতে বায়ু বশীকরণ জন্ত ক্লেশ, ভাপসেরা তপোকস্ত ক্লেশ এবং বভিরা জ্ঞানাভ্যাসবিধি অর্থাৎ নির্ভেদ বন্ধায়সন্ধান পরিভ্যাগ করিয়াছেন।

ইহলোকে গৌরহরির অবভার হইলে প্রতি গৃহই হরিসকীর্ত্তন-রবে পূর্ণ, প্রতি দেহই বিপুল রোমাঞ্চ ও প্রেমাশ্রুধারার শোভিত এবং বেদের অগোচর মধুর হইতেও মধুর প্রেমপথ প্রকাশিত হইয়াছে।

তিনি আরও বলিয়াছেন—

প্রেমা নামান্ত্রার্থঃ শ্রবণপথগতঃ কস্য নায়াং মহিয়ঃ
কো বেজা কস্য বৃন্দাবনবিপিন-মহামাধুরীয়ু প্রবেশঃ।
কো বা জানাতি রাধাং পরমরসচমৎকারমাধুর্যাসীমামেকশ্চৈতন্যচক্রঃ পরমকর্রণয়া সর্কামাবিশ্চকার॥
 প্রেম নামক পরমপ্রুষার্থ বাহা পূর্কো কাহারও শ্রবণপথে গমন করে

নাই, নাম-মহিমা বাহা পূর্বে কেহই জানিতেন না, ত্রীবৃন্ধাবনের পরম মাধুরী বাহাতে কেহই প্রবেশ করিতে পারেন নাই, এবং পরমাশ্চর্যা মাধুর্যারসের পরাকাল স্বরূপা শ্রীরাধা বাহাকে পূর্বে কেহই অবগত ছিলেন না, কেবল এক চৈতভাচনা প্রকটিত হইন্না এই সমস্ত আবিদ্ধার ক্রিমান ছেন।

পাঠক মহাশয় পরিব্রাজক-চূড়ামণি শ্রীপাদ প্রবোধানন সরস্থতীর এই কথাগুলি অতিরঞ্জিত, ভ্রান্তি বা সাম্প্রদায়িক বৃদ্ধিমূলক মনে করিবেন না। কথাগুলি বর্ণে বর্ণে সন্ত্য।

জীমনহাপ্রভুর নামধর্ম ও অপ্রাক্ত প্রেমভ্জি শাল্রের অতীত, শাল্রকার ঋষিগণের ইহা অবিদিত ছিল। বেলাদি কোন শাল্র পাঠ করিরা শীমনহাপ্রভুর ধর্ম টের পাইবার উপার নাই। উহা সম্পূর্ণ গুরুম্ধী।

গোন্থামিপাদগণ মধ্যে যাঁহারা শ্রীমন্মহাপ্রভুর ধর্ম লিখিরা গিরাছেন তাঁহাদের মধ্যে একজনও মহাপ্রভুর ধর্ম টের পান নাই। মহাপ্রভুর নামধর্ম ও অপ্রাক্ত প্রেমভক্তি তাঁহাদের গ্রন্থে নাই। তাঁহারা ভাগবত ধর্মকেই মহাপ্রভুর ধর্ম মনে করিয়া তাহাতে নিজেদের মনগড়া মত সকল সন্নিবেশিত করিয়া বর্তমান গোড়ীয় বৈক্ষবধর্ম লিপিবদ্ধ করিয়া গিরাছেন।

মহাপ্রভুর ধর্ম অবগ্র থাকিলে তাঁহাব নামধর্ম ও অপ্রাকৃত প্রেমভক্তির কিছু না কিছু লিপিবদ্ধ থাকিত। তাঁহাদের গ্রন্থসকল কেবলমাত্র প্রথকারের ধর্ম, ■ প্রাকৃত প্রেম ও প্রাকৃত ভক্তির কথাতেই
পরিপূর্ণ।

ষদিও শ্রীমনাহাপ্রভুর নামধর্ষ এই পুস্তকের প্রথম খণ্ডে আমি সংক্ষেপে বর্ণন করিয়াছি, তথাপি দৃঢ়ভার এই থণ্ডেও কিছু কিছু বর্ণিত হইল। আপনারা পাঠ করুন, কুতার্থ হইবেন।

সদ্গুরু ও সাধনতত্ব

দ্বিতীয় পরিচ্ছেদ

শ্রীমন্মহাপ্রভুর নামধর্ম

পরিব্রাজক-চূড়ামণি দণ্ডী স্থামী শ্রীপাদ প্রকাশানক সরস্থতী কাশীধ্যম শ্রীস্থাগণকে বেদাস্ত পড়াইভেছেন, এমন সময় এক বিপ্র শ্রীমন্মহাপ্রভুন্ন কথা উত্থাপন করিলেন। ভাহাতে স্থামীলি হাঁসিয়া বলিলেন—

> "শুনিরা প্রকাশানক বছত হাঁসিলা। বিপ্রে উপহাস করি কহিতে লাগিলা। শুনিরাছি গৌড় দেশে সন্থাসীভাবক। কেশব ভারতী শিশু লোক প্রভারক। টেডজ নাম তার ভাবকগণ লকা। দেশে গ্রামে গ্রামে বুলে লোক নাচাইরা।। বেই ভারে দেখে সেই ঈশর করি কহে। গ্রছে মোহনবিভা বে দেখে সে মোহে।। সার্কভৌম ভটাচার্যা পণ্ডিত প্রবল। শুনি টেডজের সঙ্গে হইলা পাগল।। সন্থাসী নাম মাত্র মহা ইক্ষজালা। কিশিপুরে না বিকাবে ভার ভাবকালি।। বেদান্ত প্রবণ কর না বাইও ভার পাশ। উচ্ছ শ্বল লোক সঙ্গে গুই লোক নাশ।"

এই ঘটনার কিছুদিন পরে জীবনাবনধাম হইতে জীমরাহাপ্রভু কাশী-ধামে আসিয়া উপস্থিত হইবেন। সেথানে এক বিপ্র তাঁহাকে নিমন্ত্রণ করিয়া আপন বাটিতে লইয়া পেলেন। সেই স্থানে নিমন্ত্রিত হইয়া কাশী-বাসী অনেক সন্ন্যাস্য উপস্থিত হইয়াছিলেন। সন্ন্যাসিগণ মহাপ্রভুর প্রভাব দিধিয়া বিমোহিত হইলেন, তাঁহারা তাঁহাকে দেখিয়া আসন ছাড়িরা উঠিলেন এবং শ্রীপাদ প্রকাশানন্দ সরস্বতী তাঁহাকে সম্বর্জনাপূর্বক কহিতে লাগিলেন।

> ''প্रকাশানন্দ নাবে সর্কা সন্ন্যাসী প্রধান। প্রভূকে কহিল কিছু করিয়া সন্মান ॥ ইহা আইস ইহা আইস ভ্ৰমহ জীপাল। অপবিত্ৰ স্থানে বৈস কিবা অবসাদ॥ প্রভূ কহেন আমি হই হীন সম্প্রদার। তোমা স্বার সভায় বসিতে না যুৱায়॥ আপনি প্রকাশানন হাতেতে ধরিয়া ৷ বসাইশা সভা মধ্যে সম্মান করিয়া॥ পুছিল তোমার নাম 🕮 কৃষ্ণ চৈতন্ত। কেশব ভারতীর শিশ্ব ভাতে তুমি 💶 ॥ সম্প্রদারী সন্নাসী তুমি রহ এই প্রামে। কি কারণে আমা সবার না কর দর্শনে॥ সন্মাসী হইয়া কর নর্ভন গায়ন। ভাবক সব সঙ্গে লইয়া কর সংকীর্ত্তন 🛭 বেদান্ত পঠন প্রধান সন্ন্যসীর ধর্ম। তাহা ছাড়ি কেন কর ভাবকের কর্ম্ব ॥ প্রভাবে দেখি যে তোমা সক্ষাৎ নারায়ণ। হীনাচার কর কেন কি ইহার কারণ 🛭

এই কথা শুনিয়া জ্ঞীননহাপ্রভূ জ্ঞীপাদ প্রাকাশানন সরস্বভীকে বলি-লেন---

প্রভূ কহে জীপাদ শুন ইহার কারণ। শুকু মোরে মূর্থ দেখি করিলা শাসন॥ মূর্ধ তৃমি তোমার নাহি বেদান্তাধিকার
ক্ষণমন্ত্র জপ সদা এই মন্ত্র সার।
কৃষ্ণ নাম হইতে হবে সংসার মোচন।
কৃষ্ণনাম হইতে পাবে কুষ্ণের চরণ।।
নাম বিশ্ব কলিকালে নাহি আর ধর্ম।
সর্ব্ব মন্ত্র সার নাম এই শান্ত্র মর্মা।
ত্রীত বলি এক শ্লোক শিধাইল মোরে।
কণ্ঠে করি এই শ্লোক করহ বিচারে।।

তথাহি বৃহস্নার্দীর বচনং হর্নোম, হরেমাম, হরেনামৈব কেবলম্। 💛 🛮 কলৌ নান্ড্যেব নান্ড্যেব নান্ড্যেব গভিরম্ভণা ॥ কলিবুগে কেবলমাত্র হরিনাম, হরিনাম, ইরিনামই। ইহা ছাড়া আর গতি নাই-ই, নাই-ই নাই-ই ॥ "এই আজা পেরে নাম লই অমুক্রণ। **নাম লইতে ল**ইতে মোর জ্রান্ত হইল মন।। ধৈষ্য করিতে নারি হইলাম উন্মন্ত। হাসি কান্দি, নাচি গাই থৈছে মদোন্মত !। তবে ধৈর্যা করি মনে করিল বিচার। কৃষ্ণ নামে জ্ঞানাচ্য হইল আমার।। পাগল হইলাম আমি ধৈৰ্য্য নাহি মনে। এত চিস্তি নিবেদিল গুরুর চরণে ॥ কিবা মন্ত্ৰ দিলা গোসাঞি কিবা ভার বল। ঞ্জিতে জ্বিতি মন্ত্র করিল পাগল।। হাঁসার নাচার খোরে করার ক্রনন।

💶 শুনি শুক্ত হু"|সি বলিল| বচন ॥ কৃষ্ণনাম মহামন্ত্রের এইত স্বভাব। বেই ব্রুপে তার ক্লফে উপক্রর ভাব ॥ ক্ষণ্ড বিষয়ক প্রেম পরম পুরুষার্থ। ষার আগে ভূণভূল্য চারি পুরুষার্থ।। পক্ষম পুরুষার্থ প্রেমানন্দমৃত সিকু। মোকাদি আনদ যার নহে এক বিদু ॥ কুষ্ণ নামের ফল প্রেম সর্কশান্তে কর। ভাগ্যে সেই প্রেম ভোমার করিল উদর॥ প্রেমের স্বভাব করে চিত্ত তমু ক্ষোভ। ক্লফের চরণ প্রাপ্তে উপজরে লোভ। প্রেমের স্বভাবে জক্ত হাসে কাঁদে গায়। উন্মন্ত হইয়া নাচে ইতি উতি ধায়॥ **স্বেদ কম্প রোমাঞ গদগদ বৈবর্ণ**। উদ্মাদ বিষাদ ধৈৰ্য্য গৰ্ব্ব হৰ্ষ দৈন্ত ॥ এত ভাবে প্রেম ভক্তগণেরে নাচার। ক্লুক্ষের আনন্দামৃত সাগরে ভাসার॥ ভাল হইল পাইলে তুমি পরম পুরুষার্থ। তোমার প্রেমেতে আমি হইলাম কুতার্থ ॥ নাচ গাও ভক্ত 🚃 কর সংস্কীর্ত্তন। ক্ষফনাম উপদেশি তার ত্রিভূবন॥ তাঁর এই ৰাক্যে আমি দৃঢ় বিশাস করি। নিরস্তর কৃষ্ণনাম সংস্টার্ডন করি 🛊 সেই কুঞ্নাম কভু গাওৱার নাচার।

গাই নাচি নাহি আমি আপন ইচ্ছায়॥ কুফমামে বে আনন্দ সিন্ধু আসাদন। ব্ৰহ্মানন্দ ভার আগে থপ্তোভক সম॥

এই সকল কথার পর প্রকাশানন সরস্বতীর সহিত অতি সমুদ্রে
শীমমহাপ্রভুর শান্তীয় বিচার হইতে লাগিল। প্রকাশানন সরস্বতী
বিচারে পরান্ত হইয়া সশিষ্যে মহাপ্রভুর শর্ণাপর হইলেন। এই
প্রকাশানন সরস্বীতী পরে প্রবোধানক নাম পরিগ্রহ করিয়াছিলেন।
মহাপ্রভুর ভক্তগণ মধ্যে ইনি এক জন পরম শ্রেষ্ঠ ভক্ত।

এই যে "হরেনিনৈব কেবলম্" ইহাই শ্রীমন্মহাপ্রভুর ধর্ম। ইহা ব্যভীত আর কিছুই নহে। কলির জীবের পক্ষে আর ইহা অপেকা কিছুই সহজ ধর্ম হইতে পারে না।

শীসন্থাপ্রভূ অবহা দেখিরাই ব্যবস্থা করিয়াছেন। তাঁহার প্রতিটিত ধর্ম্মে অন্তাল যোগাভ্যাস নাই। উর্জপদে হেটমুপ্তে তপজা করিতে
হর না। পঞ্চতপা হইতে হয় না। অশ্বিতে জলেতে শীতে বা গ্রীয়ে
কোন প্রকার কছে নাধন করিতে হয় না। কোন উল্লোগ নাই, আয়োজন নাই, কোন অর্থব্যয় নাই। মামুষকে কোন প্রকার প্রয়াস পাইতে
হয় না। ইহা অপেক্ষা আর সহজ ধর্মা কি হইতে পারে
প্রথানে
কেবল পেট ভরিয়া খাও, আর বসে বসে হরিনাম কর। মামুষ এতেও
যদি পরাশ্ব হয় তবে নাচার।

তৃতীয় পরিচেছদ

হরেন্টেমৰ কেবলম্

ভগবান ফেমন ৰাক্যমনের অতীত, তেমনি তিনি নামরূপেরও

করা হয়, তাঁহাকে ছোট করা হয়। কৃষ্ণ বলিলে তিনি কালী নন, হুৰ্গা নন, রাম নন, ইন্দ্র চন্দ্র বায়ু বরুণ ইত্যাদি কিছুই নন, এসব ছাড়া আর কিছু ব্রিতে লইবে। সিংহ বলিলে বাঘ নয়, গণ্ডার নয়, গরুমহিষ প্রস্তুতি কিছুই নয়, এসব ছাড়া আর কিছু ব্রিতে হইবে। আমা অপিত হয় তাহাই সীমাবদ্ধ হয়, তাহাই ছোট হইয়া বায়। ভগবান অসীম অনস্থ এই কারণ ভাহার কোন নাম হইতে পারে না।

এসব দর্শন-শাস্ত্রের কথা। দার্শনিক পণ্ডিভেরাই বলিরা থাকেন, ভগবান অচিন্তা অব্যক্ত। তাঁহারাই বলেন, ভগবান নাম্রূপের অতীত। এসব ভক্তের মুখের কথা নহে।

ভগবান অচিন্তা হইলেও ভজের চিন্তার বিষয়। তিনি অব্যক্ত হইলেও ভজের নিকট ব্যক্ত। তিনি অসীম হইলেও ভজের নিকট সসীম, তিনি অনস্ত হইলেও ভজের নিকট সান্ত, অরপ হইলেও প্রম রূপবান, বৃহৎ হইলেও কুরা। ভক্ত দর্শনশাল্পের কথা মানে না।

ভক্তপণ নিজেদের উপাসনা আপন আপন রুচি-অনুসারে সেই অনামা পুরুবের দামকরণ করিয়াছেন। কেহ তাঁহাকে রুঞ্চ বলেন, কেহ তাঁহকৈ কালী বলেন, কেহ তুর্গা বলেন, কেহ শিব বলেন, কেহ গণেশ বলেন, আবার কেহ আলা, কেহবা জিহবা বলিয়া সংঘাধন করেন।

ভগবানের উদ্দেশে বিনি বে নামে তাঁহাকে ডাকেন, সেই নামে ভগবানকেই বুঝার, ভগবানকেই ডাকা হর, পাঁচটা ছেলের মধ্যে বে ছেলেটার নাম যহ, যহ বলিলে বেমন ভাহাকেই বুঝার, স্থামাচরণ রাম-চরণ ইত্যাদিকে বুঝার না, ভগবানকে উদ্দেশ করিয়া যিনি যে নামে তাঁহাকে ডাকেন, সেই নামে ভগবানকেই ডাকা ।

এই বে মহাপ্ৰভু ৰলিয়াছেন "হরেনিটেমৰ কেবলম্" ইহাতে এমন বুৰিতে হইবে না বে হরি নামই নাম, অক্ত নাম হরিনাম নহে। যিনি বে নামে ভগবানকে ডাকেন, বে নামে জীব-উদ্ধার হইরা বার, তাঁহার পক্ষে সেই নামই হরিনাম।

শাক্ত সম্প্রদায়ের লোক ভগবতীকে যে কালী বা গ্র্মানামে ডাকেন, এই নামই তাহাদের পক্ষে হরিনাম। মুসলমানগণ ভগবানকে বে আলা বলিয়া ডাকেন, এই আলা নামই তাঁহাদের পক্ষে হরিনাম।

এই কথা শুনিয়া হয়ত আমার বৈশ্বৰ শ্রোতৃগণ আমার উপর চাটরা বাইবেন, আমাকে অবৈশ্বৰ বলিয়া আমার নিলা করিবেন, কিছু আমি কি করিব ? বাহা সত্য, বাহা মন্মহাপ্রভুর ধর্ম, ভাহা আমাকে বলিভেই হইবে। সম্প্রদায়ের অন্তরোধে আমিভ কোন কথা গোপন করিতে পারিব না। বাহা সত্য, ভাহা নিভীক হইরা বলিব, কাহারও মুখের দিকে চাহিব না।

শীনসহাপ্রভূত ধর্ম অতি উদার। ইহা জাতিবিশেব বা সম্প্রদারবিশেবের ধর্ম নয়। পৃথিবীর বাবতীর লাতি, পৃথিবীর বাবতীর ধর্মসম্প্রদারের লোক, এই ধর্মের অধিকারী। শীনসহাপ্রভূ বে কেবল বৈক্ষবগণকে
এই ধর্ম দিয়া গিয়াছেন, তাহা আপনারা ননে করিবেন না। ভগবানের
নিকট কোন দল নাই, কোন সম্প্রদার নাই, পৃথিবীর স্বান্ধর বিভার নিকট সমান। মহাপ্রভূ কর্মণাপরবল হইয়া কল্যাণের
শক্ত নরনারীকে অনপিত ধর্ম প্রদান করিয়া গিয়াছেন।

চতুর্থ পরিচেছদ

নামের পার্থক্য

আজ আমি আপনাদিগকে অতি নিচুর কথা খনাইব। যে কথা কেচ কথনও বলে নাই যে কথা কেচ কথনও খনে নাই খাসস ■ ক্রিয়াও যে কথা টের পাইবার উপায় নাই, আজ আমি সেই কথা আপনা-দিপকে শুনাইব। নামের পার্থক্য প্রকাশ করিয়া দিব।

কথাটা আমি বছকাল চাপিয়া রাখিয়াছিলাম, কাহাতেও ঘুণাকরে টের পাইতে দিই নাই। যথন আমি "মহাপাতকীর জীবনে সদ্প্রশ্নর লীলা" নামে এছ রচনা করিয়াছিলাম, তথন আমার ধর্মবন্ধুগণের নিকট এই কথাটা উঠিয়াছিল।

তাঁহার। সকলেই আমাকে একবা্কো একথাটা গোপন করিছে-বলিয়াছিলেন। কারণ ভগবান শ্রীমুখে বলিয়াছেন—

> न वृद्धिष्ठमः जनसम्बागः कर्षमिनाम्। वाजस्तर मर्ककर्षानि विद्यान् वृक्तः ममाहत्रन्॥

ক্ষাচ অবিবেকী কর্মাসক্ত লোকদিগের বৃদ্ধিভেদ অন্নাইবে না, প্রকৃতি অনাসক্তভাবে স্বয়ং এ সমস্ত কর্মের অনুষ্ঠান করতঃ ভাহাদিগকেও কর্মেডেই বোজিত করিবে।

ৰাছবের বৃদ্ধিভেদ জন্মাইলে তাহাদের কোন উপকার করা হার না, তাহাদের নিজ নিজ কর্মে জনাস্থা জন্মাইয়া দিয়া অপকারই করা হয়।

্ একথা আমি অনেকদিন চিস্তা করিয়া দেখিয়াছি। সহসা অবিবেচনা-পূর্বাক নামের পার্থকা বর্ণন করিতে অগ্রসর হই নাই।

শান্তকারগণ নামাভাবে মৃক্তি পর্যান্ত বর্ণন করিয়াছেন। নাম ৩%,
ব্যবহিত অথবা কোন অংশে রহিত হইলেও ক্ষতি নাই, একথা পর্যান্ত
বলিয়াছেন। এমতাবস্থার আমি কি করিয়া নামের পার্থক্য বর্ণন করিব!
নামের পার্থক্য বর্ণন করিলে আমার কি নামাপরাধ হইবে না!
শাল্তশাসন বেরূপ তাহাতে নামাপরাধ হইবারই কথা। এই সকল
ভাবিয়া চিক্তিয়া এতকাল চুপ করিয়া ছিলাম।

সত্য গোপন করাও মহাপরাধ। সভ্যগোপনে অসত্যের প্রশ্রম দিওয়া হয়। ধর্মজগতে ইহা মানুষের পক্ষে ঘোরতর অনিষ্টকারী। মানুষ আজাবন বহু আয়াসে ধর্মসাধন করিয়া অজ্ঞানতা-প্রবৃক্ত তুষাৰঘাতীর স্থায় বিফল-মনোরথ হইতেছে, ইহা অপেকা অধিক তঃথের বিষয় আর কি হইতে পারে ? শান্তকারগণ নামের পার্থকা যে বর্ণন করেন নাই এমতও নহে, এই সকল ভাবিয়া চিন্তিয়া আমি প্রথম খণ্ডেও কিছু বিশ্ব পার্থকা বর্ণন করিয়াছি, এবার এবার একটু বিশ্বভাবে বর্ণন করিলাম।

বদিও ভগবানের সকল নামই এক, নামের প্রভেদ করা উচিত নর, তথাপি প্রাণকর্তা ও গোস্বামিপাদগণ প্রকারান্তরে নামের পার্থক্য বর্ণন করিয়াছেন।

প্রপুরাণে লিখিত হইয়াছে—
রাম রামেতি রামেতি শ্রমে ! রামে ! মনোরমে !
সহস্রামভিস্তব্যং রামনাম বরাননে !

মহাদেব পার্বভীকে কহিলেন, হে মনোর্মে । তুমি রাম এই নাম শ্রবণ কর। হে বরাননে । সহস্র নামের তুলা এক রামনাম।

আবার ব্রহ্মাণ্ড পুরাণে লিখিত হইরাছে— সহস্রনায়াং পুণ্যানাং ত্রিরাবৃত্তা। তু বং ফলম্। একাবৃত্তা। তু রুঞ্জ নামৈকং তৎ প্রায়ছতি

পবিত্র সহস্র নামের তিনবার পাঠে যে ফল হয়, ক্ষাবতার সম্বনীর যে কোন নাম একবার পাঠে সেই ফল প্রদান করে। শ্রীরপগোস্বামী প্রাবলীতে শ্রীকৃঞ্নাম-মহিমায় মহাপ্রত্র বাক্য উদ্ভ করিয়া লিখিয়া ছেন— চেতো দর্পণমার্জনং ভবমহাদাবাথিনির্ব্বাপণং শ্রেয়:কৈরবচন্ত্রিকাবিতরণং বিভাবধূজীবনম। আনন্দামূবির্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতস্থাদনং। সর্ব্বাথাসাপনং পরং বিজয়তে শ্রীকৃষ্ণসংকীর্ত্তনম্॥

বাহা চিত্তরূপ দর্পণের মালিন্ত অপসারণ করে, যাহা সংসাররূপ দাবা"বির নির্কাণকর, যাহা পর্মমঙ্গল পরাবিত্যারূপ বধ্র প্রাণস্থরূপ, বাহা
প্রবণ করিলে অখসাগর উ্ধেশ হইয়া উর্বে, যাহার পদে পদে অমৃত আস্থাদ
পূর্ণরূপে বিরাজমান, যাহা আত্মানে রসভরে লাভ করাইয়া অভ্তপুর্ব শ্রীতিত্বধ প্রদান করে, সেই শ্রীকৃষ্ণ-স্থীর্ত্তন জরগুক্ত হউক।

এমন বে জ্রীক্ষণাম, কবিয়াজ গোসামী ইহা অপেকাও নিতাই-চৈতত্ত নামের মাহাত্ম্য অধিক বলিয়া বর্ণন করিয়াছেন। ভিনি জ্রীচৈতত্ত-, চরিতামৃতের আদি লীলার অষ্টম পরিচ্ছেদে লিখিয়াছেন—

কৃষ্ণ নাম করে অপরাধের বিচার।
কৃষ্ণ বলিতে অপরাধীর না ■ विकाর॥
এক কৃষ্ণ নামে করে সর্ব্ধ পাপ নাশ।
প্রেমের কারণ ভক্তি করেন প্রকাশ॥
প্রেমের উদরে হর প্রেমের বিকার।
ক্ষেদ কম্প পুলকাদি গদগদাঞ্রধার॥
অনায়াসে ভব ক্ষয় ক্ষের সেবন।
এক কৃষ্ণ নামের ফল পাই এত ধন॥
কেন কৃষ্ণ নাম বদি লয় বছবার।
তবু বদি প্রেম নহে নহে অঞ্বার॥
তব্ কানি অপরাধ ভাহাতে প্রচুর।
কৃষ্ণ নাম বীজ ভাহা না হয় অকুর॥

ৈ চৈতন্ত নিত্যানন্দে নাহি এসব বিচার। নাম শইতে প্রেম দেন বহে অঞ্যার ॥

আপনারা এই বে নামের পার্থক্য দেখিতেছেন, প্রকৃতপক্ষে এসব পার্থক্য নহে। নামের প্রতিপাত বস্ত একমাত্র ভগবান, বিনি বে নামে ভাকেন সেই ভগবানকেই ভাকেন। নামের লক্ষ্য এক থাকার নামের ক্ষের ভারত্যা হইতে পারে না। এই বে ভারত্য্য এসব সাম্প্রদারিকভা দাত্র।

নামের পার্থক্য আপনাদিগকে বলিভেছি এবৰ কয়ন।

নাম হই প্রকার, শক্তিশালী ও শক্তিহীন। বে নামে ভগবৎ-শক্তি আছে, সেই নাম শক্তিশালী আর বাহাতে সে শক্তি নাই ভাহা শক্তি-হীন।

আমাদের দেশে সাধারণতঃ গুরুগণ, শিশুকে বে নাম গ্রেদান ।

বন্ধন নাম সাধারণতঃ লোকে জগ করে সে সমস্ত নামই শক্তিহীন।

এখন জনসমাজে এমন একটি লোকও দেখিতে পাই না, যিনি নাম শক্তি-সমন্তিত নামীকে অর্পণ) করিতে সমর্থ। পাহাড়, পর্বাত, বন, জললে বে হুই একজন মহাজ্বা আছেন, ভাহাদের সহিত জনসাধারণের কোন সম্বন্ধ নাই। শক্তিশালী গুরুর অর্ভাবে লোকে শক্তিহীন নাম লইয়া সাধনভজন করিতেছেন। সেই জন্ত আশাস্ত্রপ স্থা পাইতেছেন লা।

শীষ্মহাপ্রস্থ দৈন্ত করিয়া শীষ্ধে বলিয়াছেন—
নারামকারি বহুধা নিজ সর্বাপত্তি
ন্তরাপিতা নির্মিতঃ স্বরণে ন কালঃ।
প্রতাদ্দী তব কুপা ভগ্বস্মাপি
হর্দৈব্যাদৃশ্যিহাজনি নাত্রাগঃ॥

হে ভগবান ! ভোমার একপ কর্মণা বে ভণীয় নাম সমূহে তুমি বছধা স্বশক্তি নিহিত করিয়াছ, এবং সেই সকল নাম সরপার্থ অনেক অবসরও দিয়াছ, কিন্তু আমার এমনি ছবদৃষ্ট যে সেই নামে আমার অমুরাগ জিবাল না।

শীরপগোস্থানী পদ্ভাবলীতে নাম্মাহান্মো এই শ্লোক উদ্ভ করিয়া-ছেন এবং ভাহা হইতে কবিরাজ গোস্থানী শীচৈতভাচরিভামৃতে এই শ্লোক ভূলিয়াছেন। এই শ্লোকের প্রকৃত অর্থ ব্ঝিতে না পারার বৈক্ষরসমাজের সর্কানশের কারণ হইরাছে।

এই লোক পাঠ করিয়া গৌড়ীয় বৈষ্ণবগণ মনে করেন, ভগৰান তাঁহার
যাবতীয় নামে আপনার সমস্ত শক্তি শুভঃই অর্পণ করিয়া রাখিয়াছেন।
একারণ তাঁহারা গুরুদন্ত নাম বড় একটা লগ করেন না, কেহ ভিনবার,
কেহ সাতবার, উর্জ্নংখ্যায় কেহ একশত আট বার, লগ করিয়া থাকেন।
তাঁহারা মনে করেন, বখন ভগবানের সকল নামেই ভগবৎ-শক্তি নিহিত
আছে, তখন গুরুদত্ত নামের আর বিশেষত্ব কি ? তাহারা এই বিশাসের
বশবর্তী হইয়া বে কেবল দীক্ষামন্ত্র পরিত্যাগ করিয়া বিসয়াছেন ভাহা নহে,
দীক্ষাগুরুর সহিত্ত এক প্রকার সম্বন্ধ পরিত্যাগ করিয়াছেন। এখন
তাঁহাদের যত কিছু সম্বন্ধ শিক্ষাগুরুর সহিত্ত।

আবার শাল্রে নামমহিমার ভারতম্য দেখিরা তাঁহারা গুরুষত নামের পরিবর্তে ভারকত্রক্ষ-হরিনাম অর্থাৎ বোল নাম বত্রিশ অকর জপ

গুরুর নিষ্ট দীক্ষা শইবার একটা চিরপ্রাধা আছে বলিরাই তাঁহারা দীক্ষাগুরুর নিষ্ট নামমাত্র একটা দীক্ষামন্ত্র গ্রহণ করেন।

প্রকৃতপক্ষে ভগবানের কোন নামেই ভগবান কর্তৃক ভাঁহার শক্তি

অর্পিত হয় নাই। তাঁহার যারতীয় নাম ভগবৎশক্তিবিহীন। ভগবানের নামে তাঁহার কর্তৃক স্বতঃই শক্তি অর্পিত আছে মনে করা মহাভ্রান্তি।

এক মাত্র সদ্গুরুই নামে ভর্বং শক্তি অর্পণ করিতে স্মর্থ। ভগবানের ইকিতে তিনিই শক্তি অর্পণ করেন এবং শিষ্যের মধ্যে শক্তি সঞ্চার করিয়া তাঁহাকে শক্তিশালী নাম প্রদান করেন। এ ক্ষমতা বাহারতাহার মাই। সাধারণ গুরুর সাধা কি বে সিয়োর মধ্যে শক্তি সঞ্চার করেন, অথবা শক্তিশালী নাম প্রদান করেন; একমাত্র শক্তিশালী নামসাধনই শ্রীমন্মহাপ্রভুর ধর্ম। অন্ত কিছু নহে।

শীপাদ ঈশর পুরী, নামে ভগবৎ-শক্তি অর্পণ করিয়া মহাপ্রভূকে
দশাক্ষরী মন্ত্র প্রদান করিয়াছিলেন। শীমন্মহাপ্রভূ শক্তিশালী নাম
পাইয়াছিলেন। একারণে তিনি শক্তিশালী নামের ঐরপ মহিমা বর্ণন '
করিয়াছিলেন, উহা দ্বারা মনে করিতে হইবে না বে ভগবানের সমস্ত নামই
শক্তি সম্পন্ন।

শীপাদ ঈশ্বর প্রীর নিকট নাম পাইবামাত্র মহাপ্রভু নামের শক্তিতে অভিভূত হইরাছিলের। তাঁহার অবস্থান্তর ঘটিরাছিল। শীবৃদ্ধাবন দাস শীতৈতন্ত-ভাগবতে মহাপ্রভুর প্রেমপ্রকাশ এইরূপ বর্ণন করিরাছেন; মহাপ্রভু প্রেমে বিহবল হইরা কাঁদিতেছেন—

"কৃষ্ণরে বাপরে! মোর জীবন জীহরি। কোন দিকে গেলা মোর প্রাণ করি চুরি॥ পাইলো ঈশ্বর মোর কোন্ দিসে পেলা। শ্লোক পড়ি পড়ি প্রভু কাঁদিতে লাগিলা॥ প্রেমভক্তি রসে মগ্ন হইলা ঈশ্বর। সকল জীঅক হইল গুলায় গুসর॥ আর্তনাদ করি প্রভু আলে উচ্চৈশ্বরে। কেথা গৈলা বাগ ক্বফ ছাড়াইয়া মোহারে॥
যে প্রভ্ আছিলা অতি পরম গন্তীর।
সে প্রভূ হইলা প্রেমে পর্বম অহির॥
গড়াগড়ি বারেন কানেন উচ্চৈম্বরে।
ভাগিলেন নিজ ভক্তি বিরহ-সাগরে॥

শ্ৰীধাম নৰ্দ্বীংপ মহাপ্ৰভুৱ অবস্থা দেখিয়া শুচীমাতা বিলাপ ক্ষরিতেছেন-

বিধাতায়ে স্বামী নিল্, নিল পুত্ৰগণ। অবশিষ্ট সকলে আছমে এক জনা তাহারও কিয়প মতি বুঝন না যায়। কণে হাঁসে, কণে কাঁদে, কণে স্চ বাৰ ॥ আপনে আপনে কছে যান কথা। কণে বলে ছিপ্তো ছিপ্তো পাৰ্যনীয় মাথান ক্ষণে গিয়া গাছের উপর ডালে চড়ে। না মেলে লোচন, ক্ষণে পৃথিবীতে পড়ে॥ দস্ত কড়মড়ি করে, মালসাট মান্তে। গড়াগড়ি যায়, কিছু বচন না স্থুরে॥" নাহি ভঁনে দেখে লোক ক্নফের বিকারে। বায়ুজ্ঞান করি লোক বোলে বান্ধিবারে॥ मही मूर्य छनि यात्र य य मिथिवाद्त । वाबू कान कि लाक वाल वाक्षिवारत ॥ পাষতী দেখিয়া প্রভূ ধেদাড়িয়া যায়। বায়ু জ্ঞান করি, লোক হাঁসিয়া পলায়॥ আন্তে ব্যক্তে মারে গিরা আনয়ে ধরিয়া। শোকে বলে পূৰ্ব বাৰু জন্মিল আসিয়া॥

লোকে বলে ভূমিত অবোধ ঠাকুরাণি।
আর বা ইহার বার্ত্তা জিজ্ঞাসহ কেনি॥
পূর্ব্ববার বার্থ আঁসি জনিল শরীরে।
হই পায়ে বন্ধন করিরা রাখ যরে॥
খাইবারে দেহ ডাবু নারিকেলের জল।
যাবত উন্মাদ বায় নাহি করে বল॥
কেহ বলে ইথে অর ওবধে কি করে।
শিবা গৃত প্রারোগে সে এবায় নিস্তারে॥
পাক তৈল শিয়ে দিয়া করাইবে লান।
যাবত প্রবল নাহি হইরাছে জ্ঞান॥
পরম উদার শচী জগতের মাতা।
যার মুখে যেই শুনে কহে সেই কথা॥
চিস্তায় ব্যাকুল শচী কিছু নাহি জানে।
গোবিন্দ শঙ্গণে গেলা কার বাক্য মনে॥
"

ঞ্চীচৈতন্ত্ৰ-ভাগবত ম ২ অধ্যায়

কলিকাতা কলেকষ্টাটের প্তক বিক্রেতা বাবু জ্ঞানেক্রচক্র হালদারের নাম অনেকেই জ্ঞাত অনুছেন। আমার প্রভু (প্রভুপাদ শ্রীবিজ্বরুষ্ণ গোস্বামী) তাঁহার মাতাকে কলিকাভার সীতানাথ খোবের ষ্টাটে ১৪।২ নম্বর বাটিতে দীক্রা দিয়াছিলেন। মন্ত্রপ্রদান মাত্র জ্ঞানবাবুর মাতা নামের শক্তিতে অভিভূত হইলেন। তিনি সংজ্ঞাশূলা হইয়া পড়িলেন। তাঁহার চৈতল্পসম্পাদন ক্রেক্তাত গুকদেব তাঁহাকে নাম শুনাইতে লাগিলেন এবং বাবু মহেক্তনাথ ঘোষের মাতা ও আপন জামাতা ভক্তিভাজন জগম্ম ক্রিক্তে জান বাব্র মাতার পিঠের শির্দাড়াটা উপর দিক হইতে নীচের দিকে দলিতে বলিলেন।

তাঁহারা বছকণ ঐরপ করিলেন্ধান উনাইতে ভানহাতে জানবাব্র নারের সংজ্ঞা লাভ হইল। তিনি অত্যন্ত হঃখিতাবঃকরণে গুরুকে বলিলেন— —আমি অতি রমনীর স্থকর স্থানে স্থান করিয়াছিলান, সেথানে পর্ম স্থান ছিলাম। আপনি সেন্থান হইতে কেন আমাকে এথানে আনিলেন ?

ওল-বিদি পাহাড়, পর্বত, বনজনলের মধ্যে এ ঘটনা ঘটিত, ভাহা হইলে তোমাকে ফিরাইরা না আনিলেও চালত। কিন্ত এটা পাহাড় পর্বত, বন, জলল, বা জনশৃত্য হান নহে। এটা ফলিকাডা সহরু। চারিদিকে প্লিশ-প্রহরী ঘ্রিতেই। ভোমাকে দেহের মধ্যে ফিরাইরা না আনিলে প্লিশের লোক মনে করিত, আমরা হরার জানালা বন্ধ করিরা ভোমাকে হত্যা করিরাছি। এখন কিছু দিন এখানে থাক, সাধনভর্তন কর, পরে আবার সেই রমণীর হানেই গমন করিবে।

গোশানী মহাশর নাম দিবা মাত্র অধিকশ্লেশ হলেই, নামের শক্তিতে
শিশুগণ অভিত্ত হইতেন। তাঁহাদের বিবিধ অলচেষ্টা হইত। আমি
ইহা শচলে দর্শন করিরাছি। কুলান গ্রামবাসিগণের দীক্ষার ব্যাপারটা
আমি "মহাপাতকীর জীবনে সদ্গুরুর দীলা" নামক গ্রন্থে বর্ণন করিরাছি।
নাম শক্তিশালী হইলে শক্তির ক্রিয়া প্রায়ই শিশ্ব অনুভব করিয়া থাকে।

বাঁহারা মনে করেন, ভগবানের সমস্ত নামেই ভগবান আগন শক্তি অভঃই অপিত করিয়া রাখিয়াঞ্চেন, তাঁহারা নিতান্ত ল্রান্ত।

দার্শনিক পণ্ডিতগণ ভগবানের নাম আদৌ স্বীকার করেন না।
ভিক্তেরা উপাসনার আদান আপন কচি অমুসারে ভগবানের
ভিন্ন ভিন্ন নামকরণ করিরাছেন। নামে ভগবং-শক্তি কোথা হইতে
আসিবে
থ এসব ভাস্তবিশাস।

নামের পার্থকা । প্রীকৃষ্ণ নামের ইহিমা দেখাইবার । করিরাজ গোশামী
টেড়গুচরিতামতে লিখিরাছেন, শ্রীকৃষ্ণনাম দৌক্ষা প্রশারণের অপেকা
না করে"। এই পাঠ, পাঠ করিছা গোড়ীয় বৈশুবগণ মনে করেন, দীক্ষার
আবশুকতা নাই, তাহা হইলেও হয়, না হইলেও হয়। ইহাতে এই ফল
হইতেছে হে, দীক্ষাগুরু ও দীক্ষামান্ত্রের প্রতি তাহাদের ওদাসীপ্র

সদ্গুরুর মুথে যথন জীরকানাম প্রশ করা বার, তথনই দীকা পুরুদ্দরণের আবশুক হয় না, মাতৃঁকা দীকা ■ পুরুদ্রণের আবশুক্তা আছে।
একথাট সকলের জানা কর্ত্ব্য।

সন্তর স্থাত একারণ শাস্ত্রীর বিধি মানিরা সকলের চলা উচিত।

বদিও কবিরাজ গৈগাখামী জীক্ষণনাম নিভাইটেডজ নামের মাহাত্মা অধিক বলিরা বর্ণন করিয়াছেন, তথাপি বৈষ্ণবস্মাজ বস্তকালের প্রথা পরিত্যাগ করেন নাই, তাঁহারা হরেক্ষণ নামই জপ করিয়া থাকেন।

শীতৈতক্ত বিভাষতের পাঠ দেপিরা, অধুনা চরণদাস বাবাজী নহাশর হরেক্ষ নামের পরিবর্তে নিভাইগৌর নাম চালাইতে প্রয়াসী হইয়াছিলেন, কিন্তু শীকুষ্ণনাম একেবারে ত্যাগ করিতে সাহসী ইন নাই।

গৌড়ীর বৈক্ষণ-সমাজে চরণদাস বাবাজীর যথেষ্ট প্রতিপত্তি হইরাছিল। তাঁছার দলস্থ লোকের সংখ্যাও কম নয়। ঠোঁছারা ছরেক্ষ্ণ নামের পরিবর্ত্তে "নিতাইগৌর রাধাস্তাম, হরেক্ষ্ণ হরেনাম" এই নাম জপ্র করিয়া থাকেন।

আপনারা এই যে নামের পার্থকা দেখিতেছেন, এসক কিছুই নর। । শক্তিহীন সকল নামই সমান, ইহার ফলাফলও সমান।

ভগবানের বহুবিধ নাম প্রবর্ত্তিত আছে। নামের ফ্লাফ্ল সমান

হইলেও গুরুগণ শিশ্বকে কচি ও প্রকৃতি-অনুসারে ভিন্ন ডিল ব্যক্তিক ভিন্ন ভিন্ন নাম দিরা থাকেন। এবিষয়ে শান্তীর ব্যক্তা মানিয়া চলা উচিত।

শক্তিহীন নামে নামাপরাধ আছে। স্তরাং ≡ অপরাধবর্জিত চ্ইরা নাম ক্রিতে হর।

অপরাধের সহিত নাম করিলে, নামের ফল আলো পাওরা যায় না, অধিকত্ত নামকারীকে নিরমগামী হইতে হয়। স্থতরাং সকলের সাধধানে নংম করা কর্তব্য।

বাঁহার। শক্তিহীন নাম সাধন করেন, ভাঁহাদিগকে শুচি হইরা বিশুদ

১। शाधुनिका।

২। শিবের সন্থা, নাম, গুণ প্রভৃতি শ্রীনারারণ হইতে পৃথক জাম

ত। জীগুকুকে অবক্ষা অৰ্থাৎ সামান্ত মনুব্য বোধ করা।

৪। হরিনামে অর্থবাদ করনা, অর্থাৎ হরিনামের মহিমা সকলকে কেবল প্রাশংসা মাত্র করে। কি

e। द्वमापि धर्मागाद्वत निका।

৬। নামের বলে পাপে প্রবৃত্তি।

৭। ধর্ম ব্রুত দান প্রভৃতি গুভকর্মের সহিত ঐহিরিনামের তুলনা।

৮। শ্রনাহীন, বিমুখ, এবং যে গুনিতে অনিচ্ছুক তাহাকে নাম করিতে। উপদেশ দেওয়া।

ক্ষত্বংকরণে, পবিত্রভাবে নাম করিতে হয়। নামের উপস্থীক মধ্যাদা না দিলে নাম ফলপ্রদ হন না।

অপ্রদা বা অপরাধযুক্ত হইয়া নাম করিলে নামসাধককে নিরয়গামী হইতে হয়, ইহাই শাস্ত্রীয় ব্যবস্থা

ভগৰান শক্তিরপে সমস্ত বিখে ওতপ্রোত হইর। লীলা করিতেছেন। মাহুবের মধ্যেও ভিনি শক্তিরপে বিরাজ্মান আছেন।

শদ্ওর রূপ। করিয়া নামে বথন শক্তিরূপী ভগবানকে অর্পন করেন, তথনই নাম শক্তিশালী হইয়া উঠে, নাম ও নামী এক হইয়া বার। এই ক্ষই নাম ও নামী অভিন্ন বলিয়া বর্ণিত হইয়াছে।

> বেই নাম সেই কৃষ্ণ ভজ নিঠা করি। নামের সহিত আছেন আপনি জীহরি॥

নামে শক্তি অপিতি হইবার পূর্বে নাম ও নামী সম্পূর্ণ পৃথক জানিষেন।

নামে শক্তি অর্পিত হইলে নাম যে সাধারণভাবে শক্তিশালী হইরা উঠিবে তাহা নহে। অর্থাৎ প্রীকৃঞ্চনামে বদি সদ্গুকু শক্তি অর্পণ করেন, তাহা হইলে ঐ নাম যে সকলের পক্তে শক্তিশালী হইবেন, তাহা নহে। গুরু বাহাকে নাম প্রদান করেন, কেবল তাহারই সাম ঐ নাম শক্তিশালী হইবে অঞ্চের পক্তে হইবে না।

নামে শক্তি অর্পণ করাকেই নামের চৈতক্ত-সম্পাদনু বলৈ। নামে

৯। নামের মাহাত্ম্য প্রবণ করিয়া নামে প্রস্তুত্ত না হওয়া।

১০। নামে অহংমমতাপর হওয়া অর্থাৎ আমি বহুতর নাম কীর্ত্তন
করিয়া থাকি এবং ইতন্ততঃ নামকীর্ত্তন প্রচার করিতেছি, আমি যে পরিমাণ করিয়া থাকি, এইরূপ আর কেহ করিতে পারে না, নাম আমার
কিহবার অধীন ইত্যাদি মনে করা।

চৈতন্ত্ররূপী ভগবান বর্ত্তমান না হইলে নাম তাচেতন অবস্থাতেই থাকে। এই জন্ত শক্তিহীন নামসাধনে ভাদৃশ ফল লাভ হয় না।

শক্তিহীন নাম জ্ঞপে যদি উপযুক্ত ফললাভ হইত, তাহা হইলে গুরু-করণের ব্যবস্থাটা থাকিত না। লোকে ইচ্ছামত কেবল নাম জ্ঞপ করিয়াই সাধ্য বস্তু লাভ করিতে পারিত।

ভগবানকে লাভ করিতে হইলে শক্তিশালী নাম সাধন করা একাস্ত আবশ্রক। ইহা ভগবানের অব্যর্থ নিয়ম। ইহা বাতীত ভগবৎ-প্রাপ্তির উপার্ত্তর নাই জানিবেন।

শক্তিহীন নাম জপে ভগবৎ-প্রাপ্তি না হইলেও বহু উপকার আছে।
ইহাতে গুরুকরণের একটা চিরপ্রথা রক্ষিত হইতেছে। লোকে নিষ্ঠাপূর্বক নাম সাধন করিলে চরিত্র গঠিত হয়, জীবন উন্নত হয়, মন পবিত্র
হয়, এবং ভবিত্ততে শক্তিশালী নাম লাভ করিবায় অধিকার জয়ে।
ভগবান শীমুখে বলিয়াছেন—

তেবাং সততবৃক্তানাং ভক্তাং প্রীতিপূর্বক্ষ্।
দদামি বৃদ্ধিযোগং তং যেন মাসুপষাক্তি তে ■

জ্রীভগবদগীতা, অধ্যায় ১০

যাহার বোগযুক্ত হইরা আমাকে ভজনা করে, আমি তাহাদিগকে এরূপ জ্ঞান দিই ধাহাতে তাহারা আমাকে প্রাপ্ত হইতে পারে।

স্তরাং কাহারও নৈরাশ হইবার কারণ নাই। শ্রহাপূর্বক শক্তিহীন নাম জপ করিলৈ, সময়ে ভগবান এমন উপায় করিয়া দিবেন, যাহাতে সাধকের সদ্ভরু লাভ হইবে এবং তাঁহার নিকট শক্তিশালী নাম পাইয়া ভগবানকে লাভ করিতে সমর্থ হইবেন।

শক্তিশালী নামে নামাপরাধ নাই অপরাধ-বর্জিত হইয়া নাম ক্রিতে না পারিলেও বিশেষ ক্তি হয় না, কারণ বস্তু শক্তি কোথার ধাইবে ? বস্তুশক্তি আপন কাঁজ করিবেই করিবে। উহা কিছুতেই নষ্ট হয় না।

এই নামসাধনে শৌচ অশৌচ নাই, কালাকাল নাই, স্থানাস্থান নাই। আহার, বিহার, থেলাধূলা, শৌচ, প্রস্রাব সকল সময়েই নাম করা যাইতে পারে।

ন দেশনিয়মগুমিন, ন কালনিয়মগুণা।
নোচ্ছিষ্টাদৌ নিষেধণ্ট হরেনামনি লুক্কক॥
বিষ্ণুধর্ণোত্তর

নামের পার্থক্য বর্ণন করিলে পাছে আমার নামাপরাধ হয় ও লোকের জনিষ্ট ঘটে, এই আশস্কায় আমি একাল পর্যান্ত নামের পার্থক্টে প্রকাশ করি নাই। অনেক ভাবিয়া চিন্তিয়া দারুণ কর্তথ্যের অমুরোধে নামের পর্যিক্য বর্ণন করিয়াছি।

নামের পার্থকা বর্ণন করার, নামের নিকট আমার বদি কোন অপ-রাধ হইরা থাকে, আপনারা আশীর্কাদ করুন নাম ধেন আমার সে অপরাধ ক্ষমা করেন। আমি নামের নিকটও কর্ষোড়ে ক্ষমা প্রার্থনা করিতেছি। আমার প্রতি তাঁহার যে দ্যাটুকু আছে, ভাহাতে ধেন বঞ্চিত না হই।

আমি অতি সম্ভাবের দ্বারা পরিচালিত হইয়া, জনসমাজেয় বিশেষ
ধর্মজগতের কল্যাণসাধন কামনায় এই অতি গোপনীয় কথা প্রকাশ
করিয়া দিলাম। ইহাতে আপঝাদের কাহারও অস্তরে যদি ব্যথা লাগে
বা নিষ্ঠার হানি হয়, তিনি বেন আমাকে নিজগুণে ক্রমা করেন।
তাঁহারা যদি শক্তিশালী নাম পাইবার প্রস্নাসী হন, তাহা হইলে ইহাতে
তাঁহাদের উপকারও হইবে।

নামের পার্থক্য বর্ণনা করায় গৌড়ীয় বৈষ্ণবস্থাকে আমার নিন্দিত

হইবার বিশক্ষণ সম্ভাবনা। আমার ধর্মবন্ধুগণ দ এসব কথা প্রকাশে আমার ধোর বিরোধী।

ধর্ম অপেকা অধিক আদরের ■ আবশ্রক জিনিস এজগতে কিছু নাই। একারণ দলের থাতির করিয়া চলা, লোকের মুধাপেকা করা, আমার মতে অনুচিত।

অদৃষ্টে যাহাই হউক, যাহা সভ্য বলিয়া ব্ঝিব, ভাহা প্রকাশ করিতে কৃষ্ঠিত হইব না, ইহাই আমার প্রকৃতি। আঁপনারা আশীর্কাদ কর্মন সভ্যকে অবলম্বন করিয়া যেন জীবনের শেষ কর্মী দিন কাটাইতে পারি।

পঞ্চম পরিচ্ছেদ নামের স্বরূপ ও মহিমা।

মুকং করোতি বাচালং পকুং লভবরতে গিরিম্ যৎক্রপা তমহং বন্দে প্রমানক্ষাধবং॥

বাহার ক্রপায় মৃকও শাস্ত্রীয় কথা কহিতে সমর্থ হয়, থঞা বাজ্ঞি পর্ক্ত উল্লেখন করিতে সমর্থ হয়, সেই পরমানক ভগবান শ্রীক্ষকে আমি বন্দ্রা করি।

একমাত্র হরেনামই জীমন্মহাপ্রভুর ধর্ম, এই কথা বলা হইরাছে।
নামের স্বরূপ
। মহিমা না বলিলে মহাপ্রভুর ধর্ম বলা হইবে না;
লোকেও বুঝিতে পারিবে না। একারণ নামের স্বরূপ । মহিমা বলা
একান্ত প্রয়োজন। আমার মত লোকের একার্য্যে হস্তক্ষেপ ,করা ধৃইতা
মাত্র।, একগতে এমন কে আছেন যিনি নামের স্বরূপ ও মহিমা সম্যক্ষ
বর্ণন করিতে পারেন ?

নামের স্বরূপ ও মহিমা অচিস্তা ও অব্যক্ত, ইহা বর্ণন করিবার

কাহারও সাধ্য নাই। আজ প্রায় ত্রিশ বংসর হইল, সন্প্রক রূপা করিয়া আমাকে ভগবামের অমূল্য নাম প্রদান করিয়াছেন। আমি এই দীর্ঘ-কাল নামের সহবাদে থাকিয়া, তাঁহার রূপার তাঁহার মহিমা ষতটুকু টের পাইয়াছি ও গুরুমুখে যাহা শুনিয়াছি আজ তাহাই আপনাদিগের নিকট বর্ণন করিডেছি।

্নাম সং পদার্থ, ইহা শৃস্ত নর । শব্দের স্তার ইহা অবস্তও নহে।
নাম নিত্য, ইনি চিরকাণ বর্তমান আছেন। নাম বিভন্ধ, ইহাতে
কোন মলিনতা নাই।

্ৰাম ভগ্ৰৎ-শক্তি, হুতরাং নাম এবং নামী অভিন্ন।

আন্ত্র কান উপকার হয়শন।

নাম চৈতন্ত্রস্বরপ। ইনি সর্বাদাই জাগ্রত।

নাম জানস্কপ। ইহার মধ্যে অজ্ঞানতা কিছুমাত্র নাই। মানুষ অজ্ঞানতাপ্রযুক্ত আপন হিতাহিত বুঝিতে পারে না। প্রবৃত্তির পথে পরিচালিত হইরা বিপদগ্রস্ত হয়, নাম মানুষকে কল্যাণকর পথ দেখাইয়া দেন।

সাম আনন্দস্পণ নাম মনুষকে যে আনন্দ প্রদান করেন, তাহা বিশ্বা শেষ করা যায় না।

নাম মায়াগন্ধহীন। স্থতরাং এথানে অজ্ঞানতা বা বিপদ **ধাকিতে** পারে না।

নামের আস্বাদন অনির্বাচনীয়। প্রাক্তজগতে এরপ **আস্বাদন** কোন বস্তুরই নাই। এখন কেছ কেছ বলিবেন, নামের যদি এভই আস্বাদন ভবে আমরা সে আস্বাদন ভোগ করিনা কেন ? নাম বরং ভিক্ত-বিরক্তি-ক্র লাগে। ইহার উত্তর এই যে, কোন কোন রোগে স্ক্রেচ হইলে

মিছরীও তিব্ধ লাগে। তাই বলিয়া কি মিছরীকে তিব্ধ বলিতে হইবে?
আমরা অনাদিকাল হইতে ভবরোগগ্রস্ত হইয়া পড়িয়াছি, আমাদের চিত্ত
বিক্ত হইয়া পড়িয়াছে, আমাদের ধোর অক্চি জন্মিয়াছে, তাই আমাদি দিগের নিকট নামের আস্বাদন অনুভূত হয় না। নাম করিতে করিছে
অপরাধ কাটিয়া গেলে, চিত্ত নির্দ্দল হইলে, নামের আস্বাদন রুঝিতে পারা

নাম দর্বলাজিমান। ইহার শক্তি অবর্ণনীর, ইনি না পারেন এমন কিছু নাই। যাহা কেহ করিতে পারে না, ইনি ভাহা করিতে পারেন। নাম হৃদরগ্রন্থি সকল ছিল্ল করিয়া দেন, ক্রামুখ্যের মধ্যে বৈরাগা আনিয়া দেন; সৎ-প্রবৃত্তি সকল জাগাইরা ভোলেন ও পরিবর্দ্ধিত করেন; ছপ্রবৃত্তি সকল দূর করেন; মনের একাগ্রতা সাধন করেন; কামক্রোধান্তি রিপুগণকে দ্রীভূত করেন। মনের চাঞ্চল্য বিদ্রিত করিয়া মনকে স্থান্থির করেন। বোগশারে মনের একাগ্রতা-সাধন জন্ম বহু উপান্ন অবলন্ধিত হইয়াছে, কিন্তু সে সকল স্থানীনিহে। নামে বেমন চিন্ত স্থির হয় এমন আর কিছুতেই হয় না।

নাম বাধীন। ইনি কাহারও অধীন নহেন, ইহাকে কেই শুণীভূত কলিতে পারে না। ইনি আপন ইচ্ছার মহুয়ের মধ্যে বিচরণ করেন, আপন ইচ্ছার চলিয়া বান; ধরিয়া রাখিবার উপায় নাই। মাহুষ পুরুষকার বলে অতি জরকণই নাম করিতে পারে, একটু অসতর্ক হইলে নাম সরিয়া পড়েন। নামের কুপা হইলে নাম আর সাধককে ছাড়িয়া যাইতে চান না।

নাম সদাই শুটি। ইনি কদাচার, কুখানে বাস, কুলোকের সঙ্গ, অশুটি অবস্থার কাল্যাপন ইত্যাদি সহ্য করিতে পারেন না। বাঁহারা করিতে চান তাঁহাদিগকে এসব পরিত্যাগ করিতে হইবে।

নাম সদাই পৰিত্ৰ। স্থুতরাং ইনি পৰিত্র স্থানে থাকিতে চান। চিন্ত অপৰিত্র হইলে, মনে কলুষিত ভাৰ পোষণ করিলে, ইনি তথা হইতে প্রস্থান করেন।

নাম কিছুতেই অপবিত্র হয় না। কেহ কেহ বলেন, বেখ্রাসক ব্যক্তিন চারী মন্ত্রপারী মংস্যমাংসাসী প্রভৃতি অসচ্চরিত্র লোকের মুথে নাম শুনিতে নাই। এটা সম্পূর্ণ ভূল। নাম কথনও অপবিত্র হয় না। ইহা শ্রুতিনপথে গমন করিলে, ইহার কাজ হইবেই হইবে। ইহা ভবরোগগ্রন্ত ব্যক্তির প্রেম্ম মহৌষধির স্তার কাজ করিবে।

নাম নীতিপরায়ণ। একারণ বাঁহারা নাম সাধন করিতে চান, ভাঁহাদিগকৈ মিধ্যা, প্রবঞ্চনা ব্যভিচার পরনিন্দা, পরচর্চা, আগস্ত, গ্রাম্য-কথা নিষ্ঠুরতা, পরপীড়ন ইত্যাদি জুলীতি সকল ত্যাগ করিতে হইবে।

নাম বাস্থ্যপ্রদ। নামে মঞ্জি শীতল হর, বুজি প্রথম হর; বুঝিবার শক্তি ধারণাশক্তি অনেক পরিমাণে বৃদ্ধি পার। নাম ব্যাধির ষ্ট্রণা, শারী-বিক আ মানসিক ক্লেশ অনেক পরিমাণে নিবারণ করেন ও শরীরমনকে সুস্থ রাথেন।

নাম উত্তেজক। নামে উত্তেজনার শক্তি আছে; ইনি হৃদয়ে বলসঞ্জ করিয়া দেন ও সায় সকল উত্তেজিত ও স্থল করেন।

নাম মাদক। নামে মাদকতা শক্তি আছে, নাম করিতে করিতে বেশ একটু নেশা জন্মে, তাহাতে বৃদ্ধিবৃত্তি ভ্রংশ হয় না এবং কোন উৎপাতও জন্ম না। নাম করিতে করিতে কাহার কাহার মন্তিক হইতে একপ্রকার রম নির্গত হয়। এই রম কথনও ভিক্ত, কথনও লবণ, কথন লবণমধুর, কথনও কেবল মধুর। এই রম ভত্তে স্থা বলিয়া বর্ণিত হইয়ছে। এই রম জিহ্বায় পতিত হইলে দারণ নেশা জন্মে। মতাদির নেশা এই নেশার নিকট অতীব অকিঞ্ছিৎকর। স্থার করণ

হইলে ৫।৭ দিন অনারাদে অনাহারে থাকিতে পারা যার। আদৌ কুধা হয় না, কিন্তু অনাহারজনিত ক্লেশ অনুভব হয় না, শরীর ক্লিষ্ট বা তুর্বল হয় না। প্রাণে একপ্রকার অনির্বাচনীয় আনন্দ অনুভূত হইতে থাকে। জানের বৈশক্ষণ্য হয় না।

নাম জ্ঞানদাতা। মামুষকে ভগ্বান সীমাবদ্ধ জ্ঞান দিরাছেন।
মামুষ যে জ্ঞানলাভ করিরাছে ভাহাতে সে ভগবংতর জ্ঞানিবার বা বৃঝিবার অধিকারী নয়। এইজন্ত পণ্ডিভগণ ভগবংতর নির্ণয় করিতে গিরা
বিফল মনোর্থ ইইয়াছেন। কেইই কিছু ঠিক ক্রিতে পারেন নাই,
যিনি বাহা মনে করিয়াছেন ভিনি তাহাই বলিয়াছেন, কাহায়ও কথার
ঠিক নাই।

সাধকের নিকট নাম ক্রমে ক্রমে ভগবংতত্ত প্রকাশ করিয়া দেন। তাঁহার অন্তরের অজ্ঞানান্ধকার দূর করেন। নতুবা মহুত্তাবৃদ্ধি ধারা ভগবংত্ত নিরূপণ করিতে যাওয়া গুইতা মাত্র।

নাম পরম কারুণিক। তিনি পাপী, তাপী, ত্রুতি বাহাকে'ও হুণা করেন না। বে যত কেন অপরাধী হুউক না, দীনভাবে ভাঁহার শরণাপর হুইলে তিনি তাহাকে পরিত্যাগ করেন না। কেবল খল, অহ্লারী, কপটাচারী ও নিন্দুকের স্থান ভাঁহার নিকট নাই।

নাম হংখহারী। নাম বেমন ছুংখ দ্র করিতে পারেন, এমন কেছই পারে না। ছংথের সময়, মাতুষ সহাত্ত্তি দেখাইয়া প্রাণে সাম্বনা দেয় বটে, কিন্তু নাম বেমন সাম্বনা দেন, এমন সাম্বনা কেছ দিতে প্রারে না।

নাম শুশ্রাকারী। রোগ, শোক সকল অবস্থাতেই নাম যেমন দেবা করিতে পারেন, এমন সেবা করিতে, কেহই পারে না। দেবার প্রয়োজন হইলে মানুষকে ডাকিয়া আনিয়া বলিয়া কহিয়া সেবা করাইতে হয়, সময়ে সময়ে অর্থন্ত ব্যয় করিতে হয়, সময়ে সময়ে অর্থনি ব্যয় করিছে নামকে ডাকিতে হয় না, নাম আপনা হইতে আসিয়া সেবাকার্যে ব্রতী হন।

নাম ভরহারী। নামের আশ্রম পাইলে মামুবের প্রাণে আর ভর থাকে না। সাংগারিক বিপদ আপদের, কি বহিঃশক্রর আক্রমণের অথবা সর্বাপেকা অধিক যে শমনের ভর ভাহাও থাকে না। সাধক জানে নাম ভাহার রক্ষাকর্তা, নাম ভাহার পরিত্রাভা।

নাম বিপদভঞ্জক। যে ব্যক্তি নামের শরণাপর হইরাছে, সর্বপ্রকার বিপদৈ নামই তাহাকে উদ্ধার করেন। বিপদ এমনভাবে কাটিয়া ধার যে, সাধক তাহা টেরও পার না।

নাম অভয়দাতা। নাম সর্বাদাই মাজুষের প্রাণে অভয় দান করিয়া থাকেন। নাম বাঁহাকে আশ্রয় দিয়াছেন, তিনি সর্বাদাই নামের এই অভয়বাণী শুনিতে পান।

নাম উৎসাহদাতা। যে ব্যক্তি নামের আশ্রর গ্রহণ করেন নাম তাঁহাকে সর্বাদাই উৎসাহিত করিতে থাকেন। একারণ নামসাধক আশাবদ্ধ সম্থক্তার সহিত কাল যাপন করিতে থাকেন। তাঁহার প্রাণে নৈরাশ্র আসে না।

নাম তেজীয়ান্। নাম আত্মার মধ্যে বলসঞ্চয় করেন। আত্মাকে স্বাব

অস্থ করেন। একারণ নামসাধক কিছুতেই দ্মিয়া যান না। সংসারের লোক তাঁহাকে নানাপ্রকারে শাসন করে ও নানা রূপ ভয় দেখার বটে, কিন্তু নামসাধকের প্রাণ ভাহাতে অবসর হয় না।

নাম অন্নদাতা। যে ব্যক্তি নামের শরণাপন্ন হইয়াছেন, তাঁহার শরীর-যাত্রা, নামই কোন না কোন উপায়ে নির্কাহ করিয়া থাকেন। তাঁহাকে মোটাম্টি গ্রাসাচ্ছাদনের জন্ত ক্লেশ পাইতে হয় না।

नाम भागक। नामगाधकरक हैनि वड़हे भागन करिय़ा थारकन।

সাধকের বেচাল হইলে নাম ভাহাকে ক্রুট করেন, অন্তরে ওছড়া তথ্য ভালিত করিরা ফিরাইরা আনেন। কিন্তু স্ইজে পরিভ্যাপ্ত করেন না।

নাম সর্কাশকাতা। নামের নিকট বাহা চাহিবেন নাম তাহাই দিবেন, কিছ বাহাতে সাধকের অনিষ্ঠ হইবে তাহা প্রার্থনা করিলে, নাম ভাহা দেন মা।

নাম স্বৃদ্ধিদাতা। নাম কুপরামর্শ হা কুবৃদ্ধি প্রদান করেন না।
তগৰৎ-মারা বদি কথনও উপস্থিত হইরা মানুষকে কুবৃদ্ধি দিয়া বিপথগামী
ক্রিতে চেটা পাম, নাম সুবৃদ্ধি দিয়া ভাহার সে চেটা বার্থ করিয়া দেন।

নাম পরমন্তিতী। নাম শরণাগতকে পরিত্যাগ করেন না।

বাজি নামের শরণাগত, সে বাজি নামসাধনে অসমর্থ হইলেও নাম

উপস্থিত হইরা উচ্চার কাষ্টা নিজেই করিয়া থাকেন, অর্থাৎ নিজেই
সাধকৈর অন্তরে প্রবাহিত হইতে থাকেন।

নাম সর্কানর্থ-নিবর্তক। নাম হটুতেই অনর্থের নিবৃত্তি হয়, আর কিছুতেই হয় না। আন বাহা কিছু প্রতিবন্ধক তাহাই অনর্থ জামি-বেন। নাম এই প্রতিবন্ধক দুর করেন।

বাহারা অপান-বৈরাগ্যের বশবর্তী হইরা, অথবা সংসারের প্রতিকৃত্র হইরা সংসার পরিত্যাগ করে, তাহাদিগকে চত্প্রণ সংসার করিছে হয়। আরা সহকে হাজিবার পাত্রী নহেন। তিনি নানা কৃষ্ণজ্ঞাল বিস্তার করিয়া ভজন নই করিয়া কেন এবং সংসারত্যাগী ব্যক্তিকে অধিক্তর সংসারতালা ভোগ করাইয়া থাকেন।

দর্শী আরু নাই। ভাহাদের বিপদ লবজন্তাবী। ভাহাদের এই আরু আরু বা আরু সেই এই ভারাদের বিশেষ কর্মান্ত বা আরু সেই আরু প্রতিশোধ হইবে। ভগবানের রাজ্যে কাহারও

ফাঁকি দিবার উপার নাই। জীবন আর কর দিন ? অনস্তকাল সমুধে বর্জমান, তাহার উপার কি ? ফাঁকি দিরা কি কাহারও নিস্তার আছে ? মার হৃদ আদার হইবে জানিবেন। স্থে হৃংগে সকল অবস্থাতেই নাম করিতে পারিলেই অনর্থের নিবৃত্তি হয়; হৃংথের অবসান হয়।

নাম সংসারক্ষরকারী। টাকাকড়ি, স্ত্রীপুত্র, ধরবাড়ী, ইড্যাদি সংসার নহে। ইহাতে মাসুষের বে আসজি ভাহাই সংসার। নাম এই আসজি দুর করিয়া সংসার কর্ম করিয়া দেন।

নাম কর্মকরকারী। পূর্বে পূর্বে জন্মের কর্মকল ভোগ করিবার মানুব দেছ পরিগ্রহ করে। মানুবের বাহা প্রারক্ত ভাহা ভোগ করিভেই হইবে। কিছুতেই তাহার ক্ষরাহতি নাই। মানুষ হাজার চেষ্টা করি রাও প্রারক্ত থওন করিতে পারে না। একমাত্র এই নাম হইতেই তাহার থওন হইরা থাকে। নামে প্রারক্ত মা হইলে জীবের উদ্ধার অস-স্থান হইত।

নাম চিত্তভাত্তিকারী। বহু জ্বোর অপরাধে মান্ত্রের চিত্ত কলুবিত, পাপ-কালিমার কলকিত। মাম এই সমস্ত মরলা ক্রমে ক্রমে বিধৌত করিয়া চিত্তকে নির্মাণ করে।

নাম বড় প্রেমিক। এ জগতে সকলেই ভালবাসা চার। ভালবাসা চার না এমন কেই নাই। ধেখানে ভালবাসা নাই, সেখানে কেই ইচ্ছা-পূর্মক থাকিতে চার না। প্রেম ধে কি বস্তু, নাম ভাহা বেশ জানেব। ভারার প্রেম নিংস্থার্থ। তিনি সাধকের নিকট কোন প্রভিদান চান না। কেবল চান প্রাণের ভালবাসা, স্কারের প্রেম, আদরবত্ব। নামকে আদরবত্ব না করিলে, নামকে ভাল না বাসিলে, নাম সাধকের নিকট থাকেন না, ভাঁহাকে পরিভাগে করিয়া চলিয়া বান।

নাম বড় অভিযানী। নাখের অভিযান বড় বেশী। একটু ক্রটি

বা অনাদর হইলে, তিনি মান করিয়া বসেন, কাছে বেঁখিতে চান না। তথন হাতে পায়ে ধরিয়া অনেক সাধাসাধনা করিয়া তাঁর মান ভাঙ্গাইতে হয়, তাঁহাকে ফিরাইয়া আনিতে হয়।

নাম বড় ঈর্ব্যাহিত। আমি নামের সহবাদে থাকিয়া দেখিরাছি, ইনি
বড়ই ঈর্ব্যাহিত। অপরকে ভালবাসা ইনি সহু করিতে পারেন না।
ইহার ইচ্ছা আমি কেবল ইহাকেই ভালবাসি, আর কাহাকেও ভালবাসিতে পাইব না। সংসারকে ভালবাসিত এবং নামকেও ভালবাসিব,
এরপ ভালবাসা ইনি চান না।

নাম চান, আমি ত্রী, পুত্র, ধন, মান, যশ, খ্যান্ডি, প্রভাব, প্রতিপত্তি, অভিমান, অহন্ধার ইত্যাদি সমস্ত পরিত্যাগ করিরা কেবল তাঁহারই হইনা থাকি। এই সকল দিকে তাকাইলে তাঁহার ক্ষোভ ও অভিমানের সীমা থাকে মা। তিনি রাগ করিয়া আমাকে পরিত্যাগ করিতে চান।

আমি বলি এত রাগ করিলে চলিবে কেন? আমি মারাম্থা শংসারী লীব, আমার কি এ সব ছাড়িবার শক্তি আছে? আমাকে ত্যাগ করিলে কি হইবে? তুমি সর্কাশক্তিমান, আমার এ সব ছর্দশা ছাড়াইরা লও। তুমি আপন শক্তি পাকাশ করিলে, সংসার আমাকে কোনক্রমেই দাসত শৃথালে বাধিরা রাখিতে পারিবে না। আমার নিজের যত ক্রমতা ভাহা তুমি জান। আমার ক্রমতা থাকিলে তোমার আশ্রম লইব কেন? তোমার শরণাপর হইরাছি, তুমি আমাকে সংসার-কারাগার হইতে মুক্ত কর।

নাম সংশয়-বিনাশকারী। সংশয় আত্মার একটি অবস্থা। কাম-ক্রোধাদি ভিতরে থাকিলে তাহা বেমন কিছুতেই অতিক্রম করা যায় না, সেইরূপ সংশর থাকিতে কিছুতেই তাহা বিনষ্ট হয় না। একমাত্র নাম স্থারা সংশয় বিনষ্ট হইয়া থাকে। সংশয় বিনষ্ট হইলে বিশ্বাস ক্রমেন

ৰাম রক্ষাকারী। নাম চলিতে থাকিলে ভূত, প্রেভ, পিচাম, ইড়াদি কোন অপদেবতা মাতুষকে আশ্রন্ন করিতে পারে না। মাতুষকে অপ-দেবতা আশ্রর করিলে মানুষের ধোর আনষ্ট হইয়া থাকে। এতাহার প্রাণ হুইরা বার, সাধনভজন নট হয়, শ্রীর ক্যুগ্রাপ্ত হয়, সময় সময় ইহা মাত্যকে উন্মাদের ভার করিয়া তুলে। নামের আশ্রমে থ। কিলে এগর বিপদ বটে না ।

নামের কাছে বুজকৃতি থাটে না। অনেক লোক মানুষকে বুককৃতি দেখাইরা বশীভূত করে, এবং ভাহাদিগকে শিশ্ত করিরা ভাহাদের বিভ হরণ 'করে ও ভতোর ভার কাজকর্ম করার। বে ব্যক্তি নামের আশ্রে থাকে, ভাষার নিকট কাহারও কোন প্রকার বৃত্তরুকি থাটে না।

নাৰ স্বার্থের নাশকারী। সমস্ত প্রাণী জগতে স্বার্থ নইয়া বাতিব্যস্ত। মাছবের স্বার্থ তাবল। স্বার্থের জন্ত মানুষ না করিতে পারে এ্মন কাজই নাই।

শীশাভা সভ্যভার আলোকে এই স্বার্থ দিন দিন প্রবল হইভেছে। এখন স্বার্থ ছাড়া আর কথাটি নাই।

এই স্বার্থের সাম নামুন ধর্মকে কলাঞ্জলি দিভেছে; প্রথিবীকে গুঃখনর করিরা তুলিরাছে। 📰 ছঃখ হিন্দু জানিত না, এত স্বার্থীইন্দুর ছিল না। হিলুকাতি চির্কাল ধর্মকে আলিঙ্গন করিয়া সুথে 🔳 শান্তিতে বাল করিভেছিলেন।

অমিদারগণ প্রজাগণকে অপত্যনির্বিবশেষে প্রতিপালন কুরিতেন, ভার্যদের অভাব প্রাণপণে মোচন করিতেন, অভা বাজা ছিলেন, প্রজারঞ্জনই রাজধর্ম ছিল। প্রজাগণও রাজাকে ভগ-াতে অংশ বলিয়া মনে করিত; তাঁহাদের আজাবহ হইয়া থাকিত; রাজদর্শন মহাপুণা বলিয়া মনে করিত।

ভদ্রপরিবারের চাকর চাকরাণীগণ পুত্রকন্তার স্থায় প্রতিপালিত হইত। তাহারাও আপনাদিগকে পরিবারস্থ লোক মনে করিয়া সংসারের কাজকর্ম যত্নের সহিত নির্কাহ করিত। প্রভূ-ভূত্যের একটা বিশেষ প্রভেদ ছিল না।

পদিবারত্ব একজন উপার্জ্জনশীল হইলে দশ জন প্রতিপালিত হইত। লোকে ভগবানের নিকট প্রার্থনা করিত "আমার বংশে যেন দানশীল সন্তান জন্মে"। লোকে "সহস্রপোষী হও" বলিয়া আলীর্কাদ করিত।

এখন আর সে দিন নাই। বিদেশীয় শিক্ষার হিন্দু-প্রকৃতির বিকৃতি
হইয়াছে। প্রজাপালনের স্থানে প্রজাপীড়ন হইয়াছে। জমিদারী করাশ
এখন একটা ব্যবসারের মধ্যে পরিগণিত হইরাছে। পত্তনিদার পত্তনি লইরা
ক্রমাগত প্রজার সর্বনাশ সাধন করিতেছে। এখন আর পূর্বের রাজা
প্রকা সম্বন্ধ নাই। সাপে নেউলে বে সম্বন্ধ, এখন রাজাপ্রভার সেই
সম্বন্ধ ঘটিয়াছে।

আজীর পজনের সাহাধ্য করা দূরে থাকুক, কোন কোন শিক্ষাভি-মানী বুবক হন্ত পিতামাতাকেও সাহাধ্য করিতে নারাজ।

এখন জীবনসভ্যাম বেমন দিন দিন বাড়িতেছে, স্বার্থণ্ড তেমনি বৃদ্ধি পাইতেছে, নিবারণের কোন উপায় নাই। একমাত্র ভগবানের নাম এই চুনিবার স্বার্থ নাশে সমর্থ।

নাম প্রেমদাতা। ভালবাসা চিত্তের একটা বৃত্তি। মনুষ্যমাত্রেরই
অন্তরে এই ভালবাসার বীজ নিহিত আছে। হৃদয়ের সংকীর্ণতা-প্রযুক্ত
এই ভালবাসা বিকাশপ্রাপ্ত হইতে পারে না, স্ত্রী-প্রাদির মধ্যেই
আবদ্ধ থাকে।

নাম হৃদয়ের সংকীর্ণতা দূর করিয়া এই ভালবাসা বিকশিত করিতে থাকে। ক্রমে ইহা স্ত্রী-পুত্রাদি হইতে সমস্ত বিশ্বে ছড়াইয়া পড়ে। ্তথ্য

আত্মপর শক্রমিত্র, মাষ্ট্র বা ইতর প্রাণীর মধ্যে পার্থকা থাকে না।
আমি এমন বিশ্বপ্রেমিক লোক দেখিয়াছি, বাঁহার সাক্ষাতে গাছের একটি
পাতা ছিঁড়িলেও তিনি কটার্ভ্ব করিতেন। নাম ব্যতীত সাক্ষিত্র কিছুতেই এই বিশ্বপ্রেম লাভ হইতে পারে না।

নাম স্বাধীনতা-দাতা। রাজনৈতিক স্বাধীনতাকেই লোকে এখন
স্বাধীনতা বলিরা থাকে। এই স্বাধীনতালাভের ব্যক্তাল হাবং
পৃথিবী নরশোণিতে প্লাবিত হইতেছে, লোকের প্রথমন্ত্রণার সীমা নাই।
করালী রাইবিপ্লব এবং সভ্যতাভিমানী ইরোরোপের বর্ত্তমান লোমহর্বণ
ব্যাপার একবার মনে করিয়া দেখুন। রাজনৈতিক স্বাধীনতালাভের
ক্রা কি সর্ক্রণাই না হইতেছে।

ধর্ম কগতে এ স্বাধীনতাকে স্বাধীনতা বলে না। ইহা স্বাধীনতা নছে, প্রকৃতপক্ষে বিষম অধীনতা। বাসনা, কামনা ইন্ডাদি এনিবার রিপ্গণের দাসত্ব মাত্র। এই গুরস্ত রিপুগণ মামুষকে বে দিকে চালাইভেছে, মানুষ হিন্তাহিত জ্ঞানশৃত্য হইরা সেই দিকেই থাবিত হইতেছে। ইহা সমস্ত পৃথিবীটাকে গুংখের আগার করিয়া তুলিতেছে।

কামাদি ছদ্দননীয় রিপুগণের দাসত হইতে আত্বিমোচন করা ও উন্মার্গগামী মনকে বশীভূত করাই প্রকৃত স্বাধীনত।।

এই স্বাধীনতলাভ হইলে মানুষ নবজীবন লাভ করে। তথন আর তাহাকে ত্রিতাপ জালার দগ্মীভূত হইতে হয় না; জাবন মরুভূমিতে মন্দাকিনী প্রবাহিত হয়। প্রাণের মধ্যে আনন্দের হিল্লোল থেলিতে থাকে।

একমাত্র নাম হইতে এই স্বাধীনতা লাভ হইরা থাকে। ত্রস্ত রিপু-গণকে নিপাত করিবার ও বিপথগামা মনকে বশীভূত করিবার সভা উপার নাই। নাম ভবক্ষরকারী। জীব অনাদি কাল হইতে নানা যোগীতে ভ্রমণ করিয়া বেড়াইতেছে এবং অশেষ ছঃখ ভোগ করিতেছে। যাতারাতের বিরাম নাই হঃখেরও শেষ নাই। যাতারাত করিবার ও ছঃখের শাস্তির নিমিত্ত শাস্ত রচিত ইইয়ছে এবং বহু উপায় উত্তাবিত হইয়ছে। কিন্তু অভ্যধিক ছঃখের নিবৃত্তি কিছুতেই না। জুনু-১ মুর্ণুরূপ ব্যাধির শাস্তির একমাত্র উপায় ভগবানের নাম।

নাম বৈরাপোর জনিয়িত। ভগবান অচিন্তা অব্যক্ত। ইন্তিয়গণ ভাঁহাকে ধরিতে পারে না। মন ভাঁহাকে মনন করিতে অসমর্থ। একারণ ইন্তিয় সকল ও মন বিষয়ে বিচরণ করিয়া বেড়ার।

চক্ষ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক এই পঞ্চ ইন্দ্রিয়, শব্দ, স্পর্ণ, রূপ, রুস, গন্ধ এই পঞ্চ বিষয় হাইয়া মন্ত হইয়া থাকে। এই পঞ্চ বিষয় ছাড়িয়া ভাহাদের একদণ্ড থাকিবার উপায় নাই।

মানুব নিদ্রা গেলে এই পুঞ্চেন্সিরের রাজা মন অন্তরেন্তির লইরা এই পঞ্চ বিষয় ভোগ করিতে থাকে। বিষয় ভোগেই তাহার পরিভৃত্তি, একারণ দে বিষয় ছাড়িয়া থাকিতে চার না। মন যে এত ইহার একমাত্র কারণ, মন স্থকালসার বশবর্তী হইরা এক বিষয় হইতে বিষয়ান্তরে বিচরণ করিতে থাকে; ভাহাকে নিবারণ করা হুঃসাধা।

ভগবানের নামে যথন বিষয়স্থ মলম্ত্রের ন্তার স্থার স্থাত হইয়া পড়ে, তথন তাহাদের প্রশোভন আর মনের উপর কাজ করে না; তখন মন স্থির হয় এবং বৈরাগ্যও আসিয়া উপস্থিত হয়।

নাম ক্ষমাগুণের জনমিতা। ধর্মজগতে ক্ষমাগুণ অতি আদর্নীয় বস্তু। যাহার অস্তুরে ক্ষমা নাই, সে কর্থনও ধর্মগাভ করিতে পারে না।

ক্ষমতাসত্ত্বেও শক্রতার প্রতিশোধ না লওয়াকে ক্ষমা বলে। প্রতি-

হিংসাবৃত্তি মানুষের মধ্যে ক্ষমা আসিতে দেয় না। নাম করিতে করিতে প্রতিহিংসাবৃত্তি দূরীভূত হয়, তথন মানুষ ক্ষমাশীল না হইয়া থাকিতে পারে না।

নাম রূপণ্ডার বিনাশকারী। রূপণের স্থার এজগতে হতজ্গ্য পোক কেহ নাই। বহু জন্মের বহু জপরাধে মাতুর রূপণ হর। রূপণের ঘারা এজগতের কোন উপকার হর না। ঘোর অর্থাসক্তিই দয়াধর্ম প্রভৃতি মাতুষের উন্নত বৃত্তিগুলিকে নষ্ট করিয়া দের। তাহার দ্বারা পরের উপ-কার দ্বে থাকুক, রূপণের বিপুল অর্থ তাহার নিজের উপকারেও আদে না। ব্যারাম হইলে সে অর্থব্যর করিয়া চিকিৎসা করান অপেক্ষা মৃত্যুই শের: মনে করে। ধর্মজগতের এই ভীবণ বৈরী একমাত্র নাম দ্বারা বিনাশ প্রাপ্ত হর।

নাম কর্ত্তব্যপরারণতা-আনরনকারী। নামসাধন করিতে করিতে মাহবের কর্ত্তব্যক্তানের উদয় হয়। তথন, মাহ্বের আর ফাঁকি দিরা জীবন কাটাইতে প্রবৃত্তি থাকে না। তগবান তাঁহার উপর যে কাজের ভার দিরাছেন সে কাজ তিনি স্থচারুরপে নির্বাহ করেন। তাঁহার কর্ত্তব্যকর্মের ক্রটি হয় না।

নাম ধৈর্যাশীল। যে ব্যক্তি নামসাধন করেন, তিনি বিপদের আশ-কাম অধৈর্যা হইয়া পড়েন না; এবং বিপদ উপস্থিত হইলে ধীরতার সহিত তাহা আলিঙ্গন করেন। তাঁহার শোক বা মোহ উপস্থিত ■ না।

নাম সংস্কারবিনষ্টকারী। সংস্কার বড় বিষম শক্র। সংস্কার সত্যক্ষে আছের করে। মারুষ সংস্কারের বশবর্তী হইয়া হিতাহিতজ্ঞানশৃত্য হয়। বৌদ্ধগণের মধ্যে সংস্কারবর্জন একটি সাধনা আছে। ছই বংসরকাল ইহার সাধনা করার পর বৌদ্ধগুরুগণ সাধন দিয়া থাকেন। সংস্কার বিনষ্ট হয় না। একটা সংস্কার নষ্ট হইলে, মানুষ আর একটা সংস্কারের

জড়াইরা পড়ে। ইহার হাত হইতে রক্ষা পাওরা বড়ই কঠিন। বারা এই সংস্থার একেবারে নষ্ট হইরা বার।

নাম সাম্প্রদারিকতার বিষোচনকারী। সাম্প্রদারিকতা ধর্মনাভের বিরম অন্তরার। ইহাকে ভাষা কথার গোঁড়ামি কহে। গোঁড়ামি প্রবেশ করিলে অন্ত সম্প্রদারের কিছুই ভাল দেখিতে পার না। দেখাই-লেও দেখিতে চার না। গোঁড়ার। সম্প্রদারের লোকের উপযুক্ত মর্ফাদা দিতে পারে না। বরং বিষেষই করিয়া থাকে।

নাম্প্রদারিকতা কেবল বে ধর্ম হানিকর তাহা নহে। ইহা পৃথিবীতে বস্থকাল হইতে হঃখ বন্ত্রণা আনর্যন করিয়াছে। আমাদের দেশের শাক্ত ও বৈশ্ববের মনোমালিক চিরপ্রসিদ্ধ। বৈশ্ববর্গণ কলুবিতচারিত্র সাম্প্রদারী লোকের হাতে থাইবেন, কিন্ত চরিত্রবান ধার্ষিক শাক্তের হাতের জলম্পর্ণ করিবেন না।

ভারতবর্ষে নানা ধর্মসম্প্রদার আছে, এখানে সাম্প্রদারিক বিষ এডই প্রবল বে, প্রত্যেক কুজনানোপলকে পূর্কাকালে অন্তঃ ২৫০০০ হাজার লোক হতাহত না হইলে নান পেষ হইত না। এইজন্তই নাগা সম্প্রদারের স্থি। এখন ইংরাজশাসনে এই হত্যাকাত নিবারিত হইন্নাছে।

এক । । এক মাত্র নাম হইতে সাম্প্রদায়িক বিষ নাই হইরা থাকে।

নাম ত্রিগুণনাশকারী। দেহ ত্রিগুণাত্মক; স্মান্ধা দেহেতে আ্যাদ্ধ হওয়ার তাছাকেও ত্রিগুণাত্মক হইতে হইয়াছে। গুণত্ররের তার্ডম্য অনুসারে মানুষকে শুভাগুভ কার্যা করিতে হয়। নামের শক্তিতে এই ত্রিগুণ নষ্ট হইয়া যায়। ত্রিগুণ নষ্ট করিবার আর কোন উপায় নাই।

নাম দেহের পরমাণুর পরিবর্ত্তনকারী। নাম করিতে করিতে নামের শক্তিতে দেহের পরমাণু সকল পরিবর্ত্তিত হয়। পরমাণু-পরিবর্তন সময়ে দেহে দারণ জর ■ নিউমোনিয়া দেখা দেয়। রোগী অনেক বাতনা ভোগ করিতে থাকে। কোন ঔষধে এ রোগ আরাম হয় না। ক্রমে পরমাণু সকল পরিবর্ত্তিত হইলে রোগ আপনা আপনি সারিয়া বায়।

নামের শক্তিতে দেছের পরমাণুর পরিবর্জন হয় বলিয়াই সাধুগণ ভাগবতী তকু লাভ করিয়া থাকেন। ভাগবতী তকু লাভ হইলে সেই দেহ লইয়া মানুষ স্থালোক, চক্রলোক, নক্ষত্রলোক ইভাদি লোক লোকান্তরে ইচ্ছামত বিচরণ করিতে সমর্থ হয়। দেহের গভি মনের ক্লার হয়। অগ্নি, জল, পাহাড়, পর্যাত ইভাদি কোন পদার্থ ভাহার গভি রোধ করিতে পারে না।

শ্রীমন্মহাপ্রভু ভাগবতী তমু শাভ করিয়াছিলেন। সেইজন্ত ভক্তপণ ভাহাকে গৃহমধ্যে আটক করিয়া রাখিলেও ভিনি বাহির হইরা কখনও সমুদ্রে কখনও সিংহ্ছারে গিয়া পড়িভেন।

> "তিন হারে কপাট প্রভূ যাবেন বাহিরে। কভূ সিংহয়ারে পড়ে কভূ সিকুনীরে॥" চৈতন্ত চরিতামৃত, মধ্য লীলা, ভূতীয় পরিচেদ।

নাম প্রকৃতির পরিবর্তনকারী। বৈদেশিক শিকা, বৈদেশিক সভাতা ও বৈদেশিক আচার ব্যবহারে আমাদের প্রকৃতির পরিবর্তন ঘটতেছে। আমর হিন্দুপ্রকৃতি হারাইয়া ফেলিতেছি।

স্বাধীনতা, স্বাধীন চিস্তা, অবিশ্বাস, সংশন্ন কপটতা, স্বার্থপরতা, পাশ্চাত্য সভা জাতিগণের প্রকৃতি। **আফুগতা, গুরুহ্ননে শ্র**জাভ**ক্তি**, শুক্রাক্যে বিশ্বাস, সত্যনিষ্ঠা পরার্থপরতা, নিষ্কপটতা, দয়া কমা ইত্যাদ্রি হিন্দুর প্রকৃতি।

বৈদেশিক শাসন

সভ্যতার আমাদের প্রকৃতির পরিবর্তন ঘটরাছে।
এখন শিশু ছেলেও মা বাপের কথা বিশ্বাস করে না। বালক পিতার
নিকট ২০টা প্রসা চাহিল, পিতা বলিল বাল্লে এখন প্রসা নাইল্লপরে
দিব। বালক পিতার কথা বিশ্বাস করে না, বাল্লের ডানাটা তুলিয়া দেখে;
বিদ্ধি বাল্লের কুঠুরীর মধ্যে পরসা দেখিতে না পার, তাহা হইলে আবার
কাগজগুলা হাঁটকাইরা দেখে। কি জানি পিতা যদি ছেলেকে ফাঁকি
দিবার

কাগলের নীচে পরসা লুকাইরা রাখিয়া থাকে, এটা ভদন্ত করা
কর্ত্তব্য। বালক খানাভল্লাসী না করিরা ছাড়ে না। তাহার পিতৃবাক্যে
বিশ্বাস নাই। সে জানে পিতা ছেলেকে ফাঁকি দিবার জল্প মিথা কথা
বিশ্বাস নাই। সে লানে পিতা ছেলেকে ফাঁকি দিবার জল্প মিথা কথা
বিশ্বাস নাই। সে লানে পিতা ছেলেকে ফাঁকি দিবার জল্প মিথা কথা
বিশ্বাস নাই। সে লানে পিতা ছেলেকে ফাঁকি দিবার জল্প মিথা কথা
বিশ্বাস নাই। সে লানে পিতা ছেলেকে ফাঁকি দিবার জল্প মিথা কথা
বিশ্বাস নাই। সে লানে পিতা ছেলেকে ফাঁকি দিবার জল্প মিথা কথা
বিশ্বাস নাই। সে লানে পিতা কথা বিশ্বাস করে।

এ বে কেবল কালের প্রভাব ও সন্তানের দোব তাহা নহে। বালক দেখিতে পান্ধ লোকে সত্য কথা বলৈ না। মিথ্যা কথা বলিরা প্রতারিত করে। ভাহার পিতা যে ভাহাকে মিথ্যা কথা বলিরা প্রভারিত করিতেছে না, ইহার প্রমাণ কি ? হরত সে পিতাকে কোন কোন সমর মিথ্যা কথাও বলিতে দেখিরাছে। এইজন্ম ভাহার পিতৃবাক্যে বিশাস চলিয়া গিয়াছে।

এ বিষয়ে আমাদের অত্যন্ত সাবধান হওয়া উচিত, অভি সাবধানে সন্তানপালন করা কর্ত্তবা। হিন্দু প্রকৃতি ফিরিয়া না আসিলে আমাদের কল্যাণ নাই। একসাত্র নামই আমাদের প্রকৃতির পুরিবর্তন ঘটাইভে

■ আমাদের হিন্দুপ্রকৃতি আমাদিগকে ফিরাইয়া আনিয়া দিতে সমর্থ।
নাম আজদৃষ্টির পরিপোষক। মানুষ প্রবৃত্তির প্রোতে ভাসিয়া

চুলিরাছে। বদি আঅদূষ্টা থাকে, তবে হিতাহিত হয়; আসুরকার একটা উপার হয়।

আঅদৃষ্টির জভাব, ধর্মলাভের একটা বিষম । আঅদৃষ্টি জভাবে, মুপ্রবৃত্তির অধীন হইরা মানুষ নানা পাপাচার ধর্মের অকীভূত কর্মি লইরাছে। শাক্তসমাজের পঞ্চমকার ও বৈক্ষমসাজের প্রকৃতি গ্রহণ ইহার জল্ভ দৃষ্টাস্ত।

আমি অনেক সং-লোকের কথা জানি থাহার। নিষ্পটে বথেষ্ট 'ধর্ম-সাধন করিতেছেন কিন্তু কেবল আত্মদৃষ্টির অভাবপ্রযুক্ত ধর্মের অঙ্গীভূত পাপাচরণ পরিত্যাগ করিতে পারিতেছেন না।

নাম আজ্বৃষ্টি প্রভাস্ত প্রথন করিয়া নাধককে ধর্মপথে পরিচার্নিভ করেন। তাহাকে বিপথগামী হইতে দেন না।

নাম সদাচারের প্রবর্তক। সাধুগণের আচরণকে সদাচার বলে।
সদাচার পালন না করিলে ধর্মজীবন গঠিত হর না, মান্তবের মধ্যে উচ্চ্ লতা
আসে, ভাষাতে সালা ধর্ম নট হইরা বার। নাম মান্তবের মধ্যে সদাচার
আনম্ম করেন ও ভাষা রক্ষা করেন।

নাম সর্কানিদিদাতা। বোগপারগ ঋবিগণ অষ্টাদশ প্রকার বোগনিদ্ধির ■ কথা বর্ণন করিরাছেন। বছকাল যাবং কঠোর তপদা। ■
হংসহ কটদাধ্য বোগাভ্যাস ব্যতীত এই সকল সিদ্ধি লাভ ■ না। কিন্তু
একমাত্র নাম দারা এই সমস্ত সিদ্ধি লাভ করিরা থাকেন।

শিদ্ধরোহটাদশ প্রোক্তা ধারণাবোগপারগৈ:।
তাসামটো মংপ্রধানা দশৈব গুণহেতব:॥
অণিমা মহিষা সূর্ত্তেল্ঘিমা প্রান্তিরিক্রিটেঃ।
প্রাকাশ্যং শুভদৃষ্টের্ শক্তিপ্রেরণমীশিতা॥

সিদি সকল ভক্তিপথের অন্তরার। সিদ্ধিলাভ করিরা যোগিগ্র ভাহাতেই আথাকেন, স্তরাং তাঁহাদের ভক্তিলাভ হয় না।

ভগবদ্ধকো সিদ্ধি চাহেন না, সিদ্ধি লাভ ইইলেও তাঁহারা সিদ্ধির প্রক্রি উদাসীন থাকেন। তাঁহারা কথনও সিদ্ধি প্রদর্শন নানা। তথাপি সিদ্ধি সকল তাঁহাদিগকে পরিত্যাগ করেন না। এইজভ বৈক্ষৰ-গণ সিদ্ধি সকলকে ভক্তিদেবীর দাসী বলিয়া থাকেন।

নাম তত্ত্বের প্রকাশক। শাস্ত্রে ভিনটি তত্ত্বের উল্লেখ আছে।
বদস্তি তৎত্বিদতগুলুং বজ্জানমন্ম।
ব্লেভি পর্মান্মেভি ভগবানিভি শক্তে ॥

তত্ত্বানী পণ্ডিভগণ অবয়জ্ঞানকে, তত্ত্ব বলিয়া বর্ণুন করেন, সেই তত্ত্বকে, উপনিষদবিদ্গণ ব্রহ্ম, হিরণ্যগর্ভের উপাসকগণ প্রমাত্মাও ভল্কগণ ভগবান কহেন।

> গুণেষদক্ষো বশিতা বংকামন্তদবক্ততি। এতা মে সিদ্ধাঃ সোম্য অন্তৌ চৌংপত্তিকীম তাঃ॥ শ্রীমন্তাগবত ১১ম।

ভগবান উদ্ধৰকে বলিলেন,—বোগপারগ ঋষিগণ সিদ্ধি অষ্টাদশ প্রকার এবং ধারণাও অষ্টাদশ প্রকার কহিয়াছেন, তাহাদিগের মধ্যে আটটি আমার আপ্রিত অবশিষ্ট দশটি গুণকার্য্য।

দেহের সিদ্ধি আট প্রাক্তার—১। অণিমা; ২। মহিমা ৩। লবিমা;
৪। ইন্ত্রিরের সহিত ভিতদধিষ্ঠাতৃ-দেবতারূপে সম্বন্ধদিদ্ধি একব্যাপ্তি;
৫। শত দৃষ্ট বিবরে ভোগদর্শন সমর্থসিদ্ধি এক প্রাকাশ্ত; ৯। মারাশক্তির প্রেরমিতা-সিদ্ধি এক ঈশিতা; ৭। বিবরভোগেতে অসক এক
সিদ্ধি বশিতা; ৮। কামমার বিষয়ীতৃত স্থপ প্রাণরিতা সিদ্ধি এককাম-

এবার কিন্তু একটি নৃতন কথা গুনিলাম। সদ্পুক্ত বলিলেন ভগবৎ-তত্ত্ব অর্থাৎ রাধাক্ষণ তত্ত্বের উপরও তত্ত্ব আছে, তাহা শ্রীগৌরাল তত্ত্ব। শ্রীগৌরাল তথ্তবুর উপর আর কোন তত্ত্বনাই।

শুকুমুখে বখন এই কথা শুনিরাছিলাম, তখন ধর্ম জিনিষটা কি, স্থাহা আমি আদৌ শানিতাম না। ধর্মের তত্ত কিছুমাত্র বুবিভাম না। একারণ শীগোরাসতত্তি কি, একথা আমি খুলিয়া জিজাসা করি নাই। ভিনি বলিনে আর আমি শুনিলাম।

প্রায় ত্রিশবংসরকাল সদ্গুরুর নিকট ভগবার্বের নাম পাইয়াছি, এই ু

- ১। অণিমা—অর্থাৎ অতি স্ক্রাবস্থা। স্বীর শরীরকে স্বেচ্ছার্সারে স্ক্র করিবরে ক্ষাক্রা। এই শক্তিপ্রভাবে বোগিগণ নিজ্পরীর ইচ্ছার্স্রপ স্ক্র করিয়া সকলের অলক্ষ্যভাবে বিচরণ করেন।
 - ২। মহিমা-সীয় শরীরকে ইচ্ছাত্ররণ স্থল করিবার ক্ষমতা।
 - ৩। লখিমা---সীয় শরীরকে লঘু করিবার ক্ষমতা।
 - ৪। ব্যাপ্তি-- দেহ ইচ্ছাসুগারে বিস্তৃত করিবার ক্ষমতা।
- প্রাকাম্য—ভোগেছা পূর্ণ করিবার ক্ষমতা যোগী বাহা ইছে।
 করেন তাহাই লাভ করেন।
 - ৬। ঈশিতা-সকলের উপর প্রভূত করিবার ক্ষমতা।
 - ৭। বশিতা ভাসকলকে বশ করিবার ক্রমতা।
 - ৮। কাম-বশায়িতা--- আপনার সর্বাকামুনা পূর্ণ করিবার ক্ষমতা। গুণহেতু সিদ্ধি যথা---
 - অন্থিমবং দেহেংখিন্ দ্রপ্রবণদর্শনম্।

 মানাজবঃ কামরূপং পরকায়প্রেশনম্।

 বচ্দ্রস্তাদেবানাং সহ ক্রীড়াস্দর্শনম্।

 বথাসকলসংগিদিরাজাপ্রতিহতা গতিঃ।

 বিধাসকলসংগিদিরাজাপ্রতিহতা গতিঃ।

 স্বিধাসকলসংগিদিরাজাপ্রতিহতা গতিঃ।

 স্বিধাসকলসংগিদিরাজাপ্রতিহতা গতিঃ।

 স্বিধাসকলসংগিদিরাজাপ্রতিহতা গতিঃ।

 স্বিধাসকলসংগিদিরাজাপ্রতিহতা গতিঃ।

 স্বিধাসকলসংগিদিরাজাপ্রতিহতা গতিঃ।

 স্বিধাসকলসংগিদিরাজাপ্রতিহতা গতিঃ।

নামের কপার আমি জ্রীগোরাকতত্বত্তুকু ব্রিতে পারিয়াছি তাহা আমি আপনাদিগকে প্রথমণতে একরপ জানাইয়াছি। এখন এইমাত্র বলিতেছি; এক নাম হইতে সমস্ত তত্ত্ব লাভ হইয়া থাকে। কোন তত্ত্ব বাকি থাকে না।

নাম পঞ্চকোব-ভেদকারী। জীব পঞ্চকোষে আবদ্ধ। অৱময় কোষ, প্রাণ্ময়কোষ, মনোময়কোষ, বিজ্ঞানময় কোষ ■ জানন্দ্ময় কোষ।

সন্নমন্ধনাৰে আহাত্বে পরিভৃতি; প্রাণমরকোষে ইক্রিয়ের চাঞ্চলা; মনোমন্ধকোষে বাসনা, জলনা, কলনা; বিজ্ঞানমন্ধকাষে আমি কে, কোথা হইতে আসিরাছি, কোথার বাইব, এই সব চিস্তার উদন্ত হব; আনন্দমন্ধকোষে পার্থিব আনন্দভোগ হইরা থাকে।

এই প্ৰ্যান্ত জীবের বদ্ধাবস্থা। আজা যভক্ষণ পঞ্চকোৰে আৰদ্ধ আছে,

ত্রিকালজ্ঞবস্বন্ধং পরচিন্তাদ্যভিজ্ঞতা। অগ্নাকাদ্বিবাদীনাং প্রতিষ্টজ্যেইপরাক্ষয়:॥

শ্ৰীমন্তাগৰত ১১৷১৫৷৬

ভগবান কহিলেন, সুৎপিপাসাদি ছয়টি উস্থি অর্থাৎ দেহের বিশেষ। দেহের অনুস্থিত অর্থাৎ সুৎপিপাসাদিরাহিত্য, দূরস্থ বিশয়ের ভাবণ ও দর্শন, মনের স্থায় দেহগতি, ব্যাকাম রপপ্রাপ্তি পরকায়ে প্রবেশ।

বেছামূহা, দেবভালের সহিত ক্রীড়াকরণ সংকলনামূরণ প্রাপ্তি, অপ্রতিহত গতি ও অপ্রতিহত আজা।

আর কুদ্র সিদ্ধি পাঁচ প্রকার---

ত্রকালজন, শীভোঞ্জাদানভিভব, পরচিন্তাদাভিজ্ঞা, অগ্নি, সূর্য্য জল ও বিষাদির স্বস্তুন ও অপরাজয়। ততক্ষণ উহা জীবাজা নামে খ্যাত। এই অবস্থায় কখনও সুখ কখনও হঃখ ভোগ হইয়া থাকে।

পঞ্চলের জেন ইইলে জীবাঝা আজা নামে অভিহিত হয়। পঞ্চলাব ভেদ হইবার কোন উপায় নাই। একমাত্র ভগবানের নামেই পঞ্চলোষ ভেদ হইয়া যায়।

নাম বাসনার বিনাশকারী। পঞ্চোষ ভেদ হইলেও আত্মার বাসনা থাকে। সেই বাসনা পূর্ণ করিতে আত্মা দৈহ ধারণ করেন। কেহ স্থাদেহ ধারণ করিয়া বাসনা ভোগ করে, কেহবা আভিবাহিক দেহে বাসনা ভোগ করে।

বাসনার লয় হইলে সুলদেহের হয়। কিন্তু স্থা ও কারণদেহ থাকে। স্থাদেহ যে যে বাসনা দারা উৎপন্ন হয়, ভাহাদের লয় হইলেও কারণদেহ বর্ত্তমান থাকে। সম্ভ বাসনার একেবারে নিবৃত্তি না হইলে, কারণদেহের বিনাশ না হওগা পর্যান্ত মানুষ নিশ্চিত্ত অবস্থার পৌছে না।

ছোট বাসনা হইতে পুনরায় বাসনার আতিশব্যে জীব সুলম্ভে ধারণ অর্থাৎ জন্মগ্রহণ করে।

এই যে ত্র্রার বাসনা, ইহার নাশ হইবার কোন উপার নাই, একমাত্র ভগবানের নামে ইহা নিমুল হইয়া যায়।

ধর্ম, অর্থ, কাম, মোক্ষ এই চতুর্বর্গ নামের ফল নছে, ভগবান এই সব -দিরা ভুলাইতে চান। এই সব ভক্তির অন্তরার, একারণ ভক্তগণ ইহা প্রহণ করেন না। ইহা ভক্তের নিকট অতি ভুক্ত জিনিব।

> সালোক্যসাষ্টি সামীপ্যসাক্ষ্যিপ্যকত্মপুত । দীয়মানং ন গৃহন্তি বিনা মৎসেবনং জনা: ॥

> > শীৰম্ভাগবত (৩৷২৯৷১১)

किशिक्तिक किश्लिन, मां। महीत्र जानांत्र भागां वाजित्यक

সালোক্য, সাহি, সামীপ্যুক্ত সারপ্য এবং সাযুক্তা, এই পঞ্চবিধ মুক্তিপ্রদান করিলে গ্রহণ করেন না।

এই সকল নামাভ্যায় হইতেই লাভ হইরা থাকে। নামের ফল এসর অকিঞ্চিৎকর জিনিষ নহে। নামের ফল অনেক বেশী। নাম কৃষ্ণ প্রেমদাভা।

নামান্ত্যাদে মুক্তির কথা শান্তে পুন:পুন: লিখিত হইরাছে——

শ্রিরমাণো হরিনীম গুণন্ পুত্রোপচারিতম্।

অজামিলোহপ্যগান্ধাম কিমৃত শ্রন্ধা গুণন ॥

🕮 মন্তাগবত, ভা২ ।

অজামিল মহাপাতকী হইরাও অশ্রজাপুর্বাক ষধন পুরোগচারিত নারারণ নাম উচ্চারণ করতঃ বৈকুঠধামে গমন করিরাছিল, তথন যে ব্যক্তি শ্রজাপ্রাক্ত হরিনাম কীর্ত্তন করিবে, সে , জনারাসে বৈকুঠ বাইবে, ইহা আর কি বলিব ?

> নামৈকং যক্ত বাচি স্মরণপথগতং শ্রোত্রমূলং গতং বা শুদ্ধং বাশুদ্ধবর্ণং ব্যবহিতরহিতং তারয়ত্যের সত্যং।

> > হরিভক্তি বিলাশের ১১ বিলাশ।

ভগবানের যে কোন একটা নাম যদি, প্রসঙ্গক্রমে বাগিজিয়ে উচ্চারিত হয়, অথবা মনঃম্পর্শ করে, কিম্বা কর্ণগোচর হয়, তাহা শুদ্ধবর্ণ, বা অশুদ্ধবর্ণ অথবা বাবহিত (সঙ্কেতবিশিষ্ট) কিম্বা কোন অংশ রহিত হইলেও নিশ্চয় সকল পাপ হইতে এবং অপরাধ হইতে ও সংসার হইতে উদ্ধার করিয়া থাকেন।

নাম শান্তবিশ্বাস প্রদানকারী। বর্ত্তমান সমরে শান্তের প্রতি লোকের বিশ্বাস কমিরা গিরাছে। এইজন্ত প্রারই লোকে শান্তের কথা মানিতে চার না; কেহবা মুখে মানে বটে, কিন্তু, কার্য্যকালে শান্তবিগহিত কাজ করিয়া বসে। প্রক্রতপক্ষে শাস্তে যতক্ষণ স্থদ্দ বিশাস না জন্মার ততক্ষণ মামুষ শাস্ত্র-আজা পালন করিতে সমর্থ হয় না ।

* শাস্ত্রে বিশাস জন্মিলে, শাস্ত্র-আজ্ঞাপালন কটকর হয় না। শাস্ত্র-বিগহিত কাজ করিতে প্রাণই চায় না। শাস্ত্রমর্যাদা সজ্জন করিতে গোলে প্রাণে বড় আ্লাভ লাগে। তথন শাস্ত্র-আজ্ঞা পালন না করিয়া মামুষ্থাকিতে পারে না।

এই যে শান্তে বিখাস ইহা নাম আনম্বন করিয়া দেন।

নাম গুদ্ধাভক্তিপ্রদাতা। এক্যাত্র নাম হইতৈই গুদ্ধাভক্তির উদর হইয়াথাকে। গুদ্ধাভক্তির কথা আমি প্রথমথণ্ডে আপনীদিগকে জানাই-রাছি। ইহা সম্পূর্ণ অপ্রাকৃত অনিক্চিনীয় বস্তু। প্রকাশ করিয়া বিশ্বার নহে।

এই শুদাভক্তি ঘনীভূত হইলেই অপ্রাক্ত জীগৌরাঙ্গপ্রেম প্রকাশ পার। ইহা প্রকাশের জিনিষ নহে, সম্ভোগের জিনিষ। এ সব কথা প্রথমধণ্ডে লিপিবদ্ধ হইরাছে।

এই পৃথিবীতে যত কিছু সাধনপ্রণালী বর্ত্তমান আছে ও তাহাতে
মানুব বাহা কিছু লাভ করিতে পারে, একমাত্র নাম হইতেই তৎসমুদর
লাভ হইয়া থাকে।

বাঁহাকে লাভ করিলে মাইবের আর কিছুই অলভ্য থাকে না, এই নাম হইতে সেই হল্ল ভ হইতে সহল্ল ভ পুরাণ পুরুষ আর্থাৎ নামী লাভ হইয়া পাকে।

স্থারশ্মি অবলম্বন করিয়া কেহ ধেমন স্থালোকে গমন করিতে পারে না, বৃষ্টির বারিধারা অবলম্বন করিয়া কেহ ধেমন আকাশে উঠিতে পারে ন, তেমনি কেবল পুরুষকার বলে কেহ ভগবানকে লাভ করিতে পারে আমি একটা কীটাসুকীট মাত্র। আমি নামের মহিমা কি বর্ণনা করিব ? অনস্তদেব অনস্তমুখে অনস্তকাল পর্য্যস্ত নামের মহিমা বর্ণন করিলেও শেষ করিতে পারেন না। আমার নামমহিমা বর্ণনা করিছে যাওয়া ধৃষ্ঠভামাত্র।

বাঁহারা নামের মহিম। হাদরক্ষম করিতে ইচ্ছা করেন, তাঁহারা ধেন নামের আশ্রম লয়েন। নাম কুপা করিরা আজ্ঞাকাশ না করিলে, নামের মহিমা হাদরক্ষম হয় না।

কথার স্কা বড়ই কম। শুনা কথা জ্বরপাশী হর না। লোকেও সক্র কথা বিশাস করিরা উঠিতে পারে না। এইজন্ম বলি-তেছি আপনারা নামের আশ্রয় লউন, নাম নিজেই আত্মপ্রকাশ করিবেন। তথ্য সকল ধানা মিটিয়া যাইবে।

আমি নামের নিকট বস্থ অপরাধে অপরাধী। তথাপি তিনি যে আমাকে আপন আশ্রয়াধীনে লইয়াছেন ইহাতে তাঁহার অপার করুণাই প্রকাশ পাইয়াছে।

আমি খোর পাতকী, আমার হৃদয় অত্যস্ত কল্যিত, কেবল আত্মগুরির জন্ম অদ্য আমি নামসায়েরের অতলজলের কণামাত্র স্পর্শ করিলাম।

আপনারা আশীর্কাদ করন আমি বেন নামের মহিমা কিছু কিছু স্বাস্থ্য করিতে সমর্থ হই এবং নামের উপযুক্ত মর্য্যাদা দিতে সমর্থ হই। আপনাদের চরণে আমার কোটা কোটা নমস্কার।

ষষ্ঠ পরিচেছদ কর্মকযু

কর্ম করা মাহুধের স্বভাব। মাহুদ কর্ম না করিয়া থাকিতে পারে না। যাহারা জড়, বিকলাঙ্গ, কর্ম করিবার শক্তিহীন, তাহারাও মনে মনে নানা কর্ম করিয়া থাকে। মানুষ নিদ্রিত অবস্থাতেও কর্ম করে।
স্বৃপ্তির সময় টের পাওয়া ষায় না বটে কিন্তু স্থাবস্থাতে বেশ টের পাওয়া
যার। কর্ম করিব না, বলিয়া চুপ করিয়া থাকা অসম্ভব; কারণ প্রকৃতি
তাহাকে কর্ম করিতে বাধ্য করিবে। এখানে ভাহার স্বাধীনতা নাই।

ৰাহার যে রূপ অধিকার ভাহার সেইরূপ কর্মকরা কর্তব্য। বালকের কর্ত্তব্য বিভাধ্যরন, শিক্ষকের কর্তব্য অধ্যাপনা, রাজার কর্তব্য প্রজাপা-লন, যোজার কর্তব্য যুদ্ধ করা, নারীর কর্তব্য গৃহক্ম পতিলেবা ইভ্যাদি ইভ্যাদি।

যে কার্য্যে বাহার অধিকার নাই, সে কার্য্য করা তাহার করে।
কার্য্য ভালই হউক আর মন্দই হউক, অধিকার অমুসারে কাষ করাই
কর্ত্ব্য। অমধিকারীর কাষ কথনও স্থচাক্তরপে নির্বাহ হয় না; সে
অষ্টাচারী হইরা পড়ে। আর্য্য ঋষিগণ এ সকল তত্ত্ব ভাল রূপ ব্ঝিতেন,
একারণ তাহারা অধিকার-অমুসারে কাষ করিবার ব্যবস্থা দিয়াছেন।

পাশ্চাত্য জাতিগণের অধিকারজ্ঞান নাই, তাঁহারা স্বাধীনতার পক্ষ-পাতী, স্বেচ্ছাস্থ্যারে চলিতে চান। স্ত্রীপুরুষ উভরই মানুষ বটেন, কিন্তু বিভিন্ন উপাদানে গঠিত। ভগবান পুরুষহৃদ্ধে পুরুষোচিত ও স্ত্রীহৃদ্রে জী-উচিত বৃত্তি দিয়া নির্দ্মাণ করিয়াছেন। উভয়ের শরীরের গঠনও বিভিন্ন।

পাশ্চাত্য জাতীর নারীগণ এসব ব্ঝেন না। তাঁহারা এখন আপনাদের কর্ম পরিত্যাগ করিয়। পুরুবজাতির কর্মসকল গ্রহণ করিতে উন্মত হইরাছেন। তাঁহারা পতিসেবা সস্তানপালন, গৃহকর্ম করিতে রাজি নন,
এখন তাঁহারা সেহ, মমতা, দয়া, দাকিণ্য পরিত্যাগ করিয়া যুদ্ধ করিবার
জন্ম কামান বন্দুক হাতে লইতে উন্মত হইয়াছেন : রাজনৈতিক আন্দোল

অশান্তি উপস্থিত করিতেছেন। এ সমস্ত প্রকৃতির বিকৃতি; ইহা কর্ণাচ কল্যাণকর নহে। ইহার ফল বিষমর জানিবেন।

কুরুক্তে-যুদ্ধে উভয়পকীয় রাজগণ সলৈত্তে রণকেত্রে সমাগত হইলে অর্জুন মহাশয় দেখিলেন উভয়পকীয় দৈল্যমধ্যে পিতৃবাগণ, আচার্য্যগণ, মাতৃলগণ, প্রগণ, পৌত্রগণ, অন্তর্গণ, মিত্রগণ এবং আর আরু আত্মীয় কলন বনুবান্দ্রগণ বৃদ্ধার্থে উপস্থিত হইয়াছেন। ভাঁহায়া সকলেই এই বৃদ্ধে নিধনপ্রাপ্ত হইবেন।

ইছ সংসারে বাহাদিগকে লইয়া সুথ, সেই সকল আত্মীয়স্থলন ও বৃদ্ধু-বান্ধবের বিনাণ-চিস্তার অর্জুন মহাশরের মোহ উপস্থিত হইল। তিনি ভগবান শ্রীকৃষ্ণকে সম্বোধন করিয়া বলিলেন—

হৈ রক। হে মধুস্দন! আজীর অজনের বিনাশচিস্তার আমি আর স্থিম থাকিতে পারিতেছি না। আমার সর্থানরীর বিকলিও ছই-তেছে, বুকটা বেন ভাজিয়া যাইতেছে, গাঙীব থাসরা পড়িতেছে। আজীর জনকে বিনাশ করিয়া রাজার্ম্থ ভোগ করিতে ইচ্ছা করি না। ভূমি করিও, আমি কলাচ বৃদ্ধ করিব না।

ভগবান জীকৃষ্ণ অর্জুনের প্রকৃতি বেশ ব্রিতেন। অর্জুন রাজকুরে করিবংশে জনপ্রকণ করিরাছেন। করির-প্রকৃতি তাঁহার মধ্যে ধর্মান্ন রিরাছে। দরা, কনা, বৈরাগ্য প্রভৃতি ব্রাক্ষণোচিত প্রকৃতি ক্রিয়ের নহে। এই যে বৃদ্ধে নির্বেদ উপস্থিত হইয়াছে, ইহা স্থানী জিনিব নহে, ইহা একটা শাশানবৈরাগ্য মাত্র।

এখন ধ্দের সমন্ত আরোজন ঠিক হইরাছে। যুদ্ধ হইলে

রাজগণ দেশে ফিরিয়া বাইবেন। তথন আর্জুন বনচারী হইরাও স্থির
থাকিতে পারিবেনা। ক্ষতিরভেজ ওক্ষতিরপ্রকৃতি তাহাতে বর্তমান রহিয়াছে,
দ্রোপদীর এক কোঁটা চক্ষের জল

লাত্গণের বিরস বদন দেখিকেই

চদিন পরে অর্জন গাভীবহস্তে সুদার্থে চুটিরা আসিবেন। তথন এই স্থযোগ থাকিবে না, তাঁহাকে বুদ্ধে পরাজিত, অন্তাপানলে দ্বীভূত ও বিপদগ্রস্ত হইতে হইবে। ভগৰান এই বুঝিয়া মোহপ্রাপ্ত অর্জুনকে বলিলেন।

"স্বধর্মে নিধনং শ্রেমঃ পরধর্মো ভয়াবহ" নিজের ধর্মে মৃত্যু হয় সেও ভাল, পরের ধর্ম ভয়াবহ জানিবে। অর্জুন ক্ষত্রিয়, তাঁহাকে ক্ষত্রিয়োচিত যুদ্ধে ব্যাপ্ত হইতেই উৎসাহিত

ক্রিলেন।

বে ব্যক্তি অধিকার বুঝিয়া সোজা পথে চলে, এক্সে নাই হউক, পর-জম্মে নিশ্চয়ই সে একটা স্থপথ পাইবে। বে ব্যক্তি বাঁকা পথে চলে, যে ব্যক্তি কপটাচারী তাহাকে বহু ছর্ভোগ ভোগ করিতে ইইবে। বহু-জমেও সে স্থপথ পাইবে না।

এখন দেখিতে পাই, অনেক ধ্র্তলোক সাধুর বেশ ধারণ করিয়া সাধু
সাজিয়া, অরব্দি লোকগণকে ম্থ করিয়া আপনাদের স্বার্থ সাধন' করিয়া
বেড়াইতেছে। এই সকল লোক প্রতারক। কপটাচারী ব্যক্তিগণের কোন
কালেও উদ্ধার নাই। ভগবানের রাজ্যে কাহারও ফাঁকি, দমবানি খাটে
না। এই সকল লোকের নিকট ভাহা কড়ায় গণ্ডায় নিশ্চয় আদায়
হইবে জানিবেন।

ষদিও প্রকৃতি-অনুসারে সরলভাবে সকলেরই পোজাপথে চলা কর্ত্তবা, তথাপি ধে কর্মে মার্কুষের কল্যাণ হয় ও মনুষত্ব জন্মে,সেই কাষ করিতে ষত্র-বান হওয়া উচিত। পুরুষকার একটা সাধন, ইহা ফেলিবার জিনিষ নয়। ভগবান আমাদিগকে বুদ্ধি দিয়াছেন, হিতাহিত জ্ঞান দিয়াছেন, আমাদের একটা স্বাধীনতা আছে, এমত অবস্থায় কর্ত্তব্যাকর্ত্তব্য বুবে চলাই উচিত। প্রবৃত্তির প্রোভে সা ঢালিরা দিয়া ভাসিয়া চলা উচিৎ নয়।

সাধারণত মাত্রৰ আপন হিতাহিত ব্বে না এমত নহে, কেবল অপরাধ ও হপ্পর্ক্তি তাহাকে সৎপথে চলিতে দের না। এমত অবস্থার প্রবৃত্তির সহিত সাধ্যমত সংগ্রাম করা কর্ত্ব্য।

বে ব্যক্তি রূপণ, যাহার মধ্যে অর্থাসক্তি অতাস্ত প্রবল, তাহার দানকার্য্যে ব্রতী হওয়া উচিত। সামান্য দান করিতে তাহার অত্যস্ত ক্লেশ

হইবে, হারমতন্ত্রী ছিঁড়িয়া বাইবে সভা, তথাপি খোর অনিছা সম্পেও চোক্ষ
কান বুঁজিয়া যদি কিছু কিছু দান করিতে পারে, তাহা হইলে ক্রমে ক্রমে
ভাহার অর্থাসক্তি নই হইয়া যাইবে, হাররের সঙ্কীর্ণতা দূর হইবে। নত্বা
ক্রমশই অর্থাসক্তি বাজিয়া বাইবে, হারম অধিকতর সঙ্কীর্ণ হইতে
থাকিবে।

বে ব্যক্তি অভিমানী ভাহার পক্ষে জীবের ও মহুষ্যের সেবা করা কর্ত্তব্য। সেবা করিতে পারিলে ক্রমে ক্রমে ভাহার অভিমান দূর হইবে। নতুবা অভিমান ক্রমশঃই পরিবর্দ্ধিত হইতে থাকিবে।

বে ব্যক্তি উৎপথগামী ভাহার শাস্ত্রপাঠ ও সংসঙ্গ করা কর্ত্তব্য। এই রূপ করিতে পারিলে সে সংযত হইতে পারিবে।

বে ব্যক্তি কোধী, কোধের উদীপনা হইবামাত্র তাহার স্থান ভ্যাগ করা কর্ত্তব্য। এইরূপ, বাহার পক্ষে যাহা কল্যাগকর, তাহার সেই কাজ করা কর্ত্তব্য।

ভগবান মন্ত্র হৃদরে সাধুর্ত্তি সকলের বীক্ষ বপন করিয়া রাখিয়া-ছেন। উপস্ক রূপ সেক আল পাইলেই উহারা:অন্ধ্রিত আপরিবর্দ্ধিত হুইবে। সেক কল না পাইলে উহারা ভকাইয়া যাইতে থাকিবে।

কর্ম ভাণই হউক আর মন্দই হউক, কর্মা করিলেই মানুষকে কর্ম-করে জড়িত হইতে হইবে। শাস্তামুমোদিত গুড় কর্ম করিলে ভাহার ফল স্বরূপ স্বর্গাদি ভোগ করিতে হইবে। ভোগাব্দানে আবার জন্ম ্রাহণ করিয়া কর্মে প্রবৃত্ত হইতে হইবে। কুকর্ম করিলে নরক মন্ত্রণা ভোগের পর মানুষ ইতর প্রাণীতে জন্মগ্রহণ করিয়া হৃষ্ণতির হর্জোগ ভোগ করিতে থাকিবে।

কর্মান্য ভোগের জন্য মান্তবের বে প্নঃপুনঃ পতাগতি ইহারই নাম কর্মান্ত । আজ মান্য একটা কাজ করিল, ইহার ফলখন্তপ হর্ত ভাহাকে দশটা কাজ করিতে হইবে, আবার এই বে দশটা কাজ করিবে ইহার কলখন্তপ হর্ত ভাহাকে পাঁচিশটা কাজ করিতে হইবে। এইরূপ মান্তব্যতই কাজ করিবে, তত্তই কর্মান্ত বাড়িয়া বাইবে, এবং ভাহাকে দৃঢ় হইতে অন্ট বন্ধনে আবদ্ধ হইতে হইবে। কর্মেরও শের নাই, স্থ্য ছংশ ইত্যাদি কর্মান্ত ভোগের জন্ত প্নঃপুনঃ বাভারাতেরও বিরাম নাই। মান্তব্য অববদ্ধনে আবদ্ধ।

কর্ম তিবিধ। তিরমান, সঞ্চিত ও প্রারক। বে কর্ম করিয়া বাইতেছি, ইন ক্রিয়মান কর্ম। কর্মের ফলস্বরূপ ভবিস্তুৎ বাহা আমাকে করিতে করেব তাহা সঞ্চিত, স্থার সঞ্চিত কর্মের বে অংশটুকু ফলোকুথী হইরাছে ও বাহা ভোগ করিবার জন্ম ক্রেয় ধারণ হইয়াছে তাহাকে প্রারক্ষ কর্ম কহে।

মাসুৰ ক্মাগ্ৰহণ করিয়া স্থ ইচ্ছায় নৃতন কর্মা করে, আর বাহা প্রায়দ্ধ কর্মা, ভাহা ভাহাকে করিতেই হয়। ভোগ ব্যাভিরেকে এই কর্মা এড়াইবার উপার নাই।

কর্মের মধ্যে কোনটি নৃত্তন আর কোনটি প্রারদ্ধ এইটি ঠিক করিতে হইলে, যে কর্ম আমি স্বেচ্ছার করি; যাহা করিলেও করিতে পারি, আর না করিলেও না করিতে পারি, তাহাই আমার নৃত্তন কর্ম। যাহা করিতে আদৌ ইচ্ছা নাই অথচ না করিয়া থাকিতে পারি না, তাহাই আমার প্রারদ্ধ কর্ম। একজন ব্যক্তিচারী বেশ জানে যে, ব্যক্তিচার করা অভ্যন্ত ত্যনীর।
ব্যক্তিচার করিলে শরীর নষ্ট হয়, আয়্ ব্যক্তিচার করিলে হয়, জনসমাজে
নিন্দনীর হইতে হয়, পারিবারিক অশান্তি উপস্থিত হয়। এসব জানিয়াও সে
ব্যক্তিচারে লিপ্ত হয়। কিছুতেই ব্যক্তিচার করিব না মনে করিয়াও সে
ব্যক্তিচার হইতে কান্ত হইতে পারে না। ভাহার শরীর এননি উপাদানে
গঠিত যে সংযতেজ্রির হইরা থাকা ভাহার পক্ষে অসম্ভব। সে হাজার
চেষ্টা করিয়াও আত্মসম্বরণ করিতে অসম্বর্থ। এই স্থানে ব্রিভে হইবে এই
যে ব্যক্তিচার কার্যা, ইহা ভাহার প্রারক্ষ কর্মের ফলভোগ।

কর্ম করিলেই কর্মানল ভোগ করিতে হইবে, ডজ্জন্ত পুনঃ পুনঃ জ্বা মরণরূপ বাাধিগ্রন্থ হইতে হইবে এই আশক্ষার কাহারও কর্ম পরিত্যাগ করা কর্জব্য নয়।

কর্মকরের পূর্বে যাহারা ইচ্ছাপূর্বাক কর্মত্যাগ করে তাহাদের সঞ্চিত কর্ম থাকিয়া যায়। ভোগাভাবে কর্মকর না হওরার পুনঃ পুনঃ ক্সমর্ণ-রূপ বিপদগ্রস্থ হইরা অপেষ যন্ত্রণা ভোগ করিতে হয়।

বাহারা আলভ্রপরবশ হইরা কর্ম পরিত্যাগ করে ভাহাদের মত হত-ভাগা জীব আর নাই, তাহাদের জীবন ভারবহ। অতিরেশে ভাহারা দিন বামিনী ক্ষেপন করে। ধনীর সম্ভানগণ মধ্যে কেহ কেহ বুণা সময় কাটাইবার জন্ম স্বার্থপর তোষামদকারিগণের চাটুবাক্যে চিন্তবিনোদনের প্রেরাসী হয়, কথনও বা নেশা করিয়া আপনাকে বিস্থৃতিসাগরে তুবাইয়া রাথে। তাহাদের স্বান্থা জচীরে ভগ্ন হইয়া পড়ে, এ কারণ তাহারা অকাণে

কাজ না করিলে সমাজ রক্ষা আনা, সংসারযাত্রা নির্বাহ হয় না, নানা বিপদ উপস্থিত হয়, এ কারণ সকলেরই কর্ম করা কর্ম্বরী।

মহাত্মাগণের যদিও কোন কাষের প্রয়োজন নাই:তথাপি সুমাজ ■

সংসার রক্ষার অস্থ্র তাঁহারা কর্ম করিয়া থাকেন। তাঁহারা কাষ না করিলে তাঁহাদের দেখাদেখি অপরে কাষ করিবে না, জনসমাজকে কু-দৃষ্টাস্ত দেখান হইবে এই আশক্ষায় তাঁহারা প্রচুর কর্ম করিয়া থাকেন। কর্মশেষ হইয়া গোলেও তাঁহারা কর্ম করিছে বিরত হন না।

কর্ম থাকিতে কাহার ও কর্ম-সন্ন্যাস গ্রহণ করা কর্তব্য নর। উহা সর্কবিধ অনর্থের মূল।

কর্ম করিয়া যাহাতে কর্মপাশে আবদ্ধ হইতে না হয় এই ■ শাস্ত্রে নিদাম কর্মের ব্যবস্থা হইয়াছে।

একমাত্র ভগবান কর্তা, মামুব উপলক্ষমাত্র, ভগবান বন্ত্রী মামুব বন্ত্র
মাত্র। তিনি যখন যে ভাবে পরিচালিত করিতেছেন মামুধ সেই ভাবেই
পরিচালিত হইতেছে। মামুবের নিজের কোন বাসনা নাই, কামনা নাই,
আই নাই, পরাজয় নাই, নিজা নাই, প্রতিষ্ঠা নাই, লাজ নাই, কতি নাই,
এইরূপ মনে করিয়া কাজ করাকে নিজাম কর্ম করা বলে। নিজাম কর্ম
করিলে মামুবীকৈ কর্মপাশে আবদ্ধ হইতে হর না।

নিষ্ম কর্ম গুনিতেই ভাল, কিন্ত শইহার অনুষ্ঠান কি সম্ভবপর ? মানুষ স্মার্থের দাস, বাসনা কামনা ও প্রবৃত্তি সকল তাহাকে যে ভাবে পরিচালিত করিতেছে, মানুষ সেই ভাবেই পরিচালিত হইতেছে। তাহার স্মাধীনতা কোণায় ? সে কি প্রকারে নিষ্কাম কর্ম করিতে সমর্থ হইবে ?

কৃষ্ণার্জুন নরনারায়ণ ভূতার হরণ জন্ত তাঁহারা ধরাধামে অবতীর্ণ।
ভগবান শ্রীকৃষ্ণ অর্জুন মহাশয়কে কামনারহিত হইয়া যুদ্ধ করিবার জন্ত শ্রীমুখে উপদেশ দিলেন। কিন্তু অর্জুন মহাশয় ভাহাতে সমর্থ হইলেন বৃদ্ধের অমুষ্ঠান করিয়াছিলেন, পুত্র অভিনত্তা বৃহত ভেদ করিয়া বৃহ মধ্যে প্রবিষ্ঠ হইয়া মহাযুদ্ধ আরম্ভ করিয়াছিলেন, জয়দ্রথ রাহ্মার রক্ষায় নিযুক্ত থাকিয়া পাওৰপক্ষীয় কোন বীরকেই বৃহহ মধ্যে প্রবেশ করিতে দের নাই, অভিমন্তাকে একাকী পাইয়া সপ্তর্থী মিলিয়া ভাহাকে অক্সায় য়ুদ্ধে নিহত করিয়াছে, ভখনই ভিনি ক্রোধার হইয়া প্রভিজ্ঞা করিয়া বলিলান, "আগামী কল্য হয় আমি জয়দ্রথকে নিপাত করিব, নতুবা আল্মহত্যা করিব।"

কর্ণপর্কে মহারাজ বুধিন্তির কর্ণ-বাপে ক্ষত বিক্ষত, পরাজিত
শানিত হইয়া শিবিরে অবস্থিতি করিতেছিলেন। দিবসের যুদ্ধ শেব হইলে

যথন অজ্পুন বৃধিন্তিরকে দেখিতে আসিলেন তথন সর্পাহত রাজা ভাতাকে

জিজ্ঞাসা করিলেন, "হুরাত্মা কর্ণকে নিপাৎ করিয়া আসিয়াছ ত ?" অর্জুন

এ সব ব্যাপার কিছু ফানিতেন না, তিনি উত্তর করিলেন, "না"।

তথন ক্ষু মহারাজ অর্জুনকে ভিরন্ধার করিয়া বলিলেন, "তুমি র্থা গাঞীৰ ধারণ করিয়াছ। তোমার বীরত্বে ধিক।"

্র অর্জুন পরম ভাতৃভক্ত। তিনি কথনও বৃধিষ্টিরের অবাধ্য হন নাই, প্রাতার নিকট কথনও ঔদ্ধত্য প্রকাশ করেন নাই। আজ কিন্তু ক্ষতির বীর অর্জুনের বীরত্বের নিন্দা সহা হইল না, তিনি হতজান হইরা জোধাদ হইরা নিদ্ধায়িত অসি হত্তে রাজা বৃধিষ্টিরকে কাটিতে উন্নত হইলেন। ভগবান শ্রীকৃষ্ণ নিবারণ করিলেন।

তাই বলিতেছি নিকাম কর্ম করা কি সোজা কথা! বে
মহাত্মার কর্ম শেব হইয়াছে, বাঁহারা মারাশক্তি দারা পরিচালিত নহেন
কেবল তাঁহারাই নিকাম কর্ম করিতে সমর্থ। মহাত্মারা কর্ম করেন বটে
কিন্তু নিকাম ভাবেই কর্ম করিয়া পাকেন। অস্তের পক্ষে ইহা অসম্ভব।
তাই বলিতেছি, কথা গুলি গুনিতেই ভাল, কাষের কিছু নহে।

'কর্মান্ত আবদ্ধ হইতে না হয় ডজ্জু শাস্ত্রে আর একটি উপায় অবলম্বনের কথা আছে। সেইটি ভগবানে কর্মার্গণ। ভগবান শ্রীমুখে অর্জুনকে বলিয়াছেন—

বং করোবি যদশাসি যজুহোবি দদাসি যং। বত্তপশ্রসি কৌত্তের তং কুরুব নদর্শণম্॥

হে কৃত্তী-নন্দন! ভুমি বাহা কর, বাহা আহার কর, বাহা হোম কর, বাহা দান কর এবং যে তপজা কর, তৎ সমস্তই আমাতে (ক্রীকৃষ্ণে)

একথাটিও বেশ কথা, কর্মফল ভোগ এড়াইবার উপায় বটে। একারণ প্রত্যেক কর্মান্ত্রানের পর শান্তকারগণ কর্মকর্তাকে একটি । উচ্চারণের ব্যবস্থা দিরাছেন। কর্মকর্তাকে বলিতে হয়—

"এতৎ কশ্ব ফলং যজেশবার শ্রীক্ষার অর্গণমস্ত্র"

এই কথের বাবতীর ফল সর্বায়জের ঈশ্বর ভগবান শ্রীকৃষ্ণে অপিত হউক। ভোতা পাথীর ভারে মুখে একটি তি উচ্চারণ করিলে কি কর্ম পাশ হইতে অবাহিতি পাওয়া বার? কত্ম কর্তা কর্মানুষ্ঠানের পূর্বে একটা না একটা কামনা দ্বারার পরিচালিত হইয়া কত্মে প্রবৃত্ত হইয়াছে। কর্ম কল ভোগ বাসনা ভাহার অন্তরে বলবতী, হইয়া রহিয়াছে। এমত অবস্থার মুখে একট্ন মন্ত্র উচ্চারণ করিলে কি হইবে?

মন্ত্র উচ্চারণ কেবল পুরোহিতের আজ্ঞা পালন, শালের মর্ব্যাদা রক্ষা, আর মনকে জাথি ঠারা। ফলত ইহাতে কশ্মবিদ্ধন হইতে পরিত্রাণ পাওয়া যায় না।

যুদ্ধে প্রবৃত্ত করাইবার জন্ম ভগবান, অর্জুন মহাশরকে উপদেশ দিলেন। সাংখ্যবোগ, কম যোগ, জানযোগ, ভজিযোগ, সন্ন্যাসযোগ ইত্যাদি বাবতীয় বোগু-তত্ত্বের কথা বলিলেন, সর্বাশেষে কিন্তু বলিলেন অক্তিন ব এদব কিছুই নহে তুমি সকল ধন্ম পরিত্যাগ করিত্রা আমার পরগাপর হও।

> সর্বধর্ষান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং অং সর্বপাপেভ্যো মোক্ষবিব্যামি মা

আমি তোমাকে বে সকল ধর্মের কথা বলিলান, তৎসমুদর পরিত্যাগ করিয়া তুমি আমার শরণাপল হও, আমি তোমাকে সর্ব্ধ পাপ ইইতে বিমূক্ত করিব।

ভগৰান শ্ৰীমুখে একথা অৰ্জুনকে বলিলেন বটে, কিন্তু অৰ্জুন মহাশয় কি ইহা প্ৰতিপাশন করিতে সমৰ্থ হইশেন ?

যে সময় ভগবান অর্জুনকে এই কথা বলিলেন, সেই সময় বলি পাঙীক থানা ভালিয়া ফেলিয়া যুদ্ধে নিবৃত্ত হইয়া অর্জুন মহাশম একান্তভাবে ভগবানের শরণাপন্ন হইতে পারিতেন, ভাহা হইলে তাঁহার উপদেশ পালন করা হইত। কিন্তু ভগবানের উপদেশে অর্জুনের মধ্যে বিচারবৃদ্ধি উপ-ন্থিত হইরাছিল। ভিনি দেখিলেন একান্তভাবে ভগবানের শরণাপন্ন হইবার অধিকার তাঁহার নাই। ক্ষত্রিরপ্রকৃতি ভাহার মধ্যে বর্তমান, একারণ তিনি যুদ্ধেই প্রবৃত্ত হইলেন।

অর্জুনের জার বাক্তি যাহা প্রতিপালন করিতে অসমর্থ আক্তুত মাতুর তাহা কি প্রকারে পালন করিবে গ্

শীমরহাপ্রভুর নামধর্ষে এ সব বিপদ নাই। সদ্গুকর নিকট নাম পাইবামাত্র, জীবের কর্মবন্ধন ছিল হইলা ধাল। ক্রিয়মান কর্মের আ তাহাকে কর্মপ্রত্যে জড়িত হইতে হল না। সঞ্চিত কর্মপ্র নষ্ট হইলা কাল, কেবলমাত্র দাধককে প্রারদ্ধ কর্মতোগ করিতে হল।

"প্রারদ্ধ কর্মানাং ভোগাদেব কয়: ৷" ভোগ ব্যতিরেকে প্রারদ্ধ

কর্মের হয় না। কিন্তু নামের এমনি মহিমা যে নাম করিতে পারিলে এক মাত্র নাম দারায় এই প্রারক্ষ কর্মা ক্ষর হইয়া যায়।

প্রারক্ষ কর্ম বড় শক্ত জিনিস, ইহা সাধককে নাম করিতে দেয় না, বড়ই বাধা উপস্থিত করে, হৃদরে শুক্ষতা আনিয়া দেয়। এজন্ত নাম লইয়া কর্মকে পরিত্যাগ করা কর্ত্তব্য নয়। নাম ও কর্ম উভরই প্রাণপণে করা চাই। এইরূপ করিলে কর্ম নামের সহার হন। সাধকের প্রাণ সরস প্লাকে, নাম করা সহজ হয়। শীল প্রারক্ষ কর্ম শেষ হইয়া কর্ম ক্ষম হইয়া যায়।

সদ্গুরু দীকা দিবার সময় বলিয়াছেন "ভোমাদের পথ জলস্ত হতা-শনের মধ্য দিয়া, ভোমাদিগকে পুড়িয়া ছারথার হইতে হইবে। সাবধান, ভাছিনে বামে না তাকাইয়া ধৈর্যাবলম্বন পূর্বক গ্রুব্য পথে চলিয়া হাইবে, সময়ে নিশ্চরই শান্তিলাভ করিবে।"

কথাগুলি বর্ণে বর্ণে সতা। আমি ইহার ব্থেষ্ট প্রমাণ-পাইরাছি।
আমার উপর দিয়া বহু পরীক্ষা হইয়া গিয়াছে। 'মহা পাতকীর জীবনে
সদ্গুরুর দীলা' নামক পুস্তকে এবং 'সন্গুরুও সাধনতবু' নামক গ্রন্থে
, ভাহার কিছু কিছু বর্ণনা করিয়াছি। সকল কথা প্রকাশ করা সম্ভবপর
নহে।

এই বিপদ কালে একমাত্র নামই অ্যাচিতভাবে আমার নিকট থাকিয়া সামার সহায় হইয়া আমার জীবন রক্ষা করিয়াছেন। তিনি সহায় না হইলে আমার যে প্রাণ রক্ষা হইত, ইহা আমার বোধ হয় না।

আমি শাস্ত্র সাধুমূথে গুনিয়াছি। নাম সহায় থাকিলে কেহই তাহার অনিষ্ট করিতে পারে না। অত্যের কথা দূরে থাকুক ভগবান স্বয়ং

এখন কথা হইতেছে মানুষের যে প্রারক্ত কর্ম শেষ:হইল, ইছা কি প্রকারে ব্যা যাইবে।

প্রারক্ষ কর্ম কর হইলেই অনর্থের নিবৃত্তি হইবে, আর কর্মে নির্থেদ উপস্থিত হইবে। অনর্থের * নিবৃত্তি, ও কর্মে নির্বেদ প্রারক্ষ কর্ম ক্ষরের প্রমাণ কানিবে।

প্রারম্ভ কর্ম কর হইকেও সাধুগণ একেবারে কর্ম তাগে করেন না।
কর্ম ত্যাপ করিলে জনসমাজকে কুদ্ধীন্ত দেখান হয়, কেবল এই
তাহারা কর্ম করিয়া থাকেন। শাস্ত্রে লিখিত হইয়াছে—

যদ্যদাচরতি শ্রেষ্ঠস্ততদেবৈতরো জন:। স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদমূবর্ততে॥

মহাত্মাগণ যেরূপ আচরণ এবং যেরূপ প্রমাণ প্রদর্শন করেন, প্রাকৃত্ত লোকে ভাহারাই অনুগামী হইয়া থাকে।

কেবল লোকরকার জন্ত মহাত্মাগণ কর্মা করিয়া থাকৈন— মাহার নিজা শৌচ প্রস্রাব যেক্ষা দেহ স্বভাবে হয়, তাঁছাদের কন্ম ও তজেপ হইয়া থাকে। ফলত কম্মে তাঁহাদের কোনরূপ অভিনিবেশ থাকে না।

কর্মকরের সঙ্গে সঙ্গে ভগবানে রতি জ্যো। নাম করিতে করিতে ইল ক্রমশ প্রেমে পরিণত হইয়া মানুষকে ক্যের বাহির করিয়া দেয়। তথন মানুষের ভারার আরি কোন সংসারের কর্ম হইবার উপায় থাকে না। ভগবংপ্রেম-সাগরের অতল জ্লে ভ্বিয়া যায়।

আমি এজীবনে বহু তঃধ বন্ত্রণা ভোগ করিয়াছি। আমার উপর দিয়া বিষম পরীকা গিয়াছে। আপনারা আশীর্কাদ করুন আর বেন আমাকে কম্মবিদ্ধনে আবদ্ধ হইতে না হয়।- আপনাদের চরণে আমার কোটি কেটি প্রণাম।

^{💮 *} ভন্ধনের যাহাকিছু বিল্লকর ভাহাই অনর্থ জানিবেন 🐇

পঞ্চম অধ্যায়

প্রথম পরিচ্ছেদ

গ্রন্থক)রের নিধেদন।

আমি ভক্ত বৈক্ষৰ বংশে জনা গ্ৰহণ করিরাছি। বৈক্ষর ধর্ম আমার কুলধর্ম। পাশ্চাতা শিক্ষার স্বাধীন চিন্তার বশবর্জী হইরা আমি বৌবনে বৈক্ষম ধর্ম পরিস্তাাগ করিয়া নবীন প্রাক্ষধর্মে বিশ্বাস স্থাপন করিয়াছিলাম। ব্রাক্ষদিগের সহবাসে থাকিয়া আমি সনাতন হিন্দুধর্মের ঘোর বিক্ষেই হইয়া উরিয়াছিলাম। সাধু, শাস্ত্র, গুরু, এবং দেবতাসকল আমার নিকট স্থাতিত ইয়াছিল, অধিক কি বলিব আমি একজন দ্বিতীয় কালাপাহাত হইয়া উরিয়াছিলাম।

কুপার পাত্রাপাত্র বিচার নাই। আমার তুর্গতি দেখিরা সদ্গুরু কুপাপরবশ হইয়া নিজ পদপ্রান্তে লইয়া যাইবার জন্ত জনোকিক কৌশলজাল
বিস্তার করিলেন। * আমি তাঁহার জালে পড়িলাম। তিনি আমাকে
তাঁহার নিজ পদপ্রান্তে টানিয়া লইয়া গেলেন, এবং আমার অনিজ্ঞা সন্তেও
আমাকে ভগবানের অমৃতময় নাম প্রদান করিলেন। আমার মৃতদেহে
মৃত সঞ্জীবনী ছড়াইয়া দিলেন। আমি জীবন পাইলাম্, গুরুত্বপা ও নামের
শক্তিতে ক্রমে বৈকাব ধর্মের মহিমা আমার ছদরক্ষম হইল। আমি নিজেই
মৃগ্র হইয়া পড়িলাম।

বৈষ্ণব ধর্ম পৃথিবীর সার ধর্ম। ইহার উপর আর ধর্ম নাই। এই বৈষ্ণবধ্ম বাতীত ত্রিতাপদগ্ধ জীবের জুড়াইবার আর স্থান নাই। সংসার

^{* &}quot;মহাপাতকীর জীবনে সদ্ভরুর লীলা" নামক পুশুক দুইবা।

মরুভূমে এই ধর্মই এক মাত্র মন্যাকিনী। ইহার স্থীতল সলিলে শবগাহন করিয়া ত্রিভাপদক্ষ মারামুক্ষ জীব পরম শান্তি লাভ করিয়া থাকে।

বৈশ্ববংশার মলিনতা দেখিয়া অনেক ধ্রাপ্রাণ ভক্তের প্রাণ কাঁদিয়া উঠিয়াছে। এই ধর্মের মলিনতা দূর করিবার আ তাঁহারা বৈশ্বব শাস্ত্র প্রকাশ ও প্রচার করিভেছেন। সংস্কৃত অধ্যয়নের বন্দোবস্ত করিভেছেন। মাসিক ও সাপ্তাহিক কাগজ বাহির করিভেছেন। সভা সমিতি করিয়া বৈশ্ববধর্মের আলোচনার প্রবৃত্ত হইয়াছেন। দ্রিদ্র বৈশ্ববদিগের সাধন ভজনের আত্রক্ল্য আ ব্যেষ্ট সাহাষ্য করিভেছেন। নানা স্থানে হরিন্তা সংস্থাপন করিভেছেন। উৎস্বাদি নির্বাহ করিভেছেন। প্রাক্তি বিশ্বাও বজাতা করিভেছেন। প্রাক্তি বিশ্বাও বজাতা করিছেছেন।

বৈক্ষবধর্ণের উন্নতি হন, কলিহত লোক জীবন পার, ত্রিতাপজালা নির্বাপিত হর, ইহা আমার প্রাণের একাস্ত বাসনা। অনেক ধর্মপ্রাণ বৈক্ষবের সহিত আমার আলাপ আছে। তাঁহারা আজমাকাল প্রাণপণে, বৈক্ষবধর্ম বাজন করিয়া আসিতেছেন। ধর্ম সাধন জন্ম বছকাল হইছে তাঁহারা বছ আয়াস সহু করিতেছেন, অনেক ত্যাগ স্বীকার করিতেছেন, হংধের বিষয় প্রাণের অবস্থার পরিবর্ত্তন হইতেছে না; বরং য়ৌবনের উৎসাহ, উদ্ভয়, নিষ্ঠা, বয়োবৃদ্ধি সহকারে কমিয়া বাইতেছে। তাঁহানের মৃথে নৈরাজ্যের ছায়া প্রকাশ পাইতেছে।

ভক্ত বৈক্ষবগণের এই ভ্রবহা দেখিয়া আমার প্রাণে বড় আঘাড লাগিয়াছে। তাঁহারা রোগের নিদান জানিতে পারিতেছেন না, ফুডরাং ' ঔষধের ও ব্যবহা হইতেছে না। আমি ভবরোগবৈদ্ধ সদ্ভক্তর রূপায় বর্ত্তমান বৈক্ষব সমাজের রোগ টের পাইয়াছি। এইক্স রোগের নিদান ও ঔষধের ব্যবহা করিতেছি। যদি কেহ শ্রদ্ধাপূর্বক এই ঔষধ সেবন করেন, আমি নিশ্চয় বলিতেছি তিনি ভবরোগ্ হইতে মুক্তিলাভ করিবেন।

সভাসমিতি বক্তৃতা করিয়া, থবরের কাগন্ধ ইত্যাদিতে প্রবন্ধ লিথিয়া কিছু হইবে না। ইহাতে বৈক্ষবধর্মের কোন উন্নতি হইবে না, তবে দশ বাড়িতে পারে। সাধারণ বৈক্ষবেরা জানেন না, যে তাঁহাদের রোঁগ কোথার। রোগ টের পাইলে ত চিকিৎসার বন্দোবক্ত ? রোগের কথা বিশ্বাস করিয়া প্রতিবিধানের চেটা করিবেন ইহা আমার বিশ্বাস হয় না। তথাপি কর্তব্যের অহুরোধে আন্ধ বর্তমান বৈক্ষবধর্মের রোগের কথা লিথিয়া জানাইতেছি; আমার একান্ত অহুরোধ ভক্তবৈক্ষবগণ যেন সাম্প্রদায়িক ও একদেশদর্শিতা পরিত্যাগ করিয়া, প্রক্ষপাত্রশ্রু হইয়া শ্রদ্ধাসহকারে আমার কথার কর্পণত করেন।

আমি একজন নগন্ত উকিল। বিষয় কর্ম্বে ব্যাপ্ত সংসারী লোক বলিয়া আমার কথাগুলি ঘুণাসহকারে পরিত্যাগ করিবেন না।

আমি নগতা হইলেও আসার পশ্চাতে সদ্গুরুও সহাজাগণ আছেন।
আমি শোনা কথা বা বই পড়া কথা বা নিজের পেরালের বা মডের কথা
কিছুমাত্র লিখিতেছি না। এরপ কথার মূল্য নাই।

শোকে এখন মতবাদ শইয়া ব্যস্ত। সকলে আপন আপন মত প্রচার করিতে চায়। মায়াবদ্ধ ভ্রাস্ত জীব বুবো না, যে তাহার মতের মধ্যে কতটুকু সত্য নিহিত আছে। সংস্কার ■ সাম্প্রদায়িক বুদ্ধি যে তাহার সর্বনাশ করিয়াছে, তাহার জ্ঞানকে যে আছের করিয়াছে, তাহা সে আদৌ টের পায় না।

বৈষ্ণবসমাজ আমার এ পুস্তক স্পর্ল করিবেন না, ইহা আমি বেশ , জানি। পুস্তক পাঠ করা দূরে থাকুক তাঁহারা আমার যথেষ্ঠ নিন্দা করিবেন, আমার প্রতি অভিশাপ বর্ষণ করিবেন, ইহাতে আমার সন্দেহ , নাই। পুস্তক ছাপা হইবার পূর্ব্ধ হইতেই আমি ইহার আভাস পাইতেছি।

বৈষ্ণব সমাজের নিকট আমার কোন আশা ভরদা নাই। দারুণ কর্তব্যের অফ্রোধে আমি এই গ্রন্থ প্রণরন করিলাম। ইহাতে ভবিষ্যৎ বংশীয়েরা ও ধর্মপিপাস্থ বর্তমান শিকিত সমাক যথেষ্ঠ উপকৃত হইবেন

শশিক্ষিত সমাজের সংকার, দলীর বৃদ্ধি বা ধর্মাভিমান নাই; এই পুস্কুক পাঠে নিশ্চর তাঁহারা উপকার লাভ করিবেন।

গোস্থানী নহাশরের শিক্তগণের মধ্যে অধিকাংশই 'কুচ্নেহি মাস্তার' দল। এক মাত্র গুরুদন্ত নামের শক্তিই তাঁহাদিগকে হিন্দু করিয়াছেন ও বৈশ্ব করিয়া তুলিতেছেন।

গোস্থামী মহাশন্ত প্রভাক্তাবে তাঁহাদিগকে কিছু বলা উচিত মনে করেন নাই। কেবল নিজের আচরণ হারার পরোক্ষভাবে তাঁহাদিগকে উপদেশ দিয়াছেন। তিনি তাঁহার গ্যাঞারিয়াত্ত আশ্রমের সাধন কুটারের দেওরালের গাজে চক থড়ির হারার নিজ হত্তে একটি নিশান অন্ধিত করিয়া যে করটি কথা লিখিয়া রাখিয়াছিলেন, তাহা এক একটি অমূল্য রত্ন। শ্রহাশতে গাঁথিয়া এই রত্ন মালা প্রত্যেক ধর্মপিপাত্ম ব্যক্তির বিশেষত তাঁহার শিশ্যপ্রশিশ্যগণের কঠে ধারণ করা কর্তব্য। এই কথা কর্মটি কেহ যেন বিশ্বত না হন। সকলের অবগতির আ ঐ কথা করেনটি নিমে লিখিয়া দিলাম। কুটারের উত্তর দেওয়ালের নিজহত্তে লিখিত—

ওঁ শ্রীকৃষ্ণ চৈতগ্রায় নুমঃ

কুটীরের অভ্যন্তরে উত্তর দেওরালের গাত্রে— এইছা দিন নাহি রহেগা।

- ১। আত্মপ্রশংসা করিও না।
- ২। পরনিন্দা করিও না।

- ৩। অহিংসা পরমোধর্ম্ম।
- ৪। সর্বজীবে দয়া কর।
- ৫। শাস্ত্র 🗷 মহাজনদিগকৈ বিশ্বাস কর।
- ৬। শাস্ত্র ও মহাজনের আচারের সঙ্গে যাহা মিলিছে না তাহা বিষবৎ ত্যাগ কর।
 - ৭। নাহংকারাৎ পরোরিপুঃ।

দ্বিতীর পরিচ্ছেদ

ভগৰৎ-শক্তির অভাব।

শাসুষের রোগ জন্মিলে দেহ যেমন ক্রমশঃ জ্বাজীর্ণ হইরা পড়ে, ভেমনই ধর্মের রোগ জন্মিলে ধর্মাও মলিন হইরা পড়ে। কেবলমাত্র পথ্যে রোগ সারে না, রোগী-প্রারই কুপথ্য করিয়া রোগের বৃদ্ধি করে। কুপথাই ভাহার ভাল লাগে।

সাধনরাজ্যেও কেবল সাধন দ্বারায় উচ্চধর্ম লাভ করা অসম্ভব হয়।
সাধনবলে ধর্মলাভ করিতে যাওয়া, আর স্থ্যরশ্মি অবলয়ন করিয়া স্থ্যমঙলে গমন করিতে যাওয়া একই কথা। প্রুষকার প্রয়োজন, কিছ্
দৈব অমুক্ল না হইলে কেবল প্রুষকারে বিশেষ ফল
না। গৌড়ীয়
বৈষ্ণবগণের সাধন আছে, ভজন আছে, সদাচার, সদাহার, ত্যাগন্ধীকার,
বৈষ্ণাগ্য সমস্তই আছে, নাই কেবল ধর্মের জীবন।

ভগবংশক্তিই থর্মের জীবন। বে ধর্মে ভগবংশক্তি নাই, সে ধর্ম মৃত। মৃত ধর্ম ধাজন করিয়া কেহ উচ্চ অবস্থা লাভ করিছে পারে না, জিতাপজালা এড়াইতে পারে না। হস্তর ভবসাগর উত্তীর্ণ হইতে পারে না। বিষণৰ বহু সাধন করিতৈছেন, কিন্তু ভাহাতে ভাহাদের কোন পরিবর্জন হইতেছে না। এই তাহারা মনে করেন, অনুষ্ঠানই ধর্ম, অনুষ্ঠানের ক্রটি দেখিলেই ভাহারা মানুষকে ধর্মহীন বলিয়া মনে করেন।

শহার ক্ষণ্টানের তীব্রতা বত ক্ষধিক সে বৈক্ষবগণের চক্ষে তত্ত্ ধার্কিক। ধর্ম কিনিবটা বে কি, ভাহা ইহাদের জ্ঞান নাই।

ধর্ম প্রাণের বস্ত, সভত্র জিনিব, ইহা জীবনে উপভোগ করিবার বিষয়।
ইহা ত্রিভাপদার জীবের পক্ষে মৃত সঞ্জীবনী, সংসার মরুভ্মিতে মন্যুক্তিনী।
একবার ইহাতে অবগাহন করিতে পারিলে সমস্ত জালা বুদ্রণা কুড়াইয়া
বার, শরীর মন লীতল ।। বৈক্বেরা বলিয়া থাকেন—

"সাধনে সাধিৰ যাহা। সিদ্ধ দেহে পাৰ ভাহা॥"

কথাটি বেশ শুনিতে ভাগ কিন্তু সিদ্ধ দেহ লাভ হইবে কি প্রকারে ? ভাঁহারা মনে করেন, সাধন করিলেই দেহাস্তে সিদ্ধ দেহ লাভ হইবে। রক্ত নাংসময় দেহটাই বভকিছু প্রতিবন্ধক।

ৰাহা এদেহ-বৰ্তমানে লাভ হইল না, ভাহা দেহান্তে লাভ হইৰে এ কথাটা সম্পূৰ্ণ ভূল। এ আশা করিতে নাই।

ৰাহা দেহৰৰ্জ্যানে লাভ হইল না, ভাহা যে দেহের **অবসানে** লাভ হইৰে এটা মনে স্থান দিবেল না।

মৃত্যুতে দেহের পরিবর্তন ■ বটে, কিছ আছার পরিবর্তন হয় না।

দেহবর্তমানে কামক্রোধাদি রিপুগণের ও স্ক্রিধ আস্ক্রিও ভূপুর্তির
বীশ্র নির্মাণ না হইলে সেই ■ রিপুগণ, আস্ক্রি ■ ভূপুর্তির বীজ
বাইনা আছাকে প্নয়ার দেহ ধারণ করিতে হয়। এই সমস্ত বীজ সমরে

অঙ্গুরিত হইরা সময়ে প্রবশ হইতে প্রবশতর বৃক্ষে পরিণত হর ও মানুষকে প্রাহার বিষ্মর ফল ভোগ করাইতে থাকে।

দেহ বর্তমান থাকা কালে সাধন ভজন দারা এই সকল বীজ নষ্ট করিতে হয়, তবে মানুষ নিয়াপদ হয়; নতুবা তাহার অব্যাহতি কোথায় ?

আথা তিওণাথাক দেহে আবদ্ধ হইয়া নিজেই ওণত্তরের অধীন হইরাছে। এই তিওণের অতীত অবস্থা লাভ না হইলে কথনই সিদ্ধানেহ লাভ হইবে না। হস্তর মারা বর্ত্তমান থাকিতে সিদ্ধানহের আশা ভরসা কোধার । জীব যদি মারাপাশ হইতে মুক্তিলাভ করিতে সমর্থ হয় তবে-ইত সিদ্ধানহ লাভের আশা।

মীয়া ভগবানের এক প্রধান শক্তি, সামান্ত জীবশক্তি বারা মারাশক্তি কি বিধ্বস্ত হওয়া সম্ভব ? যতই সাধন ভজন কর না কেন, মায়া কিছুতেই যাইবে মা, সিদ্ধদেহও লাউ হইবে না।

বে মারার ব্রহ্মদি দেবতাগণও মুখ, সেই মারাকে পরাস্ত করা, তাঁহার হাত হইতে অব্যাহতি লাভ করা মাহুবের পক্ষে কি সম্ভব ? মাহুবের কভটুকু শক্তি যে সে এই ত্তার দৈবী মারার সহিত সংগ্রাম করিয়া ব্রহ্মাভ করিবে ?

কেবল সাধন' ছারা সিদ্ধদেহ অথবা ভাগবতী তকু লাভটা কথার কথা জানিবেন , ফলত ইহা মাসুষের পক্ষে অসম্ভব।

মারা বেমন ভগবংশক্তি, ভেমনি ইহার হস্ত হইতে পরিত্রাণ লাভ করিতে হইলে ভগবংশক্তি লাভ করা প্রয়োজন। ভগবংশক্তির সাহাষ্য ব্যতিরেকে কোন ক্রমেই মায়াশক্তির হাত হইতে পরিত্রাণ পাইবার উপায় মাই।

মহুব্যমাত্রেরই অন্তরে ভগবংশজি নিহিত আছে, সন্দেহ নাই; কিন্তু এই শজি কিছুতেই উদ্বাহর না। মাহুষের এমন সাধ্য নাই যে সে নিজের চেষ্টার এই শক্তিকে জাগরুক করিতে পারে। হাজার সাধন করুন, হাজার ভজন করুন কিছুতেই ইহা জাগুত হইবে না। বৃদ্ধদেবের ভার সাধন করিতে সমর্থ হইলেও এই শক্তি উদ্বন্ধ হইবে না।

প্রদীপে তেল শলিতা থাকা সম্বেও উহা বেষন আপনা আপনি প্রজ্ঞানিত হয় না; উহাকে প্রজ্ঞানিত করিব।র ক্রাক্তে ক্রের আরম অরির সংস্পর্শে লইরা যাইতে হর, তেমনি অন্তর্নিহিত ভগবংশক্তিকে প্রবৃদ্ধ করিবার জন্ত, বে মহাপুরুষের মধ্যে এই শক্তি জাগ্রত হইয়া প্রবল হইয়া উঠিয়াছে, সেই মহাপুরুষের প্রজ্ঞানিত ভগবংশক্তির সংস্পর্শে লইরা রাইতে হয়।

মহাপুরুষের জাগ্রত ভগবংশক্তির সংস্পর্শাগ্রই মরুষ্যের স্বস্থানিহিত ভগবংশক্তি জাগ্রত হইয়া উঠিবে। ইহাতে সার কোন সম্ভে নাই। মহুষ্যের অন্তর্নিহত ভগবংশক্তিকে উবুদ্ধ করিয়া দেওয়ারই নাম শক্তি সঞ্যোর।

শক্তিসঞ্চার কালে কোন কোন ব্যক্তি শক্তির ক্রিয়া সঙ্গে সঞ্চে অমুভব করে, কেহ সাধন করিতে করিতে কিছুকাল পরে অমুভব করে।

সাধনভজন দারা এই শক্তিকে জাগাইয়া রাথিতে হয়; নতুরা ইহার আবার আলভ হয়। এইটি সাধকের পকে বড়ই বিপদের অবস্থা। ভগবংশক্তি জলস হইলে ধর্মলাভ স্কঠিল হইয়া পড়ে।

মন্যার ভগৰংশক্তি একবার প্রজ্ঞানিত হুইলে বতই সাধন করিছে থাকিবেন তর্তই উহা প্রবল হুইতে থাকিবে। ক্রমে বিষম দাবানলে পরিণত হুইয়া কাম ক্রেংধাদি রিপুগণ, সর্বা প্রকার অভিলাষ, সর্বাপ্রকার ছুপ্রবৃদ্ধি, সন্থ রক্ত এই প্রণত্রর, ভঙ্গীভূত করিয়া ফেলিবে। তথন মারা অস্তব্যিত হুইবেন তথন সিদ্ধান্য লাভ হুইবে। নতুবা সিদ্ধান্য লাভ করা কি মুখের কথা ?

গৌড়ীর বৈষ্ণব সমাজে এই ভগবৎ শক্তির অভাবই বৈষ্ণবগণের উচ্চ ধর্মনাভের সর্বপ্রধান অন্তব্নার হইয়াছে।

গাঁহার। বৈক্ষব ধর্মের উন্নতি দেখিতে চান, যাহাতে এই বিলুপ্ত ভগবৎশক্তি বৈক্ষবসমান লাভ করিতে সমর্থ হয় তৎপক্ষে তাঁহাদের বন্ধবান হওয়।
উচিত। নতুবা সভাসমিতি করিয়াই বা কি হইবে ? বিজ্
বিজ্
বিল্ভা করিয়াই বা কি হইবে ? রোগের উপর্ক্ত ঔবধ ব্যতীত কি
বোগের উপশ্ম হর ?

্ জাপনারা মহাপ্রভুর এই শক্তি লাভ করন, মহাপ্রভুর পহার সাধ্য ভক্তন কর্মন, নিশ্চরই সিদ্ধদেহ লাভ হইবে।

পাঠকমহাশরগণ সিদ্ধদেহের কথা শুনিলেন, এখন সাধ্যের কথা শুন্ন।

শরণ মনন করা বৈশ্ববগণের প্রধান সাধন। এক্স বৈশ্ববগণের
মধ্যে কেই কেই সাধন করেন, গোপালকে ক্ষীর সর নবনী প্রভৃতি থাওদাইতেছেন, তাঁহার ধড়া চুড়া বাধিয়া দিভেছেন, কোলে লইয়া আমর করিতেছেন, শত শত চুমো থাইভেছেন। মুরলী হাতে দিয়া ভগ্নহৃদরে গোপাগোঠে পাঠাইভেছেন ইত্যাদি।

শাবার কেই কেই সাধন করেন যে, তিনি প্রীমতীর কোন স্থীর দাসী ইইরাছেন। স্থীর শাক্তানুসারে- রাধাকুক্তের সেবার পরিচর্য্যার নিযুক্ত ইইরাছেন। রাধাকুক্তের জল আনিতেছেন, মালা গাঁথিতেছেন, শ্যা করিতেছেন, পান সালিক্তিছেন ও আর আর আরপ্রকীর কাজকর্ম করিতেছেন, ইত্যাদি ইত্যাদি।

্'উঁাহাদের ধারণা যে মরণায়ে তাঁহারা সিদ্ধদেহ লাভ করিবেন । এই ু শক্ল অবস্থা সংস্থাগ করিবেন।

ব্ৰধিক্ষা গোপাল বা স্থীগণ সকলই আপাত্ৰত কৰা আক্ৰমত ভিতৰ

বিচারের অভীত। মানুষ বাহা ভাবনা করিবেন তাহাই মিথ্যা। নির্ধার্থা ভাবনা প্রারা কদাচ সভ্য বস্তু লাভ হয় না; আর মনে মনে ভাবনা করিয়া। এইসকল উচ্চ অধিকার লাভ করা যায় না।

বুথা কর্মনার কেবল সভো বৃঞ্চিত হইতে হয়। মান্ত্রের পকে কি কল্যাণকর, কি অকল্যাণকর মারাক্ত মানুষ ভাহা বুঝে না স্কুডরাং ভাহার একটা কার্মিক আকাজ্ঞা করিতে যাওয়াই অমুচিত।

শ্রীমন্মহাপ্রভুর পন্থায় এ সব জলনা কলনা নাই। সাধককে ভেৰে চিন্তে কিছু করিতে হইবে না। প্রান্ত মানুষ কি ভাবিতে কি ভাবিবে ! মানুষ জানে না ডাহার পক্ষে কি ভাল, কি মন্দ।

শীমন্মহাপ্রভুর পহার একমাত্র গুরুদন্ত নাম সাধ্ন ব্যতীত আর কিছু
নাই। বাঁহারা সর্কাণ নাম করিতে পারেন না, তাঁহাদের পক্ষে বুধা কাজে
সমর নই না করিরা পূজা, অর্চনা, তবপাঠ, সাধুসক সদালোচনা, শাল্পাঠ
ইত্যাদিতে কাল্যাপন করাই হাবস্থা। নাম করিতে পারিলে এ সকল
কিছুরই প্রয়োজন নাই। এগুলিতে চিত্ত নির্মাণ হয়, ভাহাভে নাম
সাধনের অনেকটা সাহাধ্য হইয়া থাকে।

্রনামসাধনের সাহায্য ব্যতীত, ইহা দারা মামুষের প্রকৃতির পরিবর্ত্তন হইবে না, জ্প্রান্তি নির্মূল হইবে না, আসজি নষ্ট হইবে না। এবং স্থারী কোন বিশেষ ফল লাভ হইবে না।

এক মাত্র নামেই ভগবংশজি আছে এই নাম ব্যতীত আর কিছুতেই শক্তি নাই, আর কিছুতেই অবস্থা লাভ হইবে না। স্তরাং নামের শর- গাপর হইরা নামসাধনে প্রার্থত হউন।

শীমরহাপ্রভুর এই শক্তি বৈষ্ণবসমাজ হইতে অন্তরিত হইরাছে, তাঁহার প্রবৃত্তিত সাধনপ্রণালীও প্রচলিত নাই। তাঁহার সাধনপ্রণালীর সম্পূর্ণ পরিবর্ত্তন হইরাছে।

ক্রীটেড তা চরিতামতে কবিরাজ গোস্বামী যে সাধনপ্রণালী লিগিবজ করিয়া গিয়াছেন বৈফবেরা সেই প্রণালীতেই সাধন ভজন ক্রিয়া আর্সি-ভেছেন। ইহার ফলেই তাঁহার শক্তি এত শীঘ্র বৈফবসমাজ হইতে বিল্পু হইয়াছে।

আপনারা নিশ্চর জানিবেন জীচৈতন্ত চরিতামতের বর্ণিত সাধনপ্রণানী

তীমন্মহাপ্রভুর প্রণানী নহে, উহা জল্পনা কলনার পরিপূর্ণ। এই জল্পনা
কলনা হইতেই বৈষ্ণবস্থাজের সর্ক্রাশ হইয়াছে।

আমি বৈষ্ণবসমাজের নিন্দা করিতেছি না, ইহাতে যে সৰ মলিমতা উপস্থিত হইরাছে, সংশোধনের জন্ম ভাহাই প্রদর্শন করিতেছি মাত্র।

তৃতীয় পরিচে**ছদ** আচার্যোর অভাব

গৌড়ীয় বৈশ্ববসমাজে উপযুক্ত আচার্য্যের অভাব হইরাছে। এই সমাজে অনেক পণ্ডিত গোক আছেন, সাধনশীল লোক আছেন, ধর্মপ্রান গোক আছেন, কিন্ত একটীও শক্তিশালী লোক আছেন কিনা সন্দেহ। যদি পাহাড় পর্বতি বন জঙ্গলের মধ্যে, লোকচক্র অন্তরালে, কোন শক্তি-শালী লোক থাকেন তাঁহার সহিত গৌড়ীর সমাজের কোন সংস্রব নাই।

শক্তিশালী আচার্য্যের অভাবপ্রযুক্ত, শিয়াগণ শক্তিশাভ করিতে পারে না, ভাহাদের ভিতরের ভগবংশক্তি আগত ■ না। শক্তিস্ফার কথাটা চলিত আছে বটে, শক্তিস্ফার দূরে থাকুক, এই ব্যাপারটা কি বৈষ্ণব আচার্যাগণ ভাহা আদৌ ফানেন না।

ভগৰৎশক্তি জাগ্ৰত না হইলে মানুষ ভজনপথে অগ্ৰসর হইতে পারে না। উচ্চধর্ম লাভ হয় না। সাধন ভজনে হয়ত কিছুদিন স্বস অব্যা লাভ হইয়া থাকে কিন্তু কিছুদিন পরেই সে অবস্থা থাকে না, প্রাণ শুকা-ইয়া যায়। ভগবংশক্তি লাভ হইলে মামুষ দিন দিন ধর্মপথে অগ্রসর হইতে থাকে, নৃতন নৃতন অবস্থা লাভ করিতে থাকে, জীবনে প্রতিনিয়ত পরিবর্ত্তন ঘটতে থাকে। মামুষ যতই ভক্তন করিবে তওঁই তাহার মধ্যে ভগবংশক্তি পরিবর্দ্ধিত হইবে ও অমুরাগ বৃদ্ধি পাইতে থাকিষে।

শক্তিশালী গুরুর অভাবে শিশুগণ শক্তিশালী নাম পায় না। নামে ^বভগবংশক্তি অর্থাৎ নামী বর্ত্তমান না থাকায় নাম কেবল মাত্র শক্তে পরিণত হয়। আবার নামাপক্ষধ বশতঃ নামের ফল পাইবার পক্ষে বাধা উপস্থিত হয়।

শক্তিশালা নামে নামাপরাধ নাই হেলায় শ্রনার নাম করিলেই নামের ফল লাভ হইয়া থাকে, কায়ণ বস্তুশক্তি কিছুতেই নষ্ট হয় না।

শক্তিশালী সাচার্য্যের অভাবে বৈশ্ববগণ এখন বলিয়া থাকেন গুরু যেমন তৈমন একজন হইলেই হইল, শিষ্যের সাধনই প্রয়োজন। সাধন করিতে পারিলেই অবস্থা লাভ হইবে এই হল্ল তাঁহারা বিরূপাক্ষের উদাহরণ দিয়া থাকেন।

এই পৃত্তকের প্রথম থণ্ডে আমি বিরুপাক্ষের বৃত্তান্ত লিপিবদ্ধ করিয়াছি, তাহাতে পাঠকগণ বেশ বৃঝিতে পারিবেন, অবোগ্য গুরুগণ নিজেদের ব্যবসার বজাদ রাখিবার ■ শিয়ের মনভাষ্ট করিবার অন্ত এই কালনিক গুলাটির সৃষ্টি করিয়াছেন।

এই গলটিতেই শিশ্বগণ প্রবাধ পাইয়াছেন, তাঁহারা বৃষিয়াছেন সাধন করিতে পারিলেই ধর্ম লাভ হইবে। সাধনই প্রয়োজন, আচার্যা ধেমন তেমন হইলেই হইল।

অনেক পদস্থ স্থানিকত চিস্তাশীল লোক গৌড়ীর বৈঞ্বসমাজের গোস্বামী বংশীয় স্থান্তিত সাধনশীল, স্বিখ্যাত আচার্য্যের নিকট বছকাল দীক'গ্রহণ করিয়া প্রাণপণে সাধনভজন করিয়া আসিতেছেন, ভাহাদের গুরুভক্তি অতুলনীয়।

- তাঁহারা বৈষ্ণবসমাজের সাধনপ্রণালীমত নিম্নটে, সরলভাবে, স্থার্থকাল সাধনভজন করিয়া আসিতেছেন।কিন্তু এত সাধনেও কোন ফল পাইতেছেন না, জীবন পরিবর্ত্তিত হইতেছে না।

সাধনে ফল না পাওয়ার ও জীবন পরিবর্ত্তিত না হওয়ার আমাকে পত্র লিথিয়া কারণ জিজ্ঞাদা করিরা পঠোইরাছেন। সে দব পত্র আমার নিকট আছে।

একটা লোক নিষ্ঠাপূর্বক ভজন করিয়া আদিতেছেন, গুরুতে তাঁহার আচলা ভক্তি, আমি তাঁহাকে এ কথার উত্তর কি দিব ? নিষ্ঠা ভাঙ্গিয়া দেওয়া মানুষের কর্ত্তব্য নর। ভগবান মালিক, ধর্মজগৎ তাঁহার হাতে। যাহা করিতে হয় ভিনি করিবেন। আমি কি করিব ? আমার কথা শুনেই বা কে ? বলিলেট কি কথা শুনিতে পারিবে ?

আমি উঁহাদের পত্রের এইমাত্র উত্তর দিয়াছি। "আমার ন্তন পুস্তক 'সদ্গুরু ও সাধনতত্ব' প্রকাশ হইতেছে, তাহা পাঠ করিলেই কোথায় ক্রটি বুঝিতে পারিবেন।"

উপযুক্ত আচার্য্যের পদাশ্রয় ব্যতিরেকে সাধনভজনে বে বিশেষ ফল হয় না ইহা স্থানিশ্চিত। এই কথাটি বুঝিতে না পারিয়া বৈশ্ববর্গণ অফু-ষ্ঠানকেই ধর্ম বিশিয়া মনে করিয়া থাকেন। যে ব্যক্তি অমুষ্ঠান করিতে পারে তাহারই ধর্মলাভ হইয়াছে মনে করে, আর অমুষ্ঠানের ফ্রাট দেখিলেই বীতশ্রম হইয়া পড়েন। আচার্য্যের শুক্ত বুঝিতে পারেন না।

চতুর্থ পরিচেছদ

শুরুত্যাগ

গৌড়ীয় বৈক্ষবসমাজের আর একটি নহং অপরাধ যে ভাঁহারা দীক্ষাডুফর সহিত সম্বন্ধ রাথেন না। বৈক্ষবগণের দীক্ষা গ্রহণ পর্যান্তই
তাহার সহিত সম্বন্ধ। শিক্ষাগুরু গ্রহণ করা গৌড়ীয় বৈক্ষবগণের মধ্যে
একটি বিশেষ প্রচলিত নিয়ম। তাঁহাকে গ্রহণ করিতেই হইবে।
দীক্ষাগুরু জ্ঞানবান ও স্থপণ্ডিত হইলেও এক শিক্ষাগুরু করা চাই।

কুলগুরুর অধােগ্যতা বশতঃ শিক্ষাগুরু করিবার প্রথা বৈক্ষবসমাজে প্রচলিত হইয়াছে। লােকের একটা ধারণা আছে কুলগুরু পরিভাগে করিতে নাই। এইজন্ত তাঁহার বংশে উপযুক্ত লােক না থাকিলেও বেমন তেমন লােকের নিকট দীক্ষামন্ত গ্রহণ করিরা বৈক্ষবেরা পছন্দমভ লােককে উক্ত পদে বরণ করিয়া থাকেন।

শিক্ষাগুরুর সহিত বৈষ্ণবগণের যত্তিক্ছু সম্বন। তিনিই শিধ্য-গণকে ভজন প্রণালী শিক্ষা দেন, তাঁহাদিগকে উপদেশ দেন। বৈষ্ণব-পশ তাঁহার আ্জাবহ হইয়াথাকেন।

শিক্ষান্তরু শিক্ষক, ইংরাজিতে বাঁহাকে teacher বলে, তিনি
তাহাই। কথনও ভবকর্ণধার হুইতে পারেন না। দীক্ষান্তরুই
ভগবানের একরূপ। তিনিই ভবকর্ণধার। তাঁহাকে মনুষ্য বোধ করিতে
নাই। কুলগুরু অবোগ্য হইলেও তাঁহার নিকট বে দীক্ষাগ্রহণ করিতেই
হইবে একথা কোন শাস্ত্রে নাই। তাঁহার নিকট দীক্ষাগ্রহণ একটা
যেন কুট্খিতা রক্ষা। তাঁহার কুলে উপযুক্ত লোক না থাকিলে, বিবেচনাপূর্দ্ধক উপযুক্ত তবদশী ব্যক্তির নিকট দীক্ষাগ্রহণ করা কর্ত্বা।

শিক্ষাগুরু শিক্ষক মাত্র। ঘরে পড়িয়া যেমন লেখাপড়া শেখা যায়;

সদ্গুরু ও সাধনতত্ত্

শিক্ষাগুরুনা করিয়াও তেমনি সাধনপ্রণালী পুস্তক পড়িয়া ■ অভিজ্ঞ ব্যক্তি
গণের সহিত আলোচনা করিয়া জানা যায়। সাধনপদ্ধতি জানিবার জন্ত পুথক ব্যক্তি নিবৃক্ত করিবার আবশুক হয় না। শিক্ষাগুরু করিবার প্রথা থাকাতেই দীক্ষাগুরুর প্রতি বৈষ্ণবগণেক জানাহা জনিয়াছে। তাঁহার প্রতি অনাহা মহাপরাধ। এত অপরাধে কি আর ধর্ম লাভ হয় ?

বৈষ্ণবগণের মধ্যে এখন অনেকেই মনে করেন দীকাগুরু যেমন তেমন একজন হইপেই হইল। শিব্যের সাধনই প্রয়োজন। শিষ্যের সাধন ভলন থান্দিলেই সে ধর্মজাভ করিতে সমর্থ হইবে।

বৈষ্ণবগণ এখন বলিয়া থাকেন, দীক্ষা দ্বেওয়া দীক্ষা গুরুর কার্য্য, সাধন প্রণালী শিক্ষা দেওয়া শিক্ষাঞ্চরর কার্য্য। দীক্ষাগুরু নিজের মহস্ব নিজ সুখে ব্যক্ত করেন না, শিক্ষাগুরুই তাহা শিক্সকে শিক্ষা দেন। সুতরাং শিক্ষা গুরুর একান্ত প্রয়োজন।

বৈষ্ণৰ সমাজে যেমন উপযুক্ত গুৰুর অভাব ইইয়াছে, তেমনি দীকার গান্তীয়া চলিয়া গিয়াছে।

প**র্ণ স** পরিচেছদ ইষ্টমন্ত্র ত্যাগ

বৈশ্বেরণ যে কেবল দীক্ষাগুরু পরিত্যাগ করিয়া নিরপ্ত হইয়াছেন তাহা নহে, তাঁহারা দীক্ষামন্ত্র পর্যাপ্ত পরিত্যাগ করিয়া বসিয়াছেন। দীক্ষানন্তর প্রতিও তাঁহাদের আছা নাই। তাঁহারা দীক্ষামন্ত্র সাধন করেন না। বাঁহারা সাধনশীল তাঁহাদের মধ্যে কেহ কেহ একবার, কেহ বা তিন বার, কেহ বা সাতবার, বিনি খুব বেশী করিলেন তিনি উর্দ্ধান্য একশত আটবার দীক্ষামন্ত্র জপ করিয়া থাকেন। বিদি দীক্ষামন্ত্র সাধন না করিবেন

ভবে দীক্ষামন্ত গ্রহণের প্রয়োজন কি ? কন্সার আইবুড় নাম ঘুচাইবার জন্ম যেমন বিবাহ, এটাও কি তাই ?

শাস্ত্রে ভিন্ন ভিন্ন নামের উল্লেখ্য আছে। গুদ্ধা শিয়্যের অবস্থা গু
প্রকৃতি বুঝিয়া যাহার পক্ষে রে নাম উপযুক্ত ভাহাকে সেই নাম দিয়া
থাকেন। এক নাম অভার উপযোগী নহে। নামের মিচার ক্ষরিয়া নাম
দিবার ও সেই নামই জপ করিবার ব্যবস্থা শাস্ত্রে আছে। ভারত্নর্যে
এমন কোন সম্প্রদার নাই, ঘাঁহারা ইউমন্ত্র পরিভ্যাপ: করিয়া আন নাম
সাধন করেন। একমাত্র গোড়ীর বৈক্ষব সম্প্রদারই ইউমন্ত্র পরিভ্যাপ
করিয়া বিসিগাছেন।

গৌড়ীর বৈশ্ববগণ ইষ্টমন্তের পরিবর্তে "হরেক্ষা" নাম অর্থাৎ খোলা আনা বৃত্তিশ অকর জগ করিয়া থাকেন। অনেকে এই নাম দিবারজনী জপ করিয়া থাকেন। কেহ এক লক্ষ্য, কেহ তুই লক্ষ্য, কেহ কেছ তিন্দুলক পর্যান্ত প্রভাহ এই নাম জপ করিয়া থাকেন। এতাধিক নাম সাধন করিয়াও যে বিশেষ ফললাভ হর না, জীবনের পাইষ্টেন ঘটে না, ইহার কারণ আর কিছুই নেহে; নামে শক্তির অভাব অর্থাৎ নামীর অবর্ত্তমানতা।

শাস্ত্রে শ্রীকৃষ্ণ নামের অপার মহি**ষা বর্ণিত হই**রাছে। শ্রীমন্মহাপ্রভূ শ্রীমুথে বলিরাছেন—

শীরামকারি বছধা নিজ সর্ক্ষতিত তথাপিতা নির্মিত আৰু কালঃ।
এতদ্ধী ক্রপা,ভগবন্যমাপি,
ভবৈমিদৃশ মহাজনি নালুরাগঃ॥"

এই দব পাঠ করিয়া বৈক্ষবগণ ইষ্টমন্থ পরিত্যাগ করিয়া "হরেক্ষ্ণ" নাম জপ করিয়া থাকেন। তাঁহারা মনে করেন তগ্রানের প্রত্যেক নামেই ভগবান স্বভঃই সর্বাধক্তি অর্পণ করিয়া রাখিয়াছেন, নাম করিলেই নামের ফল পাওয়া যাইবে।

প্রকৃতপকে ভূথবানের কোন নাম নাই। তিনি নাম-রূপের অতীত। ওজগণ স্বীর স্বীর রুচি অনুসারে বিবিধ নামে তাঁহাকে অভিহিত করেন এবং বিবিধরূপে তাঁহাকে ওজনা করেন। নামে আদৌ কোন শক্তি থাকে না। গুরু রূপা করিয়া নামে শক্তি অর্পণ করিয়া থাকেন। এই রুস্তই গুরুকরণ ব্যতীত উচ্চ ধর্মকাভ হর না।

শীমমহাপ্র ক্লেখরপুরীর নিকট শক্তিশালী নাম প্রাপ্ত হইরাছিলেন, এই জন্মই তিনি দৈন্ত করিয়া বলিয়াছিলেন

> ু "নামামকারি বহুধা নিজ সর্বশৃত্তি" স্ত্রাপিতা নিয়মিত সারণে ন কালঃ ইত্যাদি

এই শোক পাঠ করিয়া এমন মনে করিতে হইবে না বে ভগবান ভাঁহার সমস্ত নামেই সর্কাশক্তি স্বতঃই অর্পণ করিয়া রাখিরাছেন। এই শোকই বৈক্ষবন্ধণের ভ্রম জ্যাইয়াছে। এবং তাঁহারা ইষ্টমন্ত্র পরিভাগি করিয়া 'হরেক্ষণ' নাম সাধনে প্রবৃত্ত হইয়াছেন

বদি নামে স্বতঃই সর্বাশক্তি দেওয়া থাকিত, তাহা হইলে গুরুকরণের আদৌ, প্রাঞ্জন হইত না। খরে বসিয়া কেবল নাম সাধন করিলেই লোকে ধর্মলাভ করিতে পারিত।

শীমহাপ্রভূর উপরি উক্ত প্লোকই , মৈশ্বনগণের সংবর্গন করিয়াছে।
তাহারঃ শ্লোকার্থ ব্রিতে না পাব্লিয়া ভ্রমে পতিত হইয়াছেন এবং দীক্ষাগুরু
ও দীক্ষামন্ত্র পরিত্যাগ করিয়া বসিয়াছেন এ প্লুবুর নিকট দীক্ষাগ্রহণ ও
ইউমন্ত্র জপের ব্যবস্থা আছে বলিয়াই ইহারা নাম মাত্র গুরু সন্নিধানে গমন্
করেন এবং নাম মাত্র ইপ্তমন্ত্র জপ করেন। এটা বেন উপরোধে টেকি
গোলা। প্রকৃতপক্ষে ইপ্তদের বা ইপ্তমন্ত্রের উপর গোড়ীর বৈক্ষবগণের আদে

শ্রমা নাই। এমত অবস্থার উচ্চ ধর্ম লাভ করা তাঁহাদের স্থা অসম্ভব।

আমি এই গ্রন্থের "গোস্থামী মহাশরের সাধন-প্রণালী" এত ক্রন্ত কথার সমালোচনা করিরাছে, একারণ এ বিষরে আরু অধিক লিখিলীয় না।

ষষ্ঠ পরিচ্ছেদ

জ্রীকৃষ্ণ ও গৌরাঙ্গ উপাসনা।

ছিলুর বেদ উপনিবং বেদান্ত প্রভৃতি শাল্লে ভক্তি ধর্ম পরিকৃতি নহে।
ভক্তি ঐ সকল শাল্লের প্রতিপাত বিষয় নয়। ঐ সকল শাল্ল ব্রদানিপ্র
লইরাই ব্যন্ত। পরবর্তী সমঙ্গে সনৎকুষার সংহিত। শীষ্টরপ্রবত সীতা,
বিবিধ পুরাণ ও জীমন্তাগবত গ্রন্থে আমরা ভক্তির বিষয় জানিতে পারি।
এই সকল শাল্ল অবলখন করিরা পুজনীর গোলামীপালেরা প্রায় রহমা
করিরা গিরাছেন। এই সকল গ্রন্থে শীকৃষ্ণ উপাসনাই বে সর্ব্ধ শ্রেষ্ঠ
উপাসনা ইহাই প্রতিপাদিত হইরাছে এবং কৃষ্ণভক্তির স্থাপার মহিষ্ঠা
কীক্তির ইইরাছে। গোড়ীর বৈষ্ণবর্গণ এই সকল শাল্লীর ব্যবস্থায়সাথে
শীকৃষ্ণ উপাসনা করিরা থাকেন এবং ভক্তি সকল শাল্লীর ব্যবস্থায়সাথে
করিরা থাকেন। প্রারা থাকেন এবং ভক্তি সকল প্রাণপণে বাজন

দেশের নিতার স্বাবহা,দেখিরা কলিহত জীবর্গণহে উদ্ধার করিবার জন্ত্র ভগবান জীক্ষ আবার জীগোরাল-ক্ষণে ধরাধাষে অনতীর্ণ হইকছিলেন। জীগোরালগীলা হিন্দ্র জীবনে এক অত্যমুত এবং অভিনব লীলা। এই লীলার বেঁ প্রেম প্রকাশিত হইগাছিল, তাহার বর্ণনা কোন শান্তে নাই, কেই কখনও দেখে নাই, কেই কখনও নাই। গোস্থামীপাদেরা শ্রীমন্মহাপ্রভূতে এই অভিনব অত্যমূত প্রেম দেখিরাছিলেন মাত্র কিন্তু এই প্রেমতক অবধারণে অসমর্থ হইয়াছিলেন।

শ্রীরক্ষ-অবতারে রাধাশ্রাম পৃথক পৃথক ছিলেন, শ্রীগোরাঙ্গ-অবতারে উভয়ে একাধারে অবতীর্ণ বলিয়া বর্ণিত হইরাছে। ভক্তপ্রবন্ধ রাম রাহা-নন্দ মহাপ্রভূকে কিজাসা করিতেছেন,

> এক সংশয় মোর আছে যে হাদরে। রুপা করি কহ <mark>মোরে ভাহার নিশ্চরে</mark>॥ পহিলে দেখিত্ব তোষা সন্ন্যাসী স্বরূপ। এবে তোমা দেখি মুই **স্তাম** গোপরূপ ॥ তোমার সম্মধে দেখি কাঞ্চন পঞ্চালিকা'। তার গৌর কান্ত্যে তোমার স্থান 🚃 ঢাকা 🛚 তাহাতে প্রকট দেখি বংশীবদন। নানা ভাবে চঞ্চল আছে কখল 📖 🛚 এই মত দেখি তোমা হয় চমৎকার। অকপটে কহ প্রভু কারণ ইহার॥ প্রভু কহে ক্লঞ্চে ভোমার গাঢ় প্রেম হয়। প্রেমের স্বভাব এই জানিহ নিশ্চয় ॥ মহা ভাগবভ দেখে স্থাবর জগম। তাঁহা তাঁহা 🥅 তাঁর জীক্ষ কুরণ 🛭 "স্থাৰর সেথে না দেখে তার মৃত্তি। সৰ্বাত্ৰে হয় নিজ ইষ্টদেৰ কুৰ্তি॥ রাধাক্তকে তোমার মহা প্রেম হয় : ৰাহা তাহা রাধাক্ষ ভোষারে কুরয় ॥

রার কহে প্রভূ তুমি ছাড় ভারি ভূরি।
মার আগে নিজরণ না করিছ চুরি॥
রাধিকার ভাব কান্তি করি অঙ্গীকার।
নিজ রস আসাদিতে করিয়াছ অবভার॥
নিজ গুঢ়কার্য্য ভোমার প্রেম আসাদন।
আমুসঙ্গে প্রেমমর কৈলে ত্রিভূবন॥
আপনে আইলে মােরে করিতে উদ্ধার।
এবে কপট কর ভোমার কোন ব্যবহার॥
ভবে হাঁসি ভারে প্রভূ দেখাইল স্করণ।
রসরাজ মহাভাব চুই এক রূপ॥

रे **ठ म, ৮ প**রিক্রে

শ্রীপাদস্বরূপ দামোদর আপন কড়চার লিপিরাছেন
রাধারক প্রথমবিকৃতি হল দিনীশজিরকা
দেবাদ্মানাবপি ভূবি পুরা দেহভেদং গভৌ ভৌ ।
চৈতস্তাথ্যং প্রকট মধুনা তদুরকৈ কামাপ্তং
রাধাভাবছাতি স্ববিতং নৌমি রুক্ষ স্থরপং॥
"রাধারক এক আত্মা ছই দেহ ধরি।
অস্তোন্তে বিলাসে রস আত্মাদন করি॥
সেই ছই এক এবে চৈতন্ত গোসাঁই।
ভাব আত্মাদিতে দোঁহে হইলা একঠাই॥
টি চ আ ৪ পরিক্রেদ

শ্রীগোরাস অবতারে রাধার্ক ধেমন একাস হইরা অবতীর্ণ হইরাছেন, তেমনি আবার শ্রীচৈতভচ্চির্ভামতে শ্রীকৃক নাম অপেকা শ্রীগোরাজ নামের মহিমা অধিক বলিয়া বর্ণিত হইয়াছে। জীক্ষণ নাম অপরাধের বু বিচার করে, কিন্তু জীগোরাক নামে সে অপরাধের বিচার নাই—

"কৃষ্ণ নাম করে অপরাধের বিচার। কৃষ্ণ বলিতে অপরাধীর না বিকার। এক কৃষ্ণ নামে করে সর্বপাপ নাশ। প্রেমের কারণ ভক্তি করেন প্রকাশ। প্রেমের উদরে হয় প্রেমের বিকার। ক্ষেদ, কম্প, প্লকাদি, গল্গদাঞ্রধার। অনারাদে ভবক্ষর কৃষ্ণের সেবন। এক কৃষ্ণ নামের ফল পাই এত ধন। কেন কৃষ্ণ নাম বদি লর বহুবার। তবু বদি প্রেম নহে নহে অপ্রধার॥ তবে জানি অপরাধ আছরে প্রচুর। কৃষ্ণ নাম বীজ তাহা না হয় অরুর॥ বৈতন্ত নিত্যানন্দে নাহি এসব বিচার। নাম শইতে প্রেম দেন বহে অপ্রধার॥

হৈচ চ 💻 ॥ পরিভেদ

আবার পরিব্রাক্তক চূড়ামনি শ্রীপাদ প্রবোধানন সরস্থতী লিখিডেছেন—
"প্রাতঃ কীর্ত্তর নাম গোক্লপতেরুদ্ধান নামাবলীং
যথা ভাবর তম্ম দিব্য মধুরং রূপং জগনকলং।
হস্ত প্রেম মহারুদোজ্জল পদে নাশাপিতে সন্তবেৎ
শ্রীচৈতন্ত বুহাপ্রভো ইদি রূপা দৃষ্টিঃ পতের বিধি ।।"
হৈ প্রাতঃ! তুমি ব্রজরাজনকনের পরমপ্রভাববিশিষ্ট নামাবলী
উচ্চঃস্বরে কীর্ত্তনই কর অথবা তাঁহার জগনকলম্বরূপ ননোহর মধুর মূর্ত্তি

চিস্তাই কর, কিন্তু যদি তোমাতে ঐতিচতন্ত মহাপ্রভুর ক্নপাদৃষ্টি পতিত না ক হয়, হার! তাহা হইলে সেই মহাপ্রেম রগোজ্জন বিষয়ে তোমার জীশাও সম্ভব নহে।

> "সংসার সিদ্ধৃতরণে হৃদয়ং যদি তাৎ সংশীর্তনামৃত রসে রমতে যদি মনশ্চেৎ। প্রেমাদুখো বিহরণে বদি চিত্তর্ত্তি শৈচতভাচক্র চরণে শরণং প্রক্রাতু॥"

সংসারসাগর তরণে, সঙ্কীর্জন রূপ স্থারসের আসাদনে এবং প্রেম-সমুদ্রবিহারে যদি ভোমাদিগের মন হয়, তাহা হইলে জীটেতজ্ঞের চরণে শরণ গ্রহণ কর—

ঞীচৈতভাচজামৃত অষ্টম বিভাগ

এইরূপ ভক্তিপ্রস্থের বিবিধ পাঠ নেথিয়া কতকগুলি বৈশ্বব শ্রীকৃষ্ণ উপাসনা অপেক্ষা শ্রীগোরাল-উপাসনার শ্রেষ্ঠন্ব প্রতিপাদন করেন। ইঁহারা সকলেই শ্রীগোরাল উপাসক। ইঁহারা শ্রীগোরালের পূর্বাপদ্ধতি, গায়্রী ধ্যান, মন্ত্র, সমন্তই ঠিক করিয়াছেন; বাঁহারা কেবল ক্রে উপাসনার পক্ষর পাতী বৈশ্ববসালে তাঁহারা গৌরবাদী বলিয়া অভিহিত। গৌরবাদী কৃষ্ণ উপাসকগণ বলিয়া থাকেন, শ্রীগোরাল উপাসনার পূথক মন্ত্র, ধ্যান, পূকা পদ্ধতি বা গায়্রী নাই। কৃষ্ণ মন্ত্রেই পূকা হওরা বিধেয়। এই মত ভেদ বশতঃ বছকাল হইতে উভয় দলের মধ্যে মনোমালিভাও দলাদলি চিলিয়া আসিতেছে।

আবার কতকগুলি বৈষ্ণব কি ভাল কি মদ ঠিক করিতে না পারিয়া শ্রীগৌরাস ও শ্রীকৃষ্ণ-উপাসনা যুগপৎ করিয়া থাকেন।

মতের ধর্মের দশাই এইরপ। ষেধানে মতের ধর্ম, সেইখানেই অরতা, সেইখানেই সাম্প্রদায়িক বিরোধ, সেইখানেই দলাদলি। এই

ধর্মসাধনের ফলও একরপ। মানুষ আপন আপন সাম্প্রদায়িক ধর্ম যাজন করিয়া যায়, মনে করে যাজন করিলেই ধর্মলাভ হইল, প্রকৃতপক্ষে তাহা হয় না। মতের ধর্ম যাজনে যাহার মধ্যে যতটুকু ধর্মভাব বর্তমান ভাহার অধিক লাভ হয় না; বরং বরোবৃদ্ধি সহকারে ধর্মভাব কমিয়া যার, ধর্মসাধন একটা অভ্যন্ত কর্মের মধ্যে পরিগণিত হয়। জীবনের উন্নতি লাভ হয় না। উচ্চ ধর্মলাভ হয় না। তাই বলি শ্রীক্রম্বান্তি লাভ হয় না। উচ্চ ধর্মলাভ হয় না। তাই বলি শ্রীক্রম্বান্তি লাভ হয় না। উচ্চ ধর্মলাভ হয় না। তাই বলি শ্রীক্রম্বান্তি লাভ হয় না। উচ্চ ধর্মলাভ হয় না। তাই বলি শ্রীক্রম্বান্তি কর, আর শ্রীগোরাজ-উপাসনাই কর, আর উভয় উপাসনাই কর, ফল সমান হইবে। একট্ও বেশি ক্রম হইবে না।

মহাপ্রভার গুদাভজি বা জীগোরাক প্রেম ধর্মজগতের এক অভিনব বস্তা। ইহা জনসমাজে প্রকাশিত ছিল না। যুগ্যুগান্তর হইতে লোকে ইহার তত্ব অবগত ছিল না। মহাপ্রভূ ইহা স্বরং আস্থানন করিরাছিলেন এবং শ্রীগোরাকলীলার অল সংখ্যক ভক্তগণকে তিনি আস্থানন করাইয়া-ছিলেন। পরিব্রাজক চূড়ামণি শ্রীপাদ প্রবোধানক সরস্বতী আপন গ্রন্থে লিখিরাছেন,

প্রান্ত বন্ধ মুনীশবৈরপি পুরা বাসিন ক্ষমানগুলে কন্তাপি প্রবিবেশ নৈব ধিষণা যকেন নো বা শুকঃ॥ বন্ধ কাপি কুপালেরে ন চ নিজেপ্যান্থাটিতং পৌরিণা তিমিয় ক্ষান্ত বিজ বিজ নি মুখং খেলস্তি গৌরপ্রিয়াঃ॥

যে মধুর ভক্তিপথে ব্যাস প্রভৃতি মুনীক্রগণও প্রাস্ত হইরাছেন, বাহাতে পূর্ব্দে পৃথিবীতলে কাহারও বৃদ্ধি প্রবেশ করে নাই, বাহা শুকদেবও অবগত ছিলেন না এবং বাহা কুপামর শ্রীকৃষ্ণ নিজ ভক্তের প্রতিও প্রকাশ করেন নাই তাহাতে এক্ষণে শ্রীগোরাক ভক্তগণ স্থথে ক্রীড়া করিতেছেন।

"যরাপ্তং কর্মনিষ্টেচ সমাধিগতং যন্তপোধ্যানযোগৈ বৈরাগ্যৈ স্থাগতুবস্ততিভিরণি ন যন্তার্কিভঞাপি কৈন্চিং। গোবিনপ্রেমভাজামপি নচ কলিতং যদ্রহন্তং স্বয়ং ত নামেব প্রাহরাসীমবতবতি পরে যত্রতং নৌমি গৌরং॥

যাহা কর্মনিষ্ঠ ব্যক্তিগণ প্রাপ্ত হর না, ষাহা তপস্তা ধ্যান অর্থাৎ ভগবানের রূপ চিন্তন তথা অষ্টাঙ্গযোগ দ্বারা জানা যার না, যাহা বৈরাগ্য অর্থাৎ কোন ভগবন্ধন বিষয়িনী ইচ্ছা, ত্যাগ অর্থাৎ শুদ্ধ ভল্পনতত্ত্ব (ভগবন্ধন্তব্রন) স্তুভি অর্থাৎ ভগবদ্বিরক স্তবাদি পাঠ বারাও শুভা হর না এবং যাহা প্রীগোবিন্দপরায়ণ ব্যক্তিদিগেরও অলভ্য, সেই গুড় প্রেম গাঁহার অবভার হইলে স্বরং নাম মাত্রেই প্রকাশ হইরাছিল, সেই গৌর-বিগ্রহ প্রীকৃষ্ণ চৈভন্তকে আমি নমন্ধার করি।

"প্রেমা নামান্ত্রার্থঃ প্রবণপথগড়ঃ কল্ম নায়াং মহিয়ঃ কো বেন্তা কল্ম বৃন্ধাবনবিপিন মহামাধুরীয় প্রেমাঃ। কো বা জানাতি রাধাং পরমরসচমংকারমাধুর্যাসীমা-মেকলৈচভক্তচন্দ্রঃ পরম কল্পায়া স্ক্রাবিশ্চকার॥"

প্রেম নামক পরম পুরুষার্থ, যাহা পুর্বের কাহারও প্রবশ্পথে গ্রম করে
নাই, নামমহিমা বাহা পুর্বের কেইই জানিতেন না, জীর্ন্দাবনের পরম
মাধুরী বাহাতে কেইই প্রবেশ করিতে পারেন নাই এবং পরমাশ্রম্য মাধুর্যারসের পরাকাঠা স্বরূপা শ্রীরাধা, যাহা পুর্বের কেইই অবগত ছিলেন না,
কেবল এক তৈতভাচন্দ্র প্রকৃতিত ইইরা এই সমস্ত আবিদ্বার করিয়াছেন।

পাঠক মহাশরগণ, শ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতীর এই সকল উক্তি বে রঞ্জিত ইহা কদাচ মনে করিবেন না; তিনি যে প্রেমের কথা বলিরাছেন, বাস্তবিকই ধ্যিগণ তাহা অবগত ছিলেন না, এই প্রেম বিষ্ণা, বৃদ্ধি বৈরাগ্য ত্যাগ, যোগ, বিচার, তপস্তা বা অস্তান্ত সাধন দ্বারা লাভ হর না। ইহা সদ্গুকর বিশেষ দান।

গোস্বামী পাদগণ রাধাকৃষ্ণ প্রেম, তাঁহাদের কেলি বিলাস বর্ণনা করিয়া

বছগ্রন্থ করিরা গিরাছেন। কিন্তু সমস্তই প্রাকৃত প্রেমের কথাতে পরিপূর্ণ। জীগোরাসপ্রেমের বর্ণনা কোথাও নাই।

সাধনশীল অতি নিষ্ঠাবান বৈশ্বৰ গোস্থানী মহাশয়ের শিষ্ট্র পণের মধ্যে এই অপ্রাক্ত শীগোরাঙ্গ প্রেম দেখিরা অবাক হইয় যান। তাঁহারা ভাবেন, ''একি! এ প্রেম ত কোথারও দেখিতে পাওরা যার না! আমরা বহুকাল বাবং প্রাণপণে সাধন করিয়া আসিতেছি, এ প্রেমের কণাও আমাদের মধ্যে নাই! আমরা বহু বৈশুব দর্শন করিয়াছি কোথাও ত এরপ পোম দোখ নাই! ইহারা ছেলেমানুষ, স্ত্রীলোক, ইহারা ভ্রমন-তম্ব কিছু জানেও না, বুঝেও না, সাধন ভর্জনও করে নাই। মেরেগুলা বর গৃহস্থালী করেও পুরুষগুলো চাক্রী বাকরী করিয়া সংসার্যাত্রা নির্ম্বাহ করে, ইহাদের একটা বৈশুব বেশ পর্যান্ত নাই। এ প্রেম ইহা-দের মধ্যে কোথা হইতে আসিল!'

ভক্ত বৈশ্বৰগণ এইরপ ভাবেন বটে কিন্তু কিছুই স্থির করিতে পারেন না। ব্রীগোরাজপ্রেম চিক্তা বিচারের অতীত। চিক্তাবিচার বারায় ইহা কেহই বুঝিতে পারে না। যে ব্যক্তি গুরুত্বপার ইহা লাভ করিরাছেন কেবল তিনিই বুঝিতে পারেন। ইহা বুঝাইয়া দিবার বিষয় নহে। বাহারা ব্রীগোরাজ প্রেম লাভ করিয়াছেন তাঁহারা বুঝাইয়া দিছে গেলেও বে লোকে বুঝিবে এমত নহে। কারণ ইহা অপ্রাক্ত বস্তু। অপ্রাকৃত কল্প বুঝা যায় না, বুঝাইবারও উপার নাই।

শীনগাহাপ্রভূর ধর্ম বদি গৌড়ীয় বৈশ্বৰ সমাজে প্রচলিত থাকিত, শীগোরাক প্রেম যদি বৈশুবগণ ব্ঝিতেন, যদি বৈশ্বৰ সমাজে শক্তিশালী শুরু থাকিত, তাহা হইলে শীকৃষ্ণ উপাসনা কর্ত্তর বা উভয় উপাসনা কর্ত্তব্য এ বিষয় লইয়া বৈশ্বস্থাণের মধ্যে মতভেদ দেনাদেনি উপস্থিত হইত না। শ্রীপাদ প্রবোধানক সরস্থতী বলিয়া গিয়াছেন শ্রীগোরাস প্রেম একমাত্র
নাম ছারা লাভ হইয়া থাকে। কথানি প্রব সভা। একমাত্র নাম
সাধন ছারা শ্রীগোরাজ প্রেম লাভ হইয়া থাকে। ইহা লাভ করিবার
অন্ত উপায় নাই। এই নামের তুলনায় পূজা, পাঠ, পরিক্রমা, লীলাগান
ইত্যাদি কিছুই কিছু নয়। এসকল নামের সহায় মাত্র। মাত্রম্ব মথন
নাম করিভে অসমর্থ হয়, তথন অন্ত কাব না করিয়া এইসব লইয়া থাকে
মাত্র।

এই যে নামের কথা বলা হইল, ইহা যে-দে নাম হইলে চলিবে রা।

শক্তিশালী নাম হওরা আবশ্রক। যে নামে শক্তি নাই, দে নাম শুণ
করিলে শ্রীগোরাল প্রেমলাভ হইবে না। অনেক ভক্ত বৈষ্ণব প্রতিদিম

লক্ষ লক্ষ নাম লগ করিরাও যে শ্রীগোরাল প্রেমলাভ করিতে পারিতেছেন

না, ইহার কারণ আর কিছুই নহে, নামে শক্তি নাই, নামী বর্ত্তবান

নাই।

শক্তিশানী নাম ও নামী অভিন্ন। শক্তিশানী নাম ধাপ করিবেই
নামীর পূজা হইল। শ্রীরুঞ্চ, শ্রীগোরাক, কালী, তুর্গা, শিব, গণেশ ইত্যাদি
সমস্তই এক ব্রন্ধেরই সগুণরূপ। এক ভগবানেরই বিভিন্ন প্রকাশ মৃতি।
স্কুতরাং একমাত্র শক্তিশালী নাম অপ করিলে সকলেরই পূজা করা হইল,
সকলেই সন্তই হইলেন। সকলেরই আশীর্কাদ সাধকের উপন্ন বর্ষিত
হইতে লাগিল। এই বিশ্ব ভগবানে স্থিতি করিভেছে, ভগবান ব্যতীভ
এই বিশ্বে কিছুই নাই। তাঁহার পূজা হইলে সমস্ত বিশ্বের পূজা হইল।
সমস্ত বিশ্ব গরিতৃপ্ত হইল।

"তিশ্বন তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ"।

গোস্বামী মহাশয়ের শিশ্বগণ মধ্যে অবিকাংশ লোকই কুচনেহি-মাস্তার দলভুক্ত ছিলেন। গোস্বামী মহাশর তাঁহার শিশ্বগণকে উপাক্ত দেবভার পরিচয় পর্যান্ত দেন নাই। একমাত্র নাম জপ ্রারা তাঁহারা সাধ্য বস্তু টের পাইতেছেন, সাধ্য সাধন তত্ত্ব তাঁহাদের নিকট প্রকাশিত হইতেছে।

ভারতে পঞ্চোপাসনা প্রচলিত আছে। শাক্ত, শৈব, সৌর, গাণপত্যা, ও বৈক্ষবগণের উপাস্ত দেৰতা ও উপাসনা দেবতা পৃথক পৃথক। শাক্ত ।
বৈক্ষবগণের উপাসনা সম্পূর্ণ বিপরীত। শাক্তগণ মন্তমাংসে দেবীর পূজা করিয়া থাকেন, ইহা বৈক্ষবগণের অস্পৃত্য। জাবার বৈক্ষবগণের সম্পৃত্য। শক্তির উপাসনাকে গাধারণতঃ বামাচার ও বৈক্ষব উপাসনাকে লোকে দক্ষিণাচার বলিয়া থাকে। বামাচারীগণকে অগুচি অবস্থায় থাকিতে হয়, বৈক্ষবগণকে গুদ্ধাচারে থাকিতে হয়। উভয়ের সাধনপ্রণালী বিপরীত।

শীসমহাপ্রভুর শুদ্ধা ভক্তি জগতে এক অত্যাশ্চর্য্য অভিনব ব্যাপার। এই বে পঞ্চোপাসনা, এবং এই পৃথিবীতে খৃষ্টান ধর্ম প্রভৃতি আর যে যে ধর্ম প্রচলিত আছে, তৎসমন্তই শীমনহাপ্রভুর শুদ্ধা ভক্তির অন্তর্গত। এই সকল ধর্মসম্প্রান্তর লোক আপন আপন ধর্ম সাধন দারা যাহা কিছু লাভ করেন, মহাপ্রভুর শুদ্ধা ভক্তিতে তৎসমূদ্য অনারাসে লাভ হইয়া থাকে। কিছুই বাকী থাকে না।

যীশুগৃঠের নামে ■ তাঁহার গুণকীর্তনে গোস্বামী মহাশরের শিশ্বগণের যে প্রেম পুলকাদি প্রকাশ পায় তাহা দেখিয়া গৃষ্টানগণ আবাক হইয়া যান। শ্রামাবিষয়ক গানে তাঁহাদের যে আর্তি ও প্রেম পুলক প্রকাশ পায়, তাহা দেখিয়া শাক্তগণ আশ্চর্য্যাবিত হন। ত্রিরপ্রম্বানান শৈব প্রভৃতি নানা ধর্ম্মাক্রান্ত ও নানা সম্প্রদারের লোক তাঁহাদের উপাক্ত দেবতার নামে গোস্বামী মহাশরের শিশ্বগণের অবস্থা দেখিয়া শুজিত হইয়া যান।

আমার কতকগুলি বৈশ্বব বিশ্বেমী শাক্ত মক্কেল ছিল। আমি বৈশ্বৰ, একারণ আমার প্রতি তাঁহাদের আদৌ শ্রদ্ধা ছিল না। তাঁহারা সমরে সময়ে ঠাটা বিদ্রুপ পর্যান্ত করিতেন। একবার কোন শাক্ত ভিক্তৃক ব্রাহ্মণ আমার নিকট ভিক্ষার্থী হইয়া আসিয়া কবির একটা শ্রামাবিষয়ক গান করিবেশন। এই গান শুনিয়া আমার বে অবস্থা প্রকাশ পাইল তাহা দেখিয়া আমার ঐ শাক্ত মক্কেলগণ অবাক হইয়া গেলেন। তাঁহারা পরস্পারের মধ্যে বলাবলি করিতে লাগিলেন "আমরা উকিল বাবুকে বৈশ্বর বলিয়াই জানি কিন্তু কালী নামে তাঁহার বে প্রেম পুলক দেখিলাম, এরাণ প্রেম-পুলক কোন শাক্তের মধ্যে জীবনে দেখি নাই। ইনি কেবল ষে বৈশ্বব, তাহা নহেন ইনি শাক্ত্রণ বটেন। ইহার মত শাক্ত জীবনে কথনও দেখি নাই।" এই বৈশ্বব বিশ্বেমী মক্কেলগণ ভদবধি আমাকে অত্যন্ত শ্রদ্ধা ভক্তি করিতেন। আর বৈশ্বব বিলয়া উপহাস করিতেন না।

সাম্প্রদারিক ধর্ম অর্থাৎ মতের ধর্ম মৃত। ইহা অর্কারমর; জল্পনা কর্মার পরিপূর্ণ। সাম্প্রদারিক ধর্মবাজন করিয়া কেহ সতা বস্তু লাভ করিতে পারে না। মহাপ্রভূর গুলা ভক্তি অসাম্প্রদারিক। ইহাতে জল্পা কল্পনার লেশমাত্র নাই। ইহা দিবালোকের আর উজ্জ্বল এবং অতি সহল্পাধ্য। ইহাতে কোন আড়ম্বুর নাই, কোন অমুদ্ধান নাই, কেবল নাম করিলেই হইল।

এই নাম হইতে সমস্ত তত্ত্ব সাধকের অস্তবে প্রশ্নুটিত হইবে, প্রতিনিয়ত জীবনে পরিবর্ত্তন ঘটিতে থাকিবে। সর্ব্যপ্রকার বন্ধন বিজিল্ল হইলা যাইবে; সংসারাসক্তি নষ্ট হইবে, বৈরাগ্যের উদয় হইবে। কামক্রোধাদি বিপ্রগণ বিদ্যিত হইবে। হিংসা, ছেম, পরশ্রীকাতরতা, বহুলার, অভিমান, নিন্দা, প্রশংসা, প্রতিহিংসা প্রভৃতি যাবতীয় হ্প্রস্তি নির্মাণ হইবে। দ্যা;

পরেপকার, সেবা, লোকমর্বাদা পরত্বকাতরতা প্রভৃতি সদ্পুণ সকল পরিমর্কিত হইবে। সংশব্ধ বিনষ্ট হইবে, ভগবানে বিশ্বাস ও নির্ভর আসিবে। তাঁহার নামে, তাঁহার কথার, তাঁহার লীলাগুণ শ্রবণে, প্রাণ দ্রবীভূত হইবে, জ্বানা কল্পনা তিরোহিত হইবে, আর বাহা বাহা হইবার তৎসমুদর হইবে। অবশেষে ভগবানের এই বে চ্রতিক্রমণীর মাহা তাহার হস্ত হইতেও পরি-গ্রাণ লাভ হইবে।

মহাপ্রভ্র শুদ্ধাভজিতে সাধককে ভাবিরা চিন্তিরা কিছু করিতে হইবে
না। নামই তাহাকে অজ্ঞাভসারে এই সকল অবস্থা আনিরা দিবেন,
সাধককে নৃতন হাঁচে গড়িরা তুলিবেন এবং তাহাকে যে অধিকার
দেওরা কর্ত্ব্য তাহাই দিবেন।

মহাপ্রভূর এমন বে নির্মাণ ধর্ম, ইহাতে বৈক্ষব কবিগণ ক্রমাগত এতই খাইদ মিশাইতে লাগিলেন যে, বৈক্ষবসমাজে ইহার আর স্থান হইল না; ইনি অভি অল্লদিন মধ্যে গৌড়ীয় বৈক্ষবসমাজ হইতে বিদায় লইতে বাধ্য হইলেন।

বৈষ্ণবেরা মনে করেন, তাঁহার। শ্রীমন্মহাপ্রভুর প্রবর্তিত ধর্ম বাজনী করিয়া আসিতেছেন কিন্তু আমি দিবা চক্ষে দেখিতেছি, মহাপ্রভুর প্রবর্তিত ধর্ম গোড়ীর বৈষ্ণবসমাজে আদৌ নাই। যতদিন মহাপ্রভুর নির্মণ ধর্ম গোড়ীর বৈষ্ণবসমাজে প্রবায় প্রবর্তিত না হইয়াছে, ততদিন বৈষ্ণবধর্মের উর্ভির আশা নাই।

কথাগুলি বড় লহা চওড়া হইল। আমি বৈশ্ববৃশে জন্মগ্রহণ করিয়াছি। আমার বাটীতে পূর্ব্ব পূর্ব্ব প্রথগণের আমল হইতে বৈশ্বব উপাসনা চলিয়া আসিতেছে। বৈশ্ববগণ গোস্বামী-পাদগণকে জগবানের নিতা পরিচর বলিয়া জানেন, তাঁহারা সমস্ত বৈশ্ববের পূজনীয়। তাঁহাদের বন্দনা না করিয়া ভক্ত বৈশ্ববগণ জলগ্রহণ করেন না। এমত অবস্থার তাঁহাদের সিদ্ধান্তের বিরুদ্ধে আমার কোন কথা বলা উচিত নয়, ইহা আমি বেশ বুঝি।

কোন সম্প্রদারের বিরুদ্ধে কোন কথা বলা উচিত নর। কাহারও প্রাণে আঘাত দেওরা মানুষের কর্ত্তব্য নর। "অমানিনা মানদেন" আমার ধর্ম। মানুষ দ্রের কথা, পশু, পক্ষা, কীট, পতঙ্গ বৃক্ষ লতাদিরও উপযুক্ত মর্যাদা দেওরা, আমার ধর্ম। মনে মনেও মর্যাদা হানি করিলে ধর্মে বঞ্চিত হইতে হর। ধর্মের পথ অভি স্ক্র।

গোস্থামী-পাদগণ আমার বে সম্পূজনীয় নহেন এমত মহে। আমিও তাঁহাদিগকে ভজনা করিয়া থাকি। তাঁহাদের সিদ্ধান্তের বিরুদ্ধে কোন কথা বলিতে আমার প্রবৃত্তি হয় না। আমি কীট্যা কীট, ধর্ম ভগবানের হাতে। এই প্রাকৃত জগৎ তিনি বেমন পরিচালিক করিতেছেন, তেমনি ধর্ম জগৎও তাঁহার হাতে। ধর্ম জগতের নিয়ন্তাও তিনি; বাহা করিবার তিনি করিবেন, আমার এত যাথা ব্যাথা কেন ?

আমি লেথক নহি, ভাষার উপর আমার আধিপত্য নাই। আমি পণ্ডিত নহি, আমি শাস্ত্রজ্ঞ নহি।

ভগবান কাহার বারার কি কাজ করাইবেন তাহা ব্যিরা উঠা বার না। আটিচতত চরিতামৃত আমার নিতা পাঠা। জীমন্মহাপ্রভুর দীলাগুণ উহাতে বর্ণিত হওয়ার উহা আমার বড়ই আদর ও ভক্তির জিনিব। কিন্তু উহার কবিত্বপূর্ণ হালরস্পালী বর্ণনার জীমন্মহাপ্রভুতে প্রাকৃত প্রেম ভক্তির আরোপ হওয়ার ও প্রেমের পরাকার্তা বর্ণন করিতে গিরা প্রকারান্তরে প্রেমভক্তির অপকারিতা প্রচারিত হওয়ার আমার প্রাণে একটা দাকণ বাথা লাগে।

শিক্ষিত সমাজের সহিত আলোচনা করিয়া বুঝিলাম, তাঁহারা প্রেম ভক্তির উপর বীতশ্রম। তাঁহারা বলেন, মহাপ্রভুর প্রেমই জিই দেশের একটা মহা অনর্থের মূল। প্রেমভক্তি ভাবুকতা মাত্র। ইহাতে
মানুষের মনুষ্য নষ্ট হইরা বার। প্রেমভক্তির আধিকো মানুষের স্বাস্থ্য
হানি হয়, ভ্রান্তি জন্মে। মানুষকে ইহা অকর্মণা ও অপদার্থ করিয়া
ফেলে।

প্রেমভক্তির আধিক্যে হশিক্তা ও নানাপ্রকার চংথ ব্যতীত আদৌ স্থ নাই। ইহার আধিক্য বশশুই মহাপ্রভুকে বহু হংথ ভোগ করিতে ও অকালে কালগ্রাদে পতিত হইতে হইরাছে। ঐতিচতত চরিতামৃত পাঠ করিয়া শিক্ষিত সমাজের এই ধারণা হইরাছে।

বর্ত্তমান সময়ে শিক্ষিত সমাজই সমাজের নেতা। তাঁহারা বে পথে বাইনেন, অন্তান্ত লোকও সেই পথে চলিবে।

শিক্ষিত সমাজের এই ভূল ধারণাটা দূর করা একান্ত আবশ্রক হওরার এই গ্রন্থ প্রণর প্রেরণা আমার মধ্যে বলবতী হইমা উঠে।

আবার দেখিলাম আমার সভীর্থগণ ক্রমশই লক্ষ্যপ্রই হইরা পড়িতে-ছেন। তাঁহাদের জানা উচিত গোক্ষামী মহাশর তাঁহাদিগকে রূপ। করিয়া কোন ধর্ম প্রদান করিয়াছেন।

এই সকল কারণে গুলিবার প্রেরণার বশবর্তী হইয়াও আমি অনেক দিন চুপ করিয়া বসিয়াছিলাম।

গ্রন্থ প্রথমণ না করিলে পাছে কর্তব্যের ক্রাট হয়, পাছে ভগবানের নিকট আমাকে অপরাধী হইতে হয়, কেবল এই আশক্ষায় আমি আপনাকে সম্পূর্ণ অধ্যোপ্য জানিয়াও অভি গভীর বিষয়ে হস্তক্ষেপ করিতে বাধ্য হইলাম।

শ্রীমন্মহাপ্রভুর ধর্ম্বের সহিত বৈষ্ণবধর্ম জড়িত। মহাপ্রভুর নাম ধর্মের কথা বলিতে গেলেই বৈষ্ণবধর্মের আলোচনা আসিয়া পড়ে। স্তরাং আমাকে গৌড়ীয় বৈষ্ণবধর্ম হই চারিটি কথা বাধ্য হইয়া বলতে হইয়াছে।

ষে তুই চারিটি সিদ্ধান্ত খণ্ডন লা-করিলে মহাপ্রভুর ধর্ম বলা যায় না, কেবল সেই সিদ্ধান্তগুলি খণ্ডন করিতে হইয়াছে। অন্তান্ত বিষয়ে আমি হস্তক্ষেপ করি নাই।

ভক্ত বৈক্ষবগণের নিকট আমার করজোড়ে প্রার্থনা, তাঁহারা যেন আমাকে ক্ষমা করেন, আমার অপরাধ গ্রহণ না করেন।

তাঁহারা অদোষদর্শী। আমি তাঁহাদের মধ্যেরই একজন। আমি
পুরুষাত্তকমে বৈফবের দাসাত্মদাস। আমার বাসার, আমার সমক্ষে,
প্রতিদিন বৈফববন্দনা পাঠ হইয়া থাকে। আমি সপরিবারে তাঁহাদের
কুপার ভিথারী।

আমার পুস্তক পাঠ করিয়া আমাকে কেছ যেন বৈশ্ববাহ্যী না ় করেন। গুরু আমাকে প্রীমন্মহাপ্রাভুর ধর্ম দিরাছেন বৈশ্বব উপাসনাই আমার উপাসনা।

পাঠক মহাশারগণ আমার কর্ত্তব্য শেব হইয়াছে। আমি এইথানেই ' আপনাদের নিকট বিদার লইভেছি। কর্ত্তব্যের অফুরোধে অনেক কথা বলিয়া ফেলিলাম। যে সকল কথা বলিবার নহে, তাহাও বলিলাম। অপ্রিয় হইলেও লিখিতে হইল।

পাশ্চাত্য লেথক অলিভার গ্রেণ্ড স্থিথ বলিয়া গিয়াছেন, মনের ভাব ব্যক্ত করিবার ভাষার সৃষ্টি হয় নাই, ফলতঃ মনের ভাব গোপন করিবার অন্তই ভাষার সৃষ্টি হইয়াছে জানিতে হইবে।

এথন পাশ্চাত্য শিক্ষা ও পাশ্চাত্য শাসনপ্রণালী আমাদের দেশে প্রতিষ্ঠিত। পাশ্চাত্য লেথকের কথামুসারে আমাদের চলাই কর্তব্য। আমরা হিন্দুজাতি, পাশ্চাত্য শিক্ষা আমাদের দেশে প্রতিষ্ঠিত হইলেও

স্থানর এখনও সম্পূর্ণভাবে উহাতে অভ্যস্ত হই নাই। মনের কথা চাপিয়া রাখিতে পারি না। প্রকাশ করিয়া ফেলি।

প্রচলিত মতের বিরুদ্ধে কথা কহিলে লোকে চটিয়া যায়। আপনার স্থানবন্ধ পর হয়। এইজন্ম প্রভূ যীশুকে শত্রুহন্ত প্রাণভ্যাণ করিতে হইরাছিল; মহাত্মা সক্রেটস্কে ভীত্র বিরপানে প্রাণ বিসর্জন করিতে হইরাছিল, আমার প্রভূকেও বার্মার বিষ দেওরা হইরাছিল। এ সব আনিরা শুনিরাও আমাকে প্রচলিত মতের বিরুদ্ধ কথা বাধ্য হইরা লিখিতে হইল।

ইহাতে বন্ধবিচ্চেদ, আত্মকলহ, নিন্দাপ্রচার ষে উপস্থিত হইবে না, এ কথা আমি বলিতে গারি না।

শীমনাহাপ্রভুর অনপিত ধর্ম চাপা পড়িরা রহিরাছে, তাঁহার প্রেম-ভক্তির অপকারিতা দেশ মধ্যে প্রচার হইতেছে ও শিক্ষিত সমাজের ভূল ধারণাটা ক্রমশ: বৃদ্ধি পাইতেছে দেখিয়া দারুণ কর্তবার অমুরোধে এই বৃদ্ধ বর্মসে আমাকে লেখনি ধারণ করিতে হইল। এখন লোকে ধাহাই বলুক ভবিষ্যতে সত্য যে জয়মুক্ত হইবে ইহা স্থির নিশ্চিয়।

সপ্তম পরিচ্ছেদ

শ্বপ্রবৃত্তান্ত

পঠিকমহাশয়গণ, আপনারা গোস্বামী মহাশয়ের শিষ্যগণের প্রকৃতি টের পাইয়াছেন, তাঁহারা কুচনেহি-মন্তার দল ছিলেন। একারণ গোস্বামী-মহাশয় তাঁহাদিগকে কেবলমাত্র একটি নাম দিয়া চূপ করিয়াছিলেন। তাঁহাদিগকে আপনা হইতে কোন কথা বলিতেন না।

তিনি বেশ জানিতেন, মুখের কথায় কিছু হইবে না, বরং বিপরীত

ফল হইবে। শিশ্বগণের ষেমন অধিকার তাহার বহিত্ত কথা হইলে তাহারা একেবারে অগ্রাহ্য করিবে, গুরুভক্তিটুকু পর্যান্ত উড়িয়া ঘাইবে। গুরু-আজ্ঞা লজ্জন বশতঃ কেবল তাহাদিগকে অগরাধী করা হইবে। একারণ তিনি শিশ্বগণকে তাহাদের মনোমত কথা ভিন্ন আর কোন কণা বিশ্বতেন না। অমধিকারী বা অশ্রন্ধানান ব্যক্তির নিকট কোন কথা বিশিতে মাই।

গোস্থানী মহাশর নিজের আচরণ বারা শিব্যগণকে শিক্ষা দিতেন, আর সমর সময় সময় বারা শিক্ষা দিতেন। ক্রমে শিব্যগণ স্থানের কথাও বিশাস করিতে পারিতেন না, একারণ স্থা দেওরাটাও ক্যাইরা দিরাছিলেন। গোস্থানী মহাশরকে ধর্মস্থাপন কারবার জন্ত বহু প্রয়াস পাইতে হইরাছে। কুছনেহি-মান্তার দলকে কেবলমাত্র একটি নাম দিরা, একেবারে নির্বাক হইরা থাকিয়া ভাহাদের ধর্মজীবন প্রস্তুত ক্রিরা দেওরা কি ছরহ ব্যাপার আপনারা অনুমান ক্রিরা দেখুন। যাহা একেবারে অসম্ভব, গোস্থানী মহাশর ভাহাই স্থাসিক করিরাছেন। সদ্ভক্তর বে কি অপার মহিমা ভাহা আপনারা ব্রিয়া লউন।

গোশামী মহাশর বদিও স্বপ্ন দ্বারা উপদেশ দেওয়া বন্ধ করিয়াছেন, তথাপি বে ব্যক্তি স্বপ্নের কথা বিশ্বাস করে তাহাকে ইহা দ্বারা উপ-দেশ দিয়া থাকেন।

মানুষের রিপু, ও গুপ্রতি সহজ পাত্র নহে, ইহারা সাধকের সর্বনাশ করিবার সময় এমনভাবে লুকারিত হইরা থাকে বে, সাধক ইহাদের খোঁজ থবর আলো পান্ না। তারপর স্থোগ পাইলেই ইহারা অতর্কিউভাবে এমন প্রবলবেগে তাঁহাকে আক্রমণ করে বে তথন আর আত্মরকার উপায় থাকে না। গোস্বামী মহাশর স্বপুষোর্গে পরোক্ষভাবে আমাকে এই সব অবস্থা দেখাইয়া দিয়া আমাকে বিবিধ উপদেশ দেন। ইহাতে আমি যে কোন্ অধিকারে আছি, তাহা ব্রিতে পারি ও সতর্ক হইয়া চলি এবং প্রতিবিধান করিবার - সচেষ্ট হই।

গোস্বামী মহাশয় আমাকে শত-শত স্বপ্ন দারা আমার নিজের অবস্থাটা দেখাইয়া দেন, আমাকে বহু উপ্দেশ দেন, এবং বিলক্ষণ শাসন করেন।

স্থাবোগে প্রকাশিত হইয়া তিনি যে মুথে কোন কথা বলেন বা উপদেশ দেন অথবা শাসন করেন ভাছা নহে, তিনি যেমন প্রচ্ছের আছেন সেইরূপ প্রচ্ছেরই থাকেন, কেবল স্থারের ঘটনাই এ সমস্ত জানাইয়া দের।

আমি আপন ঘরে একাকী শরন করিয়া থাকি। আমার নিকট কেহ থাকে নাঃ রাত্রিকালে কোমরে কাপড় রাথিতে পারি না, প্রারই কাপড় থুলিয়া দিই, স্তরাং নিপ্রিত অবস্থার উল্ল হইয়া পড়ি।

নিদ্রিত অবস্থায় উলঙ্গ থাকা নিষিদ্ধ, আমার এই কুঅভ্যাসটা দ্র করিবার স্থা গোস্থামী মহালয় আমাকে স্থপ্ন হারা যথেষ্ট শাসন করিবা থাকেন। তাঁহার শাসনের ভবে আমি আর নগাবস্থার নিজা যাই না, কিন্তু অভ্যাস বণতঃ যে দিন নগাবস্থা হইয়া পড়ে; সেই দিনই আমার শাসন হইয়া থাকে। একটি দিনও ফাঁক যার না। আমি তাঁহার শাসনে কর্জারিত হইয়া শয়নের পূর্কো এরপভাবে কাপড় পরি বাহাতে নিজিত অবস্থার আর আমাকে উলঙ্গ থাকিতে না হর। স্কুতরাং এ বিষয়ে শাসনের হুর্জোগটা আর আমাকে ভাল করিতে হয় না।

শাসনটা কিরপে আপনাদিগকে একটু ব্ঝাইরা বলি। যে দিন নিজাবন্থার পরণে কাপড় থাকে না, সেই দিন স্থপু দেখি বে শশুরবাটি গিরাছি, শালী শালজ, খাশুড়ী বর্তমানে কথাবার্তা কহিতেছি, এমন সময় দেখিলাম যে আমি একেবারে উলঙ্গ, এ অবস্থার কতদ্র লক্ষা হইতে পারে আপনারা বিবেচনা করিয়া দেখুন। কথনও বা ভজসমাজে নিমন্ত্রিভ হইরা গিরাছি, সেথানে গিরা দেখি, আমি একেবারে বিবস্তা, তথন লক্ষার মরিরা ঘাই।

এইরপ বিবিধপ্রকারে আমাকে লচ্ছা দেওরায় আমি এখন সাবধান
ই ইরাছি। রাত্রিকালে- আর নগাবহার থাকি না, গুঃস্বপুও দেখি না।
আপনারা নিশ্চর জানিবেন, যেদিন আমার আবার ক্রটি হইবে, সেইদিনই
কোন না কোন রক্ষে আমার শাসন হইবে।

ুকুসঙ্গ, কদালাপ কুচিস্তা, কুকার্য্য অথবা অন্ত কোনপ্রকার ক্রটি হৈলেই গোন্থানী নহাশর স্বপুষোগে আমাকে বিলক্ষণ শাসন করিয়া থাকেন।

ভিনি বে অপু ধারা কেবল আমাকে শাসন করেন ভাহা নহে; অপু ছলে পরোক্ষভাবে নানা উপদেশ দিরা থাকেন এবং আমার ক্রটি দেথাইয়া দেন।

মানুষ জাগ্রত অবস্থার সাবধানে চলে, অনেক সমর জ্ঞান্তসারেই হউক আর অজ্ঞান্তসারেই হউক আপনাকে একটা আবরণ দিরা চলে। একারণ নিজের প্রকৃত অবস্থা টের পায় না।

সপাবস্থার সে আবরণ থাকে না, যাহা প্রকৃতি তাহা গোপন রাথা যায় না, প্রকাশ হইরা পড়ে, তথন মাসুষ বৃথিতে পারে যে সে কি অবস্থার আছে।

কামকোধাদি রিপুগণ, হিংসা ঘেষাদি গুপ্রবৃত্তি সকল, অনুক্র সময় লুকাইরা থাকে। সাধক মনে করে ইহাদের হস্ত হইতে পরিতাণ পাওরা গিয়াছে, সে নিশ্চিম্ব হইরা থাকে।

শিষ্যের কল্যানের আনাধানী মহাশয় বে এইরপে উপদেশ দিয়া কান্ত
হন তাহা নহে, শিক্সগণ কি অবস্থার ছিল, সাধন দারা তাহাদের ক্রমশঃ
কি অবস্থা শাভ হইতেছে, জীবনে ফতদূর পরিবর্তন ঘটতেছে ইহা দেখাইয়া দিরা শিক্সের মনে আশার সঞ্চার করিয়া দেন এবং ভজনে উৎসাহিত
করেন।

ভজন করিয়া যদি উন্নতি লাভ না হয়, তাহা হইলে সাধকের আন্তরে নৈরাশ্র আসিয়া উপস্থিত হয়, সাধকের আর ভজনে প্রবৃত্তি থাকে না, ক্রেন

এই বিপদ হইতে রক্ষা করিবার জন্ত গোস্বামী মহাশর শিষ্মের জীবনের পরিবর্তন ও উন্নতি পুন: পুন: দেখাইরা দিরা ভাহাদের মনের মধ্যে ধৈর্য্য আনিরা দেন এবং ভজনপথে ভাহাদিগকে উৎসাহিত করিতে থাকেন।

পাঠকমহাশয়গণ, সমস্ত স্থাই বে অম্লক, মানসিক চিস্তার ফলমাত্র একথাটা আপনারা মনে করিবেন না। অনেক সময় ইহা সত্যও হইয়া থাকে। সদ্গুরু সর্বাশক্তিমান, তিনি করিতে না পারেন এমন কিছুই নাই, তিনি যে স্থাংগালে শিশ্বকে উপদেশ দিতে সম্থ হইবেন ইহা আর বিচিত্র কি ?

অমার শত শত স্বপু মধ্যে ছুইটি মাত্র অপনাদিগকে গুনাইব বলিয়াছি। এইবার একে একে বলিতেছি, প্রবণ করুন।

আমি একদিন একটা বিস্তীর্ণ প্রাস্তবের মধ্য দিরা হাইতেছি। শুনিলাম ঐ প্রাস্তবের একটা কালসর্প বাস করে। সেই সর্পের ভয়ে রাখালেরা ঐ প্রাস্তবে পশুচারণ করে না, ক্রমকেরা ভূমিকর্ষণ করে না, লোকে ঐ প্রাস্তবে দিরা যাতারাত করে না, উহা একেরারে পতিও অবস্থার পড়িরা আছে।

এই প্রাস্তরের উপর দিয়া যাইতে ষাইতে দেখিলাম ডিনজন লোক এক স্থানের মাটি খুঁড়িতেছে। তাহারা মাটি খুঁড়িয়া নাপটাকে গর্ভ হইতে বাহির করিরা বধ করিবে। আমি ক্ষণকালের জন্ম তাহাদিগের নিকট দাঁড়াইলাম এবং সাপ বাহিরের বিশ্ব দেখিয়া গস্তব্য স্থানে চলিয়া গেলাম। এই ঘটনার কিছুদিন পরে আমি দেখিতেছি, একটা বিষধর সর্প আমাকে দংশন করিবার জন্ত আমার দিকে ছুটিয়া আসিতেছে।

আমার হাতে এক গাছা ছড়ি ছিল, আমি ছড়ির ছারা ঐ সাপের গতি-রোধ করিলাম। সাপটা ঘুরিয়া আমার দিকে আসিবার চেপ্তা করিতে লাগিল। আমি আবার ছড়ির ছারা সে দিকটা আটকাইলাম। সাপ পুনরার অন্তদিকে ঘুরিয়া আমার দিকে আসিবার চেপ্তা করিতে লাগিল, আমি আবার ছড়ির ছারা আটক করিলাম। এইরূপে আমার দিকে সাপের পুন:পুন: আগমনের চেপ্তা দেখিয়া আমার মনে হইল, এই সাপটা আমাকে দংশন করিবার জন্ত ক্তসংক্র হইয়াছে। এ নিশ্চয়ই আমাকে দংশন করিবে, আর সর্পাখাতে আমার মৃত্যু হইবে।

তখন আমি সাপকে সম্বোধন করিয়া কহিলাম---

—আপনি দর্পরাক্ষ। আমি নিরপরাধ, আমার প্রতি এত নির্দির হইগোন কেন ?

সর্প—নিষ্ঠুর, হিংশ্রক, তুই আবার নিরপরাধ কিসে? তোকে আজ উচিত শান্তি দিব। তোকে দংশন করিয়া বিনাশ করিব।

তথন সর্পাবাস প্রান্তর মধ্যে আমি বে তিনজন লোকের নিকট কণ-কাল দাঁড়াইয়াছিলাম, আমার সেই কথাটা মনে পড়িল। আমি সূর্পকে সধাধন ক্ষরিয়া বলিলাম—

—আমি ত আপনাকে হত্যা করি নাই এবং কাহাকেও ত হতা। করিতে বলি নাই; তবে আমি কিপ্রকারে অপরাধী হইলাম ?

দর্পিনার দাই বা হতা। করিতে বলিস্ নাই সত্যা, কিন্তু মজা দেখিবার দাঁড়াইরাছিলি। লোকগুলা আমাকে ভুতা। করিবে, আর ভূই দাঁড়াইরা মজা দেখুরি। ভূই আবার অপ্রাধী নই বলছিস্।

সদ্প্রক ও সাধনতত্ত্

অতঃপর আমি ছড়ি গাছটা ফেলিয়া দিয়া সর্পের শর্পাপন্ন ইইয়া তাঁহাকে প্রণাম করিয়া তাঁহার স্তব করিতে লাগিলাম।

—আমি অতি নির্বোধ। আমার হিতাহিত জ্ঞান নাই, না বুঝিয়া কৃষ্ণ করিয়া কেলিয়াছি, এমন কাজ আর আমি কথন করিব না। আপনি সর্পমহারাজ আমাকে আজ আপনি বহু, শিক্ষা, দিলেন। আপনার কথা জীবনে ভূলিব না এবং কথনও লক্ষন করিব না। আপনি আমার প্রতি সদর হউন এবং নিজ-গুণে আমাকে ক্ষমা করুন।

শর্পরাঞ্জামার স্তবে সস্কৃতি হইরা আমাকে ক্ষা করিলেন এবং বলিলেন, এবার তোকে ক্ষা করিলাম দেখিস্ এমন কাজ আরে-কথনও করিস্না।

এইবার আখন্ত হইয়া সর্পরাজকে সম্বোধন করিয়া বলিলাম—

----আপনি আমাকে বহু শিক্ষা দিলেন আমি কুতার্থ হইলাম। আপনার ^দ নিকট চিরকৃতজ্ঞ থাকিব, এপন কিছু আহার করিয়া আমার মনোবাঞ্চা পূর্ণ করুন।

সর্প-তুই আমাকে কি থাওয়াইবি ?

আমি—আমি আর আপনার আহার্য্য অস্ত কিছু (ব্যাঙ ইত্যাদি জীব)
দিতে পারিব না, কেবল হুধ কলা দিব।

সর্প-আচ্ছা তাই দে।

সর্পরাজের অনুমতি পাইয়া আমি একটা বাটি করিয়া গুধকলা আনিয়া দিলাম। সর্পরাজ আনন্দে ভোজন করিয়া চলিয়া গেলেন। আমি নিশ্চিন্ত হইলাম। এমন সময় আমার নিদ্রাভক হইল।

আমি গুরুকে ভক্তিভরে প্রণাম করিয়া স্বপ্নের বিষয় ভাবিতে বাগি-লাম। আমি ইহাতে ব্ঝিলাম, আমার মধ্যে মৃত্যুভয় বর্তমান রহিয়াছে। এখনও মৃত্যুভয়টা যায় নাই। জার প্রাণিবধ না করিলে দরা করিলেই যে অহিংসাধর্ম পালন করা হয় তাহা নহে। হিংসার বীজ বতক্ষণ আছে ততক্ষণই হিংসা আছে বুঝিতে হইবে। হিংসার বীজ নষ্ট না হওয়া পর্যান্ত নিস্তার নাই। সাধন দারা এই বীজকে একেবারে নষ্ট করিতে হইবে।

এই ঘটনার পর হইতে আমি কোন জীবের প্রতি কারমমোবাক্যে আর হিংসার ভাব পোষণ করি না। গাছের ডালপালা ভালি না, পাডা পর্যান্ত ছিঁড়ি না। বলি ভগবানের পূজার জন্ত পূজাচরনের আবশ্রক হয়, আমি বৃক্ষকে প্রণাম করিরা, আমার আবশ্রক জানাইরা তাঁহার নিক্ট আবশ্রক মত পূজা ভিক্ষা করিরা লই, অসংযতভাবে পূজা চরন করিতে আর প্রবৃত্তি হয় না।

এই রূপ নানা স্বপ্ন হারা গোস্বামী মহাশ্র আমাকে নানা শিকা দিয়া থাকেন ও আমার অবস্থাটাও আমাকে জানাইয়া দেন।

সাধনপন্থার কামিনী কাঞ্চন বড়ই বিশ্বকর। ইহাদের হাত হইজে পরিত্রাণ পাওয়া স্কঠিন।

শরীরযন্ত্র শিথিশ ও কন্দর্শের বেগ কমিরা গেলেও মানসিক কার্ম-কিছুতেই বাইতে চার না। ইহা মনোরাজ্যে স্বেচ্ছাত্রসারে সর্বাদা বিহার করিতে থাকে।

পূর্বে এক সময়ে আমার ধারণা হইয়াছিল, যেরূপ শরীর ও মনেরু অবস্থা তাহাতে স্ত্রীশোক্ষটিত পত্তনর আর আমার সম্ভাবনা নাই।

এই ধারণাটা দূর করিবার । গোস্বামী মহাশ্র পুনঃ পুনঃ স্থা দিয়া দেখাইলেন, আমি কেবল বে ব্যভিচারে লিগু হইতে পারি ভাহা নহে, অগম্য-গমনে ও আমার প্রবৃত্তি ও সম্ভাবনা আছে।

এই সকল স্বপ্ন দেখিয়া আমি মহাভীত ও চিস্তিত হইয়া পড়িলাম।

আমার অহস্কার চুর্গ হইল, আমার ভূল ধারণাটা দূরীভূত হইল। এখন আঅরক্ষার জন্ম চিস্তিত হইয়া গুরুকুপার উপর নির্ভর করিয়া সাধনভবনে অধিকত্র মনোযোগী হইলাম।

ইহার পর যথন বে অবস্থায় উপনীত হইয়াছি, গোস্বামী মহাশয় পুনঃ
পুনঃ স্বপ্ন দিয়া তাহা আহাকে জানাইয়া দিয়াছেন। শেষের স্বপুটা
আপনাদিগকে বলিতেছি শ্রবণ করুন।

কোন ধনীর ক্সার সহিত আমার বিবাহ হইরাছে। আমি যুবক, আমার স্ত্রীও যুবতী। আমি সর্ব প্রথম খণ্ডরবাড়ী গিরাছি। এইবার আমাদের উভরের প্রথম মিলন হইবে।

আমি শশুরবাড়ী গিয়া শশুর মহাশয়ের প্রাসাদের শোভা ও সাজসজ্জা দর্শন করিতেছি। বাড়ীথানা ইক্রালয় বলিলেও অত্যুক্তি হয় না।

আমি দক্ষিণ দিকের দালানের বারানা হইতে দেখিলাম, উত্তরদিকৈর দালানের বারানার একটা বিছানা পাতা রহিরাছে ও ভাহার পাশে গৃহিন্দ্র একাকী অগ্রমনত্ব হইরা দাঁড়াইরা রহিয়াছেন। লোকজন কেছ নাই।

শবার শোভা ও ঐশ্বর্যা দেখিরা আমি অবাক হইরা গোলাম। বিছানার ভাদরখানি অতি শুভ্র হুচিকণ কার্পাস বস্ত্রে নির্মিত। অর্দ্ধহন্ত পরিমাণে ইহার চতুর্দিকে উৎকৃষ্ট স্থবর্ণের অতি মনোহর কারুকার্যা। ইহাতে বিছানাটা ঝক্ঝক্ করিতেছে। মাধার তাকিরা ও উভর পার্শের পাশ শালিশের ওরাড়ও ঐরপ স্থচিকণ অতি শুভ্র কার্পাস বস্ত্রে নির্মিত এবং ভাহাদের উভর পার্শ ঐরপ অভ্যুক্তন স্থবর্ণের কারুকার্য্যে স্থাোভিত।

মাধার তাকিয়ার ছই পাশের থোপনায় ঐরপ স্বর্ণের কারকার্যা, এবং এরপভাবে নির্মিত যে দেখিলে শিল্পীর অলোকিক শিল্পীচাতুর্য্যে বিসায়ান্তিত হইতে হয়।

এই मक्न (मश्त्रा आभात প্রাণ্টা একেবারে উদাস হইরা পেল।

শামি মনে মনে ভাবিতে লাগিলাম, হার । ধনীর অর্থ এইরপেই ব্যর হইয়া থাকে। কুধার্ত্তের কুরিবারণে, বিবস্তের লজ্জানিবারণে, বিপরের বিপদ-উদ্ধারে, ধনীর অর্থ কখনও ব্যর হর না। প্রজার রক্ত শোষণ করিয়া দরিদ্রের মুখের গ্রাস কাজিয়া কইয়া বে বিপুল অর্থ সঞ্চিত হয় তাহা নাচ, তামাসা, বিলাস দৈভব এবং পশ্বপীড়নেই বায় হইয়া থাকে।

আহা! ধনীর সস্তানগণ কি হতভাগ্য! কোন সাধুলোক ইছাদের ছারা সংস্পর্শ করেন না। কোন স্বাধীনচেতা লোক ইছাদের সংসর্গে আসেন না, ইছারা কেবল ধূর্ত্ত, স্বার্থপর, ভোষামোদকারী দারা পরিবেটিত হইরা থাকে।

স্বার্থপর স্তাবকগণের চাটুবাক্যে ঘোষিত হইরা বুথা আমোদ আহলাদ

ইন্দিরসেবার ইহারা ছল্ল সমর নই করিরা ফেলে। মুম্যুকীবন

ধে কি মৃশ্যবান জিনিব তাহা ইহারা একবার ভাবিরাও দেখে না।

এইরপ চিন্তা করিতে করিতে গৃহিণীর দিকে দৃষ্টি পড়িল। দেখিলাম এক অপরপ স্ত্রীস্তি শ্যার পার্শে দণ্ডারমান রহিয়াছে। এমন রূপ কেহ কথনও দেখে নাই। রস্তা তিলোত্তমা আদি দেবক্স্তা ও গদ্ধবি ক্সাদির রূপের বর্ণনা পাঠ করিয়াছি, কিন্তু এরূপের কাছে সে সব রূপ কিছুই নর।

আমি অনিমেষ লোচনে গৃহিণীর এই অসামান্ত রূপরাশি দর্শন করিতে লাগিলাম এবং ভজ্জা বিধাতার নির্দাণকৌশলের ভূরদী প্রশংদা করিতে লাগিলাম। বিধাতা যেন ব্রহ্মাণ্ডের যাবতীয় সৌন্দর্যা একাধারে এই মৃত্তিতে ঢালিয়া দিয়া মনের সাধে ইাহাকে নির্দাণ করিয়াছেন।

গৃহিণী যেরপ ধনীর কন্তা ■ যেরপ তাঁহার রপরাশি, সেইরপ সাজ সঙ্জা নয়। গাত্রে ছই একথানি সামান্ত অলহার পরিধানে একথানি কালাপেড়ে সাড়ি। মাথায় কাপড় আছে কিন্তু যোমটা নাই, কপালের টিপটি পর্যান্ত দেখা যাইতেছে। গৃহিণী কিন্তু আমাকে দেখিতে গার নাই।

আমি দক্ষিণদিকের যে দালানের বারান্দার দাঁড়াইরা আছি, ঐ বারান্দা দিয়া উত্তরের দালানের বারান্দার যাওয়া যার।

কিছুক্ষণ ধরিয়া গৃহিণী রূপরাশি দর্শন করিরা আমি নিজের দিকে দৃষ্টি-পাত করিলাম। আমার নিজের মনের অবস্থাটা কি রূপ সেইটা প্রীক্ষা করিতে লাগিলাম।

আমি দেখিলাম, আমার মনে কোন অভিলায নাই, মনোমধ্যে কোন প্রকার চাঞ্চল্য উপস্থিত হয় নাই। মন স্থলিগ্ধ ও শাস্ত।

আমি গৃহিণীর কাছে উপছিত হইয়া কি ভাবে আলাপ করিব, সেই সেই বিষয়টা ভাবিতে ভাবিতে গৃহিণীর দিকে অগ্রসর হইলাম।

গৃহিণী আমাকে দেখিরা পরমানন্দ লাভ করিলেন, বিদ্ত লজা বশত: কোন কথা বলিভে না পারিয়া কেবল অবনতমুখী হইয়া দাঁড়াইরা রহিলেন।

আমি ভাবিশাম গৃহিণী নবযুবতী, স্বামীর সহিত তাঁহার এই প্রথম মিলন, আমার সহিত প্রথমে কথা কহিতে নিশ্চরই তাঁহার গঙ্গা বোধ হইবে। আমি প্রুষ প্রথমে আমারই কথা কহা কর্ত্তব্য।

আবার ভাবিলাম, এখন গৃহিণীর সহিত কি কথা কহিব ? যাহা মনে হুইরাছে তাহা তাহার পকে সাজ্যাতিক। আমার কথা গুনিলে তাহার আর জুংখের সীমা থাকিবে না।

প্রথম মিলনেই স্ত্রীর নিকট কি সর্বানেশে কথা বলা উচিত ? তাঁচার জীবনের সমস্ত আশা ভরসা যে একেবারে ফুরাইয়া ষাইবে। মর্মবেদনার তাঁহার বুকটা যে ভাঙ্গিয়া যাইবে। যে নিদারুণ কথা বলিবার মনস্থ করিয়াছি, তাহা এখন আর প্রাকাশ করিব না। আবার ভাবিলাম, মনে এক রকম, মুথে একরকম, কাষে আর এক রকম এত কপটতার প্রয়োজন কি? কপটতার আবরণ দিয়া-যতই চলিব ততই অশান্তি ভোগ হইবে। সোজা পথে চলাই কর্ত্ব্য। যাহা মলোগত ভাব ভাহা বাক্ত করাই কর্ত্ব্য। যাহা ঘটবার ভাহা ঘটুক।

আমার মধ্যে এইরপ ভোলাপাড়া হইতে থাকার আমি কিছুক্ষণ আত্মদম্বণ করিয়া গৃহিণীর শারীরিক পারিবারিক ও মানসিক কুশল জিজ্ঞাসা করিলাম। গৃহিণীর লজ্জাটা ভাঙ্গিরা গেল, তিনি স্বাধীনভাবে আমার সহিত কথাবার্তা কহিতে লাগিলেন।

এতক্ষণ বাজে কথা কহিতেছিলাম, এখন কিন্তু আর স্থির থাকিতে
পারিলাম না। মনের কথা বাজ্ঞ করিবার জন্ম গৃহিণীকে বলিলাম।
আমি—তুমি আমার স্ত্রী, আমি তোমার আমা, তোমার জীবনের ।
ভার আমি গ্রহণ করিয়াছি। তোমার জীবনের সহিত আমার জীবন জড়িত, আমীস্ত্রী একই অক। আমি বাহা বলিব তাহা
ভানিবে
প্রমার অনুগত হইয়া চলিতে পারিবে
?

গৃহিনী—আপনি স্বামী, পরমগুরু। স্বামী ভিন্ন স্রীলোকের আর কে আছে? স্বামীই গুরু, স্বামীই গতি। আপনি যাহা বলিবেন আমি ভাহাই করিব। পত্রির আফুগভাই স্থীলোকের ধর্ম। আমাকে কি করিতে হইবে বলুন।

আমি—ভোমাকে বলিতে আমার বড় সঙ্কোচ আগিতেছে, পাছে তোমার প্রাণে আঘাত লাগে এই ভাবনাই ভাবিতেছি।

গৃহিণী—আপনার কোন চিন্তা নাই, নিঃসকোচে বলুন। জীরাষচক্র নিরাপরাধা জানকীকেও বনবাস দিয়াছিলেন, তিনিও তাহাতে জিকজি করেন নাই, রাজপ্রাসাদ পরিত্যাগ করিয়া বনবাসের ক্রেশও সহু করিয়াছিলেন। নিজের জীবনরকার জন্ত একটি

সদ্গুরু ও সাধনতত্ত

কথাও মুখে উচ্চারণ করেন নাই, কেবল স্বাসীর কুশল চিস্তাই করিয়াছিলেন। আমিত দেই নারীকুলে জন্মগ্রহণ করিয়াছি। হিন্দুনারী কোন্ ক্লেশ সহ্ম করিতে অসমর্থ ? বাহা বলিবার বলুন, আমার প্রাণে আলাত লাগিবে না।

শামি জ্রীর কথা শুনিরা বিমেণ্ডিত হইলাম। মনে মনে তাঁহাকে শত শত ধ্যাবাদ দিলাম। প্রাচীন কালের হিন্দু জ্রীর মহন্ত ও প্রিত্রতা এবং বর্ত্তমান কুশিক্ষার বিষময় ফল ভাবিতে লাগিলাম।

আমার মনে হইল, পূর্বকালের হিন্দু দ্রীগণ কি ছিলেন, এখন জাবার কি হইতেছেন। এখন পাশ্চাত্য শিকা আ বিলাসিতা, হিন্দুনারীগণের সর্বনাশ সাধন করিতেছে। তাঁহারা পূর্বকালের সংব্য ধর্মনিষ্ঠা ও পবিত্রতা ভূলিয়া গিয়া বিলাসিতা সাংসারিক স্থভাগু ও ইন্দির-সেবার গা ঢালিয়া দিকেছেন।

ত্রীলোকই গৃহের লক্ষ্যী, মাহুষের যাবভীর স্থথ স্ত্রীলোকের উপর নির্ভর করে। স্ত্রীলোকের ধর্মনিষ্ঠা ও পবিত্রভাতেই গৃহের পবিত্রভা ও শাস্তি রক্ষা পার। এখন বে তাঁহাদের বিক্রভি হইভেছে, ইহার জন্ত ভাঁহাদিগকে দোষ-দিবার কিছু নাই, পুরুষেরাই ভজ্জন্ত দারী।

ত্রীশোকের শিক্ষার ভার পুকৃষের হাতে। পুক্ষেরা যদি তাঁহানিগকে কুশিক্ষা দিতে থাকেন, ভাহা হইলে তাঁহারা কি করিবেন ? নিশ্চরই তাঁহানিগকে কুপথগামী হইতে হইবে এবং সঙ্গে সঙ্গে সাংসারিক সুখণ্ড ক্রেয়ে মত বিদায় লইবে।

আমি স্থিরভাবে এই সকল কথা চিস্তা করিতেছি। এমন সময় গৃহিণী বলিলেন---

— স্থাপনি চুপ করিয়া রহিলেন কেন? আমাকে কি বলিতে চাহিয়া-ছিলেন বলুন না। গৃহিণীর কথার আমার চমক ভালিরা গেল, আমি তাঁহাকে বলিলাম——
আমার পরম সৌভাগ্য বে আমি তোমার স্থায় স্ত্রীরত্ন লাভ করিয়াছি।
তোমার স্থার স্ত্রীরত্ন কগতে স্কুর্লভ ় বে গৃহে পতিব্রতা সভী
বর্ত্তমান সে গৃহে লক্ষ্মী নারারণ বিরাজিত। সে গৃহ সবা স্থাংম
আকর। সংসার মকভূষে একমাত্র সাধ্বী স্ত্রীই স্থাতিল
মন্দাকিনী।

ন্ত্রীর গুণের কথা বলিভেছি এমন সময়ে তিনি আমাকে বাধা দিরা বলিলেন, এখন ওপর কথা ছাড়্ন, যাহা বলিতে মনস্থ করিরাছেন, বলিয়া ফেলুন। আমার জন্ত কোন চিস্তা করিবেন না।

আমি—তৃমি ধনীর কন্তা, পরম রূপবতী, তোষার বৌবন কাল উপস্থিত।

চিরকাল স্থে স্বাছ্ণলে প্রতিপালিতা হইয়া আদিয়াছ, কথন

কোন কেশ ভোগ কর নাই। আমি ভোমার স্থানী, আমিও

রূপবান এবং বুবক। এখন যদি ভোমার মনে হইয়া থাকে,
বিবর বৈভব লইয়া স্থানীসহ কেলিকৌতৃকে, আমোদ আহলাদে,

স্থে স্বাছ্ণে ভোগবিলাসে জীবন অভিবাহিত করিব, ভাহা

হইলে ভোমার বড়ই ভূল হইয়াছে। এরূপ মনে করিয়া
থাকিলে আমার সহিত ভোমার আর সম্বন্ধ থাকিবে না। সংসার

অনিত্য, রূপবৌবন কণভঙ্গুর। সংসারে স্থেপর আশা কেবল

মরীচিকায় জলভ্রম মাত্র। যে বাজি নিজের কলাণ পরিজ্ঞান

করিয়া সংসারস্থে মগ্র হয়, সে নিশ্চর আছালভী। আমি

ভোমার পতি সভ্যা, কিন্তু ভোমার আরও একটি পতি আছেন।

এতক্ষণ গৃহিণী আমার কথা গুলি মনোখোগের সহিত শ্রাণ করিতে-ছিলেন। "তোমার আর একটি পতি আছেন" এই কথা ক্লাছে ডিনি আমার কথার বাধা দিয়া বলিতে লাগিলেন,— গৃহিণী—এতক্ষণ আমায় কত প্রশংসা করিতেছিলেন। এখন আবার কি বলিতেছেন; আমার আর একটা পতি আছে। আমি কি কুলটা ? এ বিশ্বাস আপনার কি প্রকারে হইল ?

আমি—আমি তোমাকে কুলটা বলি নাই; তুমি পরম সাধবী। তোমার তাহিন দিকে কে দাঁড়াইয়া রহিয়াছেন, দেখ।

গৃহিণীর দক্ষিণ পাখে এক শ্রীরুষ্ণমূর্ত্তি বংশীহতে ত্রিভঙ্গীন ঠানে দ্ঞারমান রহিরাছেন। আমি ভাঁহাকে লক্ষ্য করিয়া গৃহিণীকে দেখাইয়া দিলাম।

তৎপর আমরা উভয়ে ঠাকুরের সমুখীন হইয়া সসম্রমে নিম্নলি থিতে মন্ত্র উন্তারণ করিয়া সাইকে দিলাম।

নমো ত্রহ্মণা দেবার গো ত্রাহ্মণ হিতার চ।
জগদিতার ক্ষার গোবিন্দার নমো নমু:॥
ক্ষার বাস্থদেবার হররে প্রমাত্মনে
প্রণতঃ ক্ষেশনাশার গোবিন্দার নমো নমঃ॥

ঠাকুরকে সাষ্টাঙ্গ দেওয়ার পর আমি এই ভাবে শ্রীক্ষের স্তব করিতে সাগিকাম।

হৈ কৃষ্ণ! হে বাস্থাব। হে পর্মাত্মন্! আপনি নিখিল ব্রন্ধাণ্ডের অধীশ্ব। ভক্তগণকৈ কেবল কৃপা করিবার জন্ম আপনি মারা মনুষ্যুরূপে ধ্রাধানে অবতীর্ণ হইয়াছিলেন।

আপনি দীন হীন পতিতগণকে উদ্ধার করেন বলিয়াই আপনার পতিত-পাবন নাম হইয়াছে। আমি কর্মাবিপাকে অনাদিকাল হইতে বৃক্ষ, লতা পশু, পক্ষী, কীট, পতঙ্গ ইত্যাদি নানা ষোনীতে ভ্রমণ করিয়া ফিরিতেছি ও পুনঃ পুনঃ গর্ভযন্ত্রণা ভোগ করিতেছি এবং ত্রিভাপ আলায় দগ্মীভূত হইতেছি, আমার পরিত্রাণের কোন উপায় নাই।

এবার ভাগাক্রংম যদিও মহয়জনা লাভ করিয়াছি কিন্তু জানি না কোন্ চর্দিববশতঃ আপনার ভজনা করিতে পারিলাম না। সংসার-মোছেই মুগ্ধ হইয়া রহিলাম। আমার গতি কি হইবে ?

বদি আপনি রূপাকণা বিতরণ করিয়া আমাকে পদাশ্র দেন, তবেই ক্রমা, নুত্বা আমার আর আশাভরদা কিছুই নাই। এইরূপ কিছুক্ণ স্তৃব করিয়া গৃহিণীকে বলিলাম,

—তোমার আর একটি যে পতির কথা বলিয়াছিলাম, ভিনিই ইনি। ইঞ্জি যে কেবল ভোমার পতি ভাহা নহে, ইনি আমারও পঙি, ইনি জগতের পতি। আমি যে কেবল পুরুষ ভাহা নহি, আমি জীও বটি। পতির মনস্তুষ্টি করাই পত্নীর কার্যা। এস আমরা উভরে ইহার মনস্তুষ্টি কার। আমরা ক্ষুদ্র জীব। যিনি অগ্রহ-বান্ধাণ্ডের অধিধার, যাহার প্রতি লোমকৃপে অনস্ত কোটি ব্রন্ধাণ্ড বিরাজিত, আমাদের এমন কি আছে, ব্রুলারা ভাঁহার মনস্তুষ্টি

এমন সময় দেখিলাম অদ্রে পুষ্পপাতে ফুল, তুলসী, চন্দনপিড়ি, চন্দ্র কাট এবং পঞ্চপাতে জল রহিয়াছে।

এইগুলি দেখিয়া আমরা হর্ষান্তিত হইয়। মালা গ্লাখিতে বলিলাম। তুইজনে তুই গাছা মালা গাঁথিয়া ঠাকুরের গলায় পরাইয়া দিলাম এবং চন্দন ঘদিয়া সচন্দন ফুলতুলসী ঠাকুরের পাদপদ্মে অর্পণ করিয়া নমে। গোপীজনবল্লভায় বলিয়া প্রণাম করিলাম।

অতঃপর গৃহিণীকে বলিলাম,

---এস আমরা ঠাকুরকে গান গুনাই এবং তাঁহার কাছে নৃত্য করি। ভূমি পারবে ত ? গৃহিণী—কেন পারব না ? খুব পারব। তুমি গান ধর আমি, ভোমার সহিত গাহিতৈছি।

আমি গান ধরিলাম,

হরি হরুয়ে নমঃ ক্বন্ধ যাদবার নমঃ। যাদবার মাধবার কেশবার নমঃ। গোপাল গোবিন্দরাম শ্রীমধুসুদন॥

ভাষার সঙ্গে গৃছিণী মধুর কঠে গান ধরিলেন। ভাষরা গান গাছিতে গাহিতে ঠাকুরকে প্রদক্ষিণ করিয়া নৃত্য আরম্ভ করিলাম।

কিছুক্তণ নৃত্য করিয়া ভাবিলাম গৃহিণী ত কথনত নাচেন নাই, আমার সঙ্গে কেমন নাচিতেছেন একবার দেখা যাউক।

আমি গৃহিণীর দিকে দৃষ্টিপাত করিয়া দেখিলাম, আমি যেমন নাচিতেছি গৃহিণীও তালে তালে ঠিক তেমনি নাচিতেছেন। আমার হাত পা ও অঙ্গ প্রত্যঙ্গ যথন যেভাবে সঞালিত হইতেছে গৃহিণীর হাত পা ও অঙ্গ প্রত্যঙ্গ ঠিক সেই সময়ে সেইভাবে সঞালিত হইতেছে। আমার প্রাণে যেমন আনন্দ, তাঁহার প্রাণেও তেমনি আনন্দ, আমার যেমন উৎসাহ, তাঁহারও তেমনি উৎসাহ।

গৃহিণীর এই অবস্থা দেখিয়া আমি অভিশর আনন্দিত হইলাম। তৎপর নৃতাগীতের বিরাম হইলে উভরে উভরের দিকে দৃষ্টিপাত করিয়া মহানন্দে হাসিতে লাগিলাম।

এই নৃত্যগাতে শরীরের মধ্যে একটা উত্তেজনা উপস্থিত ইইয়ছিল। এই উত্তেজনাবশতঃ সুথের স্থপ ভঙ্গ হইল। আমি জাগরিত ইইয়া উঠিয়া বসিলাম, তথন দেখিলাম উত্তেজনা বশতঃ হৃদপিওটা জোরে স্পান্দিত ইইতেছে।

আমি বিছানায় বসিয়া গুরুদেবকে প্রণাম করিয়া স্বপ্লের বিষয় ভাবিতে

লাগিলাম এবং গুরুকে বলিলাম, ঠাকুর, স্থপত বেশ দেখিলাম। জাগ্রত অবস্থায় মনের এরপ বিশুদ্ধতা ও পবিত্রতা থাকে না কেন? কভদিন আর্নরকের মধ্যে পড়িয়া থাকিব। আমার সাধনভজন সমস্ত মিথাা, তোমার কুপাই আমার একমাত্র ভরসা। আমার অন্তরের কালিমা ধৌত করিয়া আমাকে আত্মসাৎ কর। নিজের দিকে দৃষ্টিপাত করিলে কেবল নৈরাশ্রতাই উপস্থিত হয়।

পঠিক মহাশ্রগণ, এইবার আমি আপনাদের নিকট হইতে বিদার লইতেছি। এইথানেই গ্রন্থ শৈষ করিলাম। অনেক কথা লিখিবার ছিল, অপ্রিয় সত্য লিখিতে আর প্রবৃত্তি হর না। লিখিয়াও কোন ফল নাই। বাহা বাধ্য হইয়া লিখিতে হইয়াছে, তজ্জন্তই আমি হঃখিত।

আমার কথার যদি আপনাদের কাহারও মনে কোন ক্লেশ হইরা থাকে, আমাকৈ নিজগুণে কমা করিবেন। আপনাদের সেবা করাই আমার ধর্ম ও উদ্বেশ্য। আপনাদের অস্তরে ক্লেশ দেওয়া আমার উদ্বেশ্য। নহে। সকলের চিত্ত সমান নহে, সকলের মনস্তৃষ্টি করা মানুবের অসাধ্য—এই ভাবিয়া আমাকে মার্জনা করিবেন।

১৩২৬। ২৬ কার্ত্তিক

সমাপ্ত